

THE
ray
PRIME UNIVERSITY MAGAZINE - 2017




# THE RAY

**Prime University**

114/116 Mazar Road, Mirpur-1, Dhaka-1216

# EDITORIAL BOARD


## Advisors:

Mir Shahabuddin, Chairman, Board of Trustees
Md. Anwer Hossain Khan, Member, Board of Trustees
Asia Zaman (Rita Zaman), Member, Board of Trustees

## Editor:

Md. Nur Hossain Talukder
Controller of Examinations
Ex-Director General of Family Planning & Rtd.Additional Secretary

## Co-Editor:

Rakib Uddin, Assistant Professor, Department of English

## Members:

Nahid Farzana, Asst. Prof., Department of Business Administration
Eman Hossain, Asst. Prof., Department of Business Administration
Shuvodip Das, Asst. Prof., Department of EEE
Aysha Alam Talukder, Sr. Lecturer, Department of English
Sachchidananda Ballav, Lecturer, Department of Law
F. Nahid Huq, Deputy Director, Centre for Research, HRD and Publications

# CONTENTS


Editorial Board
Editorial
Message from the Chairman, Board of Trustees
Message from the Vice Chancellor
Prime University Profile

## প্রবন্ধ

প্রফেসর ড. এম. আব্দুস সোবহান : ঈশ্বরকণা
Nrepen Maitra : Learn Secrets of Comfort Earning Outsourcing and Freelancing
প্রফেসর ড. খুরশীদা সাঈদ : বাংলাদেশ: তথ্য অধিকার আইন, ২০০৯ এবং "দুয়ার খোলা" জনপ্রশাসন
শামসুজ্জামান খান : ফাদার দ্যতিয়েন : বাংলা গদ্যের শক্তিমান লেখক
মুহম্মদ জাফর ইকবাল : আনন্দ এবং বেদনার কাহিনী
সলিমুল্লাহ্ খান : অধ্যাপক আবদুর রাজ্জাক ও ঢাকা বিশ্ববিদ্যালয়
পিয়াস মজিদ : সংগোপন দর্পণের প্রিয় বইবৃন্দ
M. A. Jabber : Chinese as a Foreign Language
আলম তালুকদার : মানুষ ভালো থাকতে বাধ্য, কেন ?
মোঃ আশরাফুজ্জামান : শিক্ষায় নৈতিকতার সন্ধান ও মুক্তি
মো: আজিজুল ইসলাম : লাইব্রেরি জগতের কিছু কথা
Quazi Ruhani Khatun : Why War? Why Violance?

## গল্প

আবুল কালাম আজাদ : পাতি শিয়াল
হাসান আজিজুল হক : চিকিৎসা ব্যবস্থা
সৈয়দ মনজুরুল ইসলাম : বাঁদর
আনিসুল হক : ক্লসট্রোফোবিয়া
মোহিত কামাল : বিষদহন
Md. Abdul Awal : Returning Home to See the Spinster and the Sinister
Md. Alaul Alam : The Divine Cat

## কবিতা
(ফিরে দেখা)


| | | |
|---|---|---|
| কামিনী রায় | : | পাছে লোকে কিছু বলে |
| মাইকেল মধুসূদন দত্ত | : | বঙ্গভাষা |
| আবদুল গাফ্ফার চৌধুরী | : | একুশে ফেব্রুয়ারি |
| আসাদ চৌধুরী | : | তখন সত্যি মানুষ ছিলাম |
| নির্মলেন্দু গুণ | : | তোমার চোখ এত লাল কেন |


## কবিতা


| | | |
|---|---|---|
| মহাদেব সাহা | : | চিঠি দিও |
| মুহাম্মদ নূরুল হুদা | : | আমরা তামাটে জাতি |
| রবিউল হুসাইন | : | এক সেকেণ্ডে মাত্র চারফুট |
| কাজী রোজী | : | দহন |
| কামাল চৌধুরী | : | সেই মুখখানি কবিতার বড়ো ছিলো |
| নাসির আহমেদ | : | বিজয়ের বোন কড়া নেড়ে যায় |
| সমুদ্র গুপ্ত | : | তুমি সুন্দর তাই |
| আবু হাসান শাহরিয়ার | : | বালিকা আশ্রম |
| আসলাম সানী | : | এখনো তিনি আমাদের |
| আমীরুল ইসলাম | : | ছবিটা |
| আজিজুর রহমান আজিজ | : | রক্তাক্ত মেঘের ছায়ায় |
| মোহাম্মদ সাদিক | : | গুরু উপায় বলো না |
| সম্পদ বড়ুয়া | : | পথ ও পথিক |
| শ্যামসুন্দর সিকদার | : | উত্তর কিংবা দক্ষিণে যাবো |
| সরকার আমিন | : | যখন মন থেকে রক্ত ঝরে ডেটলে কাজ হয় না |
| মাহ্বুব উল আলম | : | চলে যাই |
| মোঃ ওয়াহিদুর রহমান | : | যুব শক্তি |
| প্রফেসর ড.আবদুর রহমান | : | শান্তিবিহীন বিশ্ব |
| Jasim Khan | : | When I Shall Die |
| মোঃ সাজেদুল ইসলাম | : | আত্মবিলাপ |
| আল আমিন শেখ | : | তেইশ বসন্ত |
| মো ঃ শহীদুল্লাহ | : | আজও মন কাঁদে তোমারই জন্য |
| মোঃ হাসিকুল আলম আশিক | : | আমাদের সবুজ গ্রাম |
| মোঃ জসীম উদ্দিন | : | অন্ধ অনুভব |
| সিনথিয়া নিপা বারিকদার | : | শিক্ষার আলো |
| কাজি মাহামুদুল হাসান | : | মায়ের কষ্ট |
| মোঃ তানজীমুল কবীর | : | বহুরূপী বাংলা |

## ছড়া


খালেক বিন জয়েন উদ্দীন : মাতার মাতা
সুজন বড়ুয়া : বানের ছোবল
অদ্বৈত মারুত : মায়ের ভাষা আমার ভাষা


## স্মৃতিচারণমূলক রচনা


Prof. Dr. Abu Saleh Abdur Noor : Our New Campus
Md. Abu Zaman : New Facility, Dream and Hope for a Glorious Future
Md. Jahidul Azad : Prime University: A Hive of Dreams
Foisal Ahmed : The Moment that I Can Never Forget
Rakib Uddin : I Made My History with My Own Hands
আনোয়ার হোসেন : সংগ্রামী জীবনের উপাখ্যান
Enoch Tettey : Home Away from Home


## মনীষীদের জীবন


ওয়াসি আহমেদ : প্রকাশকের 'না'


## রম্য কথা


সাবিন ইয়াসিন : Eat মানে খাওয়া


## Photo Gallery

# EDITORIAL



Let knowledge grow from more to more

and thus be human life enriched.

- Denis Didaru

This is the second issue of "The Ray". I wish to present it to my beloved readers in a little different and special manner. Whenever I think about The Ray, X-Ray comes into my mind. X-Ray is the abbreviated form of Roentgen Ray or Roentgen Radiation. It was named after the German scientist Wilhelm Roentgen. However, the word 'Ray' carries a lot of meanings like cord, bridle, eye sash, gleam, light, wit, sparkle, beam, sun, pip, ripple, testicle, seed wave, brilliance, radiance, splendor, luster, brilliancy, light of knowledge, illumination, and lamp etc. and in the form of a verb the word means to radiate or ray.

The paradigm or preconception of the word 'Ray' may be said to be "X-Ray". The purpose of X-Ray is to picture the stipulation of bones and organs of a human body. Likewise, our magazine, 'The Ray', acts to picture the mind of a human being. By reading 'The Ray', a luminescence of light may be created in one's heart, a glimpse of ray may enter into one's mind. Then, questions may be asked; what type of light or ray is that which can enter into a mind? Is it the light of lightning? Or the ray of the sun? Or the light of a candle, candle lamp, or tube light? Or the light of a torch of a mobile phone?

There are slogans of Public Library and Bishwo Shahitto Kendro (World Literature Center); "Porile boi, alokito hoi. Na porile boi, ondhokare roi" (Let ourselves be enlightened by reading books, let not be darkened by not reading books) and "Alokito Manus Chai" (We need enlightened humans). Here again, the same question may be asked; which light is this, that can enlighten humans? Etymologically, the Bengali word 'Boi' (Book) is derived from the Arabic word 'Ohi' and Farsi word 'Bohi'. Arabic 'Ohi' means knowledgeable quotes which contain the rays of enlightenment. When we augment the

English word 'Book', we can find that there is 'B' for 'best', 'O' for 'output', 'O' for 'of' and 'K' for 'knowledge'. That means'Book' for the "Best output of knowledge".

This 'Ray' is a ray of knowledge. By reading books, papers and magazines, one can take a bath in the light of knowledge and illuminate him. Everyone wishes to become such an illuminated person. Being born as a human is not enough becoming a true man. People need to metamorphose themselves into real human being through the light of knowledge. Education is one of the best media of becoming human. Literature and culture are important vitamins and salads of education. Educational institutions always wish to transform students into enlightened conscious humans and to build them as responsible and devoted good citizens. There are many ways for building a true human being. The cultivation of literature and culture is one of the inseparable essentials of such building. A thin ray of light will knock at least at the corner of your heart when you will be reading the write ups of this issue. Then you know it as the end of the "X-Ray".

In the present issue, we wish to introduce some of the famous poetries of famous writers to provide our readers an opportunity to be acquainted with such writings. And hope this initiative will try to satisfy our thurst for renowned poetries.

The first issue of the magazine was contributed by prominent writers of the country along with the writers of the University. I take my privilege to appreciate their contributions and also expect to publish their writings in coming issues.

Best wishes for a more enlightened journey in future.

N. H. Talukder.

Md. Nur Hossain Talukder

Editor

# CHAIRMAN
# BOARD OF TRUSTEES



## MESSAGE

Feeling very much honored to witness another fantastic year of Prime University for its remarkable performance in academic and nonacademic arenas. On the very first day of this year Prime University has been shifted to its own permanent campus which brings an immense pride for the university to ensure more development in the upcoming years.

To me this is a pleasant privilege to pen down few lines on the gracious publication of the second issue of the annual magazine of Prime University 'The Ray'.

'The Ray' is not only exposing the achievements of the university but also promoting the creative writing and original thinking of our young learners. Prime University has opened the perfect door of recreation in the field of creative creations of the garden-fresh writers.

To acquire knowledge with recreation, reading magazine is a best way while writing is a gracious way to express one's inner ideas to everyone. In private universities of Bangladesh students are offered lots of privileges to increase and explore as well as express their creativity, ingenuity as well as identity. Magazine is such a platform where students can express their multi dimensional ideas through writing. With the grace of the Almighty, the second issue of the magazine also will be successful and will be able to hold the charm and fascination of its readers.

As the Chairman of the Board of Trustees I feel blessed to be accompanied with this prestigious creative medium of knowledge gathering and enlightening magazine.

Mir Shahabuddin

Mir Shahabuddin



## MESSAGE

This is an immense pleasure for me to write a few lines on the publication of the second issue of the annual magazine of Prime University, 'The Ray'.

Knowledge is power. This power we need to generate knowledge wisdom in attaining and exploiting for creating knowledge workers to build up digital Bangladesh. The non-government universities of Bangladesh are playing a vital role to provide higher education to different levels of learners. Besides, preparing the students suitable for the competitive work demands of world job market, the authority ensures to bloom them up as sensible human beings to uphold the dignity of one's self as well as of the nation.

An annual magazine is the great recreation for the students as well as for the teachers to search out the real talents to be nourished. Besides, this is the best way to remove monotony from the academic routine-wise studies and donate some fresh air to think spontaneously. I believe our students and faculty members have powerful feelings to expose and portray those. This magazine will surely enrich their minds with essential and moral attributes like honesty, courtesy, generosity, love, trust, human, religious and social values. In this concern, the annual magazine of Prime University will be a great podium to bloom up those talents in light. Many new ideas, concepts, cogitations, reasoning will enhance our readers' attention, recreation and pleasure.

I would like to congratulate the Editor, all other executive members of the editorial body, sponsors, teachers, writers, staff and students for their strong sense of commitment, service and responsibility that has been transformed as a successful outcome of this issue of the magazine.

I wish all the success of the second issue of 'The Ray'.

Md Abdus Sobhan

Prof. M. Abdus Sobhan, PhD

# PRIME UNIVERSITY: A PROFILE



**AKM Saifulla**
Deputy Registrar

Prime University is one of the leading private universities of the country. The main mission of the University is to foster national development through creation of knowledge based society by providing quality education to the students. In the context of rapidly changing socio-economic conditions and the opportunities arising out of free market economy, our objective is to provide prime and excellent technical, business and social education for our youths.

Prime University is an institution approved by the Government of Bangladesh and the Bangladesh University Grants Commission (UGC). The Board of Trustees of Prime University Trust is the sponsoring authority of Prime University. It started its academic activities from Fall semester-2002.

## Aim

The principal aim of Prime University is to provide high quality education at undergraduate and postgraduate levels relevant to the needs of a dynamic society. The courses and curricula are so designed as to enable a student to enter into the world employment market or pursue higher academic and professional goals with a sound academic foundation. The academic goal of the University is not just to make the students pass the examinations but to equip them with the means to become productive members of the community and continue the practice of lifelong learning so that they can stand by their own.

## Permanent Campus

The permanent campus of Prime University is situated at 114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216. Total area of permanent campus is about 1,68,000 sft with basement and 10 (ten) floors above the ground. Among others the University has a wide range of facilities such as spacious campus, air conditioned class rooms, separate rooms for the teachers, rich library, common room for the students, cafeteria,

prayer room, seminar room, 50 Mbps dedicated Internet facilities, student guidance and counseling, reasonable tuition and other fees, sufficient scholarship etc. A group of highly qualified and dedicated faculty members are engaged in shaping up the learners of the University.

## Admission

Admission in Prime University in different programs is open to all provided they meet prescribed requirements. Any student having requisite qualifications can apply for admission when the University announces and asks applications for admission from students. Normally the University announces admission notice through different National Dailies, Electronic Media and its own Website.

## Admission Schedule

1. Spring Semester - January - April
2. Summer Semester - May - August
3. Fall Semester - September - December

## Medium of Instruction

The medium of instruction of the programs of the University is English but the students of LLB (Preliminary & Final) and LLM may study in Bangla too.

## Admission Requirements

The students should have minimum 2.5 points in both SSC and HSC or equivalent examinations or qualified in 5 (five) subjects in O-level and 2 (two) subjects in 'A' level examination from any discipline and eligible for admission into the undergraduate programs. For masters programs, the applicant must be a graduate having at least 6 points. 3-year working experience at executive level is required for MBA (Executive) Program.

## Academic Programs

Prime University is offering different academic programs at the undergraduate and graduate levels under different faculties and departments. At present the academic programs are:

### Faculty of Arts and Social Science

Department of English:

- 4 year - Bachelor of Arts (Hons) in English
- 1 year - Master of Arts in English
- 2 year - Master of Arts in English (Preliminary & Final)
- Diploma in English

Department of Education:

- 1 year - Bachelor of Education (BEd)
- 1 year - Master of Education (MEd)

### Faculty of Business Studies

Department of Business Administration:

- 4 year - Bachelor of Business Administration (BBA)
- Master of Business Administration (MBA-Regular & Executive)

Department of Business Information System

- 4 year - Bachelor of Business Information System (BBIS)

### Faculty of Engineering

Department of Computer Science and Engineering:

- 4 year - BSc in Computer Science and Engineering (CSE)

Department of Electronics and Telecommunication Engineering:

- 4 year - BSc in Electronics and Telecommunication Engineering (ETE)

Department of Electrical and Electronic Engineering:

- 4 year - BSc in Electrical and Electronic Engineering (EEE)

## Faculty of Information Technology

Department of Computer Science:

- 4 year - BSc in Computer Science (CS)
- 2 year - Master in Computer Application (MCA)

## Faculty of Law

Department of Law:

- 4 year - Bachelor of Law (Hons)
- 2 year - Bachelor of Law (Preliminary & Final)
- 1 year - Master of Law (Regular)
- 2 year - Master of Law (Preliminary and Final)

## Prime University Language School

- Certificate Course in English Language (Level 1,2,3)
- Certificate Course in Japanese Language
- Certificate Course in Chinese Language
- Certificate Course in French Language

## Centre for Research, HRD and Publications

Centre for Research, HRD and Publications (CRHP) is a very important unit of the University which enhances pedagogical practices through:

- Research works
- Human resource development programs such as seminars, workshop, conferences, trainings etc.
- Publication of journals, newsletters, magazines, proceedings etc.

# ঈশ্বরকণা



**প্রফেসর ড. এম.আব্দুস সোবহান**
উপাচার্য

মহাবিশ্বের সৃষ্টি রহস্য বিজ্ঞানীদের কাছে অদ্যাবধি প্রায় অজানাই রয়ে গেছে। বিগ-ব্যাং থিওরী (Big Bang Theory) দিয়ে জোড়া তালি মার্কা একটি উত্তর খাড়া করার চেষ্টা করা হয়েছে বটে। এই থিওরীতে ধারণা করা হয় যে, একটি মহা শক্তিপুঞ্জ থেকে এই মহাবিস্ফোরণ হয়েছিলো ১৩.৮ বিলিয়ন বছর আগে । মহা বিস্ফোরণের আগে এই শক্তিপুঞ্জ কোথায় এবং কিভাবে ছিল সেটি এখনও অজানা এবং বিরাট রহস্যও বটে।

বিশ্ব ব্রম্মাণ্ডে দুটি সত্তার উপস্থিতি প্রধানত: আমাদের কাছে দৃশ্যমান (১) শক্তি (energy=E) ও (২) ভর (mass = m)। আইনস্টাইনের ভর ও শক্তি পরিবর্তনের $E = mc^2$ সূত্র হতে ভরের শক্তিতে রূপান্তরিত হওয়ার বিষয়টির একটা উত্তর পাওয়া যায়। কোন ভর যদি আলোর বেগc(৩x১০$^৮$ মিটার/সেকেন্ড) প্রাপ্ত হয় তাহলে ঐ ভর শক্তিতে রূপান্তরিত হবে। কিন্তু শক্তি কিভাবে ভরে রূপান্তরিত হতে পারে তা নিয়ে এখনও পরিপূর্ণ থিওরী বা experimental ফলাফল আবিস্কৃত হয়নি।

১৯৬৪ সালে রবার্ট ব্রাউট, ফ্রান্সিস ইঙ্গলার্ট এবং পিটার হিগস ভরের সৃষ্টি রহস্য নিয়ে একটি থিওরী প্রস্তাব করেন। এই থিওরী মতে মহাবিশ্বব্যাপী একটি অদৃশ্য BEH (ব্রাউট-ইঙ্গলার্ট-হিগস) ক্ষেত্র বিদ্যমান। এই ক্ষেত্রের সাথে কোন কণা বা শক্তির interaction বা মিথাক্রিয়া হওয়ায় ঐ কণার শক্তি বা ভরের সৃষ্টি হয়। যত গভীর হবে এই মিথাক্রিয়া ততোই ভারী হবে কণা। দূর্বল মিথাক্রিয়া হলে নগণ্য হবে ভরের পরিমাণ। কণাসমূহের মধ্যে কোয়ান্টাম থিওরী ভিত্তিক শক্তি বন্টনের দুটি পরিসংখ্যান রয়েছে। প্রথমটি হচ্ছে বাঙ্গালী পদার্থ বিজ্ঞানী ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের প্রফেসর সত্যেন্দ্রনাথ বোস (এস এন বোস) এর বোস পরিসংখ্যান যা পরবর্তীতে বোস-আইনষ্টাইন পরিসংখ্যান নামে খ্যাত হয়। যে সমস্ত কণার ঘূর্ণন ভ্রামক (spin momentum) জোড় সংখ্যা তাদের বলা হয় বোসন। শক্তি বন্টনের অন্য পরিসংখ্যানটি হলো ফার্মি-ডিরাক পরিসংখ্যান। এ পরিসংখ্যান অনুযায়ী যে সমস্ত কণার ঘূর্ণন ভ্রামক বিজোড় সংখ্যা তাদের বলা হয় ফার্মিয়ণ।

মহাবিশ্ব সৃষ্টির রহস্য নিয়ে কণা পদার্থ বিজ্ঞান (particle physics) এ বহুল প্রমাণিত একটি তত্ত্ব স্ট্যান্ডার্ড মডেল নামে খ্যাত। এ মডেল অনুযায়ী মহাবিশ্বের প্রতিটি বস্তুকে কেন অদৃশ্য ভর নিয়ন্ত্রণ করে বা বস্তুকে ভারসাম্য অবস্থায় রাখে তা ব্যাখ্যা করা যায়।এই মডেল হিগস-বোসন এর ভর নির্দিষ্ট করে বলেনা। তবে অন্যান্য মৌলিক কণার সাথে কত গভীরভাবে মিথক্রিয়া করে তার পূর্ণমাণ বের করতে সহায়তা করে।

এই হিগস-বোসন এর ইউঐ ক্ষেত্রের সাথে যে মিথক্রিয়া করবে তাই হবে এর ভর। মহাবিশ্ব সৃষ্টির প্রাথমিক দশায় কোণ মৌলিক কণার ভর ছিল না। হিগস-বোসন এ

সমস্ত কণার দশা পরিবর্তন করে তাদের মধ্যে বিভিন্ন ভরের সৃষ্টি করেছে।

অবপারমানবিক (subatomic) কণাসমূহের (যেমন-ইলেকট্রন, প্রোটণ, নিউটন, নিউট্রিনো, কোয়ার্ক ইত্যাদি) মধ্যে দু ধরণের মিথষ্ক্রিয়া (interaction) হয়। একটি হচ্ছে-মহাকর্ষীয় বা gravitationalforce দুটি ভর পরস্পরকে আকর্ষণ করে এবং অপরটি হচ্ছে- বিদ্যুৎচুম্বকীয়বা electromagnetic force(electric charge of same sign repel each other whereas opposite sign attract each other).

পদার্থবিজ্ঞানীগণ দেখিয়েছেন যে,অবপারমানবিক কণাসমূহ জোড়-ঘূর্ণন যুক্ত বোসন আদানপ্রদান করে তাদের মধ্যে মিথষ্ক্রিয়া ঘটায়। আরো জানা গেছে বোসন এবং ফার্মিয়ন কণাসমূহ হিগস-বোসনের সাথে মিথষ্ক্রিয়ার মাধ্যমে ভর অর্জন করে। কিন্তু ফোটন ও গ্লুওন (এটিও একটি বোসন) হিগস-বোসনের সাথে মিথষ্ক্রিয়া করে না বিধায় তারা ভরহীন।

এর পরেও কথা থেকে যায়। সার্নের মহাপরিচালক (Director General of CERN) রিলফ হওয়ে বলেন, এই কণা নিয়ে এখনই চূড়ান্ত সিদ্ধান্তে আসা কঠিন। হিগস-বোসন তত্ত্বের উপর আরো গবেষণা করে এর একটা বাস্তবিক দিক-নির্দেশনা পাওয়া সম্ভব। এতে মহাবিশ্বের সৃষ্টি রহস্য গবেষণায় আরো কয়েক ধাপ অগ্রগতি হবে। অনেকের মতে 'হিগস-বোসন' তত্ত্বে পাওয়া রহস্য উন্মোচোন এখনও দীর্ঘ গবেষণার উপাত্ত মাত্র। তবে এই অর্জন ঐতিহাসিক এবং অতি গুরুত্বপূর্ণ। অনেকের মতে এই গবেষণায় বিজ্ঞানীদের সামনে আরো কয়েকটি চ্যালেঞ্জ তৈরি হয়েছে ঃ

- স্ট্যান্ডার্ড মডেল নামে যে তত্ত্বটি আছে তার সাথে এই কণাটির কতটা মিল বা অমিল আছে তা নির্ণয় করা।

- আরো কথা হলো, এটি কি শুধু একটি অবপারমানবিক কণা নাকি অন্য কিছু ?

ঈশ্বরকণা নামে খ্যাত মহাবিশ্ব সৃষ্টির এই অদৃশ্য ভরশক্তি যা গোটা মহাবিশ্বকে কোটি গ্যালাক্সির ভারসাম্যকে একটি সুনির্দিষ্ট চক্রে আবদ্ধ করে সব কিছুর গতিকে সুচারুভাবে ক্রিয়াশীল রেখেছে। এই রহস্য কী অতি সহজেই পদার্থ বিজ্ঞানীদের কাছে ধরা দিবে? মনে করেন 'সার্নের' জেষ্ঠ্য গবেষকগণ। বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল এই গবেষণায় আপাতত দিক নির্দেশনামূলক প্রমাণ নিয়ে বিজ্ঞানীদের কিছুটা স্বস্থির নিশ্বাস ফেলা সম্ভব হচ্ছে।

এই অদৃশ্য কণার ভর কত ? হিগস-বোসনের তত্ত্বমতে এর ভর হলো ১২৬ গিগাইলেকট্রন ভোল্টস (GeV) এটি একটি প্রোটন কণার তুলনায় ১৩০ গুণ বেশি শক্তিশালী। এই কণা সমন্ধে এখনই সব তথ্য প্রকাশ করেন নি সার্ন। তবে 'অ্যাটলাস' এবং 'সিএমএস' নামে দুটি যন্ত্র হতে প্রাপ্ত ফলাফলে অচিরেই আরো সঠিক তথ্য বেরিয়ে আসবে বলে আশা করা যায়। অনেকের মনে প্রশ্ন আসতে পারে এই অ্যাটলাসটা কী ? এটা হলো, প্রোটন-প্রোটন সংঘর্ষের পর নতুন এবং শক্তিশালী কণা শনাক্তকরণ কাজে এই যন্ত্র ব্যবহৃত হয়। এখানেই প্রোটন কণার সংঘর্ষের পর সৃষ্ট সব আলোক কণার গতি সামান্য ক্ষনের জন্য দৃশ্যমান হয়।

সিএমএস হচ্ছে পৃথিবীর সবচেয়ে শক্তিশালী একটা চৌম্বক গোলক। এখানে প্রোটন সংঘর্ষে সৃষ্ট প্রতিটি কণাকে চৌম্বক শক্তির মাধ্যমে টেনে নিয়ে তাকে কম্পিউটারে শনাক্ত করা হয়। এখন পর্যন্ত এই দুটি গবেষণার ফলাফল প্রকাশিত হয়নি। পদার্থবিজ্ঞানের সবচেয়ে আলোচিত ঈশ্বরকণার অণুসন্ধান চালানো হয় ফ্রান্স- সুইজারল্যান্ড সীমান্তে ১০০ মিটার মাটির নিচে সুড়ঙ্গ খুঁড়ে ১৬ মাইল দীর্ঘ Large Hadron Collider (LHC- লার্জ হ্যাড্রোন কোলাইডার) গোলক গবেষণা কেন্দ্রে। গত পাঁচ দশক যাবৎ ঐ কণা অনুসন্ধানে বিশ্বের হাজারো পদার্থ বিজ্ঞানীরা নিরলস কাজ করে যাচ্ছেন। হিগস-বোসন এই দুই বিজ্ঞানীর নাম সবার আগে আসার কারণ, তাঁরা এই ঈশ্বরকণার প্রাথমিক তত্ত্ব উদ্ভাবন করেন। ঐ ঈশ্বরকণার রহস্য উদ্ঘাটনের উপর গবেষণা কর্মকান্ড অদ্যবধি চলমান। অনেকেই মনে করেন, মানুষের কাছে অচেনাকে চেনা, অজানাকে জানা, অদেখাকে দেখার মাঝে যে আনন্দ তা উদ্ধার করাও মানুষের এক প্রচন্ড ইচ্ছা ও প্রয়াস।

# SECRETS OF COMFORT EARNING, OUTSOURCING AND FREELANCING



**Nrepen Maitra**
Vice Chairman, Board of Trustees

**Outsourcing:**

Outsourcing (also sometimes referred to as 'contracting out') is a business practice used by companies to reduce costs or improve efficiency by shifting tasks, operations, jobs or processes to an external contracted third party for a significant period of time. The functions that are contracted out can be performed by the third party either onsite or offsite of the business.

Many popular world renowned companies are looking for freelancers in Bangladesh for their outsourcing purposes and tasks. Since, Bangladesh is a populous, developing third-world country. We have less work within the country and less wage demand. This attracts the foreign companies to hire Bangladeshis for their verities of works at lower wages compared to that in their own countries. Internet made it easy for both parties at each end of the outsourcing task. In this way, a large pool of integrated workers and jobs had been created from all over the country with the advent of Internet.

Current Bangladesh Government also increased the access of freelancing jobs by tenfold. They also made Internet bandwidth cheaper and widely available. General public are being encouraged to join in this campaign of IT outsourcing. This is a part of the Vision 2020 of the Honorable Prime Minister Sheikh Hasina. Estimated 5 lacs freelancers already earned 500 crores taka this year. Bangladesh government is taking initiatives to introduce 10 lakh people with freelancing by 2020, who will be earning even more around $100 million.

**IT Outsourcing:**

IT outsourcing is the use of external service providers to effectively deliver IT-enabled business process, application services and infrastructure solutions for business outcomes.

Outsourcing, which also includes utility services, software as a service and cloud-enabled outsourcing, helps clients to develop the right sourcing strategies and vision, select the right IT service providers, structure the best possible contracts, and govern deals for

sustainable win-win relationships with external providers.

These days, hundreds, if not thousands, of companies use outsourcing, to some degree, much of it involving the technology sector. IT outsourcing involves sub-contracting or 'farming out' certain information technology functions to independent, third-party companies or individuals, instead of keeping those functions in-house.

Another term often used to describe overseas hired help is 'virtual', and the worker a 'virtual worker'. That is where the Bangladeshi talented workers are ready to work at economic payment range.

Examples of Frequently Outsourced IT Services are:

- Application/Software Development
- Web Development/Hosting
- Application Support or Management
- Technical Support/Help Desk
- Database Development/Management
- Telecommunications
- Infrastructure

**Where to Get Outsourcing Jobs as a Freelancer:**

There are countless websites for getting outsourced contracts nowadays. Formerly, outsourcing and freelancing were commonly bound within the experts and the university graduates. But easy and cheap access of Internet opened it for all. Everyone now got the know-how about it.

The most of these websites are still foreign. Online transactions may get routed through several accounts. Therefore, Bangladesh government even brought and allowed several websites to be accessed directly in Bangladesh, make local bank transactions and widely campaigning about them.

Finding individual virtual jobs is fairly simple. All you need to know is general Internet access to outsource/freelance job providing websites. Anyone can sign up as a member in various work categories. Mention the skills you have and just make profile no other than a Facebook ID. The websites list jobs are most suited for you according to your profile information. Even you can look through the list of job advertisements on the websites. Also search by categories of your most interests.

Millions of companies put up billions of outsourcing works as

advertisements. Most come and directly start to look for hiring someone right away. They will get to see your profile in their suggestion of possible candidates as well. More work you have completed in that website, the more your name will be in their suggestion lists.

Some websites have payable subscription availability with some extra privileges. But all provide equal opportunity for free sign-up option.

Some of the most widely popular websites are listed below:

- https://www.upwork.com
- https://www.freelancer.com
- https://www.toptal.com
- https://99designs.com
- https://studio.envato.com
- https://www.fiverr.com
- https://www.fiverr.com
- https://dribbble.com/designers
- https://jobs.wordpress.net
- https://www.linkedin.com/jobs
- https://problogger.com/jobs
- https://www.gun.io
- https://www.ifreelance.com
- http://www.joomlancers.com

**Freelancing:**

A freelancer is a self-employed person offering services, usually to businesses and often to multiple clients at a time. The type of work freelancers do vary. Nearly every type of business servicescould use a freelancer, including (but not limited to) marketing - such as social media marketingand publicity, copywriting, writing - such as articles and blog posts, technical support - such as web designing and company software making, creative works - such as graphic design and financial support - such as bookkeeping.

Freelancing is so flexible; you can set your own hours. You can work full-time or part-time on the projects of your choice, while clients can offer specifications to the work. A freelancer works similar to an independent contractor, in which he is free to control how the work is completed. Further, freelancing allows you to set your own price, which is often higher than what you would make as an average

employee doing the same work. As soon as the work is done, so is the contract and work-relationship. This is an important distinction for tax purposes, because the NBR (National Board of Revenue) views employees and independent contractors differently. Freelancers are even more encouraged in Bangladesh and the bar for income-tax return amountis always the lowest for them.

**Advantages of Freelancing:**

You are your boss. For most freelancers, this is their comfort motto.The perks are boundless and can be adapted upon your own. So why wait? Kindle your free spirit and rise to the top!

- **Get started quickly**...today even. As long as you already know the skill you plan to offer, getting started is simply a matter of finding your first client.
- **Easy to start**. You can start right now, using your network find a client. While you will want to build a LinkedIn profile and/or a website, you can network within your current career and friend networks to find your first client.
- **Affordable.** Odds are if you have the ability to provide the service, you also have whatever equipment or software you need to deliver it. Eventually you'll want to invest in business building tools, such as a website, but using LinkedIn (which is free) is a great online resume that can help you promote your service.
- **High demand for help.** While the marketplace of freelancers is competitive, the need for quality, reliable freelancers is growing. Many businesses don't have employees and instead have a team of freelancers.
- **Choose your own schedule.** Work when and where you want.
- **Pick and choose clients.** While in the beginning you may take any client that will hire you. As you grow, you can choose not to take on difficult clients. You can even fire them.
- **Do the work the way you see fit.** While you need to deliver what the client asks, how the work is done is up to you.

**Obstacles to Overcome:**

Any form of job has its challenges. Since, this field is so diverse, the experience may vary from person to person. But, fortune always favors the braveand extra hard-work is all you need to get the momentum going.

• **Can take time to build a steady clientele**. Just like anything else it takes time to become popular and get steady contracts to support you. But in freelancing, you don't have to advertise, make grand opening or call out for clients. This field is so vast andinterconnected that, demanding clients will be coming to you.

• **Work can be irregular.** Many freelancers experience an ebb and flow in their work. You need to plan for lean times, and be ready to work hard to deliver work on-time when work is plentiful.

• **Managing multiple clients and projects can be a challenge.** While some people like the variety of working on several projects at a time, others may find it difficult to keep track of deadlines and pace themselves to deliver quality work on time. Great time management systems and organization is the key.

• **Make name, earn later.** Every client will look for ways to save their money. Many would knock a new freelancer for lower cost works. Take them! Take them all! Your resume will grow by numbers of works you have done. Also earning quite a handful experience very fast. Then, as you keep getting steady flow of clients, start picking the clients willing to pay for quality and worth for your valuable time and talent.

**Difference between a Freelancer and Home-Based Service Business:**

Both are self-employed individuals and can work for several clients at a time, on theirown schedules. But,a freelancer works under his own name and get singular fame and credit.A home business owner just creates a business name that found way to fill a gap in the market. Meanwhile, a freelancer works within the established needs of the market and often innovatesnew demands.

**Get Started as a Freelancer:**

Getting started as a freelancer is as easy as visiting one of the freelance sites to find work, and networking with your current sphere of influence to find your first client. Here are steps for building a freelance career:

1. **Decide what you will offer**. Hone your talent and specific range of field. Common freelance work includes writing, web design, graphic design, photography, marketing, social media management, bookkeeping and more.

2. **Determine your target market.** Who needs what you have to offer? Decide if you'll specialize within a specific niche of your service (i.e. copy writing or Word Press web design) or within a specific market (i.e. writing for Realtors or web design for

authors). This is the time to decide your brand and unique selling proposition.

**3. Create an online portfolio.** Start at LinkedIn, a social network all about career networking. Build a profile that promotes the benefits you have to offer. Consider setting up a website, which will offer you more customization and flexibility than LinkedIn. In Bangladesh Facebook pages have become even more popular for earning popularity, than anything else.

**4. Set your prices.** Make sure you charge enough to cover your overhead, time to do the work, as well as to earn a living.

**5. Start reaching out to find clients.** Networking is the key. Use your network to help you connect with potential clients. Consider using freelance sites that are just listed at the 'Where to Get Outsourcing Jobs as a Freelancer' of this article. While they may pay less than you want, it can be a great way to get experience, at said, there are pros and cons, and success comes from those who plan their business and deliver high quality work.

**True Success Stories of Life:**

Quazi Tahmid Tasnim is a young freelancer who rapidly made his name virtually in multiple outsourcing websites. Though, his father is a simple government employee, he is a talented student currently studying Engineering in a private university. Quazi had been paying all his semester fees, bearing his costs and also contributing a hefty amount for his family. Because of his financial support, his younger-sister could continue her study as well. After 2 years as a freelancer, Quazi earns near 30 thousand taka per month. He specializes in writing, translating, consulting and proofing. But Quazi had to work hard day and night, to come to this point. He asked everyone he could find and researched a lot about freelancing online.

There are even stories of Rickshaw-pullers who now earn 20-30 thousand taka per month, after being introduced to freelancing. One day, a rickshaw-puller was complaining about his tiresome work and his little pay in rickshaw-pulling. Little that he knew, his passenger was a freelancer. Reaching at his destination, the freelancer asked the rickshaw-puller if he could show him his works in Banani office. After a few weeks of training there, the rickshaw-puller joined as partner at that freelancing hub. Now that rickshaw-puller earns in a more reputable way and ensured better future for his family.

Proper knowledge and hard-work may perform miracles.

# বাংলাদেশ : তথ্য অধিকার আইন, ২০০৯ এবং "দুয়ার খোলা" জন প্রশাসন



**প্রফেসর ড. খুরশীদা সাঈদ**
তথ্য কমিশনার
তথ্য কমিশন বাংলাদেশ

২৯ মার্চ, ২০০৯, নবম জাতীয় সংসদের প্রথম অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগসহ চৌদ্দ দলীয় সরকার তথ্য অধিকার আইন পাশ করেন। একটি গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থায় নাগরিকগণের মুক্ত সত্তা, সমতা, মর্যাদা ও দায়িত্বশীলতার অন্তর্গত মহতী চেতনা ও চর্চার আঙ্গিকে এই আইনটি অনুধাবনযোগ্য। বস্তুত: এই আইনটি দেশটিকে রাজনৈতিক মূল্যবোধগত প্রায়োগিক কর্মকাঠামোর উচ্চ মার্গে প্রতিষ্ঠিত করে দিয়েছে।

রাষ্ট্রের মালিক জনগণ। জনগণ প্রদত্ত ট্যাক্সের টাকার বিনিয়োগে জনগণের সমুদয় প্রয়োজন ও কল্যাণ নিশ্চিত করার লক্ষ্যে সকল প্রকার কর্মযোগ-সেবামূলক, উৎপাদনমূলক, অবকাঠামো নির্মাণ ইত্যাদি যা কিছু জনগণের স্বার্থে রাষ্ট্রীয় প্রশাসন দ্বারা পরিচালিত হয়, জনগণ তা জানার অধিকার রাখেন। তথ্যের প্রয়োজনে প্রশাসনের যে কোন কুঠুরীতে জনগণের প্রবেশাধিকার নিশ্চিত করতে গণজীবন ঘনিষ্ঠ মাঙ্গলিক প্রত্যয় হচ্ছে একটি "দুয়ার-খোলা" গণ প্রশাসন। প্রশাসনের তথ্য ভুবনে অনায়াস প্রবেশাধিকারের স্বাধীনতা দ্বারা নাগরিক হিসেবে রাষ্ট্রের উপর জনগণের মালিকানা নিশ্চিত হয়। এই অধিকার এই সত্যে স্থিরীকৃত যে, রাষ্ট্রের একচ্ছত্র কর্তৃত্বের অধিকারী নাগরিকগণের নিকট সরকারের যে কোন মন্ত্রণালয়, বিভাগ, কার্যালয়, সংবিধান অনুযায়ী সৃষ্ট কোন সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা বা প্রতিষ্ঠান, বিদেশী সাহায্যপুষ্ট বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান, সরকারি অর্থায়নে পরিচালিত প্রতিষ্ঠান ইত্যাদি তাদের কর্মকাণ্ড বিষয়ে উন্মুক্ত, স্বচ্ছ ও জবাবদিহিমূলক থাকবে।

সত্য এই যে, মানব প্রজাতির অন্বিষ্ট রাজনৈতিক সভ্যতা নির্মাণ অথবা পুন:বিন্যাসে রাজনৈতিক ও বুদ্ধিবৃত্তিক চিন্তক সমাজের মৌল যে উদ্দেশ্যে অর্থনৈতিক সামাজিক-রাজনৈতিক বহুবিধ দর্শনের প্রস্থনা ও নিবেদন তা মূলত: অবদমন ও শোষণ, সম্মোহন ও ছলনা থেকে মানবতার মুক্তিকেন্দ্রিক। সাম্প্রতিক বিশ্বে তথ্য অধিকারের চিন্তা-চেতনা-চর্চাও এই প্রণোদনার আশ্রয়ে লালিত। আসলে সংবেদনশীল বিবেকের জাগৃতি এই মুক্তি-পথ অন্বেষণের পূর্বানুগামী যা কিনা আকার প্রাপ্ত হতে পারে অবাধ ও বিপুল তথ্য প্রবাহের ধারায়। জনস্বার্থ-বিরোধী অপকর্ম সাধনের আড়াল ভেঙে দিতে সক্ষম প্রশাসনিক কর্মকাণ্ড বিষয়ক সব তথ্য। দয়া-মায়াহীন সামাজিক ন্যায় বিচারহীনতা ও মহামারীর মত সংক্রামক দুর্নীতির মুখোশ খুলে দিতে তথ্যই শক্তি। জনগণের তথ্য অধিকার সমাজ জীবনে অন্যায়-অনাচারের সঙ্কট মোচনের ক্ষেত্রে একটি মৌল নির্ধারক যা কি-না কায়েমী স্বার্থগুলোর নির্মম থাবা ও যোগসূত্রসমূহ লুকিয়ে রাখতে ব্যবহৃত গোপনীয়তার দরোজা ভেঙে দিতে পারে। তথ্য অধিকার আইন প্রশাসনে প্রচলিত "কেবল অফিসে ব্যবহারের জন্য" ("For official use only"), সংরক্ষিত (Restricted),

গোপনীয় (Secret), ইত্যাদি অস্বীকার করে। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৪ অনুযায়ী-

"এই আইনের বিধানাবলী সাপেক্ষে কর্তৃপক্ষের নিকট হইতে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার থাকিবে এবং কোন নাগরিকের অনুরোধের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাহাকে তথ্য সরবরাহ করিতে বাধ্য থাকিবে"।

> "বাধ্য" শব্দটি এখানে প্রণিধানযোগ্য। সমগ্র দেশের আর্থ-সামাজিক-রাজনৈতিক ব্যবস্থার সর্বক্ষেত্রে অকল্যাণকর অপশক্তি রুখে দিতে বাক-স্বাধীনতার মাধ্যমে বিবেকঋদ্ধ সচেতনতার প্রসারণ সুনিশ্চিত হওয়া আবশ্যক।

তথ্য অধিকার আইন, ২০০৯-এর যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা ব্যাখ্যায় ঠিক এই কথাটিই বলা হয়েছে,

> "যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতা নাগরিকগণের অন্যতম মৌলিক অধিকার হিসাবে স্বীকৃত এবং তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার একটি অবিচ্ছেদ্য অংশ; এবং যেহেতু জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক ও জনগণের ক্ষমতার জন্য তথ্য অধিকার নিশ্চিত করা অত্যাবশ্যক; এবং যেহেতু জনগণের তথ্য অধিকার নিশ্চিত করা হইলে সরকারী; স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারী ও বিদেশী অর্থায়নে সৃষ্ট বা পরিচালিত বেসরকারী সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাইবে, দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হইবে..."। সেহেতু এতদ্বারা (তথ্য অধিকার) আইন করা হইল"।
>
> "রাজনৈতিক সভ্যতা নির্মাণে রাষ্ট্র বিষয়ক বিমূর্ত ধারণাকে জনজীবনে মূর্ত করে তোলার এই এক মার্গ, বাংলাদেশের সংবিধানে চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতার জন্য অলঙ্ঘনীয় নির্দেশনার গভীরে স্থিত রাষ্ট্র ও জনগণের অর্ন্তলীন অবস্থান তথ্য অধিকার আইন দ্বারা বাস্তবায়ন করার ক্ষেত্র এখন প্রসারিত হয়েছে।" তথ্য অধিকার আইন, ২০০৯ যথার্থ বাস্তবায়নের জন্য পরিকল্পনা প্রণয়ন ও কর্মকাণ্ড পরিচালনার দায়িত্ব অর্পিত হয়েছে তথ্য কমিশনের উপর।

তথ্য কমিশন জনজীবনে, বিশেষত: নতুন প্রজন্মের নাগরিকগণ, যারা অদূর ভবিষ্যতে রাষ্ট্রের কর্ণধার হিসেবে আবির্ভূত হতে যাচ্ছেন, তাদের নিকট তথ্য অধিকার আইন বিষয়ে ধারণা ও জ্ঞান সঞ্চারণে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করছে। অন্যান্য কর্মকাণ্ডের অন্তর্ভুক্ত জনঅবহিতকরণ সভা, মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক-বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহের পাঠ্যসূচীতে তথ্য অধিকার আইন অন্তর্ভুক্তকরণ, প্রামাণ্যচিত্র নির্মাণ, বেতার-টেলিভিশনে আলোচনা অনুষ্ঠান, গবেষণা, প্রকাশনা, ইত্যাদির পাশাপাশি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ, তথ্য সংরক্ষণ পদ্ধতি, স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ ইত্যাদি বিষয়ে দিক-নির্দেশনা প্রদান এবং সর্বোপরি, তথ্য প্রাপ্তির ক্ষেত্রে বাধার সম্মুখীন হচ্ছেন এমন নাগরিক অভিযোগ নিষ্পত্তি। সর্বশেষ এই কাজটি তথ্য অধিকার আইন, ধারা ১৩ (৩) অনুযায়ী "Code of Civil Procedure, ১৯০৮ (Act V of 1908) এর অধীন একটি দেওয়ানী আদালত

যে ক্ষমতা প্রয়োগ করিতে পারিবে তথ্য কমিশন বা, ক্ষেত্রমত প্রধান তথ্য কমিশনার বা তথ্য কমিশনারগণও এই-ধারার অধীন সেইরূপ ক্ষমতা প্রয়োগ.." পূর্বক অভিযোগকারী ও অভিযুক্তকে সমন জারী করে আদালতে শুনানী গ্রহণ করে তথ্য কমিশন বিচারিক রায় প্রদান করে থাকে। তথ্য প্রদানের আদেশ দেয়ার ক্ষেত্রে তথ্য কমিশন তথ্য অধিকার আইন, ধারা ৭, "কতিপয় তথ্য প্রকাশ বা প্রদান বাধ্যতামূলক নয়" মর্মে যে কয়েকটি বিষয়, (যেমন, বাংলাদেশের নিরাপত্তা, অখণ্ডতা, সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে, বা ব্যক্তিগত জীবনের গোপনীয়তা, ক্ষুন্ন হতে পারে, আদালতে বিচারাধীন বিষয়, তদন্তাধীন কোন বিষয়, বুদ্ধিবৃত্তিক সম্পদ ইত্যাদি) গ্রাহ্যে নিয়ে বিচার-বিশ্লেষণ করে নাগ-রিকগণের তথ্য লাভের অধিকার নিশ্চিত করেন।

বস্তুত: গোপনীয়তার পুরোনো প্রশাসনিক সংস্কৃতি ভেঙে রাষ্ট্রীয় প্রশাসন ও নাগরিক সমাজকে নতুন মূল্যবোধে প্রতিষ্ঠিত করার যুগ নির্মাণে তথ্য অধিকার আইন, ২০০৯ দ্বারা যে কর্মযোগের সূচনা ঘটেছে সেখানে আজ সর্বস্তরের জনগণসহ বুদ্ধিবৃত্তিক সমাজের সর্বাত্মক সহযোগিতা ও উদ্যোগ গ্রহণ আবশ্যক। এই সক্রিয় অবস্থান গ্রহণ মাধ্যমেই রাষ্ট্রের মালিক হিসাবে জনগণের অবস্থান যেমন- সুদৃঢ় হবে তেমনি বাংলাদেশের রাজনৈতিক ব্যবস্থায় গণতন্ত্রের প্রাতিষ্ঠানিকীকরণ বহুলাংশে সম্ভব হবে।

# ফাদার দ্যতিয়েন:
# বাংলা গদ্যের শক্তিমান লেখক

শামসুজ্জামান খান



বেশ ক বছর আগে ঢাকা ঘুরে গিয়েছিলেন সাদা পাঞ্জাবি পাজামা পরা শ্মশ্রুমণ্ডিত এক বিদেশি সাহেব। হ্যাঁ, একটু কৌতুকের সঙ্গে তিনি নিজেকে 'সাহেব'ও বলতেন মাঝে মধ্যে। সাধারণ পোশাক-আশাক এবং চলনবলনে তাঁকে কিন্তু এক সৌম্যকান্ত বাঙালি বৃদ্ধের মতোই মনে হত আমাদের। আসলে তিনি একজন বিদেশি মিশনারি – নাম ফাদার দ্যতিয়েন। মা-বাবা নাম রেখেছিলেন পল দ্যতিয়েন। পল দ্যতিয়েন জন্মেছিলেন বেলজিয়ামের রশ্‌ফয় নামের একটি জায়গায় ১৯২৪-এর ৩০ ডিসেম্বর। বাবার নাম ফ্যানি এবং মা এলিজাবেথ।

বাংলাভাষী অঞ্চলে ফাদার দ্যতিয়েন বাংলার বিদ্বৎ সমাজে এক পরিচিত নাম। তাঁর মাতৃভাষা ফরাসি হলেও বাংলা ভাষায় তাঁর ব্যুৎপত্তি রীতিমত ঈর্ষণীয়। উইলিয়াম কেরীর পুত্র ফেলিক্স কেরী বহু বছর আগে বলেছিলেন, বাংলা তার দ্বিতীয় মাতৃভাষা। একথাটি খুব জোরের সাথে বলতে পারতেন ফাদার দ্যতিয়েনও। ১৯৭১-এ পুস্তকাকারে প্রকাশিত তাঁর বাংলা রচনা ডায়েরির ছেঁড়া পাতা এবং ১৯৭৩-এ প্রকাশিত রোজনামচা তাঁকে বাংলা ভাষার এক শক্তিমান লেখক হিসাবে প্রতিষ্ঠিত করেছে।

বাংলা একাডেমির বর্ধমান হাউসে বসে তাঁর সঙ্গে আমাদের কথা হয় ১৯৯০-এর জুলাই মাসের ২৬ তারিখে। কথা ছিলো, সকাল দশটায় আসবেন। সোয়া নয়টায় তিনি হাজির হলেন, হেসে বললেন, "বাঙালি সময় না-সাহেবি সময় তো নয়ই –'অদ্ভুত' সময়ে এলাম। পঁয়তাল্লিশ মিনিট আগে এসে গেলাম।" 'এসে গেলাম' কথাটি আবার উচ্চারণ করে হাসলেন এবং কৌতুকমিশ্রিত স্বরে বললেন : 'এসে গেলাম'– আপনারা বাঙালিরা বলেন,- এটি আপনাদের নিজস্ব বলবার ধরন। 'এসে গেলাম'– মানে : 'এসে পৌঁছলাম', 'এসে আবার চলে গেলাম নয়।' কোন বিদেশি এটা না জেনে অনুবাদ করলে কেমন হবে বলুন তো।

সচিত্র সন্ধানী সাপ্তাহিকের ওই সপ্তাহের সংখ্যাটি তাঁর হাতে ধরিয়ে দিয়ে বললাম, এই পত্রিকার জন্যই সাক্ষাৎকার চেয়েছিলাম। দেখে বললেন, বেশ সুন্দর পত্রিকা তো।

ফাদার, একটু আগে যখন এসেছেন, তো একটু আগে থেকেই শুরু করি...

কত আগে, কী কী চাই...

লেখাপড়ার কথা, প্রথম থেকেই...

ঠিক আছে বাবা, বলছি। স্বদেশে দিনী হাই স্কুলে পড়েছি ১৯৩৬-৪২ পর্যন্ত। এরপরে সন্ন্যাসী সংঘ (Jesuit) পরিচালিত আলৌ বিদ্যায়তনের আধ্যাত্মিক সাধনায় নবিশ

(Noviciate) কোর্স করি ১৯৪২-৪৪-এ। বি.এ ডিগ্রি সম্পন্ন করি ১৯৪৪-৪৬ সালে ন্যামুর (Namur) থেকে এবং দর্শন শাস্ত্রে এম. এ করি লুয়েন (Louvain) বিশ্ববিদ্যালয় থেকে ১৯৪৯-এ। এম. এ তে তিন বছরের কোর্স (১৯৪৬-৪৯) ছিলো। তারপর?

তারপরই মিশনারি কাজ নিয়ে চলে আসি পশ্চিমবঙ্গে-১৯৪৯-এর অক্টোবর। অক্টোবর ১৯৪৯ থেকে পুরো ৫০ সাল পর্যন্ত শ্রীরামপুর ছিলাম। মিশনে বাংলা শেখা শুরু ফাদার আঁদ্রে দ্যোতান-এর কাছে। এ সময়ে শ্রী সজনীকান্ত দাশ-এর সংস্পর্শে আসি এবং তাঁর কাছ থেকেও বাংলা শেখার অনুপ্রেরণা লাভ করি।

এরপরে ১৯৫১ সালে ফাদার দ্যতিয়েন চলে আসেন কলকাতায়। উদ্দেশ্য, বাংলা ভাষাটা আরো ভালো শেখা। সেন্ট জেভিয়ার্স কলেজে প্রাইভেট ছাত্র হিসাবে বাংলার ক্লাস করতেন। তখন তাঁর শিক্ষক ছিলেন শ্রী লোকনাথ ভট্টাচার্য। ফাদার বললেন, লোকনাথের শিক্ষায় তিনি অল্প সময়ে পোক্ত হয়ে ওঠেন। মজার ব্যাপার, এসময়ে অর্থাৎ ১৯৫১ সালে তিনি শ্রীরামপুর মিশন থেকে ফাদার দ্যোতান সম্পাদিত 'আমাদের জীবন' শীর্ষক ক্যাথলিক পাদরীদের বাংলা পত্রিকায় তাঁর প্রথম গদ্যরচনা 'রহস্যময় উপহার' প্রকাশ করেন। সাধু ভাষায় লেখা যিশুখ্রিষ্টের এক কুঁজো বুড়িকে আপেল উপহার দান এবং গ্রহণ করে তার সোজা হয়ে দাঁড়াতে পারার বিষয় ওই গল্পে বর্ণিত। এই গল্প লিখে তখন তিনি খুব আনন্দ পেয়েছিলেন। যিশুর মহত্ত্ব বর্ণনা এবং বাংলা লেখার উত্তেজনা একসঙ্গে যুক্ত হয়েছিল।

ফাদার দ্যতিয়েনকে জিজ্ঞেস করলাম 'তাহলে, ওটিই আপনার প্রথম লেখা?' উত্তরে তিনি বললেন, 'ঘটনা হিসাবে তাই। তবে, লেখাটা আমার হলেও ওটার খোলনচলে বদলে দিয়েছিলেন লোকনাথ বাবু।' বাংলায় চর্চায় প্রথম পর্যায়ের আর কোনো প্রয়াসের কথা মনে আছে কিনা জানতে চাওয়ায় কিছুক্ষণ চিন্তা করে বললেন "হ্যাঁ মনে হয়েছে। 'লেখকের লেখনি' নামে একটি লেখা বেরোয় ওই 'আমাদের জীবন' কাগজে –ই ১৯৫৪ সালে। প্রথমে লেখা সাধু ভাষায় কিন্তু এটি চলতি বাংলা গদ্যে। লেখাটি অনেকের দৃষ্টি আকর্ষণ করে। আমিও বুঝতে পারি যে আমার হবে অর্থাৎ বাংলা গদ্যের স্বভাবটা আমি তখন একটু একটু ধরতে পারছি।"

ফাদার দ্যতিয়েন সুরসিক এবং প্রাণবন্ত মানুষ। আমাদের কথা বলার ফাঁকে এক মহিলা ও দুজন ভদ্রলোক এলেন। এঁদের সঙ্গে রীতিমাফিক কুশল বিনিময় ছাড়াও মহিলার সঙ্গে বেশ জমিয়ে কথা বললেন; দু' একটি ঠাট্টাও করলেন এবং বললেন : 'শতাধিক বাংলা পল্লীগীতির ক্যাসেট কিনেছেন – বেলজিয়ামে বসে প্রাণভরে এই সব বাংলা গান শুনবেন।'

৬৫ বছরের এই সুপণ্ডিত ও সুরসিক বাংলাপ্রেমিকের সঙ্গে সাক্ষাৎকার যখন প্রায় আড্ডায় রূপ নিয়েছে তখন রসভঙ্গ করে তাঁর জীবন-কথা একটু ধারাবাহিকভাবে জানতে চাইলাম। তিনি রসিকতা করে বললেন 'মহাভারত লিখবেন দেখছি। ঠিক আছে লিখুন তাহলে।'
বাসন্তী। চব্বিশ পরগণার একটি গ্রাম। ১৯৫২ সালে এই বাসন্তী গ্রামের প্রাইমারী স্কুলে ছাত্র পড়ানোর কাজ নিলাম। বেতন ৪৫ টাকা। ওখানে মিশন ছিলো। ব্যবস্থাটা ওরাই করলেন। ছোট ছেলেমেয়েদের বাংলা-ইংরেজি পড়াতাম। এই স্কুলে এক বছর পড়িয়েছিলাম। এটাও ছিল বাংলা শেখার অঙ্গ। গ্রামের সাধারণ মানুষের ভাষার সঙ্গে পরিচয়।

১৯৫২ সালে ফাদার দ্যতিয়েন যান কার্শিয়ং-দার্জিলিং-এ। এখানে সেইন্ট ম্যারিস থিয়োলজিক্যাল কলেজে ধর্মতত্ত্ব পড়েন চার বছর। ৫৬ সালে এই কোর্স সমাপ্ত করে '৫৭-এ আসেন শান্তিনিকেতনে। এবার কেতাদুরস্ত বাংলা শেখার পালা। নিয়মিত ছাত্র হিসাবে বাংলায় এম. এ ক্লাসে ভর্তি হলেন '৫৭-৫৮ শিক্ষাবর্ষে। তার তখনকার শিক্ষকরা ছিলেন শ্রীপ্রবোধ সেন, শ্রীপঞ্চানন মণ্ডল, শ্রী অশোকবিজয় রাহা প্রমুখ। '৫৯-এ বাংলায় এম. এ পাস করলেন ফাদার দ্যতিয়েন।

শান্তিনিকেতনের শিক্ষা শেষ করে হাজারীবাগ চলে যান ১৯৫৯-এ। এখানকার সেইন্ট স্ট্যালিনাস কলেজে ধর্ম ও অধ্যাত্ম সাধনায় কোর্স করেন এক বছর (১৯৫৯-৬০)। ১৯৬০-এ 'আমাদের জীবন' পত্রিকার সম্পাদকের দায়িত্ব পান তিনি। তখন এই পত্রিকার নাম পরিবর্তিত হয়। পরিবর্তিত। নাম : 'জীবন'।

'জীবন' পত্রিকা সম্পাদনার সময় তিনি বাইবেল অনুবাদ করেন। এ সময় বেশ কিছু লেখালেখিতে তিনি নিয়োজিত ছিলেন। আসেল তিনি বাংলা গদ্যের ধরন ও প্রবণতা বিশেষ করে লক্ষ করছিলেন। ১৯৬০-এ সৈয়দ মুজতবা আলী 'জীবন' পত্রিকায় তাঁর গদ্য লেখা পড়ে আকৃষ্ট হন।

১৯৫৮ সালে তিনি কলকাতায় সাপ্তাহিক 'দেশ' পত্রিকায় তাঁর 'ডায়েরির ছেঁড়া পাতা'র দু'টি কিস্তি পাঠান। তখন তিনি শান্তিনিকেতনে বাংলায় এম.এ পড়ছেন। লেখা দু'টি প্রকাশিত হতেই যথেষ্ট কৌতূহলের সৃষ্টি হলো। এর কারণ ছিলো দু'টি। প্রথমত পাঠককে নাড়া দেবার মত সরস ও আকর্ষণীয় গদ্যশৈলী লেখকের, দ্বিতীয়ত লেখকের নাম। 'ফাদার দ্যতিয়েন' এ নাম একেবারেই অপরিচিত তখন। সে সময়ে বেশ ক'জন শক্তিমান লেখক ছদ্মনামে গদ্য ও রম্যরচনার ক্ষেত্রে আলোড়ন তুলেছেন। পাঠকরা ভাবলেন, 'ফাদার দ্যতিয়েন' ছদ্মনাম নিয়েই ওই রকম আর একজনের আবির্ভাব ঘটলো। কিন্তু না, ফাদার দ্যতিয়েন কোনো ছদ্মনামের আড়ালে থাকা বাঙালি লেখক নন। তিনি প্রকৃতই 'ফাদার' এবং অবশ্যই বিদেশি।

ফাদার দ্যতিয়েন ছিলেন ধর্মপ্রচারক। নিষ্ঠার সঙ্গে পড়াশোনা করে সে কাজ তিনি করেছেন। তবে হৃদয়, মস্তিষ্ক আর ভালবাসা দিয়ে চর্চা করেছেন বাংলার গদ্যের। ১৯৬০-এ দেশ পত্রিকায় 'ডায়েরির ছেঁড়া' পাতা'র আরো পাঁচটি কিস্তি প্রকাশিত হয়। এরপরে নিয়মিতভাবে 'দেশ'-এ প্রকাশিত হয়েছে তাঁর ওই লেখা।

১৯৭১ সালে ডায়েরির ছেঁড়া পাতা বই হয়ে বেরোয় এবং ৭৩-এ পুনর্মুদ্রিত হয়। ১৯৭২-এ তিনি স্বাধীন বাংলাদেশে আসেন এবং এ সফরের ওপর ভিত্তি করে লেখেন 'রোজনামচা'। ১৯৭৩-৭৪ সালে ওই 'রোজনামচা' কলকাতার 'অমৃত' সাপ্তাহিকে পত্রস্থ হয় এবং পুস্তকাকারে প্রকাশিত হয় ১৯৭৬-এ। বাংলা গদ্যের এই কৃতী লেখক তাঁর ডায়েরির ছেঁড়া পাতা বইয়ের জন্যে ১৯৭৩ সালে সুবিখ্যাত 'নরসিংহ দাস' পুরস্কার লাভ করেন।

ফাদার দ্যতিয়েন ১৯৭৩ সালে সম্পাদনা করেন ১৮১২ খ্রিস্টাব্দে প্রকাশিত উইলিয়াম কেরির ইতিহাসমালা। এই সম্পাদনার সুবাদে বইটি যে কেরির নিজের রচনা, তাঁর কোনো

মুন্সীর নয়-এটাও নানা যুক্তিপ্রমাণ দিয়ে তিনি প্রতিষ্ঠা করেন। বাংলা গদ্যচর্চার সূত্রেই তিনি প্রকাশ করেন তাঁর গদ্য পরম্পরা (১৯৭৭) বইটি। এ বইয়ে আদিকাল থেকে সমকাল পর্যন্ত পথিকৃৎ গদ্য লেখকদের নমুনা তুলে ধরা হয়েছে।

ফাদারকে জিজ্ঞাস করেছিলাম এখন কী করছেন? তিনি জানিয়েছিলেন : 'এখন দেশে ফিরে যাব। মাতৃভাষা ফরাসিতে বঙ্গদেশের কথা লিখবো। হয়তো ডায়েরির আকারেই লিখবো। জানেন, আমি গদ্যের স্টাইল দেখি, বুঝবার চেষ্টা করি। এবার আমার নিজের ভাষার নিজস্ব স্টাইলে লিখবার চেষ্টা করবো। বাংলা গদ্যও আমি লিখেছি বাঙালির বাচনভঙ্গির দিকে লক্ষ রেখে। গদ্যতে পণ্ডিতি করিনি –ঘরোয়া, অন্তরঙ্গ করবার চেষ্টা করেছি। আন্তরিকতার স্পর্শ লেগে স্বাদু হয়েছে কিনা আপনারা বলতে পারবেন।'

হঠাৎ সাহেব অনুপ্রাণিত ভঙ্গিতে বললেন, 'আমি একটা স্বপ্ন দেখছি। বেলজিয়ামে একটি বাংলা চর্চা কেন্দ্রের স্বপ্ন। তেমন কোনো সহায়তা পাব না দেশে। কেউ খুব আগ্রহ দেখাবে মনে হয় না। তবু আমি আশাবাদী, চেষ্টা করে যাচ্ছি। বইপত্র, গানের ক্যাসেট সংগ্রহ করছি। বাংলাদেশ থেকে এজন্যে বেশ কিছু বই পেয়েছি –ক্যাসেট কিনেছি।'

ফাদার দ্যতিয়েন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর মানববিদ্যা কেন্দ্র এবং বাংলা একাডেমিতে বাংলা গদ্য বিষয়ে বক্তৃতা করেছেন। ঢাকা শহর সম্পর্কে জানতে চাইলে বললেন : রাস্তাঘাট সুন্দর, পরিষ্কার, বড় বড় পার্ক ভারী সুন্দর, সবুজ। এখানকার বই ভাল, ছাপা সুন্দর। বাংলা একাডেমি অনেক কাজ করেছে।

সবচেয়ে কী ভাল লাগল। উত্তর : লোকসংগীত আর রিকশা। রিকশাওয়ালা বলল : 'সাহেব উঠুন দাম নিয়ে ঝগড়া করবো না – আপনি উঠলেই আমি খুশি।'

মাত্রই চলে গেলেন ফাদার দ্যতিয়েন। তাঁকে স্মরণ করতে গিয়ে গত শতকের আশির দশকের শেষার্ধে তাঁর সঙ্গে সাক্ষাৎ ও আলাপের স্মৃতির সঙ্গে সঙ্গে মনে আসছে এই তো সেদিন ২০১৪-এর ফেব্রুয়ারিতে বাংলা একাডেমির অমর একুশে গ্রন্থমেলার উদ্বোধন অনুষ্ঠানে তাঁকে আমরা সম্মানিত অতিথি হিসেবে নিয়ে আসি। সে অনুষ্ঠানে তাঁর অননু-করণীয় বাংলা বক্তৃতা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ উপস্থিত সবাইকে খুব আকর্ষণ করেছিল।

ফাদার দ্যতিয়েনকে স্মরণ করি বিনম্র শ্রদ্ধায়।

# আনন্দ এবং বেদনার কাহিনী



মুহম্মদ জাফর ইকবাল

এ বছর আমরা গণিত, পদার্থবিজ্ঞান এবং ইনফরমেটিক্স অলিম্পিয়াডে সব মিলিয়ে এক ডজন মেডেল পেয়েছি। খবরটি সবাই জানে কিনা আমি নিশ্চিত নই। আমাদের দেশের সংবাদপত্র খুবই বিচিত্র, তাদের কাছে সব খবর সমান গুরুত্বপূর্ণ নয়। কোনো কোনো অলিম্পিয়াডের খবর তারা খুবই গুরুত্ব নিয়ে ছাপাবে আবার কোনো কোনোটির খবর তারা ছাপাবেই না! কাজেই আমি ভাবলাম আমি নিজেই সবাইকে খবরটি দিই। একটা দেশের জন্য আন্তর্জাতিক অলিম্পিয়াডে এক ডজন মেডেল সোজা কথা নয়।

আমরা গণিতে চারটি মেডেল পেয়েছি, দুটি সিলভার এবং দুটি ব্রোঞ্জ। এক নম্বরের জন্য আবার গোল্ড মেডেল হাতছাড়া হয়ে গেল; কিন্তু আমি ঠিক করেছি সেটি নিয়ে আমি মোটেই হা-হুতাশ করব না। দেখতে দেখতে একটা সময় আসবে যখন আমরা গোল্ড মেডেল রাখার জায়গা পাব না। গণিতে গোল্ড মেডেল না পেলেও অন্য মেডেল আমরা পেয়েছি, সেটি হচ্ছে এই অঞ্চলের সব দেশকে হারিয়ে দেওয়ার 'মেডেল'। আমাদের পাশের দেশ ভারত বিশাল একটি দেশ। লেখাপড়ায়, জ্ঞান-বিজ্ঞানে তারা অনেক এগিয়ে। হলিউডের একটা সিনেমা তৈরিতে যত ডলার খরচ হয় তার থেকে কম খরচে মঙ্গলগ্রহে তারা মহাকাশযান পাঠাতে পারে। কাজেই আমরা যদি গণিত অলিম্পিয়াডে আন্তর্জাতিক অঙ্গনে তাদের হারিয়ে দিতে পারি তাহলে একটু অহংকার তো হতেই পারে।

পদার্থবিজ্ঞানেও আমরা এবার চারটি মেডেল পেয়েছি। এর মধ্যে একটি সিলভার এবং তিনটি ব্রোঞ্জ। পদার্থবিজ্ঞানে মেডেল পাওয়া তুলনামূলকভাবে অনেক কঠিন। কারণ, সেখানে খাতা-কলমে সমস্যা সমাধানের সঙ্গে সঙ্গে প্রাকটিক্যাল করতে হয়। আমাদের দেশের লেখা-পড়াটা এতই দায়সারা যে, এ দেশের ছেলেমেয়েরা প্রাতিষ্ঠানিকভাবে ল্যাবরেটরিতে কাজ করার অভিজ্ঞতা একেবারেই পায় না। পদার্থবিজ্ঞান অলিম্পিয়াডের কমিটি নিজের উদ্যোগে ল্যাবরেটরির কাজকর্ম একটুখানি শিখিয়ে দেওয়ার সঙ্গে সঙ্গে ম্যাজিকের মতো ফল এসেছে-চার চারটি মেডেল! আমার আনন্দ একটু বেশি। কারণ এই চারজনের একজন মেয়ে। আমরা কখনো মেয়েদের ছেলেদের সমান সুযোগ দিই না। শুধু তাই নয়, পারিবারিক বা সামাজিকভাবেও তাদের ধরে-বেঁধে রাখি। তাই এই প্রতিযোগিতাগুলোর সমান সমান ছেলে এবং মেয়ে দেখতে পাচ্ছি না। কিন্তু আমি নিশ্চিত একটখানি পরিকল্পনা করে অগ্রসর হলেই ছেলেদের সঙ্গে সঙ্গে মেয়েদের দলটিকেও পেতে শুরু করব। পদার্থবিজ্ঞানের মেডেল বিজয়ী এই মেয়েটি আমাদের বিশ্ববিদ্যালয়ের আমার সহকর্মী শিক্ষকের মেয়ে, তাকে আমি ছোট থেকে দেখে আসছি, তাই আমার আনন্দটুক ও অন্য অনেকের থেকে বেশি।

ইনফরমেটিক্স অলিম্পিয়াডে আমরা চারজনকে পাঠিয়েছি, চারজনই মেডেল পেয়েছে! তিনটি ব্রোঞ্জ এবং একটি সিলভার! (ইনফরমেটিক্স শব্দটা যাদের কাছে অপরিচিত মনে হচ্ছে তাদের সহজভাবে বলা যায়, এটি হচ্ছে কম্পিউটার প্রোগ্রামিংয়ের অলিম্পিয়াড)!

ইনফরমেটিক্স অলিম্পিয়াডে কথা বললেই আমাকে একবার প্রফেসর কায়কোবাদের কথা বলতে হবে। এ মানুষটি না থাকলে আমাদের ইনফরমেটিক্স অলিম্পিয়াডকে কোনো-ভাবেই এত দূর নিয়ে আসতে পারতাম না! অনেকেই হয়তো জানেন না যে, প্রতিযোগীরা যেন নিশ্চিন্তে প্র্যাকটিস করতে পারে সেজন্য তিনি তাদের নিজের বাসায় দিনের পর দিন থাকা-খাওয়ার ব্যবস্থা করে দেন। আমাদের ধারণা, ঢাকা শহরে চিকুনগুনিয়ার আক্রমণ না হলে আমাদের প্রতিযোগীরা ঢাকা শহরে এসে আরও একটু বেশি প্রস্তুতি নিতে পারত। আমরা ভয়ের চোটে তাদের ঢাকা আসতে দিইনি! গণিত অলিম্পিয়াডের মতোই ইনফরমেটিক্স অলিম্পিয়াডেও আমাদের আরও একটি 'মেডেল' আছে, সেটি হচ্ছে পাশের দেশে ভারতকে হারিয়ে দেওয়ার 'মেডেল'। এত বড় একটি দেশ, তথ্যপ্রযুক্তিতে সারা পৃথিবীতে তাদের হাঁকডাক, কাজেই সে দেশটিকে যদি আমাদের স্কুল-কলেজের বাচ্চারা হারিয়ে দেয়, একটুখানি আনন্দ তো আমি পেতেই পারি!

আমাদের দেশের এই এক ডজন ছেলেমেয়ে তাদের এক ডজন মেডেল দিয়ে আমাকে যা আনন্দ দিয়েছে, তা আমি কাউকে বোঝাতে পারব না।

দুই.

ঠিক এই একই সময়ে আমাদের দেশের প্রায় এক ডজন ছেলেমেয়ে আমার বুকটা ভেঙে দিয়েছে। মোটামুটি এ সময়টাতেই এইচএসসি পরীক্ষার ফল বেরিয়েছে, পরীক্ষার ফল মনের মতো হয়নি, তাই সারা দেশে প্রায় ডজনখানেক ছেলেমেয়ে আত্মহত্যা করেছে। শুনেছি শুধু কুমিল্লা বোর্ডেই নাকি ১১ জন ছেলেমেয়ে আত্মহত্যা করেছে। খবরটি জানার পর থেকে আমি শান্তি পাচ্ছি না, কোনো কারণ নেই; কিন্তু নিজেকেই দোষী মনে হচ্ছে। শুধু মনে হচ্ছে, আহা আমি যদি আশাভঙ্গ এই ছেলেমেয়েগুলোর সঙ্গে একবার কথা বলতে পারতাম, একবার মাথায় হাত বুলিয়ে বলতে পারতাম জীবনটা অনেক বিশাল, তার তুলনায় একটা এসএসসি কিংবা এইচএসসি পরীক্ষা একেবারে  গুরুত্বপূর্ণ ব্যাপার! যার পরীক্ষা খারাপ হয়েছে তার জীবনের কিছুই আটকে থাকবে না, কোনো না কোনোভাবে সে সামনে এগিয়ে যাবে। আমি শিক্ষক মানুষ, আমার সব কাজ ছাত্রছাত্রীকে নিয়ে, আমি তাদের অসংখ্য উদাহরণ দিয়ে বোঝাতে পারতাম, এই একটি পরীক্ষার ফল মনমতো না হলে তাতে জীবনের বিশাল প্রেক্ষাপটে কিছুই উনিশ-বিশ হয় না। আমি তাদের বোঝাতে পারতাম জীবনটা কত মহামূল্যবান। একটা জীবন দিয়ে পৃথিবীর কত বড় বড় কাজ করা যায়। কিন্তু তা করা যায় নি এ দেশের ১০-১২ জন্য ছেলেমেয়ে (কিংবা কে জানে হয়তো আর বেশি) বুকভরা হতাশা আর সারা পৃথিবীর প্রতি এক ধরণের অভিমান নিয়ে চলে গেছে। আমি তাদের আপনজনের কথা ভেবে কোনোভাবে নিজেকে সান্তনা দিতে পারি না। আমি যেটুকু জানি তাতে মনে হয় সারা দেশে পরীক্ষার ফলাফল নিয়ে এক ধরণের অসুস্থ প্রতিযোগিতা শুরু হয়েছে। সব অভিভাবকই কেন জানি ভাবতে শুরু করেছেন তার ছেলেমেয়েদের  জিপিএ ফাইভ কিংবা তার থেকেও বড় কিছু গোল্ডেন ফাইভ পেতেই হবে। তারা বুঝতে চান না সেটা সব সময় সম্ভব নয়, শুধু তাই নয়, তার প্রয়োজনও নেই। মানুষের নানা ধরণের বুদ্ধিমত্তার মাঝে লেখাপড়ার বুদ্ধিমত্তা শুধু একটা বুদ্ধিমত্তা। তাই তারা শুধু লেখাপড়ার বুদ্ধিমত্তাকে শুধু অস্বীকার করবেন না সেটাকে দমিয়ে রাখবেন তা তা তো হতে পারে না। বাবা-মা যখন তার সন্তানকে পৃথিবীতে এনেছেন তাকে একটা

সুন্দর জীবন উপহার দিতে হবে, লেখাপড়ার চাপ দিয়ে জীবনটাকে দুর্বিষহ করে তুললে কোনোভাবেই তাদের ক্ষমা করা যাবে না। পৃথিবীতে অনেক দেশ আছে যেখানে লেখাপড়া আছে কিন্তু পরীক্ষা নেই। সেই দেশের ছেলেমেয়েরা সবচেয়ে ভালো লেখাপড়া করে। আমাদের দেশ সে রকম নয়, এখানে লেখাপড়ার চেয়ে বেশি আছে পরীক্ষা। আমরা শিক্ষানীতিতে দুটি পাবলিক পরীক্ষার কথা বলেছিলাম, সেই শিক্ষানীতিকে বুড়ো আঙ্গুল দেখিয়ে চারটি পাবলিক পরীক্ষা চালু করা হয়েছে, যার অর্থ আমরা একটি ছেলে কিংবা মেয়েকে তার শৈশব আর কৈশোর চারবার একটা ভয়ঙ্কর অমানুষিক অসুস্থ প্রতিযোগিতার মাঝে ঠেলে দিই। তাও যদি সেই পরীক্ষাগুলো আমরা ঠিকভাবে নিতে পারতাম একটা কথা ছিল প্রতিবার পরীক্ষার আগে প্রশ্নপত্র ফাঁস হয়। প্রশ্নপত্র ফাঁস হয়েছে স্বীকার করে নেওয়া হলে আবার নতুন করে পরীক্ষা নিতে হবে তাই সবাই মিলে দেখেও না দেখার ভান করে। এ প্রক্রিয়া আমরা অনেক ছাত্রছাত্রী এবং তাদের বাবা-মাদের অপরাধী হওয়ার ট্রেনিং দিয়ে যাচ্ছি। এবং অল্প কিছু সোনার টুকরো সৎ ছেলে মেয়ে, তারা পণ করেছে তারা কখনো ফাঁস হওয়া প্রশ্ন দেখবে না, মরে গেলেও অন্যায় করবে না, তাদের বুকের ভিতর দেশের বিরুদ্ধে এবং চক্ষুলজ্জাহীন কিছু দেশের মানুষের বিরুদ্ধে তীব্র ক্ষোভ এবং হতাশার জন্ম দিয়ে যাচ্ছে। যে দেশ তাদের সৎ ছেলেমেয়েদের ভিতরে হতাশার জন্ম দেওয়া সেই দেশকে নিয়ে স্বপ্ন কেমন করে দেখব?

অথচ খুব সহজেই প্রশ্ন বন্ধ করা সম্ভব, শুধু শিক্ষা মন্ত্রণালয়কে একবার ঘোষণা দিতে হবে, যা হওয়ার হয়েছে, ভবিষ্যতে আর কখনো প্রশ্ন ফাঁস হবে না। তারপর প্রশ্ন যেন ফাঁস না হয় তার ব্যবস্থা নিতে হবে। এ ব্যাপারে সাহায্য করার জন্য দেশের অসংখ্য আধুনিক প্রযুক্তিবিদ প্রস্তুত হয়ে আছেন, কেউ তাদের কাছে একবারও পরামর্শ নেওয়ার জন্য যায়নি!

কাজেই যা হওয়ার তাই হচ্ছে। অসুস্থ প্রতিযোগিতায় ছেলেমেয়েদের ঠেলে দেওয়া হচ্ছে। আমার কাছে প্রমাণ আছে যেখানে একটি ছেলে কিংবা মেয়ে চিঠি লিখে বলেছে তার বাবা-মা তাকে বলেছে যে, তাকে জিপিএ ফাইভ পেতেই হবে, যদি না পায় তার সুইসাইড করা ছাড়া আর কোনো উপায় নেই। কী ভয়ংকর কথা। এটি কতজনের কথা?

অসংখ্য ছেলেমেয়ে আছে যাদের পরীক্ষার ফল মনের মতো হয় না, তখন তাদের সান্ত্বনা দেওয়া, সাহস দেওয়া কিংবা ভবিষ্যতের স্বপ্ন দেখানোর দায়িত্বটি পড়ে তার বাবা-মা কিংবা অন্য আপনজনের ওপর। কিন্তু তারা অনেক সময়ই তা পালন তো করেনই না, বরং পুরোপুরি উল্টো কাজটা করেন, তাদের অপমাণ করেন, তিরস্কার করেন, লাঞ্ছনা করেন, অসহায় ছেলেমেয়েগুলো সান্ত্বনার জন্য কার কাছে যাবে বুঝতে পারে না। (কান পেতে রই [০১৭৭৯৫৫৪৩৯২] নামে একটা সংগঠন হতাশাগ্রস্ত এবং আত্মহত্যাপ্রবণ মানুষদের সাহায্য করে। আমি এ সংগঠনের ভলান্টিয়ারদের কাছে শুনেছি প্রতিবার পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর তাদের আলাদাভাবে সতর্ক থাকতে হয়।)

তিন.

বছরের এই সময়টা আসলে আমার সবচেয়ে মন খারাপ হওয়ার সময়, কারণ এই সময়ে ছেলেমেয়েদের বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পরীক্ষাগুলো হয়। শুধু অল্প কিছু বাড়তি টাকা

উপার্জন করার লোভে প্রতিটি বিশ্ববিদ্যালয় আলাদাভাবে ভর্তি পরীক্ষা নেয়। দেশে এতগুলো বিশ্ববিদ্যালয়ে যে প্রতিটিতে আলাদা আলাদা দিনে পর্যন্ত পরীক্ষা নিতে পারে না। একদিন দেশের এক কোনায় পরীক্ষা তার পরের দিন দেশের অন্য প্রান্তে পরীক্ষা, ছেলেমেয়েরা এক জায়গায় পরীক্ষা দিয়ে রাতের বাসে উঠে সারা রাত জার্নিং করে ভোরবেলা দেশের অন্য প্রান্তে পৌঁছায়, অজানা-অচেনা জায়গা, তাদের হাতমুখ ধুয়ে বাথরুমে যাওয়ার পর্যন্ত কোনো ব্যবস্থা নেই। সেভাবে ক্লান্ত বিধ্বস্ত-ক্ষুধার্ত ছেলেমেয়েগুলো বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের লোভের টাকা সংস্থান করার জন্য ভর্তি পরীক্ষা দেয়। সেই পরীক্ষার প্রশ্নপত্রের মান কেউ দেখেছে? হাই কোর্ট থেকে নির্দেশ দেওয়ার কারণে একবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ভর্তি পরীক্ষার প্রশ্ন আমাকে দেখতে হয়েছিল, যেখানে প্রতিটি প্রশ্ন নেওয়া হয়েছিল কোনো না কোনো গাইড বই থেকে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মতো সক্ষম বিশ্ববিদ্যালয়ে যদি এ রকম অবস্থা হয় তাহলে অন্য বিশ্ববিদ্যালয়েগুলোর কী অবস্থা হতে পারে কেউ কি অনুমান করতে পারেন? সেজন্য বাংলাদেশে সবচেয়ে রমরমা ব্যবসার নাম ইউনির্ভাসিটি ভর্তি কোচিং!

আমি জানি আমার এ লেখাটি যদি কোনো বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের চোখে পড়ে তাহলে তারা আমার ওপর খুবই রেগে যাবেন এবং বোঝানোর চেষ্টা করবেন তারা মোটেই বাড়তি টাকার দজন্য ভর্তি পরীক্ষা নিচ্ছেন না, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান বজায় রাখার দায়বদ্ধতা থেকে করছেন। কোনো কোনো ক্ষেত্রে সেটি হতেও পারে কিন্তু মোটেও সামগ্রিকভাবে সত্যি নয়। ভর্তি পরীক্ষা প্রক্রিয়া থেকে একটি টাকাও না নিয়ে যদি কোনো শিক্ষক আমাকে চ্যালেঞ্জ করেন আমি অবশ্যই আমার বক্তব্যের জন্য তার কাছে ক্ষমা চাইব। আছেন সে রকম শিক্ষক? এ দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের চোখে এখনো ভর্তি পরীক্ষা নামে এ ভয়ংকর অমানবিক প্রক্রিয়াটি চোখে পড়েনি, কিন্তু এ দেশের মহামান্য রাষ্ট্রপতির চোখে পড়েছে। তিনি কিন্তু দেশের সব বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরদের একটি সম্মেলনে একটি সম্মিলিত ভর্তি পরীক্ষা নিয়ে এ দেশের ছেলেমেয়েদের এই অমানুষিক নির্যাতন থেকে রক্ষা করার অনুরোধ করেছিলেন। আমি খুব আশা করেছিলাম যে তার অনুরোধটি বিশ্ববিদ্যালয়গুলো রক্ষা করবে। কিন্তু এখন পর্যন্ত আমি সে রকম কোনো লক্ষণ দেখতে পাচ্ছি না! মনে হচ্ছে এ দেশের ছেলেমেয়েদের ওপর নির্যাতনের এই স্টিম রোলার বন্ধ করার কারও  কোনো আগ্রহ নেই। একটি বিশ্ববিদ্যালয় আগ বাড়িয়ে কখনই এ উদ্যোগ নেবে না। আমরা একবার যশোর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সম্মিলিত ভর্তি পরীক্ষার উদ্যোগ নিয়েছিলাম, দেশের 'মেহনতি' মানুষের রাজনৈতিক সংগঠন বামপন্থি দলগুলো এবং কমিউনিস্ট পার্টি মিলে সেটি বন্ধ করেছিল। (বিশ্বাস হয়?) কাজেই মহামান্য রাষ্ট্রপতির অনুরোধটি রক্ষা করার জন্য যদি কোনো উদ্যোগ নিতে হয় তা নিতে হবে শিক্ষামন্ত্রী, নয় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে। তারা কি সে উদ্যোগটি নিয়েছেন?

এ দেশের ছেলেমেয়েরা বাংলাদেশের পতাকা বুকে ধারণ করে যখন আন্তর্জাতিক আসন থেকে বিভিন্ন অলিম্পিয়াডের মেডেল নিয়ে আসে তখন আনন্দে আমাদের বুক ভরে যায়। তার প্রতিদানে আমরা এ দেশের ছেলেমেয়েদের প্রতি যে অবিচারটুকু করি তা চিন্তা করে বুকটি আবার বেদনায় ভরে যায়।  কেন আনন্দের পাশাপাশি বেদনা পেতে হবে। কেন শুধু আনন্দ পেতে পারি না?

# অধ্যাপক আবদুর রাজ্জাক ও ঢাকা বিশ্ববিদ্যালয়



**সলিমুল্লাহ খান**

[২০১৪ সালের ডিসেম্বর মাসের তৃতীয় সপ্তাহে বাংলাদেশ জাতীয় জাদুঘর আমাকে বাংলাদেশের এককালীন জাতীয় অধ্যাপক আবদুর রাজ্জাক (১৯১৪-১৯৯৯) স্মরণে এক প্রস্থ বৃক্তৃতা প্রদানের সুযোগ দান করেন। ইহার আগে জাদুঘর কর্তৃপক্ষ অধ্যাপক আবদুর রাজ্জাকের নামে আরও বক্তৃতার আয়োজন করিয়াছিলেন কি-না আমার জানা নাই। এই বক্তৃতা দেওয়ার যোগ্যতা তো দূরের কথা, যথোপযুক্ত প্রস্তুতি পর্যন্ত আমার ছিল না। সুতরাং বক্তৃতায় সঙ্গত কারণেই অধ্যাপক আবদুর রাজ্জাকের সমগ্র জীবন আলোচিত হয় নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ে তিনি জীবনের যে অধ্যায়টি কাটাইয়াছেন তাহার পুরোদস্তুর আমল করা হয় নাই। আমার এই লেখায় বস্তুত ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা-পরবর্তী প্রথম দুই দশকের কথাই বিশেষ গুরুত্ব পাইয়াছে। এই পড়িয়া পাওয়া সম্মানের জন্য আমি জাদুঘরের মহাপরিচালক ফয়জুল লতিফ চৌধুরীর অধমর্ণ হইয়া রহিলাম। এই লেখার কিছু অংশ ইতিপূর্বে কোথায়ও কোথায়ও ছাপা হইয়াছিল। এইখানে প্রকাশের সময় কিছু নতুন কথাও যোগ করিয়াছি। বিশেষ বলিতে এই সংস্করণে নরেশচন্দ্র সেনগুপ্তের স্মৃতি-কথা হইতে দুইটা কথা উদ্ধার করা হইয়াছে।

-সলিমুল্লাহ খান, ৫ জুন ২০১৭]

'মুসলমান সমাজে পূর্বে কোন 'মিডল ক্লাস' ছিল না। এই 'মিডল ক্লাস' সৃজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ ঐতিহাসিক কীর্তি।

-প্রফুল্ল কুমার গুহ (১৯৭৪:৭)

আজ আমরা এইখানে একত্রিত হইয়াছি অধ্যাপক আবদুর রাজ্জাকের কথা স্মরণ করিবার জন্য। বাঁচিয়া থাকিলে এই বছর তাঁহার বয়স একশত বছর পুরা হইত। কি হইত তাহা জাহির করিয়া, আক্ষেপ করিয়া লাভ কি! কি হইয়াছে তাহাই বড় কথা। আজ পনের বছর হইলে তিনি ইহলোক ত্যাগ করিয়াছেন। দিন দশেক আগে আমি আজিকার বক্তৃতার মতই আরেকটি বৃক্তৃতা শুনিতে জাতীয় যাদুঘরের চৌহদ্দির মধ্যে আসিয়াছিলাম। মহাপরিচালক মহোদয়ের সহিত দেখা হইয়া গেল। এক সময় তিনিও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। আমার সৌভাগ্য হইয়াছিল একই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইবার। আমরা একই হলের একটি তলায় বসবাস করিতাম। কপালগুণে চারি বছরের জায়গায় সাত বছর কাটাইয়াছি হাজী মুহম্মদ মহসীন হলের তিন তলায়। হয়তো সেই আত্মীয়তার দৌরাত্মেই তিনি আমাকে আপনাদের সামনে দাঁড় করাইয়া দিয়াছেন। তাহা না হইলে আমার এখানে বৃক্তৃতা দিবার আর কি যোগ্যতা আছে! আর কে না জানেন আজ স্বজনপ্রীতি তো আমাদের সমাজের শিরায় শিরায় চলাচল করিতেছে।

এক্ষুণে আমার অপর কৈফিয়তটাও নিবেদন করি। প্রয়োজনীয় যোগ্যতা না থাকিতেও একটা কারণে আমি এই বক্তৃতা দিতে রাজি হইয়াছি। কারণটা না বলিলে সত্যের বিরুদ্ধে অপরাধ করা হইবে। অধ্যাপক আবদুর রাজ্জাকের নিকট আমার অনেক কর্জ। সেই কর্জের পরিমাপ টাকা-পয়সা দিয়া করা যাইবে না। শুদ্ধ একটি কর্জের কথাই এখানে বলিব। ইচ্ছায় আর অনিচ্ছায় মিলাইয়া আমিও আজ তিরিশ বছরের কিছু বেশি হইল

একাধিক কলেজে কি বিশ্ববিদ্যালয়ে মাস্টারি করিতেছি। আজ অবধি আমি কোন ছাত্রকে কদাচ 'তুমি' বলি নাই। তিনি আপনি আচরি ধর্ম অপরে শিখাইতেন।

আর একটা কথা। ঢাকা বিশ্ববিদ্যালয় হইতে অবসর লইবার অনেকদিন পর তিনি তাঁহার এককালীন ছাত্র অধ্যাপক মোজাফ্ফর আহমদ চৌধুরীর কথা স্মরণ করিয়া-ঢাকা বিশ্ববিদ্যালয়েরই আহবানে-দুই প্রস্ত বক্তৃতা করিয়াছিলেন। ইহা ১৯৮০ সালের কথা। আমি তখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র। তখন তখনই সেই বক্তৃতার এক প্রস্থ পর্যালোচনা লিখিয়াছিলাম। প্রবন্ধটি প্রথম ছাপাইবার সুযোগ পাই ১৯৮৩ সালে। এদিকে প্রবন্ধটির চতুর্থ সংস্করণ ছাপা হইতেছে এই বছর। বলা বাহুল্য, ইহা যে এতোদিন পর্যন্ত চলিতেছে তাহা লেখকের গুণে নহে, যাঁহার নামে লেখা তাঁহার নামের দৌলতে।

অধ্যাপক আবদুর রাজ্জাকের সহিত আমার প্রথম দেখা কোন বৎসর হইয়াছিল-সত্য বলিতে-মনে নাই। তবে তাহা কোনক্রমেই ১৯৭৬ সালের আগে হইবে না। কেননা, মাত্র ঐ বছরই আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে দাখেল হইলাম। ইহার ৪৫ বছর আগে তিনিও একই অনুষ্ঠানে ঢুকিয়াছিলেন। পার্থক্যের মধ্যে, তিনি ঢুকিবা মাত্রই হলে থাকিবার একটা জায়গা পাইয়াছিলেন। আমি পাই নাই। পাইয়াছিলাম-তবে অনেক পরে। প্রথমে থাকিতাম খানিক অদূরে, কমলাপুর রেলওয়ে স্টেশনে। ইহার পর হলে জায়গা পাইয়াছিলাম। কিন্তু সব সময় দুই বেলা খাওয়া জোটে নাই। অধ্যাপক আবদুর রাজ্জাকের কাছে আমার কিছু খাওয়া-দাওয়ার ঋণও রহিয়া গিয়াছে।

তাহার পরও বলিব সরদার ফজলুল করিম কিংবা আহমদ ছফা-এই দুই মহাত্মার যে কোন একজন-বাঁচিয়া থাকিলে আমি এই বক্তৃতার দায় হইতে বাঁচিতে পারিতাম। কিন্তু কি করি! কপালের লিখন না যা খন্ডন। অধ্যাপক আবদুর রাজ্জাক সেই যে ১৯৩১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ঢুকিয়াছিলেন আর বাহির হইতে পারেন নাই। মধ্যখানে কয়েকবার ছুটি লইয়াছেন। তাহা ছাড়া বাকি জীবন-অন্তত ১৯৮০ সাল পর্যন্ত-এখানেই কাটাইয়াছিলেন। আমি ১৯৮৬ সালে বিশ্ববিদ্যালয় হইতে বাহির হইয়াছিলাম। আর ঢুকিতে পারি নাই। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাড়িয়াছি অথচ অধ্যাপক আবদুর রাজ্জাক ছাড়িতে পারি নাই। ইহাকেই বলে নিয়তি। অর্থাৎ যাহার যতি নাই।

আমাদের পরম সৌভাগ্য যে বিশ্ববিদ্যালয়পাড়া ছাড়িবার কিছুদিনপরে অধ্যাপক আবদুর রাজ্জাক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আর একটি বক্তৃতা দিয়াছিলেন। উপলক্ষ ছিল ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-১৯৮৫ ইংরেজি। বিষয়ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্মৃতি। অধ্যাপক আবদুর রাজ্জাক এই বক্তৃতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম যুগের মধ্যেই তাঁহার স্মৃতির ইতি টানিয়াছিলেন। আমিও 'মহাজ্ঞানী মহাজন যে পথে করে গমন' সেই পথেই চলিব। সেই বক্তৃতার মতন আমার বক্তৃতাও একই সীমার মধ্যে-ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম যুগে-আটকাই রাখিব। বলা বাহুল্য, প্রথম যুগ বলিতে আমি ১৯৪৭ সালের আগের ঢাকা বিশ্বকবিদ্যালয়কে বুঝাইয়াছি। কলিকাতা হইতে প্রকাশিত 'আমাদের সেই ঢাকা বিশ্ববিদ্যালয়' সংকলের সম্পাদকরাও তাহাই বুঝাইয়াছেন।

সম্প্রতি-অধ্যাপক আবদুর রাজ্জাকের প্রয়াণ দিবসে-আমি তাঁহাকে নিবেদিত একটি প্রবন্ধ দৈনিক পত্রিকায় প্রকাশ করিয়াছি। বর্তমান বক্তৃতায় সেই প্রবন্ধ হইতে কিছু কিছু অংশ ধার করিতে হইয়াছে। (খান ২০১৪)

১.

বক্তৃতাটি যথারীতি তিনি ইংরেজিতেই লিখিয়াছিলেন। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় সেই বার বক্তৃতারা বাংলা তর্জমা বিলি করার বন্দোবস্ত করিয়াছিলেন। তর্জমার ভার পড়িয়াছিল 'অসাধারণ মেধার মানুষ' হুমায়ূন আহমেদের উপর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তখন

পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক শামসুল হক। হুমায়ূন আহমেদকে ডাকিয়া তিনি বলিলেন, 'সামনে ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস-৮ ফেব্রুয়ারি-আব্দুর রাজ্জাক সাহেবের একটি বক্তৃতার বাংলা তর্জমা করিয়া দিতে হইবে।' এখানে হুমায়ূন আহমেদের ভাষ্যই আমি আমার আপন জবানিতে বলিতেছি। অন্য লেখকদের বেলায়ও তাহাই করিত। উদ্দেশ্যঃ ভাষাটি সহজ বা সরল করা। উপাচার্য মহোদয় বলিলেন, 'মুল বক্তৃতাটা রাজ্জাক সাহেবের। আশা করি গুরুত্ব বুঝিতে পারিতেছেন। হুবহু তর্জমা করিবেন। একচুলও যে এইদিক সেইদিক না হয়।' (আহমেদ ২০১২:১৫৯)

১৯৮৫ সালের ৮ ফ্রেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের বক্তৃতায় আবদুর রাজ্জাক তাঁহার ছাত্রজীবনের কথা স্মরণ করিয়াছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইয়াছিলেন ১৯৩১ সালে। তখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মূল ভবন ছিল বর্তমানে যাহাকে বলে'ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল' তাহার নিচতলা জুড়িয়া। আর দোতলায় থাকিতেন ছাত্ররা। আবদুর রাজ্জাকও জায়গা করিয়া লাইয়াছিলেন এই দোতলাতেই। বিশ্ববিদ্যালয় ভবনের দক্ষিণ দিকে-মানে যেদিকে নাজিমুদ্দিন রোড সেদিকে-লাইব্রেরি। অধ্যাপক রাজ্জাক জানাইতেছেন, 'নাজিমুদ্দিন রোড নামটা তখনও জারি হয় নাই।' সে সময় ঐ এলাকার নাম ছিল-আদি ও আসল-'দেওয়ান বাজার'। (রাজ্জাক ১৯৮৫:১)

অধ্যাপক আবদুর রাজ্জাক প্রথমেই স্মরণ করিয়াছিলেন বিশ্ববিদ্যালয় যাঁহারা চালাইতেন সেই কর্তাপুরুষদের কথা। তিনি যখন বিশ্ববিদ্যালয়ে ঢুকিতেছেন তখন উপাচার্য অর্থাৎ ভাইস-চ্যান্সেলর ছিলেন দর্শনের অধ্যাপক ল্যাংলি। তিনি বসিতেন বিশ্ববিদ্যালয়ের মূল ভবনের উত্তর দিকে, অর্থাৎ এখন যেদিক শহীদ মিনার সেই দিকে। অদূরে বসিতেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার খান বাহাদুর নাজিরুদ্দিন আহমেদ। অধ্যাপক আবদুর রাজ্জাক জানাইতেছেন, তিনি যে সময়ের কথা কহিতেছেন সে সময় প্রশাসনিক কর্তাপুরুষদের সহিত বিশ্ববিদ্যালয়ের নতুন ভর্তি হওয়া ছাত্রদের মোটেও যোগাযোগ ঘটিত না। ছাত্রদের সমস্ত ব্যবসায় চলিত হল প্রশাসনের সহিত। হল প্রশাসন মানে-বক্তৃতার ভাষায়-'হলের প্রভোস্ট, হাউস টিউটর, প্রভোস্ট অফিসের দুইজন সহকারী-ব্যস'। (রাজ্জাক ১৯৮৫: ২)

শিক্ষা ব্যবসায়ের আরেক মোকাম ছিল বিভাগ। যাহারা অনার্স পড়ুয়া তাহাদের খুব ভালো করিয়া চিনিতে হইতে বিভাগের মাথা, অর্থাৎ প্রধান পুরুষকে। বিভাগের প্রধানরা তখন ছিলেন 'প্রায় চিরস্থায়ী ব্যক্তিত্ব'। আজিকার মতন তিন বছর পর পর বিভাগীয় প্রধান বদলাইবার নিয়মটা তখন চালু হয় নাই। অধ্যাপক আবদুর রাজ্জাক শেষ পর্যন্ত সেই প্রথম যুগের নিয়মটাকেই বেহতর মনে করিতেন। এই বক্তৃতাতেই আরেকটি বাক্যযোগে তিনি বলিয়াছিলেন, '(আজিকার) ভাইস-চ্যান্সেলর নির্বাচন পদ্ধতিও আমার কাছে এক ধরণের রসিকতার মতন মনে হয়। বিশ্ববিদ্যালয়কে আমি গণতন্ত্র শিখাইবার জায়গা বলিয়া মনে করি না।' (রাজ্জাক ১৯৮৫: ৫)

কর্তাপুরুষদের মধ্যে একমাত্র রেজিস্ট্রার খান বাহাদুর নাজিরুদ্দিন আহমদের কথাই কিছু পরিসর জুড়িয়া-রসময় ভাষায়-বলিয়াছেন অধ্যাপক আবদুর রাজ্জাক। আমি সারাংশ লিখিতেছি; 'মানুষটি পোশাকে-আশাকে বড় শৌখিন। সদাসর্বদা শেরোয়ানি পরিতেন, সঙ্গে চুড়িদার পায়জামা। চেহারা শান্ত-গম্ভীর। আচার-আচরণে আভিজাত্য ঝলমল করিত।' অধ্যাপক আবদুর রাজ্জাক জানাইতেছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হইবার পর দীর্ঘ দশ বছর তাঁহাকে কাছে থাকিয়া দেখিবার সুযোগ পাইয়াছিলেন তিনি। এই দর্শনের সারমর্ম এক বাক্যে বলা যায়; 'এই দীর্ঘ সময়ে কখনো তাঁহাকে কোন ব্যাপারে বিচলিত হইতে দেখি নাই।' (রাজ্জাক ১৯৮৫:১)

খান বাহাদুর সম্পর্কে চালু একটি গল্প-যাহাকে বলে 'প্রচলিত' গল্প-অধ্যাপক রাজ্জাক শুনিয়াছিলেন। নতুন বিশ্ববিদ্যালয়ের প্রথম জীবনের গুজব বলা যায় ইহাকে। অধ্যাপক

রাজ্জাক তখনও বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েন নাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস-চ্যান্সেলরের নাম পি.জে.ওরফে ফিলিপ হার্টগ। ঢাকায় কায়েম-মোকাম হইবার আগে ইনি লন্ডন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ছিলেন। অধ্যাপক রাজ্জাক শুনাইতেছেন: 'খান বাহাদুর নাজিরুদ্দিন সাহেব তাঁহার কাছে কিসের যেন একপ্রস্থ ড্রাফট পাঠাইয়াছেন। হার্টগ সাহেব ড্রাফটের ভাষা দুই এক জায়গায় ঠিকঠাক করিয়া দিলেন। ব্যাপারটা খান বাহাদুরের মনে খুব লাগিয়াছিল। তাঁহার লেখালিখি হইয়া গেল অত্যন্ত সংক্ষিপ্ত। ফাইলপত্র তৈরি করিতে লাগিল অন্যরা। তিনি দুইটি মাত্র অক্ষর-যেমন-ভিসি, এসি, এফসি লিখিয়াই কর্তব্য সম্পাদন করিতে লাগিলেন।' (রাজ্জাক ১৯৮৫:১)

নাজিরুদ্দিন আহমদের নাম এখনকার ছাত্রদের কথা দূরে থাকুক-শাসকদেরও মনে আছে কি নাই। অধ্যাপক আবদুর রাজ্জাক সস্নেহে তাঁহার কথা স্মরণ করিয়াছেন। 'খান বাহাদুর ছিলেন একজন অসাধারণ প্রশাসক। প্রশাসনে তাঁহার মতন যোগ্য মানুষ আমি খুব কম দেখিয়াছি। নতুন একটি বিশ্ববিদ্যালয়ের জন্য এই রকম একজন মানুষের দরকার ছিল' অধিক কি, 'ভাষা ছাড়া আরেকটি বিষয়েও তাঁহার কাতরতা ছিল। তিনি কাহারও সামান্যতম সমালোচনাও সহ্য করিতে পারিতেন না।' অধ্যাপক রাজ্জাকের বক্তব্য অনুসারে, 'মনে আছে একবার তিনি রেজিস্ট্রারের চাকুরিতে ইস্তফা বসিলেন। কারণ সামান্য-নির্বাহী কমিটির কোন এক সদস্য তাঁহার দেওয়া একটি সংখ্যা অর্থাৎ সংবাদ সম্পর্কে সন্দেহ প্রকাশ করিয়াছেন।' (রাজ্জাক ১৯৮৫: ১)

২.

বিশ্ববিদ্যালয়ের প্রথম যুগের শিক্ষকদের তিনি দুইটি শ্রেণীতে বিভক্ত করিয়াছেন। একদিকে ছিলেন 'পন্ডিত' ব্যক্তিরা, অপরদিকে 'সৃষ্টিশীল' প্রতিভাবানরা। পন্ডিতদের অনেকেরই নাম তিনি লইয়াছিলেন-হরপ্রসাদ শাস্ত্রী হইতে হরিদাস ভট্টাচার্য পর্যন্ত। ইহাদের মধ্যে কেহ কেহ ১৯৩১সালের দিকে বিশ্ববিদ্যালয় হইতে চলিয়া গিয়াছিলেন। আর কেহ কেহ থাকিয়াই গিয়াছিলেন। ইহাদেও তারিফ করিতে গিয়া আবদুর রাজ্জাক একটি বাক্যের বেশি ব্যয় করেন নাই-'মেধা ও মনীষার আশ্চর্য সমন্বয়।' 'বিদগ্ধ' নতুন অধ্যাপকদের মধ্যে সৈয়দ মোয়াজ্জেম হোসেন আর অমিয়কুমার দাশগুপ্তের নাম করিয়াছেন তিনি।

মুহম্মদ শহিদুল্লাহ সম্বন্ধে তিনি লিখিতেছেন, তাঁহাকে সামান্য লেকচারার পদ লইয়াই সন্তুষ্ট থাকিতে হইল-'যদিও সেই যুগেই তিনি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ভাষাতত্ত্ববিদ।' কারণ? আহমদ ছফার সহিত আলাপে তিনি জানাইয়াছিলেন কারণটা। আহমদ ছফা জানাইতেছেন, 'রাজ্জাক স্যার বলিলেন, শহিদুল্লাহ সাহেব যে বিষয়ে পিএইচডি করিয়াছিলেন, বিশ্ববিদ্যালয়ের তৎকালীন ইংরেজ ভাইস চ্যান্সেলর মনে করিতেন সে বিষয়ে কাজ করিবার যোগ্যতা তাঁহার ছিল না।' (ছফা ২০০০:১০৬) একই নিঃশ্বাসে তিনি স্মরণ করিতেছেন, 'মোহিতলাল মজুমদার আর চারুচন্দ্র বন্দোপাধ্যায়-ইঁহাদের কাঁহারো এম.এ.ডিগ্রি ছিল না। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয় এই দুই গুণী ব্যক্তিকে সাদরে শিক্ষক হিসাবে গ্রহণ করিল। সেই যুগেরই আরেক ছাত্র-অনাথবন্ধু বেদজ্ঞ-লিখিয়াছেন: 'বাংলার এই দুই অধ্যাপক কাঁহারই এম.এ.ডিগ্রী ছিল না। তাই চারুবাবুকে অনারারি এম.এ.ডিগ্রি দেওয়া হয়।' বেদজ্ঞ মহাশয় আর জানাইতেছেন-চারুবাবুকে 'শনিবারের চিঠি' বলিতেন 'হনি ঢাক'। আরো: 'শরৎবাবুকে দেয়া হয় অনারারি ডি.লিট. মোহিতবাবু বিনা অলংকরণেই ছিলেন।'

(বেদজ্ঞ ১৯৭৪: ৫৭)

এইবার 'সৃষ্টিশীল' প্রতিভাবানদের কথা। আগে অধ্যাপক আবদুর রাজ্জাকের সিদ্ধান্তটি

পেশ করি। তিনি বলিয়াছেন, 'বিশ্ববিদ্যালয় সম্ভবত সৃষ্টিশীল প্রতিভাবানদের খুব একটা পছন্দ করে না। কবি জসীম উদ্দীন এই সত্যের একটি উজ্জল প্রমাণ। অধ্যাপক আবদুর রাজ্জাক সাক্ষ্য দিতেছেন, 'আমি নিজে মনে করি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত সমস্ত প্রতিভাবান মানুষের তালিকায় এই কবির নাম প্রথমে আসিবে-সেই সঙ্গে আসিবে শিল্প জয়নুল আবেদিনের নাম।' ঢাকা বিশ্ববিদ্যালয় কবি জসীমউদ্দীনের সহিত কেমন আচরণ করিয়াছিলেন? অধ্যাপক রাজ্জাক কদাচ বেশি কথার মানুষ নহেন। তিনি বলিয়াছেন, '১৯৩৮ সনে কবি জসীমউদ্দীন ঢাকা বিশ্ববিদ্যালয়ে যোগ দেন। শিক্ষকতা করেন প্রায় পাঁচ বছর। সময়টা তাঁহার জন্য ভালো যায় নাই।

(রাজ্জাক ১৯৮৫:৪)

আহমদ ছফার স্মৃতিকথা-যদ্যপি আমার গুরু-হইতেও এই বিষয়ে একটু সাহায্য পাওয়া যাইতেছে। একবার কবি জসীমউদ্দীনের প্রসঙ্গ ধরিয়া মোহিতলাল মজুমদারের কথা উঠিল। মোহিতলাল মজুমদার পূর্ব বাংলার বিশিষ্ট বাংলা উচ্চারণরীতিটি বরদাস্ত করিতে পারিতেন না। জসীমউদ্দীনের একটি কবিতার বইয়ের নাম দাঁড়াইয়াছিল 'ধানখেত'। মোহিতলাল বলিতেন, জসীম উদ্দীনের 'ধান খেতো'। অধ্যাপক আবদুর রাজ্জাকের নামে আহমদ ছফা লিখিয়াছেন, 'মোহিতলালের জিবের মধ্যে বিষ আছিল। তাঁহার ঠাট্টা রসিকতা এমনভাবে ছড়াইয়া পড়িল জসীমউদ্দীন বেচারার জান যাওনের দশা।' অধ্যাপক রাজ্জাকের জবানিতে শোনা যাউক: 'একদিন আমি মোহিতবাবুরে চ্যালেঞ্জ কইরা বইলাম। কইলাম, আপনে জসীম উদ্দীনের এত ঠাট্টা করেন ক্যান। বাংলা সাহিত্যের ইতিহাসে যদি জসীমউদ্দীনের উপর এক অধ্যায় লেখা অয়, আপনারে নিয়া লেখব মাত্র চাইর লাইন।' (ছফা ২০০৭: ২৩)

অধ্যাপক আবদুর রাজ্জাক মনে করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পণ্ডিত ও সৃষ্টিশীল শিক্ষক মহোদয়ের কেহই ছাত্রদের উপর বড় একটা ছায়া ফেলেন নাই। প্রমাণ: ১৯২১-১৯৪৭ সালের মধ্যে মাত্র একজন বুদ্ধদেব বসুর দেখা পাওয়া যায়। অথচ পরের যুগে শিক্ষক তালিকা কিছুটা ম্লান হওয়া সত্ত্বেও দেখা গিয়াছে অনেক নক্ষত্র বাহির হইয়া আসিতেছেন। ১৯৮৫ সালের ৮ ফেব্রুয়ারির বক্তৃতায় তিনি উদাহরণ দিলেন-এই বিশ্ববিদ্যালয় হইতে প্রকাশিত হইল মুহম্মদ আবদুল হাইয়ের সম্পাদনায় বিখ্যাত 'সাহিত্য পত্রিকা'। (রাজ্জাক ১৯৮৫: ৪)

এই জায়গায় হুমায়ুন আহমদেও একটি অনুযোগ আছে। আগেই উল্লেখ করিয়াছি, হুমায়ুন আহমেদ এই বক্তৃতাটার তর্জমা করিয়াছিলেন। তাঁহার মতে বক্তৃতার প্রথম খসড়ায় একটি উদাহরণ ছিল এই রকম: 'পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জৌলুশ কমিয়া গেল। মোটামুটি মানের শিক্ষকেরা শিক্ষকতা শুরু করিলেন। কিন্তু ঢাকা বিশ্ববিদ্যালয় তখন অসাধারণ মেধার মানুষ বাহির করিতে শুরু করিল। যেমন-কবি শামসুর রাহমান, ঔপন্যাসিক হুমায়ুন আহমেদ।' হুমায়ুন আহমেদ লিখিয়াছেন, স্যার বক্তৃতা শেষ করিলে তুমুল করতালি। আমি ভ্যাবদা মারিয়া বসিয়া আছি। কারণ বক্তৃতায় হুমায়ুন আহমেদের অংশটা নাই। স্যার যে পড়িতে ভুলিয়া গিয়াছেন তাহাও নহে। মূল বক্তৃতা বুকলেট আকারে সবাইকে দেয়া হইছে। সেখানেও এই অংশ নাই।' (আহমেদ ২০১২: ১৫৯-১৬০)

৩.

এদিকে অধ্যাপক আবদুর রাজ্জাক শিক্ষকদের তুলনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রদেও তারিফটা একটু বেশীই করিয়াছেন। তবে কৃতিত্বটা দিয়াছেন বিশ্ববিদ্যালয় আইনের প্রতিটি ধারা অর্থাৎ শাসন কর্তৃপক্ষকেই। তিনি বলিয়াছেন, '১৯২১ হইতে ১৯৪৭ সাল পর্যন্ত যে সকল ছাত্রছাত্রী এই বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পাইয়াছে তাহাদের বিদ্যাবুদ্ধি এই

উপমহাদেশের অন্য যে কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের চেয়ে কম ছিল না।-বেশিই ছিল বরং। মনে হইতে পারে রথী-মহারথী সকল শিক্ষকদের কল্যাণেই ইহা সম্ভব হইয়াছে। আমার তাহা মনে হয় না। আমার মনে হয় ইহার পিছনের প্রধান কারণ-বিশ্ববিদ্যালয়টা ছিল ছোট্ট। শহর হইতে দূরে নিরিবিলি এক বিদ্যাপীঠ।' (রাজ্জাক ১৯৮৫:৪-৫)

সে সময়ের ছাত্ররা কেমন ছিল? এই প্রশ্নের উত্তরে তিনি কহিয়াছেন, 'অনার্সেও ছাত্ররা পড়াশোনার ব্যাপারে অত্যন্ত মনোযোগী ছিল। বিভাগীয় শিক্ষকরা প্রতিটি ছাত্রকেই খুব ভালোভাবে চিনিতেন। না চিনিয়া উপায় ছিল না। সে সময়ে টিউটোরিয়াল ক্লাসগুলিকে খুব গুরুত্বপূর্ণ মনে করা হইত। ছাত্রশিক্ষকদের সম্পর্ক গড়িয়া উঠিত টিউটোরিয়াল ক্লাসে। সে সম্পর্ক হইতে দীর্ঘস্থায়ী।' (রাজ্জাক ১৯৮৫:২)

একই ধরণের সাক্ষ্য পাইতেছি সেকালের অন্য এক ছাত্র ধীরেন্দ্রলাল দাশের জবানে। ইনি ১৯২৫ সনে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইয়াছিলেন। ইনি লিখিতেছেন, 'অল্পদিনের মধ্যেই টের পাইলাম, এই ইউনিভার্সিটিতে বড় ক্লাসের বক্তৃতার চেয়ে ছোট ছোট টিউটোরিয়াল ক্লাসের মাহাত্ম্য অনেক বেশি। টিউটোরিয়াল ক্লাস উপস্থিতি শুদ্ধ আবশ্যক নহে, টিউটোরিয়াল ক্লাস অবহেলা বিপজ্জনক। টিউটর যে নির্দিষ্ট কাজটি করিতে দিবেন তাহা যত্ন করিয়া লিখিয়া যথা নিয়মে তাঁহার কাছে দাখিল করা চাই। টিউটর লেখাটির উপর গ্রেড চিহ্ন বসাইতেন-এ, বি, অথবা খুব খারাপ হইলে সি। টিউটোরিয়াল রেকর্ডই ছাত্রের যোগ্যতার অন্যতম নির্দেশক। গোড়া হইতে ছাত্ররা লাইব্রেরি ব্যবহারের নির্দেশ ও উৎসাহ পাইত, লাইব্রেরি ব্যবহারের গুরুত্ব উপলব্ধি করিতে পারিত। অধ্যাপকেরা পড়াইতে পড়াইতে এবং বেশ করিয়া টিউটোরিয়াল ক্লাসে আলোচনার সময় প্রয়েঅজনীয় বইয়ের 'রেফারেন্স' দিতেন। লাইব্রেরিতে বসিয়া সেগুলি পড়িয়া নির্দিষ্ট বিষয়ে জ্ঞানবৃদ্ধির চেষ্টা করা হইতে-তথা 'টিউটোরিয়াল এসে' লেখার মালমশলা সংগ্রহ করা হইত। অনার্স ছাত্রদের জেনারেল লাইব্রেরি ছাড়া সেমিনার লাইব্রেরি ব্যবহারের সুযোগ ছিল। জেনারেল লাইব্রেরি হইতে বই বাড়িতে আনা যাই। ' (দাশ ১৯৭৪: ৭৩-৭৪)

অধ্যাপক আবদুর রাজ্জাক লিখিয়াছেন, 'সেই সময় হলে ভর্তি হবার পদ্ধতি কি ছিল তাহা এখন ঠিক মনে পড়িতেছে না। শুদ্ধ মনে পরিতেছে নানান ধাপ ডিঙ্গাইয়া আমি এক সময় মুসলিম হলের বাসিন্দা হইয়া গেলাম। এই মুসলিম হলই পরে হইল সলিমুল্লাহ মুসলিম হল।। সেই নামও স্থায়ী হইল না-নতুন নাম হইল সলিমুল্লাহ হল। ' এতদিনে আমরা হয়তো আরও একটি বাক্যযোগ করিতে পারি-নতুন নামও স্থিও রহি রহিল না। দ্বাপর যুগের নামটাই কলিযুগে ফিরিয়া আসিল-হইল সলিমুল্লাহ মুসলিম হল। অধ্যাপক রাজ্জাক যোগ করিয়াছেন একটি টিপ্পনী: 'নামের বিবর্তনের পেছনে সব সময়ই একটি গল্প থাকে। ঈশপের গল্পের মতো সেই গল্পে একটি নীতিকথা থাকে। একদিন কেউ হয়তো নীতি-কথাটি আপনাদের নিকট ব্যাখ্যা করিবেন। (রাজ্জাক ১৯৮৫: ২)

অধ্যাপক আবদুর রাজ্জাকের যুগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ছাত্রসংখ্যা ছিল সাতশতের কাছাকাছি। তাহার মধ্যে ছাত্রী ছিল মাত্র পাঁচ জন। ঘোড়ার মুখে শুনিতেছি: 'সে এক বড় ঘটনা। এক সঙ্গে এত ছাত্রীর সমাবেশ বিশ্ববিদ্যালয়ের গত দশ বৎসরের জীবনে কদাচ

ঘটে নাই। প্রথম দশ বছরে দুইটি মাত্র ছাত্রী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রি লইয়াছিলেন। ইতিহাসে করুণা কণা গুপ্তা এবং অংকে ফজিলাতুন্নেছা।' আর মন্তব্য: 'ইহারা সে যুগে পড়াশোনা শেষ করিয়া কর্মক্ষেত্রে প্রবেশ করিয়াছিলেন। সেখানে স্ব স্ব যোগত্যতার যথাযথ ব্যবহারও করিয়াছিলেন। ফজিলাতুন্নেছা তখন মোটামুটি একটা আলোড়ন সৃষ্টি করিয়াছিলেন।' তাঁহার উচ্চা শিক্ষার্থে বিলায়েত যাওয়া উপলক্ষে কাজী নজরুল ইসলাম যে একটি কবিতা লিখিয়াছিলেন, আবদুর রাজ্জাক সেই কথাও স্মরণ করিয়াছেন। (রাজ্জাক ১৯৮৫:৪)

ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৩১ সালেও বড়ই ছোট ছিল। অধ্যাপক রাজ্জাকের জবানে আরেকটু শুনি:'জন্মের দশ বছর পার হইয়া গিয়াছে। তবু বিশেষ বাড়ে নাই বিশ্ববিদ্যালয়। শুদ্ধ বিশ্ববিদ্যালয় কেন, ঢাকা শহরের কোন কিছুই তখন বাড়িতেছে না। শহর যেন ক্রমেই গ্রামে পরিণত হইতেছে। ব্যাপারটি ঘটিতেছে গত একশত পঁচিশ বছর ধরিয়াই। ১৮০০ সালে ঢাকার জনসংখ্যা ছিল ২,২৫,০০০। ১৯৩১ নাগাদ তাহা নামিয়া আসিয়াছে ৬০,০০০ পর্যন্ত। এ রকম একটি ক্ষয়িষ্ণু শহরের বিশ্ববিদ্যালয় তো ছোট হবেই। বিশ্ববিদ্যালয় ভবনটি পর্যন্ত চোখে পড়ার মত কিছু ছিল না।' (রাজ্জাক ১৯৮৫: ৩)

কিন্তু বিশ্ববিদ্যালয় কি পদার্থ? বিশ্ববিদ্যালয় মানে তো শুদ্ধ ভবনকোঠা নহে। আরো। বিশ্ববিদ্যালয় মানে দেশ শহর, দেশের মানুষ, সমাজ, রাষ্ট্র। অধ্যাপক রাজ্জাক বলিতেছেন, 'বিশ্ববিদালয়ের সঙ্গে আমার প্রথম পরিচয়ের ঘটনাটি আরো আগের এবং উহা মনে রাখিবার মতন ঘটনা বটে। মুসলিম সাহিত্য সমাজের সভ্য হইবে। সবার স্থান মুসলিম হলের ডাইনিং রুম। প্রধান আকর্ষন কবি নজরুল ইসলাম। আবদুর রাজ্জাক আলো লিখিতেছেন, 'গভীর আগ্রহ লইয়া গেলাম সাহিত্য-সমাজের সভায়। ভাগ্যের কথা-গিয়াছি-লাম। গান গাহিয়া, কবিতা আবৃত্তি করিয়া, বক্তৃতা দিয়া কবি নজরুল মাতাইয়াছিলেন সবাইকে। তিনি একাই একশ। কি অভূতপূর্ব প্রাণশক্তি! মানুষকে মন্ত্রমুগ্ধ করার কি অসামান্য ক্ষমতা! আমি অভিভূত হইয়া গেলাম।' এই সভাতেই-আবদুর রাজ্জাক প্রসঙ্গক্রমে জানাইতেছেন-কাজী মোতাহার হোসেনের সহিতও তাঁহার পরিচয় ঘটে: 'অল্প বয়স্ক একটি যুবক, মসৃণ করে আমানো গাল, পোশাক-আশাকের দিকে অত খেয়াল নাই। সেই সভাতে তাঁহাকে নিষ্প্রভ দেখাইতেছিল। (রাজ্জাক ১৯৮৫: ৩)

৪.

অধ্যাপক আবদুর রাজ্জাক ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরো একটি কীর্তির কথা সজোরে বলিয়াছেন। এই কীর্তির নাম শিক্ষার বিষয় আকারে মাতৃভাষার স্বীকৃতি। তিনি লিখিয়াছেন, 'সমগ্র উপমহাদেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ই প্রথম বিশ্ববিদ্যালয় যা মাতৃভাষাকে যথাযথ মর্যাদা দিল।' সঙ্গে সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় মৃদু ভাষায় ভর্ৎসনা করিতেও পিছুপা হইলেন না তিনি। লিখিলেন, 'অবশ্য পরবর্তী সময়ে ওসমানিয়া বিশ্ববিদ্যালয় আরেক ধাপ আগাইয়া গেল-উর্দুকে করিল শিক্ষাদানের মাধ্যম। আমরা যাহা এখনো করিতে পারি নাই।' (রাজ্জাক ১৯৮৫: ৫)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আরো ভর্ৎসনা করিয়াছেন তিনি। দেখাইয়াছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন কোন শিক্ষকের মন তখন বুর্জোয়া স্তর পর্যন্ত উঠিতে পারে নাই।

নিচের অংশটি পড়িয়া দেখিলে তাহা পরিষ্কার হয়। আবদুর রাজ্জাক বলিতেছেন: 'ছাত্রজীবনের প্রথম দিনগুলিতে বিশ্ববিদ্যালয় সম্পর্কে আমার পরিষ্কার কোন ধারণা হয় নাই। সবই কেমন অস্পষ্ট ছাড়া ছাড়া।' তিনি একদিনের ঘটনা বয়ান করিয়াছেন এইভাবে-হল প্রভোস্ট হাসান সাহেব তখনো ডক্টরেট ডিগ্রি পান নাই, একদিন হলের নবাগত ছাত্রদের উদ্দেশ্যে বক্তৃতা দিলেন। 'আমার কাছে বক্তৃতাটি খুবই শাদামাটা মনে হইল। তিনি সে বক্তৃতায় কি বলিয়াছিলেন আজ আর কিছু মনে নাই। শুদ্ধ মনে আছে এক পর্যায়ে আমার দিকে আঙ্গুল দেখাইয়া বলিলেন-এই ছেলেটি পর্যন্ত একদিন কিছু একটা হইয়া যাইতে পারে। তিনি ইহা বলিলেন আমার চোখে মুখে বুদ্ধি ঝকমক করিতেছিল বলিয়াই নহে। আমার গোবেচারা ভঙ্গিটি লইয়াই একটু রসিকতা করিলেন।' (রাজ্জাক ১৯৮৫: ৩)

অধ্যাপক আবদুর রাজ্জাকের আরেকটি শিক্ষা এই যে, মাতৃভাষার মাধ্যম ছাড়া শিক্ষা-ব্যবস্থা কখনই পূর্ণ হইতে পারে না। বিশেষত আমাদের দেশে। তিনি বলিয়াছেন, 'আমাদের দেশে সাধারণত ইংরেজি ভাষা শেখার জন্য (আমরা বছর) চৌদ্দ, পনের, ষোল অথবা কুড়ি নিই। দুনিয়ার কোন দেশে বিদেশি ভাষা শেখার জন্য এবং এই রকম অযোগ্য জ্ঞান অর্জন (incompetent knowledge acquire) করার জন্য এত সময় দেওয়া হয় না। পনের বা বিশ বছর পরেও যে ইংরেজি আমাদের শেখা হয়। লোকে যে সব দেশে ইংরেজিতে কথাবার্তা বলা, সে সব দেশে গেলে বুঝা যায় যে এই শেখাটা কত অসম্পূর্ণ। এই অসম্পুর্ণ জ্ঞানের ভিত্তিতে শিক্ষক এবং ছাত্র মিলে যে অবস্থার সৃষ্টি করেন, তাহা কোন শিক্ষা প্রতিষ্ঠানে উল্লেখ করিবার মতন নহে। শুদ্ধ এই মাত্র কারণে আমি মনে করি যে বাংলা ভাষা ছাড়া-মাতৃভাষা ছাড়া-শিক্ষার বাহন আর কিছুই হইতে পারে না।' (রাজ্জাক ১৯৮৬: ৬০)

১৯৮৫ সালের শেষের দিকে বাংলা একাডেমিতে দেওয়া আরেকটি বক্তৃতায় তিনি একই বিশ্বাসের পুনরাবৃত্তি করিয়াছিলেন, 'প্রায় আড়াই হাজার-তিন হাজার বছরের ইতিহাসে এই উপমাহাদেশের ভেতর কখনো দেশের ভাষা-জাতীয় ভাষা, জনগণের ভাষা কিংবা মাতৃভাষা যাহাই বলেন-কখনো শিক্ষা বা সংস্কৃতির বাহন বলিয়া স্বীকৃত হয় নাই। বাংলাদেশেই এটা প্রথম। আমি মনে করি ইহাতে সামান্য একটু গর্ব করার অধিকার হয়।' (রাজ্জাক ১৯৮৬: ১২১-২২)

অধ্যাপক আবদুর রাজ্জাক-স্বীকার করিতেই হইবে-সব বিষয়ে মুখ খুলিতেন না। তবে যখনই খুলিতেন নতুন কিছু বলিতেন। যেমন তিনি একদিন বলিয়াছিলেন, 'আমরা সকলেই দুঃখ করি যে বিশ, পঁচিশ, ত্রিশ, চল্লিশ বছর যাবত ভাষা আন্দোলন, সংগ্রাম করার পরও বাংলা ভাষার বর্তমান অবস্থা আমাদের দেশে লজ্জাকর। আমি ঠিক একমত নই। এই যে অন্য ভাষায় লেখাপড়া শেখা, বিদ্যাচর্চা করা, এটা বাঙ্গালির-বাংলাভাষীর বিশেষ দুর্ভাগ্য নহে। দুনিয়ার সব দেশেই আবহমানকাল সাধারণত একটা বিদেশি ভাষায় বিশেষ শ্রেণী শিক্ষা লাভ করিয়াছেন, জ্ঞান অর্জন করিয়াছেন-কোন সময় গ্রিক, কোন সময় ল্যাটিন, কোন সময় সংস্কৃত, আরবি, ফারসি (ভাষায়)।' (রাজ্জাক ১৯৮৬ ক: ৬০)

এখন, তাঁহার মতে, অফিস আদালতে বাংলা চালু হইলে ভাল। না হইলে আত্মহত্যা করিবার কোন কারণ নাই। ভারতের উদাহরণ টানিয়া তিনি বলিয়াছেন ভারতে-শুদ্ধ বাংলা

ভাষার নহে, যে কোন দেশীয় ভাষার-মাতৃভাষার অবস্থা সংকটাপন্ন। 'ইহার একটি মাত্র কারণ ইংরেজি ভাষায় বই প্রকাশ এখন বিগ বিজনেস।' ভারতে ৭০ কোটি লোকের বাজার রহিয়াছে-ইহা দুনিয়ার যে কোন মার্কেটের চেয়ে বড়।

(রাজ্জাক ১৯৮৬ ক: ৬২)

৫.

১৯৩৭ সালের জানুয়ারি হইতে ১৯৪২ সালের জানুয়ারি হইতে ১৯৪২ সালের জুন পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ছিলেন রমেশচন্দ্র মজুমদার। ১৯৩৮ সালে অধ্যাপক আবদুর রাজ্জাকের এড হক নিয়োগ নিয়মিত হয়। সেই নিয়োগপত্রে রমেশ বাবুর স্বাক্ষর দেখা যায়। তাঁহার স্মৃতি কথা-'জীবনের স্মৃতিদীপে'-ছাপা হইয়াছিল ১৯৭৮ সালে। আবদুর রাজ্জাক তখনও জীবিত ছিলেন। রমেশচন্দ্রের স্মৃতিকথায় এমন কিছু কথা আছে যাহা আবদুর রাজ্জাক যে কারণেই হোক বলিতে রাজি হয়েন নাই। আমি তাহার দুই-তিনটা মাত্র ছুঁইয়া যাইতেছি।

ঢাকায় বিশ্ববিদ্যালয় স্থাপন করাটা শুদ্ধ পশ্চিম বাংলা নহে, পূর্ব বাংলার হিন্দু-সমাজের ভাল চোখে দেখেন নাই। কারণ তাহাদের বিশ্বাস ছিল বঙ্গবিভাগ রহিত করায় মুসলমানদের যে ক্ষতি হইয়াছে অনেকটা তাহা পূরণ করিবার জন্যই এই নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়। রমেশচন্দ্র মজুমদার বলিতেছেন, 'যদিও বিশ্ববিদ্যালয়ের বড় বড় পদে হিন্দু শিক্ষকেরাই অধিষ্ঠিত ছিলেন তথাপি কোর্টেও হিন্দু সভায় বিশ্ববিদ্যালয়কে প্রীতির চোখে দেখেন নাই। বাহিরে এই বিষয়ে যে আলোচনা হইত কোর্টের সভায় হিন্দু সভ্যদের বক্তৃতায় তাহার প্রতিধ্বনি হইত।' (মজুমদার ১৯৭৮:৫৩)

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সম্বন্ধে তখন দুইটি গুজব চালু ছিল। একটি গুজবের প্রকাশ পাইতেছি অনাথবন্ধু বেদজ্ঞের লেখায়:'জনগণের প্রবল আন্দোলনে বঙ্গবিভাগ রদ হইল। শাসকগোষ্ঠী কিন্তু পথ পরিবর্তন করিলেও মত পরিবর্তন করিল না। হিন্দু-মুসলমানের মিলন তাহাদের রাত্রির নিদ্রাহরণ করিল। তাই ইহাদের মধ্যে বিভেদ সৃষ্টির কর্মসূচি তাহাদের পরবর্তী পদক্ষেপ। মন্দিরে ও মসজিদে, পূজায় ও নামাজ, আচরণ ও প্রকরণেই জাতি যে সম্পূর্ণ বিপরীতধর্মী-ইহা সংকীর্ণতাবাদী ধর্মীয় গোঁড়ামী দ্বারা আচ্ছন্নবুদ্ধি লোকেদের দ্বারা প্রবলভাবে প্রচারিত হইতে লাগিল। ইহার সুচিন্তিত পরিণতি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা।' (বেদজ্ঞ ১৯৭৪: ৫৬)

এই বিশ্বাসে বিশ্বাসীদের মতে ঘটনার আর একটি কারণও ছিল। কারণটি তাৎক্ষণিক। সেই কারণ আর কিছু নহে, ১৯২০ সালে প্রবর্তিত গান্ধীজির অসহযোগ আন্দোলন। 'এখানেও হিন্দু মুসলমান মিলনের সূচনা দেখা দিল এবং শাসকগোষ্ঠীসমূহ সর্বনাশ গণিল। তাই ১৯২০ সালেই তাহাদের পাকা সিদ্ধান্ত এবং ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা। যেন এই কারণেও কুলাইতেছে না। তৃতীয় একটি কারণও আবিস্কৃত হইল। ঠিক কারণ নহে, যোগাযোগ-'অদ্ভূত যোগাযোগ' বটে! বেদজ্ঞ মহাশয় জানাইতেছেন,'১৯০৫ সালে খন্ডীকৃত বাংলা ও আসামের নূতন রাজধানীরূপে ঢাকার জন্য যে সৌধমালা নির্মিত হয়, সেই সব বাড়িতেই বিশ্ববিদ্যালয় বসে। এ যেন বাংলার দেহখন্ডকরণের ব্যর্থ প্রচেষ্টার

কবরভূমিতে মন খন্ডীকরণের নূতন প্রয়াস।'বেদজ্ঞ ১৯৭৪: ৫৬)

বেদজ্ঞ মহাশয় বলিতেছেন, ১৯২১ সালে এই বিশ্ববিদ্যালয় স্থাপনের অল্প কয়েকদিনের মধ্যে হিন্দু মুসলমান মিলনে বিশ্বাসী, মিলনপ্রয়াসী মানুষের কাছে এর মূল উদ্দেশ্যবহ বিভেদনীতি স্পষ্ট হইয়া উঠিল। তিনি স্মরণ করিয়াছেন, ১৯২১ সালের কোন এক সময়ে করোনেশন পার্কেও এক মহতী জনসভায় ঢাকার একজন লব্ধপ্রতিষ্ঠ উকিল (নাম বোধ হয় মনোরঞ্জন গুহঠাকুরতা) এই বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বলেন-'প্রারম্ভে ইহার আড়ম্বর ও জাঁকজমক দেখিয়া মনে হইল যে এটা একটা পাক্কা ইউনিভার্সিটি, কিছুদিনের মধ্যেই মনে হইল যে এইটা একটা মক্কা ইউনিভার্সিটি, তারপর বর্তমান উপলব্ধি ইহা একটা ফাক্কা ইউনিভার্সিটি।' বেদজ্ঞের মন্তব্য: 'কথাটা খুব হালকা করিয়া বলা হইলেও ইহার অন্তর্নিহিত সত্যকে উপক্ষো করা যায় না।' (বেদজ্ঞ ১৯৭৪: ৫৬)

অনাথবন্ধু বেদজ্ঞের মতে, ভারতের বৃহত্তম বিশ্ববিদ্যালয় কলিকাতা বিশ্ববিদ্যালয়কে মোট প্রদত্ত গবর্নমেন্ট সাহায্যের পরিমাণ তখন ছিল বাৎসরিক আড়াই লক্ষ টাকা, আর ঢাকা শহরের গন্ডীর মধ্যে সীমাবদ্ধ ঢাকা হল, জগন্নাথ হল, মুসলিম হল লইয়া গঠিত এই ক্ষুদ্রতম আবাসিক বিশ্ববিদ্যালয়ের (যাহার ছাত্রসংখ্যা পাঁচশতের বেশি হইবে না) গবর্নমেন্ট প্রদত্ত সাহায্যেও পরিমাণ বাৎসরিক সাড়ে পাঁচ লক্ষ টাকা।

অনাথবন্ধু বেদজ্ঞ বর্ণহিন্দু সমাজের প্রতিনিধি। তিনি ১৯৭৪ ইংরেজি সালেও লিখিয়াছেন, বাংলাদেশের মুল শক্তির উৎস ছিল ইহার অখন্ডতা। এই অখন্ডতা ভাষায়, ভাবে, প্রকৃতিতে, লোকসংস্কৃতিতে দেদীপ্যমান। তাই-তাঁহার মতে-এই অখন্ডতাভঙ্গেও প্রয়াস ছিল শাসকগোষ্ঠীর নিরলস চিরন্তন সাধনা ও আরাধনা। এই ভেদসৃষ্টির বিন্দুমাত্র সুযোগও তাহারা ব্যর্থ হইতে দেন নাই। ফাটল ধরাইতে বারবার আঘাত করিয়াছেন, সাময়িক ও স্থানীয় নানা অশান্তির সৃষ্টি করিয়াছেন এবং শেষ পর্যন্ত বঙ্গবিভাগের পরাজয়কে ভারত-বিভাগের সফলতায় আচ্ছন্ন করিয়া গিয়াছেন। বিশ্ববিদ্যালয়ের এই প্রাচীন ছাত্রের ধারণা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি ভেদবুদ্ধি জাগাইবার মাধ্যম হিসাবে কাজ করিয়াছে। কিভাবে করিয়াছে তাহার প্রমাণস্বরূপ একটি ঘটনার কথা তিনি উল্লেখ করিয়াছেন-একটি ছাত্র ঢাকা হইতে ইন্টারমিডিয়েট পাশ করিয়া কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে গেল। সেখানে তাহাকে বলা হইল-'হায়! তুমি ঢাকার লোক। তুমি কেন কলিকাতার ছাত্রদের পথের কাঁটা হইতেছ? যাও, ঘরের ছেলে ঘরে ফিরিয়া যাও। (বেদজ্ঞ ১৯৭৪: ৫৭)

রমেশচন্দ্র মজুমদার এই দলের বিরোধিতা করিয়াছেন। তিনি ১৯৭৮ সালে লিখিতেছেন: '১৯১১ সালের ডিসেম্বর মাসে বঙ্গভঙ্গ রহিত হয় বটে কিন্তু পূর্ব বাংলার বিক্ষুব্ধ মুসলমানদের মধ্যে একটি আন্দোলন চলিতে থাকে। এই আন্দোলন বন্ধ করিবার উদ্দেশ্যে ইংরাজ সরকার এই বলিয়া তাহাদের আশ্বাস দিলেন যে, পূর্ববঙ্গের ঢাকা শহরে একটি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে। মুসলমানেরা ইহাতে খুবই খুশি হইলেন বটে, কিন্তু হিন্দুদের মনে অসন্তোষ দেখা দিল। তাঁহারা ইহার বিরুদ্ধে আন্দোলন শুরু করিলেন। সাধারণত যাহারা রাজনেতিক আন্দোলন হইতে দূরে থাকিতেন, তাহারাও এইবার এই প্রতিবাদ আন্দোলনে যোগ দিলেন। ইহাদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হইলেন রাসবিহারী ঘোষ এবং গুরুদাস বন্দোপাধ্যায়। তাহাদের প্রধান যুক্তি হইল এই যে, প্রশাসনক্ষেত্রে

হইবে। তোমার সঙ্গে আমার এই যে, কথাবার্তা হইল ইহা আমার দপ্তরে ঢাকা প্যাক্ট বলিয়া লেখা থাকিবে। এই কাহিনী শেষ করিয়া স্যার আশুতোষ বলিলেন যে এইভাবে আমি চারিটি অধ্যাপকের পদ পাইলাম। (মজুমদার ১৯৭৮: ৪৩: মজুমদার ১৯৭৪: ২৭)

রমেশচন্দ্র মজুমদার ১৯৭৪ সালে লিখিতেছেন, 'হার্ডিঞ্জ তাঁহার কথা রাখিয়াছিলেন। এইভাবে গণিতশাস্ত্রেও হার্ডিঞ্জ অধ্যাপক, দর্শনশাস্ত্রেও পঞ্চম জর্জ অধ্যাপক, অর্থনীতির মিন্টো অধ্যাপক এবং আর একটি সম্ভবত (আমার ঠিক মনে নাই) প্রাচীন ভারতের ইতিহ-াসের কারমাইকেল অধ্যাপক। ১৯৭৮ সনেও তিনি এই তথ্যেও পুনরুল্লেখ করিলেন। (মজুমদার ১৯৭৪: ২৭; মজুমদার ১৯৭৮: ৪৩)

আরেকটু পরে রমেশচন্দ্র দুঃখ করিয়া লিখিতেছেন রমনার যে সব বড় বড় বাড়ি দখল করিয়া আমরা শিক্ষকেরা বাস করিতেছিলাম ইহাতে তাহাদের ঘোরতর আপত্তি ছিল। একবার তাহাদের একজনকে বলিয়াছিলাম যে আমরা না আসিলে এ বাড়ি তো আপনাদের দিত না। সুতরাং হিংসা করেন কেন? কিন্তু বহুদিন পর্যন্ত এ মনোভাবের পরিবর্তন ঘটে নাই। (মজুমদার ১৯৭৮: ৫৩)

রমেশ মজুমদার ১৯২১ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন। তাঁহার মতে প্রথম বিশ্বযুদ্ধ এবং আরো কয়েকটি কারণে এই বিশ্ববিদ্যালয় স্থাপন করিতে অধিক দেরি হয়। প্রফুল্ল কুমার গুহও একই সময়ে (১৯২১-১৯৪৪) এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করিতেন। তিনিও লিখিয়াছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯২১ সালে স্থাপিত হয়। পনের-ষোল বছরের মধ্যেই ইহা ভারতবর্ষেও বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে একটি আদর্শ প্রতিষ্ঠানরূপে খ্যাতি অর্জন করে। কিন্তু প্রারম্ভে ইহাকে গুরুতর প্রতিকূল অবস্থার সম্মুখীন হইতে হইয়াছিল। ঢাকা শহরেরই বিদগ্ধ সমাজ এই নতুন বিশ্ববিদ্যালয়টিকে ঢাকার উচ্চ শিক্ষার একটি অন্তরায় বলিয়া মনে করিলেন। ঢাকা নগরের রব উঠিল: ব্যাটারা একটি পঁচা বিশ্ববিদ্যালয় বানাইবার মতলবে তাজা একটি কলেজ (ঢাকা কলেজ) ধ্বংস করিল।' (গুহ ১৯৭৪:৬)

রমেশ চন্দ্র মজুমদারকে অনেকেই কিছুটা রক্ষণশীল বা ডানপন্থী বুদ্ধিজীবি বলিয়া জানেন। রমেশচন্দ্রের কয়েক বছর বয়োজ্যেষ্ঠ নরেশচন্দ্র সেনগুপ্ত (১৮৮২-১৯৬৪) পরিচিত ছিলেন প্রগতিশীল বা বামপন্থী বুদ্ধিজীবি বলিয়া। তিনিও একই ধরনের কথা লিখিয়াছেন। তিনি দেখাইয়াছেন ঢাকা বিশ্ববিদ্যালয়কে প্রতিষ্ঠালগ্ন হইতেই কি রকম দুর্লঙ্ঘ্য বাধাবিপত্তি অতিক্রম করিয়া পথ চলিতে হইয়াছিল। বলা যায় এক প্রকার এই বাধাবিপত্তির কারণেই তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাকুরি ছাড়িয়া কলিকাতা হাইকোর্টে আইন ব্যবসায় যোগ দেন। ১৯৫৪ সনের দিকে নরেশচন্দ্র সেনগুপ্ত একটি সংক্ষিপ্ত আত্মজীবনীর খসড়া লিখিয়াছিলেন। তাহাতে পড়িতেছি: 'দীর্ঘ পাঁচ বৎসরের পর সে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হ'ল। কিন্তু তার আগে মন্টেগু-চেম্‌সফোর্ড শাসন আইন পাশ হওয়ায় যে অবস্থা হ'ল তাতে পরিকল্পিত বিশ্ববিদ্যালয়ের ল্যাজামুড়ো কাটা গেল।' (সেনগুপ্ত ১৯৫৯-৯-১০)

এখানে নরেশচন্দ্রের বয়ান আর একটু উদ্ধার করিতেছি 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের দরুণ বছর বছর ভারত গবর্নমেন্ট পাঁচ লক্ষ টাকা দিয়ে পঞ্চান্ন লক্ষ টাকার যে ফান্ড প্রাদেশিক গবর্নমেন্টের হাতে জমিয়েছিলেন নূতন বাঙলা গভর্নমেন্ট প্রভাসচন্দ্র মিত্রের মন্ত্রীত্বকালে

সে টাকা আত্মসাৎ ক'রে বিশ্ববিদ্যালয়কে বার্ষিক পাঁচ লক্ষ টাকা মাত্র দানের বরাদ্দ করলেন। ফলে আমাদের আশা ও আকাঙ্খা চুরমার করে একটা বড় গোছের মামুলী কলেজ করা ছাড়া গত্যন্তর রইলো না। শুধু তাই নয়, ক্রমে দেখা গেল যে লর্ড হার্ডিং যে সব বাড়ী নির্বিবাদে ঢাকা ইউনিভার্সিটির সম্পত্তি বলে বলেছিলেন, প্রাদেশিক গবর্নমেন্ট, অর্থাৎ প্রভাসচন্দ্র মিত্র সেগুলিও নূতন আইনে বঙ্গীয় প্রাদেশেকি গবর্নমেন্টের সম্পত্তি বলে দাবী করলেন এবং এতদূর গেলেন যে তার খাজনা ধার্য্য করবার প্রস্তাব চলতে লাগল। সৌভাগ্যক্রমে তখন আমি ইউনিভার্সিটির চাকরী করি। আমার গুরুতর আপত্তিতে সে প্রস্তাব খুব বেশীদূর অগ্রসর হোল না। একটা মাঝামাঝি ব্যবস্থা হোল। আশুতোষ মুখার্জ্জী তখন কলকাতার ভাইস-চ্যান্সেলর। তিনি হার্টগকে পরামর্শ দিয়েছিলেন যে তোমরা বঙ্গীয় গবর্নমেন্টেকে বিবাদী করে সেই পঞ্চান্ন লক্ষ টাকা দাবী করে নালিশ কর। আমাকে সে কথা আশুবাবু পরে বলেছিলেন। তখন জানতাম না। জানলেও কিছু করতে পারতাম না। আশু বাবু সিভিল প্রসিডিউর কোডের ৮০ ধারার দিকে চোখে বুজেছিলেন কিনা জানি না কিন্তু অবস্থা এই ছিল যে নালিশ করতে গেলেই ভারত গবর্নমেন্টকে নোটিশ দিতে হোত। তখন তাঁরা এসে তাঁদের আশ্রিত বঙ্গীয় গবর্নমেন্টের পেছনে এসে দাঁড়াতেন। ফল যা হোল তাই হোত। হতাশ হয়ে তার কিছুদিন পর আবার ওকালতীতে ফিরে এলাম ১৯৪২ সালে।' (সেনগুপ্ত ১৯৫৯: ১০-১১)

৬.

রমেশচন্দ্র মজুমদার বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ বিন্যাসের একটি বিবরণ দিয়াছেন। সে যুগের ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান বৈশিষ্ট্য ছিল ইহার আবাসিক চরিত্র। সমস্ত ছাত্রকেই বিশ্ববিদ্যালয়ের দশ মাইল চৌহদ্দির মধ্যে থাকিতে হইত। কারণ দশ মাইলের বাহিরে বিশ্ববিদ্যালয়ের অধিকার চলিত না। বিশ্ববিদ্যালয়ের তিনটি ছাত্রবাস ছিল। পুরানা ঢাকা কলেজ ও জগন্নাথ কলেজের নামানুসারে দুই ছাত্রাবাসের নাম হয় যথাক্রমে-ঢাকা হল ও জগন্নাথ হল। জগন্নাথ হলে দুইশত এবং ঢাকা হলে প্রায় দেড়শত হিন্দু ছাত্র থাকিত। তিন নম্বর ছাত্রাবাস ছিল মুসলিম হল। ইহাতে প্রায় তিনশত ছাত্রের থাকার ব্যবস্থা। পুরানা ঢাকা কলেজ হোস্টেল হয় 'ঢাকা হল'। আর দুটি হলের জন্য তৈরি হয় নতুন বাড়ী। যেসব ছাত্র এই তিন ছাত্রাবাসে থাকিত না তাহাদের প্রত্যেককে হিন্দু হইলে ঢাকা কিংবা জগন্নাথ হলে, আর মুসললমান হইলে মুসলিম হলের সঙ্গে সংযুক্ত থাকিতে হইত। (মজুমদার ১৯৭৮:৫৬)

মজুমদার মহাশয়ের বয়ান আর একটি উদ্ধার করি। এই বয়ান মোতাবেক, প্রত্যেক হলে একটি বড় খাওয়ার ঘর ছিল। জগন্নাথ হলে দুটি পৃথক বাড়ি থাকায় প্রত্যেক বাড়িতে আলাদা খাওয়ার ঘর ছিল। নিয়ম ছিল যে, প্রত্যেক ছাত্রকেই এই ঘরে গিয়া খাইতে হইবে। কিন্তু ইহা লইয়া দুইটি হিন্দু হলে প্রথমে কিছু গোলমাল আরম্ভ হয়। কয়েকটি নিষ্ঠাবান ব্রাহ্মণ ছাত্র অন্য জাতির ছাত্রদের সঙেগ এক পংক্তিতে খাইতে রাজি হইল না। জগন্নাথ হলে এই গোলমাল এড়াইবার জন্য ব্রাহ্মণ, কায়স্থ, বৈদ্য ছাড়া অন্য সকল জাতির ছাত্রকে দুইটি বাড়ির একটিতে জায়গা দেওয়া হইত, যাহাতে নিষ্ঠাবান ব্রাহ্মণ ছাত্রেরা অন্য বাড়িতে পৃথকভাবে থাকিতে পারে। কিন্তু ক্রমে এই ব্যবস্থার বিরুদ্ধে অন্য জাতির ছাত্ররা আন্দোলন শুরু করে। একবার সরস্বতী পূজার সময় এই আন্দোলন শুরু

করে। একবার সরস্বতী পূজার এই আন্দোলন তীব্র আকার ধারণ করিল।

মজুমদার মহাশয় লিখিয়াছেন, ঢাকা ও জগন্নাথ-দুটি হইলেই খুব ধুমধামের সঙ্গে সরস্বতী পূজা হইত। এই উপলক্ষে যাত্রা ও গীতবাদ্যের অনুষ্ঠানও হইত। পূজায় গোঁড়া ছাত্রেরা আলাদা অঞ্জলি দিত। কিন্তু একবার অন্য ছাত্রেরা আপত্তি জানাইয়া বলিল, তাহারা কাহাকেও পৃথক অঞ্জলি দিতে দিবে না, সকলকে একসঙ্গে অঞ্জলি দিতে হইবে। সঙ্গে সঙ্গে খাওয়ার ঘরের কথাও উঠিল। রমেশচন্দ্র বলিতেছেন, 'তখন আমি ছিলাম জগন্নাথ হলে প্রভোস্ট এবং ঢাকা হলের প্রভোস্ট ছিলেন ড. (পরে স্যার) জ্ঞান ঘোষ। আমরা দুই জনে পরামর্শ করিয়া আর কোন উপায় না দেখিয়া ছাত্রদের ডাকিয়া বলিলাম যে তোমাদের কারুর কোন ধর্মবিশ্বাস বা সংস্কারে আমরা আঘাত দিতে চাহি না। কিন্তু আমরা হলের প্রভোস্ট এবং সকল ছাত্রই আমাদের তত্ত্বাবধানে আছে। এই অবস্থায় যদি সকল ছাত্র একসঙ্গে অঞ্জলি না দেয় তাহা হইলে আমরাও প্রচলিত প্রথামত ছাত্রদের সঙ্গে একত্র হইয়া অঞ্জলি দিব না। কারণ একদল ছাত্রের সঙ্গে মিলিয়া আমরা অঞ্জলি দিব আর এক দল তাহাতে যোগ দিবে না ইহা খুবই বিসদৃশ দেখাইবে। আর আমরা তোমাদের সরস্বতী পূজার কোন অনুষ্ঠানে বা ভোজে যোগ দিব না। কিছুক্ষণ ইহা লইয়া খুব হৈ চৈ চলিল। তাহার পর ছাত্ররা একসঙ্গে অঞ্জলি দিতে এবং খাওয়ার ঘরে একসঙ্গে বসিয়া খাইতে রাজি হইল।' (মজুমদার ১৯৭৮-৫৭-৫৮)

তিনি আরো জানাইতেছেন, প্রথম কয়ে বছর চার পাঁচজন খুব নিষ্ঠাবান ব্রাহ্মণ ছাত্রের জন্য তাহাদের থাকিবার ঘরে বসিয়াই খাওয়ার ব্যবস্থা করা হয়। পরে এই প্রথা উঠিয়া যায়। ব্রাহ্মণ হইতে নমশুদ্র পর্যন্ত সকল জাতের ছাত্র একই ঘরে বসিয়া খাইত। এই একত্রে খাওয়ার ব্যাপারটি একটি খুব বড় রকমের সংস্কার বলিয়া তাঁহারা মনে করিতেন। মজুমদার মহাশয় লিখিয়াছেন, 'কারণ প্রসিদ্ধ বৈজ্ঞানিক ড. মেঘনাদ সাহা একবার ঢাকায় গিয়া এই ব্যবস্থা দেখিয়া বলিতেছিলেন যে, তিনি যখন ঢাকা কলেজের ছাত্র ছিলেন তখন তাঁহাকে কোন পাত্রে পানীয় জল দেওয়া হইত না। কারণ অন্য ছাত্ররা তাহাতে আপত্তি করিত। পানীয় জল বন্ধ করা হইতে একেবারে একসঙ্গে বসিয়া তাহার করা-পনের কুড়ি বছরের মধ্যে এই রকম একটি গুরুতর পরিবর্তন দেখিয়া তিনি খুব আশ্চর্য হইয়াছিলেন।' (মজুমদার ১৯৭৮-৫৮)

কে বলে পরিবর্তন হয় নাই? 'কিন্তু এই পরিবর্তনের অন্তর্নিহিত অর্থটি কি? আদৌ কোন অন্তর্নিহিত অর্থ আছে কি? এই অর্থ যাহারা খুঁজিতে যাইবেন তাহাদের শুদ্ধ ইহার সঙ্গে অধ্যাপক আবদুর রাজ্জাকের মুসলিম হলে খাওয়ার অভিজ্ঞতাটি স্মরণ করিলেও কাজ হইবে। আবদুর রাজ্জাক বর্ণনা করিয়াছেন: 'অনাথের মতন আমরা ঘুরিয়া বেড়াইতাম। আমাদের যে একটি অস্তিত্ব আছে, তাহাও যেন কেহ জানিত না। খাইতে যাইতাম ডাইনিং হলে। আমি কে? বিশ্ববিদ্যালয়ের ছাত্র কিনা কেহ তাহা জিজ্ঞাসা করিত না। নিঃশব্দে খাইয়া চলিয়া আসিতাম। একদিনে কথা খুব মনে পড়ে। কি কারণে যেন দেরি হইয়াছে। দারুণ ক্ষুধার্ত। ডাইনিং হলে ঢুকিয়া দেখি সাধারণ খাবারের পাশে একটি আলাদা টেবিলে পোলাও, কোর্মা, কাবাব সুন্দর করে সাজানো। আমি খাইতে বসিয়া গেলাম। অবাক হইয়া দেখিতেছি আমার সঙ্গে আর কেহ বসিতেছেন না। যখন খাইতে শুরু করিয়াছি তখন কয়েকজন সিনিয়র ছেলে আসিয়া আমার পাতে খুব যত্ন করিয়া খাবার-দাবার তুলিয়া দিতে

লাগিল। উহা ছিল উহাদের ব্যক্তিগত একটা উৎসবের খানাপিনা। বোকা ছিলাম, সম্ভবত ব্যাপারটা বুঝিতেই পারি নাই। খাইয়া দাইয়া চলিয়া আসিয়াছি।' (রাজ্জাক ১৯৮৫: ২)

বাংলাদেশের-বলিতে ভারতবর্ষের-রাজনীতিতে হিন্দু মুসলমান বিরোধ যতই সামনে আসিতে লাগিল নিম্নবর্ণের হিন্দুদের সহিত একটা রফা করিবার প্রয়োজন ততই বাড়িতেছিল। যুক্তবঙ্গে ব্রাহ্মণ, বৈদ্য, কায়স্থ প্রভৃতি বর্ণহিন্দুর সংখ্যা শতে দশ হইলে নিম্মবর্ণের সংখ্যা ছিল শতকরা পঁয়ত্রিশ। তাহাদের হিন্দু প্রমাণ করা জরুরি হইয়া দাঁড়াইয়াছিল। মনে রাখিতে হইবে ১৯৩২ সনে মহাত্মা গান্ধীর অনশনের ইহাই ছিল মুল অজুহাত। লোকমুখে ইহার নাম দাঁড়াইয়াছিল সাম্প্রদায়িক রোয়েদাদ বিরোধী অনশন। অমলেন্দু বসু ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষক পরিচয়ে মোট বাইশ বছর ব্যয় করিয়াছেন। ১৯৭৪ সালে স্মৃতিচারণ উপলক্ষ্যে তিনি লিখিয়াছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের সম্বন্ধে যেমন 'অক্সফোর্ড অব দি ঈস্ট' নামক সংবাদপত্রী আখ্যা দেয়া হইয়াছিল, তেমনি একই সঙ্গে অন্য একটি আখ্যাও ব্যবহৃত হইত, 'মেক্কা অব দি ঈস্ট' অর্থাৎ এটি প্রধানত মুসলমানদেরই শিক্ষা প্রতিষ্ঠান।" তিনি মনে করেন বিশ শতকের তৃতীয় দশকে, গান্ধী-জির কংগ্রেস ও খিলাফত সৌহার্দ্য সাধনের  অনিতসার্থক প্রচেষ্টার পর থেকেই দেশের মধ্যবিত্ত সমাজে হিন্দু-মুসলিম বিরোধ উসখুস করিতেছিল। কারণ হইয়া অবশেষে দেশ বিভাগের সূচনা করিয়াছিল। সেই বিরোধের বহু বিস্তৃত আয়তনের কিঞ্চিৎ পূর্বাভাস ছিল এই 'মেক্কা অব দি ঈস্ট' অর্থাৎ ঢাকা বিশ্ববিদ্যালয় মুসলমানদেরই শিক্ষা প্রতিষ্ঠান-এই কথাটিতে। অমলেন্দু বাবু মনে করেন, এই ধারণার মূলে ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠাকল্পে যে আইন রচিত হইয়াছিল তাহার প্রিয়াম্বল বা ভূমিকার বিধৃত কয়েকটি কথায়। সেই কথাগুলি ভারতের তদানীন্তন বৃটিশ শাসকদের রাজনৈতিক কূট অভিসন্ধির পরিচায়ক। পরিতাপের বিষয় হইলে যে ঐ অভিসন্ধির জালে হিন্দু ও মুসলমান উভয়েই জড়াইয়ে গিয়াছিলেন। (বসু ১৯৭৪: ১০৬)

অমলেন্দু বসু আরো লিখিয়াছেন, যাঁহারা ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পর্কে 'মেক্কা অব দি ঈষ্ট' আখ্যার শ্লেষাক্তি প্রয়োগ করিতেন তাঁহাদের শ্লেষ ছিল স্থুল। এই শ্লেষ প্রয়োগে প্রমাণ হয় যে তখনকার দিনে শিক্ষিত ও জীবনে সুপ্রতিষ্ঠিত হিন্দুসমাজে সাম্প্রদায়িক ভেদজ্ঞান এবং স্বকপোলল্পিত আত্মগরিমা অধিক ছিল। তাঁহারা ভাবিতেন যে সমাজের এক অংশের শ্রীবৃদ্ধি হইলেই (অর্থাৎ তাঁহারা নিজেরা যে অংশের অন্তর্গত সে অংশের শ্রীবৃদ্ধি হইলেই? সমগ্র সমাজের শ্রীবৃদ্ধি হইয়া যাইবে। ঐক্য মানে যে বহুর সমন্বয়, সেই বহুর যে কোন অংশের দুর্বলতায় যে সমন্বয় সংক্রমিত হয়-এই সত্যোপলব্ধি যেন কেমন করিয়া শক্তিধর সমাজকোণ হইতে অপসৃত হইয়া গিয়াছিল। অন্যান্য শিক্ষায়তনের তুলনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে মুসলিম ও তপশীলী ছাত্রদের কিছু বেশি বৃত্তিপ্রাপ্তির সুযোগ দেওয়া হইয়াছিল। ঐ ব্যবস্থা যে পরিণামে সমগ্র সমাজের জন্যই কল্যাণকর-এ কথা বিশ্ববিদ্যা-লয়ের বাইরের অনেকেই বোঝেন নাই। (বসু ১৯৭৪: ১০৭)

প্রফুল্লকুমার গুহ লিখিয়াছেন, মুসলমানদিগের উচ্চশিক্ষা প্রসারিত হয় নাই মুসলমান ছাত্রদিগকে শিক্ষাদান করিয়া তাহাদের দ্বারা মুলসমান সম্প্রদায়ের মধ্যে একটি 'মিডল ক্লাস' সৃষ্টি করার সহায়তা হিন্দু শিক্ষক ও প্রশাসকগণ একটি পূন্যকার্য হিশাবে গ্রহণ করিয়াছিলেন। তাঁহার মতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার আলোকপ্রাপ্ত মুসলমান ছাত্রগণই

বর্তমান 'মুসলমান মিডল ক্লাস' সৃষ্টির ভিত্তিস্থাপন করিয়াছিলেন। তিনি আরো লিখিয়াছেন এই ছাত্রদের পরবর্তীগণই শেখ মুজিবুর রহমানের পার্শ্বচর হইয়া 'স্বাধীন বাংলা' স্থাপন করিয়াছে। 'মুসলমান সমাজে পূর্বে কোন 'মিডল ক্লাস' ছিল না। এই 'মিডল ক্লাস' সৃজন ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ ঐতিহাসিক কীর্তি। (গুহ ১৯৭৪:৭)

অধ্যাপক আবদুর রাজ্জাকের গোচরে আছে ঢাকা কিভাবে বদলাইয়া গিয়াছে: 'সেই সময় জীবন ছিল ঢিলাঢালা, নিস্তরঙ্গ। রমনা ছিল সবুজ। নীলক্ষেত হইতে যে লাল মাটির পথ মিরপুরের দিকে গিয়াছে তাহার দুই পাশেই ছিল ধানক্ষেত। আজ সেখানে নিউ মার্কেট ও ধানমন্ডি আবাসিক এলাকা। এত দ্রুত এত ব্যাপক পরিবর্তন কি করিয়া হইল? এই পরিবর্তনের অন্তর্নিহিত অর্থটি কি? কোন অন্তর্নিহিত অর্থ আদৌ আছে কি? অন্য কেউ অন্য কোনদিন হয়ত এই প্রশ্নের উত্তর দিবার চেষ্টা করিবেন। আমি করিব না। (রাজ্জাক ১৯৮৫:৬)

অধ্যাপক আবদুর রাজ্জাক ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম যুগ রোমন্থন করিয়াছেন কিন্তু এই অধ্যায়টি তাঁহাকে পিছনে টানিয়া ধরে নাই। ইহা তাঁহার বুদ্ধির পরিপক্কতাই প্রমাণ করে। আহমদ ছফা একদা লিখিয়াছিলেন, 'বাঙ্গালি মুসলমান সমাজকে বুদ্ধিবৃত্তিকভাবে সাবালক করার পিছনে তাঁহার যে ভূমিকা তাহার সঙ্গে আর কাহারও তুলনা হইতে পারে না।' (ছফা ২০০৭-১০৮)

কথাটা অস্বীকার করিবার উপায় নাই।



পিয়াস মজিদ

**ফানৎস্ কাফকার মেটামরফসিস**

অস্তিত্ব এবং নিরস্তিত্বের মধ্যবর্তী সেতুসমূহের ভাঙনপ্রবাহে ভাসতে ভাসতে হঠাৎ দেখি-আরে, আমরাওতো এক একটা গ্রেগর সামসা। পোকা থেকে আমাদের মানুষ হওয়ার আর কত দিন?

**জীবনানন্দ দাশের বেলা অবেলা কালবেলা**

জ্যোৎস্নাবাস্তব এই পৃথিবীতে তারামলের পাশাপাশি ভীষণ বিদ্যমান কৃষ্ণগহ্বরকে দিনরাত প্রতিভাসিত হতে দেখি যুগপৎ আমাদের ব্যক্তিকাল এবং মহাকালেও বটে; যদিবা মহাকাল বলে কিছু থেকে থাকে।

**কার্ল মার্ক্স ও ফ্রেডরিখ এঙ্গেলসে্র কম্যুনিষ্ট ইশতেহার**

এ যাবৎকালের অক্রিয় সব দর্শনের সমাধির উপর দাঁড়িয়ে ধ্বনিত হলো এক অভূত গান; যে গানের সুরে জেনে গেলাম অসাম্য নিয়তি বা প্রাকৃতিক কিছু নয়। মানুষই অসাম্যের উদ্গাতা আবার মানুষের হাতেই অন্তরালে প্রস্তুত হতে থাকে তা ধ্বংসের অনিবার্য কুঠার।

**ওরাহান পামুকের ইস্তাম্বুল**

নগরীর ইমারতে-মিনারে, স্থাপত্যের পাষাণশৈলী ভেদ করে বিগত মানুষ হঠাৎ কথা কয়ে ওঠে আজকের আমারই স্বরে; বলে-ইতিহাসের আদলে এখানে তো প্রস্তরীভূত মানুষের রক্তিম শোণিত।

**শহীদুল জহিরের জীবন ও রাজনৈতিক বাস্তবতা**

জাদুবাস্তবতা নেই আফ্রিকা কিংবা লাতিন পাহাড়ে-অরণ্যে। আমাদের বাস্তবের প্রবল জাদুতো মুহুর্মুহু মুদ্রিত হয়ে চলেছে কেঁচোক্লিন্ন জীবনের পাতায় পাতায়। তাই বিরাজনৈতিক তত্ত্বের ভরা মওসুমেও আমরা ঠিক জানি আমাদের জীবন ও শিল্পের যথার্থ যুগলবন্দি রচিত হবে রাজনীতিরই সুর-তাল-লয়ে।

**মানিক বন্দ্যোপাধ্যায়ের পুতুল নাচের ইতিকথা**

অদৃশ্য সুতোর টানে পুতুলের ন্যায় নিরুপায় নেচে যাচ্ছি আমরা; আবহমান। তবু এই নর্তনকে কী অদৃষ্টের লীলা বলে চালিয়ে দেয়া চলে? যখন এমনকি যামিনী কবিরাজের পরলোক চর্চাও ইহজাগতিক দুর্বৃত্তপনাকে অতিক্রম করতে পারে না তখন শশী ডাক্তার আর তার কুসুম জীবনের টিলায় দাঁড়িয়ে বুঝে- ঘনায়মান সূর্যাস্ত এই কেঁচো জীবনেই

আপাতঃঅলৌকিক পুতুলনাচের গূঢ় রহস্যসকল সূর্যালোকের ন্যায় স্পষ্ট করে দেবে।

### আর্তুর র‍্যাঁবোর নরকে এক ঋতু

এই নিরঞ্জন স্বর্ণগ্রস্থ জীবন যাকে বৈধতা দিতে সম্ভাব্য মরণকেও সমাজশাস্ত্র বাঁধে আরো অনেক অনাগত অলীক স্বর্গের স্বপ্নে তখন আর্তুর র‍্যাঁবো নামে এক অভিশপ্ত কবিসত্তা গুমরে মরে সেনালি নরকবাসের অভীপ্সা নিয়ে। আত্মঅস্তিত্ব যে মানুষজীবনে অসহনীয় লঘুভার বহন করে চলে আর বিধিবদ্ধ সমাজসভ্যতা যাকে পরমার্থ বলে বাহবা দেয় সে জীবন স্বর্গের বাহারি মেওয়া প্রত্যাশা করতেই পারে কিন্তু বেদনার্ত সংবেদন যার অস্তিত্বের অমোঘ মুদ্রা সে তো জানে নরকে ঋতুযাপনের চেয়ে বড় কোনো স্বর্গীয় অভিজ্ঞতা থাকতে পারে না।

### রশীদ করীমের উত্তম পুরুষ

কতটা জানি আমরা নিজেকে? যে আমি সমষ্টির জমায়েতকে পাড়ার মাঠ থেকে পানিপথের যুদ্ধ পর্যন্ত আরো একটু ব্যাপ্ত করে চলি সে আমার সংগোপন দর্পণে কেমন প্রতিভাসিত আমি! ভেতরের উত্তম পুরুষ বহির্বাস্তবের শত হাজার বদমাশ-মুখোশ খুলে কখনো স্বগতোক্তির মতো বলে উঠি 'খাঁটি জিনিস আমি খুব কম দেখেছি এবং সবচেয়ে কম খাঁটি আমি নিজে'।

### লিও তলস্তয়ের যুদ্ধ ও শান্তি

মানুষের ইতিহাসে শান্তির অন্বেষা অনিঃশেষ তাই যুদ্ধের শেষ হয়না; না রাশিয়ার না বাংলায়। দীর্ঘ আখ্যানের অবয়বে অসংখ্য চরিত্রের সমাবেশে প্রথাগত নায়কের উপস্থিতি অস্বীকার করে যুদ্ধ ও শান্তিতাই আঁকতে চায় সময়ের বিশ্বস্ত মুখচ্ছদ। বিপ্লবের প্রপাগান্ডা না হয়েও যুদ্ধ ও শান্তি অন্ততে ধারণ করে চিরায়ত মানবিক বিপ্লবের আসন্ন আভা।

### শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী

জীবনই যার শ্রেষ্ঠ কীর্তি তাঁর কোনো বিধিবদ্ধ আত্মকথার প্রয়োজন হয় না। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানেরও সারাজীবনের শ্রম ও মেধায়, কর্ম ও প্রবর্তনায়, স্বপ্ন ও সত্তায় জন্ম দেয়া আত্মকথা ছাড়ানো আছে এই বিশাল বাংলার লালে ও সবুজে। তবু তাঁর জীবনের অঙ্কুরোদগম অধ্যায় অসমাপ্ত আত্মজীবনী আকারে ধরা থাকলো তিনশত পৃষ্ঠার আকারে। যেখানে অনাগত পাঠক খুঁজে পাবেন একজন খাঁটি বাঙালির এবং সর্বতোভাবে এক বিশ্বমানবের প্রতিকৃতি যার রাজনীতির সারকথা সাধারণ মানুষের ভালোবাসার সঙ্গে নিরন্তর সম্পৃক্তি। যে ভালোবাসা অস্তিকে অর্থবহ করে তোলে সে ভালোবাসার বলেই ঘাতকের বুলেট ভেদ করে ইতিহাসের ফিনিক্স পাখির মতো এই বাংলায় বারবার পুনরুজ্জীবন ঘটে তাঁর। তাই আমরা বলি শেখ মুজিবুর রহমানের আত্মজীবনী কোন সমাপ্তি হয় না।

# CHINESE AS A FOREIGN LANGUAGE



**M A Jabber**
Registrar

**Introduction:**

Learning a second language or any foreign language will always be a valuable investment of time and effort. Language learning automatically stimulates the mind, helps to gain multi-tasking skills and can even boost intelligence. Besides having intellectual benefits, learning a new language can also be a gateway into a new culture and it allows for a better understanding of certain peoples and their customs. Learning a language benefits individual, families, communities and a nation. With that being said, not all languages may be directly beneficial to an individual. It is important to choose to study such a language that will remain relevant and useful in the coming years. Mandarin Chinese is one of such languages. In the last two decades China's economy has surged forth, causing it to become one of the leading world powers. China's explosive economic growth had elevated the learning of Mandarin Chinese as a coveted language skill. The established organizations or the organizations looking for Business opportunities not only in China, but also in neighboring countries such as Singapore, Malaysia, Thailand, Indonesia Brunei, Philippines and Mongolia etc. are now striving to educate their employees in Mandarin Chinese. China itself has already been making strides to become more global, expanding overseas and gradually welcoming foreign companies into their economic landscape.

**Facts on China and Chinese Language:**

1. China has one of the world's oldest and richest continuous history and culture of 5000 years.

2. China is the most populous nation in the world with 1.38 billion people.

3. More people speak in Mandarin Chinese than they do in English and the number of people in the world learning Chinese is in the increase.

4. Mandarin Chinese is the most widely spoken language in the world. One fifth of the population of the planet speaks Chinese and one's is the mother tongue of over 900 million people, makes it the most widely spoken first language in the world.

5. In addition to the People's Republic of China and Taiwan, Mandarin Chinese is also spoken in the important and influential Chinese communities of Indonesia, Thailand, Malaysia, Singapore, Brunei, the Philippines and Mongolia.

6. China is the second largest economy in the world.

7. China is one of the largest trading partners of Bangladesh.

8. China is one of the major development partners of the Government of the People's Republic of Bangladesh.

9. Many Chinese companies do business in Bangladesh and many Bangladeshi companies are also doing business with China.

**Things to Consider:**

The study of the Chinese language opens the way of different important fields such as Chinese politics, economy, history and archaeology. But to study Chinese finally means to study a culture and people. The heart of Chinese civilization is its rich heritage of novels, short stories, poetry, drama, and more recently, film. They reflect the values, the struggles, the sensibility, the joys and the sorrows of the great people and often offer insights even into the most intimate feelings of people in the past or into high-level Beijing politics at the present that cannot be found anywhere else. These works help you to understand what is behind the language, what makes it powerful, and how it actually functions in Chinese society. To be at ease and effective in Chinese environment learning the language is half of the battle, but knowing about the culture behind the language is the other.

**Some Surprising Facts:**

Chinese has relatively an uncomplicated grammar. Unlike French, German or English, Chinese has no verb conjugation (no need to memorize verb tenses!) and no noun declension (e.g., gender and number distinctions). For example, while someone learning English has to learn different verb forms like "see/saw/seen," all you need to do in Chinese is just to remember one word: kan. While in English you have to distinguish between "cat" and "cats," in Chinese there is only one form: mao. (Chinese conveys these distinctions of tense and

number in other ways, of course.)

The basic word order of Chinese is subject — verb — object, exactly as in English. A large number of the key terms of Mandarin Chinese (such as the terms for state, health, science, party, inflation, and even literature) have been formed as translations of English concepts. You are entering to a different culture, but the content of many of the modern key concepts is familiar.

**Remember These Two Facts:**

1. Currently Mandarin Chinese is spoken by over 1 billion people around the world, about one fifth of the global population;

2. Each year more and more students around the world whose mother tongue is not Mandarin are studying it with enthusiasm and success. If they all can learn it, so can you!

The study of Chinese literature and culture will help you to bridge the cultural gap, better understand your Chinese counterparts, and create a platform of knowledge and understanding with them that is crucial for effective communication.

**Chinese is Important for Your Career:**

1. International businesses prefer to hire people who speak more than one language. China has become a huge market, and business leaders are looking for people who can speak Chinese and operate successfully in a Chinese cultural context.

2. Knowing Chinese may give you an edge when competing for an important position.

3. China will play a major role in world affairs in the future. As China now has opened up to the West, there are opportunities for employment in all areas.

4. A Bangladeshi student who has a working knowledge of Chinese is likely to boost his employment prospects as more companies and organizations develop links and relationship with China. Proficiency in Chinese is likely to become an increasingly useful asset for any job seekers.

5. Proficient speakers of Chinese will find jobs in a variety of fields, such as business, tourism, government, education and translation.

6. Already many Bangladeshi organizations have active links and relationship with China; this is likely to increase overtime, opening vast opportunities for Chinese speakers.

7. China is a wonderful country where you can study, work while developing your language and cultural skills. The experience is great, and it's something you will never forget.

**Brief History of Learning Chinese as a Foreign Language:**

The teaching of Chinese as a foreign language in the People's Republic of China started in 1950 at Tsinghua University, initially by students from Eastern Europe. Starting with Bulgaria in 1952, China also dispatched Chinese teachers abroad, and by the early 1960s had sent teachers as far as to Congo, Cambodia, Yemen and France. In 1962, with the approval of the State Council, the Higher Preparatory School for Foreign Students was set up, later upgraded and renamed to the Beijing Language and Culture University. The programs were disrupted for several years during the Cultural Revolution.

According to the Chinese Ministry of Education, there are 330 institutions teaching Mandarin Chinese as a foreign language, receiving about 40,000 foreign students. In addition, there are almost 5,000 Chinese language teachers. Since 1992 the State Education Commission has managed a Chinese language proficiency exam program, HSK (Hanyu Shuiping Kaoshi) which tests have been taken around 100 million times (including by domestic ethnic minority candidates).

**Confucius Institute:**

Confucius Institute is named after the noted Chinese philosopher Confucius (551-479 B C). Outside of China, Confucius is generally a recognizable symbol of Chinese culture. Confucius Institute (Chinese: Kongzi Xueyuan) is a non-profit public educational organization affiliated with the Ministry of Education of the People's Republic of China, whose aim is to promote Chinese language and culture, support local Chinese teaching internationally, and facilitate cultural exchanges.

The Confucius Institute program began in 2004 and is overseen by Hanban (officially the Office of Chinese Language Council International). The institutes are being operated in co-operation with local affiliated colleges and universities around the world and the financing is shared between Hanban and the host institutions. The related Confucius Classroom program partners with local secondary schools or school districts to provide teachers and instructional materials.

China has compared Confucius Institutes to language and culture promotion organizations such as Portugal's Instituto Camoes, Britain's British Council, France's Alliance Francaise, Italy's Societa Dante Alighieri, Spain's Instituto Cervantes and Germany's Goethe-Institute. However, unlike these organizations, many Confucius Institutes are being operated directly at university campuses.

The first Confucius Institute was opened on 21 November 2004 in Seoul, South Korea, after establishing a pilot institute in Tashkent, Uzbekistan in June 2004. Hundreds more have been opened since in dozens of countries around the world, with the highest concentration of Institutes in the United States, Japan, and South Korea. In April 2007, the first research-based Confucius Institute was opened in Waseda University in Japan. In partnership with Peking University, the program promotes research activities of graduate students studying Chinese. As of 2014, there were over 480 Confucius Institutes in dozens of countries in six continents. The Ministry of Education of China estimates that 100 million people overseas have learned Chinese till 2015 and the program is expanding rapidly in order to keep up. Hanban aims to establish 1,000 Confucius Institutes by 2020.

**Learning Chinese Language in Bangladesh:**

It has been learned that the learning of Chinese in elementary level was started in the Institute of Modern Language (IML), Dhaka University in late seventies. Since then short courses of different levels up to diploma were used to be arranged in IML. After having experience of teaching Chinese in different levels IML has started 04 years graduate course for Chinese Language and Culture from 2016-17 academic year side by side with regular short courses.

The Confucius Institute of China has started Confucius class room Chinese teaching with a Private University few years back. In June 2016 Bangladesh Confucius Institute was inaugurated in the University of Dhaka with the commencement of Chinese Language teaching in cooperation with Confucius Institute, China. Some Public and Private Universities including Prime University have already started teaching Basic Chinese to their interested students as well as for professionals in their Language School/Institute.

Some China educated professionals having degrees in Chinese Language from China have been running Chinese Language Teaching Centers in Bangladesh.

**Conclusion:**

Bangladesh and China have been enjoying very friendly relation since the establishment of formal diplomatic relation. The economic relations between these two countries are very cordial and business cooperation is being increased day by day. Again depending on the geographical location of these two countries a huge cooperation is seen in many fields. Many Chinese companies and professionals are working in Bangladesh in different sectors. Bangladeshi professionals having working knowledge and skilled in Chinese Language will definitely add a good qualification to do business or to get a job with handsome salary in Chinese and Bangladeshi companies/organizations.

# মানুষ ভালো থাকতে বাধ্য, কেন?



আলম তালুকদার

শিরোনাম হলো, মানুষ ভালো থাকতে বাধ্য। কেন? মানুষ তো মানুষ, পশু পাখিদেরও অনেক সময় বাধ্য করা যায় না। তো মানুষ কেন ভালো থাকতে বাধ্য। সে খারাপ বা মন্দ থাকতে বাধ্য নয় কেন? নাকি মানুষ ভালো বা মন্দ কোনটাই থাকতে বাধ্য নয়, কিন্তু কেন? আমি সেই বিষয়টা ব্যাখ্যা করার চেষ্টা করবো।

এই পৃথিবীতে অনেক জাতের অনেক রংয়ের অনেক ভাবের, অনেক ভাষার মানুষ আছে। মানুষ একটি সৃষ্টিশীল প্রাণী। সৃষ্টিশীল বলেই সে ভাষা আবিস্কার করেছে বা মতবাদ সৃষ্টি করেছে আর অন্য কোন প্রাণীর সৃষ্টিশীলতা নেই বলেই যে পশুতে শুরু সেই পশুতেই তার সমাপ্তি। পৃথিবীর সব মানুষের মাত্র দুটি আবেগের বহিঃপ্রকাশ একই রকমের আর সেটা হলো কান্না এবং হাসি। কোনো জাতি এই মৌলিক আবেগ প্রকাশের ভাষা পরিবর্তন করতে পারেনি আর সব মানুষের রক্তের রং লাল। কালো মানুষের সাদা মানুষের সবার রক্তের রং লাল। কোনো পরিবর্তন অদ্যাবধি হয়নি। ভবিষ্যতে কি হবে সেটা বলা যাচ্ছে না।

তো কথা হলো, মানুষ ভালো থাকতে বাধ্য কেন? কারণ সে মানুষ। মান+হুস= মানুষ। মান সম্মান বোধের হুস বা ধারনা বা বোধশক্তি আছে তো, এই কারনেই সে মানুষ আর পৃথিবীর সব মানুষেই একটা ধর্মে বিশ্বাস করে একটা রাষ্ট্রের নাগরিক হিসাবে বসবাস করে বলেই তাকে কিছুক্ষণের জন্য হলেও ভালো কাজ, ভালো চিন্তা-ভাবনা করতে হয়। তো মানুষ যেহেতু সামাজিক জীব তাকে সমাজের কথাও বিবেচনায় নিতে হয়। এই সব বিবেচনায় পর্যালোচনায় দেখা যায়, মানুষ নানা কারণে ভালো থাকতে বাধ্য। দার্শনিকদের মনোবিজ্ঞানীদের মতে মূলতঃ চারটি কারনে মানুষ ভালো থাকতে বাধ্য। কি সেই চারটি কারণ? আমরা একটি একটি করে পর্যালোচনা করে বিষয়টি নিয়ে একটু হলেও ভাবনার দোলায় দোলায়িত হবো।

প্রথমত: ধর্মীয় কারণ। পৃথিবীর সব মানুষ কোনো না কোন ধর্মের প্রতি বিশ্বাসী। যে নাস্তিক তারও একটি ধর্ম আছে আর ধর্ম শব্দটির অর্থ হলো যা কিছু ধারনা করা হয়। ধৃ ধাতু হতে এর উৎপত্তি। পৃথিবীর সব ধর্মের মর্মবাণী বিশ্লেষণ করলে দেখা যায় ইহকাল পরকাল, বেহেশত-দোযখ বা স্বর্গ-নরক কথা উল্লেখ্য করা আছে, বিশ্বাসীরা মনে প্রাণে বিশ্বাস করেন ভালো কাজের পুরস্কার যেমন আছে মন্দ কাজেরও তিরস্কার বা শাস্তির ব্যবস্থা আছে। মিথ্যা বলা মহাপাপ, প্রতারণা অকৃতজ্ঞতা, ও হত্যা করা ইত্যাদি সব ধর্মে নিষিদ্ধ। সৃষ্টির্কতা সব কিছু নিরীক্ষণ করছেন। পাপের অন্যায়ের হিসাব দিতে হবে। বান্দার হক যারা বঞ্চিত করে তাদের জন্য সৃষ্টি কর্তার কোনো দায় দ্বায়িত্ব নেই। সৃষ্টি কর্তার হকের বিষয়টা তিনি ফয়সালা করবেন। এই সব কথা প্রায় প্রতিটি প্রধান প্রধান ধর্ম গ্রন্থে লিপিবদ্ধ করা আছে। বিশ্বাসীরা বিশ্বাস করেন ব্যক্তি জীবনে তা অনুসরণ করে

থাকে। ধর্মের বাহ্যিক কিছু নিয়ম কানুন আত্মিক কিছু নিয়ম কানুন মানুষের বিশেষ ধর্ম বিশ্বসীদের নিয়ন্ত্রণ করে থাকে। প্রকৃত বিশ্বাসীর ধর্ম চার হতে বিচ্যুত হয় না কারণ সে বিশ্বাস করে ইহকালে ও পরকালে বিচারের সম্মুখীন হতে হবে। এই সব কারণে সে খারাপ কাজ খারাপ চিন্তা হতে বিরত থাকে। সৃষ্টি কর্তা যাকে যেমন ইচ্ছা যেমন জ্ঞান দেন বুদ্ধি দেন ধনসম্পত্তি দেন এই বিশ্বাসে ধার্মিক সন্তুষ্ট থাকেন। ধর্মীয় বিশ্বাসের কারণে মানুষ ভালো থাকতে বাধ্য, তাই নয় কি?

দ্বিতীয়ত: কারণটা বলি। দ্বিতীয় কারণ হলো রাষ্ট্রীয় আইন। রাষ্ট্রে বসবাসকারী প্রতিটি নাগরিকদের ৫টি মৌলিক অধিকার যেমন আছে আবার রাষ্ট্রের প্রচলিত আইনের প্রতি তাকে শ্রদ্ধাশীল হতে হবে। যদি কোন নাগরিক ফৌজদারি অপরাধ করে তাকে মামলার আসামি হতে হবে, বিচারের সম্মুখীন হতে হবে, দেওয়ানী অপরাধ করলেও তাকে বিচারের সম্মুখীন হতে হবে। বাংলাদেশের সংবিধানে প্রতিটি নাগরিকের যাবতীয় আইন সমন্ধে একটা ধারানা বা আইন জানা অবশ্য কর্তব্য। কেউ ফৌজদারী অপরাধ করলে সে অপরাধের বাদী হয় রাষ্ট্র। তার মানে দাঁড়ালো আইন মানতে যেমন বাধ্য, রাষ্ট্র নাগ-রিকদের ন্যায় বিচার প্রদানেও আইনগতভাবে বাধ্য। একজন নাগরিক ভালো থাকবে যদি সে প্রচলিত আইনকানুন সঠিক ভাবে পালন করে এবং মেনে চলে। যদি না মানে তাকে বাধ্য করা হবে মানতে। প্রয়োজনে জেল জরিমানাা করা হবে। আইন অমান্যকারীদের জন্য নানা রকম আইনের ফাঁদ পাতা আছে। একজন সচেতন নাগরিক জেল জরিমানা পুলিশ-আদালতের ভয়ে ভালো থাকতে বাধ্য। রাষ্ট্র আরো কি কি করতে পারে একজন আইন অমান্যকারীর বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহীর বিরুদ্ধে একটু চিন্তা করলেই এর শানেনযুল অনুধাবন করা সহজতর হবে।

তৃতীয়ত: প্রাকৃতিক কারণে ও আমরা ভালো থাকতে বাধ্য। আমাদের দেশে ছয়টি ঋতু, ছয় ঋতুর ছয়টি ধাপ। ঋতু অনুযায়ী ফল, ফসল প্রকৃতির অনুকুল্যে পেয়ে থাকি। শীতের সময়ে শাকসবজি সহজ লভ্য। বর্ষায় বৃষ্টিপাত। প্রকৃতির নিয়মে আমরা চলতে বাধ্য। যদি প্রকৃতির বিরুদ্ধে চলতে চাই তাহলে নানান সমস্যা। একজন মানুষ যদি শীতের সময় গরম কালের পোষাক পরিধান করে, আবার যদি গরমকালে শীতের পোষাক পরিধান করে ঘুরে বেড়ায় তাহলে তার মানসিক সমস্যা আছে বলে ধরা যায়। আমাদের দেশে বৃষ্টিপাত হয় বলেই ঘরের চাল বা ছাদ ঢালু করে নির্মান করা হয়। কোন ফল, কোন ফসল কোন ঋতুতে সহজলভ্য এবং নিরাপদ তা ঋতুকে অনুসরণ করলেই বুঝা যায় তার মানে প্রকৃতি চায় মানুষ ভালো থাকুক। আর ভালো থাকতে হলে প্রকৃতিকে মানতে হবে।

চতুর্থত: সামাজিক রীতিনীতি। বা Social Customs । সাধারনত ধর্মীয় আইনে যা নেই রাষ্ট্রীয় আইনে যা নেই প্রাকৃতিক নিয়মেও যা নেই তা ধরা পড়ে সামাজিক রীতিনীতিতে। মানুষ যেহেতু সামাজিক প্রাণী সেহেতু সমাজের কিছু সম্মিলিত নিয়ম নীতি তাকে মানতেই হয়। না মানলে তাকে সমাজচ্যুত করা হয়। যেমন বিখ্যাত ঠাকুর পরিবারের পূর্বপুরুষরা ধর্মচ্যুত হবার কারণে স্বগোত্রীয়রা তাদের এলাকা হতে চলে যেতে বাধ্য করেছিল। রবি ঠাকুরের পরিবার হলো পীরালী ঠাকুর পরিবার। এই রকম অনেকেই অসামাজিক কাজ করার কারণে তাদের সমাজ হতে বহিস্কার করা হয়ে থাকে। তাহলে সমাজের দশজনের ভয়ে অনেকে ভালো থাকতে বাধ্য হয়ে থাকে।

এতক্ষণ আমরাতো দার্শনিকদের দর্শন পেলাম। আসলেই কী এই চারটি কারণ আমাদের ভালো থাকতে বাধ্য করতে পারছে? নাকি কথার কথা। যদি তাই হতো তাহলে সমাজে রাষ্ট্রে এত দ্বন্দ্ব সংঘাত কেন? মানুষ কি ভাবে অন্য মানুষকে খুন করে পাপ কাজে নিয়োজিত থাকে? যারা ধার্মিক তাদেরও কী মরণের ভয় নেই? সৃষ্টিকর্তার ভয় নেই? পরকালের ভয় নেই? যদি থাকে তাহলে এত সমস্যা কেন? এত জঙ্গীবাদ এত সন্ত্রাসী কেন?তার মনে কাহার অধিবাস? তাহলে কী ধর্ম মানুষের আধ্যাত্মিক নিয়ন্তণে দুর্বল হয়ে যাচ্ছে? ধর্ম একটি প্রতিষ্ঠান্ এই প্রতিষ্ঠানের প্রতি মানুষের ভক্তি, শ্রদ্ধা, বিশ্বাস সবই থাকার কথা। ধর্ম পালনে বা উদযাপনে মানুষ খুবই তৎপর। এটা কি লোক দেখানো? আমল ঠিক মতো হচ্ছে না কি? ধর্মে বিশ্বাস করি কিন্তু নিজের স্বার্থ বির্সজন দিয়ে নয়। এই রকম কি হয়ে যাচ্ছে? গলদ কোথায়?ধর্ম নিয়ে বাড়াবাড়ি মারামারি হচ্ছে কেন? ধর্মের যে সহিঞ্চুতা যে মানবতা যে উদারতা সেটা উধাও হয়ে যাচ্ছে কেন? পালনকারীর ক্রটি? ধর্মের নামে মানুষ হত্যা, পরধন লুণ্ঠন কি জায়েজ? তাহলে মানুষ যে ভালো থাকতে বাধ্য এবং তা যদি ধর্মের কারণে হয় তাহলে সেটা দেখা যাচ্ছে পুরাপুরি কার্যকর থাকছে না। কোথায় যেন ফাঁকি থেকে যাচ্ছে।

দ্বিতীয় রাষ্টীয় আইন। প্রচলিত আইন সবার জন্য সমান্। আইনের চোখে সবাই সমান্। কিন্তু বাস্তবে তাই কী হচ্ছে? যার টাকার প্রভাব আছে রাজনৈতিক, সামাজিক প্রভাব আছে তার জন্য আইন এক রকম অন্যদের বেলায় অন্যরকম। আজকাল অনেকেই বলেন, ন্যায় বিচার পেতে হলে টাকা খরচ করতে হয়। আইনের শাসন যদি রাষ্ট্রে,সমাজে নিশ্চিত করা না যায় তাহলে নিয়তিবাদের প্রসার ঘটে। মানুষের অনেকগুলো আশ্রয় চাই। বাবা, মা, ঘর বাড়ি আশ্রয়, সংসার একটা আশ্রয়, চাকরি একটা আশ্রয়, ব্যবসা বানিজ্য একটা আশ্রয়, ধর্মাচার একটা আশ্রয়। আড্ডা একটা আশ্রয়, সাহিত্য শিল্পকলা একটা আশ্রয়, আইন আদালত নাগরিকের একটা আশ্রয়। এই আশ্রয়টা যদি নিয়মতান্ত্রিক এবং নির্ভরযোগ্য না হয় তাহলে ভিকটিম হতাশাগ্রস্থ হয়ে সৃষ্টি কতার উপর নির্ভর করে তার কাছে ন্যায় বিচার প্রত্যাশা করে একটা হতাশ জীবন যাপন করে। এই কারণে রাষ্ট্রের নাগরিক কতটা ভাল থাকতে বাধ্য যেটা নির্ভর করে আইনের সঠিক প্রয়োগের উপর। আইন যত ন্যায় ভিত্তিক প্রয়োগ হবে মানুষ তত ভালো থাকতে বাধ্য হবে।

এবার প্রাকৃতিক কারণ এটা তেমন বিশ্লেষণের প্রয়োজন নেই। কারণ একটু চিন্তা করলেই বুঝা যায় যে প্রকৃতির সাথে খাপ খাওয়ালেই মানুষ বেঁচে আছে। ঋতু অনুযায়ী ফুল ফল ফসলাদি আমরা পেয়ে থাকি। কৃত্রিম উপায়ে অনেক কিছু সম্ভব হলেও তা স্বাভাবিক নয়। প্রকৃতি বিকৃতি পছন্দ করে না।

সবশেষে সামাজিক নিয়ম বা নীতি এক সময় ছিল গ্রামের বা এলাকার মাতাব্বরা গ্র্যাম্য সালিশে যা বিচার করতেন তা সকলেই মেনে নিত। কোনো আইনে নেই সামাজিক আইনে কিছু আছে। যা সবাই মেনে নিতে বাধ্য ছিল। অসামাজিক কাজ করে কেউ সমাজের দশজনের সাথে চলাফেরা বা সামাজিকতায় অংশগ্রহণ করতে পারতো না। সমাজের ভয়েও অনেক মানুষ ভালো থাকতে বাধ্য থাকতো।

বর্তমানে ক্ষমতার বলয় বা চিরন্তন প্রথা প্রথা ভেঙে গেছে। নব্য ধনী, বা রাজনৈতিক

ভাবে এখন সমাজ চালিত হচ্ছে ফলে সমাজের হুকুম আর কেউ মানে না। আজকাল এক ঘরে করে রাখাও জীবনের হুমকি হতে পারে। দেখা যাচ্ছে সামাজও কাউকে ভালো থাকতে বাধ্য করতে পারছে না। যার প্রভাব যত বেশি সে তত বড় মাতাবব্র। অনেকে এ সব পছন্দ করে না। এই সব মিলিয়ে একটা হযবরল অবস্থা।

আলোচিত চারটি কারণ যদি আমরা খুব নির্লিপ্তভাবে বিশ্লেষণ করি তাহলে দেখা যায় যে, আধুনিক সময়ে সব মানুষের উপর সব সময়ে ঐ চারটি অনুষঙ্গ পুরোটা কার্যকরী ভূমিকা পালন করতে পারছে না। কারণ অনুসন্ধানের দায়িত্বটা পাঠকদের উপর ছেড়ে দিলাম।

পৃথিবীতে সব চেয়ে কঠিন কাজ হলো নিজেকে চেনা। সবাই যদি নিজেকে চিনিতে পারি তাহলে সমাজে এত চিনিতে ভরপুর মানুষের সংখ্যা বেড়ে যেতো না। প্রায় মানুষই পরের দোষ খোঁজে বেড়ায় নিজের কোন দোষ খুঁজে পায় না। একজন ঘুষখোর পকেটে ঘুষের টাকা রাখছে আর বলছে আজকাল জজ ম্যাজিস্ট্রেটরা নাকি ঘুষ খাচ্ছে দেশের আর কিছু থাকলো না। তার মানে তার ঘুষ খাওয়া অন্যায় নয়। অন্যায় বা দেশ রসাতলে যাবে যখন অন্যরা ঘুষ খায়। সমাজে কিছু পদের মানুষ অন্যায় করবে না, ঘুষ খাবেন না এটা ভাবতে অভ্যস্থ। কিছু মানুষ চরিত্রহীন হতে পারে না, মিথ্যা বলতে পারে না এটা ভাবতে বা বিশ্লেষণ করতে অভ্যস্থ। ঐ সব পদে থেকে যদি অন্যায় করে তাহলে সমাজের অনিষ্ট হয় প্রতিষ্টান ভেঙে যায়। মানুষ দিশেহারা হয়ে যায়। অনুকরণীয় অনুসরণীয় কাউকে না পেলে অনেকেই বিপদগামী হয়ে যায়।

এই সব বিষয় লিখে বা বলে সবটা বুঝানো মুশকিল। শিক্ষিত মানুষ যাদের বুদ্ধি বিবেক আছে যারা নিজের ষড়রিপুকে দমন করতে পারে তারাই উত্তম ভাবে এর দার্শনিক চেতনা বুঝতে সক্ষম হবেন।

# শিক্ষায় নৈতিকতার সন্ধান ও মুক্তি



**মো: আশরাফুজ্জামান**
জেষ্ঠ্য প্রভাষক ও সহকারী প্রোক্টর
শিক্ষা বিভাগ

শিক্ষা জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধের বিকাশ ঘটায়। একটি দেশের শিক্ষা ব্যবস্থার মূল উদ্দেশ্য থাকে শিক্ষার মাধ্যমে ব্যক্তি, পারিবারিক ও আর্থ-সামাজিক উন্নয়ন। মৌলিক শিক্ষার পাশাপাশি জীবনব্যাপী শিক্ষাটা এক্ষেত্রে অপরিহার্য ভূমিকা পালন করে থাকে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার চার নম্বর লক্ষ্যে ২০৩০ সালের মধ্যে সকলের জন্য মানসম্মত সমতাভিত্তিক ও অন্তর্ভূক্তিমূলক শিক্ষা নিশ্চিতকরণ ও জীবনব্যাপী শিক্ষায় উৎসাহদানের কথা বলা হয়েছে। ব্যক্তি অনানুষ্ঠানিক, আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক ভাবে শিক্ষা গ্রহন করে থাকে। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত অনানুষ্ঠানিক ভাবে শিক্ষা গ্রহন করে থাকে পরিবার,পরিবেশ ও সমাজ থেকে। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শিক্ষা লাভ করে থাকে। এছাড়া শিক্ষা সুবিধা বঞ্চিত বা ঝরে পড়া বিশেষ জনগোষ্ঠীর জন্য রয়েছে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা।

ইউনেস্কোর তথ্যমতে, বাংলাদেশে সাক্ষরতার হার ৬১.৫ শতাংশ। যদিও আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০১৭ উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বলেছেন, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী বাংলাদেশে বর্তমানে সাক্ষরতার হার ৭২.৩ শতাংশ। সাক্ষরতার হার শতভাগ করার জন্য সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে এবং এরই ধারাবাহিকতায় সাক্ষরতার হার উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শতভাগ শিশুর ভর্তি নিশ্চিতকরণ, ঝরে পড়া রোধ ও তাদেরকে গুণগত প্রাথমিক শিক্ষা প্রদানে কাজ করে যাচ্ছে এবং সে লক্ষ্যে অনেকাংশেই সফল বলা চলে ভর্তির ক্ষেত্রে। শিক্ষার মান উন্নয়ন এবং মানসম্মত শিক্ষা প্রদানের জন্য জাতীয় শিক্ষানীতি ২০১০ প্রণয়ন করা হয়েছে। কিন্তু বাস্তবায়ন কি আদৌ হচ্ছে? এছাড়া উচ্চশিক্ষার প্রসার ও মানসম্মত শিক্ষার জন্য ৪০টি সরকারি বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি ৯৫টি বেসরকারি বিশ্ববিদ্যালয়কে কার্যক্রম পরিচালনার অনুমতি দিয়েছে। কিন্তু, জ্ঞান ছাড়া দক্ষতা ও মূল্যবোধের কতটুকু পরিবর্তন হচ্ছে? আদৌ কি আমরা জীবনব্যাপী শিক্ষার জন্য বর্তমান প্রজম্মকে তৈরি করতে পারছি?

বর্তমান শিক্ষা আমাদের কোন পথে নিয়ে যাচ্ছে? অর্থনৈতিক ভাবে আমরা স্বাবলম্বী হচ্ছি কিন্তু দুর্নীতি আমাদের পিছু ছাড়ছে না। আমাদের তরুণ প্রজম্মের একটা বিরাট অংশ ধর্মান্ধতায় জঙ্গিবাদের দিকে ঝুঁকছে। শিক্ষিত বেকার এখন অভিধানে নতুন শব্দ হিসেবে যোগ হয়েছে। আরেকটা শ্রেনী উচ্চ শিক্ষায় বিদেশ যেয়ে আর দেশে আসছে না, পরিবার নিয়ে সেখানেই থেকে যাচেছ। সমষ্টিগত বা দেশের স্বার্থ চিন্তা না করে আমরা ব্যক্তি স্বার্থের কথা চিন্তা করছি । আমাদের বর্তমান অবস্থা, ভবিষ্যত আরো ভয়াবহ দিকে যাচ্ছে। যাদের হাতে আমরা পরীক্ষার আগের রাতে প্রশ্ন তুলে দিচ্ছি, যে প্রজম্ম সারা রাত

ফেসবুক, মেসেঞ্জার ব্যবহার করে আর গেম খেলে স্কুলে যেয়ে ঝিমায়। এই প্রজন্মের একটা বিরাট অংশ সারা রাত ক্লেশ অফ ক্লান, ফিফা এরকম গেম খেলে। প্রশ্ন ফাঁস করে পরীক্ষা দেয়া, রাত জেগে ফেসবুকিং করা আর গেম খেলা প্রজন্মের ভবিষ্যত নিয়ে কি আমরা আদৌ চিন্তিত? ফেসবুক বন্ধ করে আদৌ কি সমাধান হবে? ওয়েবসাইট বা ইউটিউব সার্চ দিলে যেমন অসংখ্য শিক্ষামূলক সাইট পাওয়া যায় তেমনি অসংখ্য সামাজিক যোগাযোগের বা পর্ণ সাইট ও পাওয়া যায়। এখানে সঠিক ব্যবহারটা মুখ্য, বন্ধ করে দেয়া সমাধান নয়। আর সঠিক ব্যবহারের জন্য প্রয়োজন যোগ্য, দক্ষ, প্রশিক্ষিত মেন্টর বা শিক্ষক। সেই সাথে বাবা-মা বা অভিভাবককে হতে হবে সন্তানের সাথে বন্ধুর মত এবং সচেতন। আপনি যা লজ্জা করে শেখাবেন না, তাই আপনার সন্তান অন্য কারো কাছ থেকে শিখবে এবং বেশির ভাগ ক্ষেত্রে তা হয় নেতিবাচকভাবে। বয়ঃসন্ধিকালের শিক্ষার কথাই আমরা বলতে পারি, যেটা প্রতিটি মানুষের জীবনে প্রাকৃতিক এবং স্বাভাবিক ব্যাপার, কিন্তু বাংলাদেশের বেশিরভাগ পরিবারে দেখা যায় টেলিভিশনে বয়ঃসন্ধিকালের শিক্ষামূলক বা সচেতনতামূলক বিজ্ঞাপন বা প্রোগ্রাম দিলে, চ্যানেল পরিবর্তন করে ফেলা হয়, লজ্জার কারনে। আর জম্মনিয়ন্ত্রনের বিজ্ঞাপনের কথা বাদই দিলাম, পারলে রিমোট ভেঙ্গে ফেলে চ্যানেল পরিবর্তন করে ফেলবে, তাহলে আমরা শিখবো কিভাবে?

এছাড়া মূল্যবোধের বিকাশ ঘটানো, দেশপ্রেমের চেতনা তৈরি করার জন্য কার ভূমিকা এখানে উল্লেখযোগ্য? পরিবার, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয় থেকে আমরা শিখে তা সমাজে প্রয়োগ করি। সেখানেও আমাদের শেখানো হচ্ছে এক অদৃশ্য প্রতিযোগিতা, মূল্যবোধের চর্চা যেমন কেও দেখান না, তেমনি শেখানও না। আমাদের অভিবাবকেরাও আমাদের শিক্ষা ব্যবস্থার মত বিভক্ত। সাধারন শিক্ষা, মাদ্রাসা শিক্ষা, কারিগরি ও ভোকেশনাল বাদ দিয়ে ইংরেজি মাধ্যম নিয়ে যেমন আমরা চিন্তিত, তেমনি আমরা চিন্তিত শুধু স্টার জলসা, জি বাংলা, সিরিয়াল দেখা অভিভাবকদের নিয়ে। অথচ গবেষনার কাজে ঢাকার বাইরে গিয়ে দেখলাম একটা শ্রেনীর অভিভাবকেরা সংবাদ দেখাও বন্ধ করে দিয়েছে। ধর্মের দোহাই দিয়ে আমাদের ধর্মীয় সভায় তাদের মগজ ধোলাই হচ্ছে। আবার একটা শ্রেনি আধুনিকতার নামে ছেলে-মেয়েদের বাংলা শেখা, এদেশের সংস্কৃতি থেকে বঞ্চিত করে তাদেরকে বিভিন্ন সংস্কৃতি ও নেশায় আসক্ত করছে। সীসা, ইয়াবা, অনৈতিক সম্পর্ক তাদের কাছে সাধারন ভাত-মাছের মত হয়ে যাচ্ছে। আমরা বিভিন্ন চ্যানেল বন্ধ করার কথা বলি, দেশের সংস্কৃতি বাঁচানোর কথা বলি। কিন্তু কতজন আমরা দেশিয় ভাল পন্যগুলো ব্যবহার করি। দেশিয় অনেক ভাল পন্য থাকা সত্ত্বেও আমরা বিদেশি কোম্পানীর পন্য কিনতে আগ্রহী, যদিও এই বিদেশি পন্যের বেশীরভাগ আমাদের আবহাওয়া উপযোগী না এবং নকল পন্য। আমাদের খাবারে ফরমালিন মাত্রাতিরিক্ত পরিমানে আমরাই দিচ্ছি, আমরাই খাচ্ছি। আমাদের ডাক্তাররা সিজার ছাড়া বাচ্চা ডেলিভারি করতে চান না। ক্যান্সার সনাক্ত হলেই কেমো দেয়া শুরু করেন, বিকল্প চিন্তা না করেই, ডাক্তার দেখাতে গেলেই অসংখ্য টেস্ট দিয়ে দেন, ইঞ্জিনিয়াররা রডের বদলে বাশ ব্যবহার করেন, শিক্ষকরা প্রাইভেট না পড়লে ভাল নম্বর দেন না। শিক্ষক নিয়োগে টাকার লেনদেন হয়। নতুন কিছু শেখার জন্য না এসে প্রমোশন বা ইনক্রিমেন্ট এর জন্য প্রফেশনাল ডিগ্রী নিতে আসেন। এগুলো আমাদের প্রতিবন্ধকতা।

তবে এই উদাহরনগুলো অনেক ক্ষেত্রেই প্রযোজ্য নয়। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে আমরা অঙ্গীকারবদ্ধ। সরকার সে লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিটিআরসি জুন ২০১৭ এর তথ্যমতে বর্তমানে বাংলাদেশের ৭৩ মিলিয়ন এর বেশি মানুষ ইন্টারনেট সাবস্ক্রাইব করেছে। বাংলায় শিক্ষার জন্য ডিজিটাল কন্টেন্ট তৈরি হচ্ছে এটুআই, খান একাডেমী বাংলা, ডিনেট সহ বিভিন্ন প্রতিষ্ঠান কাজ করছে। স্কুলগুলোতে ডিজিটাল বা মাল্টিমিডিয়ায় ক্লাশ হচ্ছে। আর মুল্যবোধ বা দেশপ্রেমের কথা যদি বলি, সেক্ষেত্রে আমাদের দেশে টাকা দিয়ে রক্ত কেনা লাগে না। বাঁধন এর মত অনেক গুলো সংস্থা কাজ করে যাচ্ছে, যেখানে ডোনাররা বেশীরভাগ বিশ্ববিদ্যালয় পড়ুয়া শিক্ষার্থী। আমাদের দেশেই ১ টাকায় আহার নামে স্বাস্থ্যসম্মত খাবার দেয়া হয় অসহায় মানুষদের। বৃক্ষ মানব, মুক্তামনির সফল অস্ত্রোপচার আমাদের ডাক্তারদের মাধ্যমেই হচেছ। আমাদের মেয়েরা এভারেস্ট জয় করছে। অটিজম নিয়ে কাজ করে আমরা দৃষ্টান্ত স্থাপন করছি পুরো বিশ্বে। বিশ্ব সাহিত্য কেন্দ্র আমাদের বই পড়ায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে, জীবনব্যাপী শেখার পথ সুগম করছে। আমাদের দেশের বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে আমরাই এগিয়ে আসি সবার আগে। ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ, স্বৈরাচার বিরোধী আন্দোলন আমাদের ঐক্যবদ্ধতার উজ্জ্বল উদাহরণ। শুধু তাই নয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা ইস্যুতে মানবতার অনন্য দৃষ্টান্ত স্থাপন করে আপনি পেয়েছেন 'মাদার অব হিউম্যানিটি' খেতাব। আপনার হাত ধরে আমরা নিজেদের টাকায় পদ্মা সেতু তৈরি করে বিশ্বকে দেখিয়ে দিচ্ছি-আমরা পারি। জঙ্গিবাদ কঠোর হস্তে দমন করে আমরা প্রমান রাখছি আমরা সন্ত্রাস মোকাবেলায় দৃঢ়ভাবে সংকল্পবদ্ধ।

প্রতিবন্ধকতা সমূহ দূর করার জন্য প্রয়োজন আমাদের পারিবারিক শিক্ষার ভিত্তি সুদৃঢ় করা। একটি উদাহরণ দিয়ে বলতে চাই, সন্তানরা বাবা-মাকে বৃদ্ধাশ্রমে যাতে না দেয়, তাদেরকে কিভাবে শেখানো উচিত? আপনি আপনার সন্তানকে সাথে নিয়ে আপনার বাবা-মার কি লাগবে, খোজখবর নিন। তাদের যত্ন করুন। তাদেরকে সময় দিন। হয়ত আপনার বাবা-মার সামর্থ্য আছে, তবুও আপনি তাদের পছন্দের জিনিস আপনার সন্তানকে সাথে নিয়ে কিনে, সন্তানের হাত দিয়ে তাদেরকে দিন। আপনার বাবা-মা যেমন পৃথিবীর সবচেয়ে সুখী মানুষ হবে তেমনি আপনার সন্তান ও শিখবে কিভাবে বাবা-মার যত্ন নিতে হয় । আপনার সন্তানও আপনার জন্য একি কাজ করবে। আপনাকে বৃদ্ধাশ্রমে পাঠাবে না। মূল্যবোধ শিক্ষাটা পুঁথিগত বিদ্যা দিয়ে অর্জিত হয় না।

পাশাপাশি শিক্ষাক্রমসমূহ আমাদের দেশ ও বিশ্বমানের করে পরিবর্তন করা এবং জীবনব্যাপী শেখার পথ সম্প্রসারিত করা অতীব প্রয়োজন। শুধুমাত্র জ্ঞানমূলক শিক্ষা না দিয়ে, দক্ষতা ও দৃষ্টিভঙ্গির পরিবর্তনমূলক শিক্ষা সম্প্রসারন করা সময়ের দাবি। শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সামাজিক প্রতিষ্ঠান এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানের মধ্যে একচেঞ্জ প্রোগ্রাম করে জ্ঞান ,দক্ষতা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তনের সুযোগ করে দিতে হবে। শুধু শ্রেনীকক্ষে জ্ঞান বিতরন সীমাবদ্ধ করলেই চলবে না। সেই সাথে সাধারন, কারিগরী, মাদ্রাসা শিক্ষক সহ সকল ধর্মীয় উপসানালয়ের ব্যক্তি বর্গের প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। বাংলাদেশের ক্রিকেট খেলায় আমরা যেমন সবাই এক হয়ে যাই, তেমনিভাবে দেশের মানুষের কল্যানে শিক্ষাক্ষেত্রে উন্নয়নে সম্মিলিত ভাবে কাজ করতে চাই। মাননীয় প্রধানমন্ত্রী,

আপনি একা সব করতে পারবেন না, নিন্দুকেরা এমন কথা বলে, কিন্তু আমরা আমজনতা মনে করি আপনি পারছেন এবং পারবেন। আপনার হাত ধরে আমরা উন্নয়নশীল দেশের কাতারে শামিল হচ্ছি। আপনি জানেন, তথ্য এবং বুদ্ধিবৃত্তিক সম্পত্তি বর্তমান বিশ্বের প্রধান অস্ত্র। আর এক্ষেত্রে জ্ঞান, দক্ষতা এবং দৃষ্টিভঙ্গির পরিবর্তন ঘটানোর জন্য আমাদের শিক্ষাক্ষেত্রে শুধু বাজেট বাড়ালেই চলবে না, তার সাথে বাস্তবায়নের জন্য প্রয়োজন একজন দক্ষ নেতার। আপনিই পারেন আমাদের ত্রানকর্তা হিসেবে নিজ তত্ত্বাবধানে শিক্ষা সেক্টরের উন্নয়ন করে, আমাদের মুক্তির পথ দেখিয়ে নতুন আলোর সন্ধান দিতে এবং ভবিষ্যৎ প্রজন্মকে প্রস্তুত করে বিশ্বের সেরা রাষ্ট্রগুলোর কাতারে শামিল করে নতুন কীর্তি স্থাপন করতে। বঙ্গবন্ধুর আদর্শকে সামনে রেখে আপনার নেতৃত্বে মানসম্মত ও যুগোপযোগী শিক্ষার মাধ্যমে আমরা এগিয়ে যাব সেই প্রত্যাশা ও অঙ্গী-কারবদ্ধ হচ্ছি।

## লাইব্রেরি জগতের কিছু কথা



**মো: আজিজুল ইসলাম**
সহযোগী গ্রন্থাগারিক

বিভিন্ন মনিষীগণ বিভিন্ন ভাবে লাইব্রেরি বা গ্রন্থাগারকে সংজ্ঞায়িত করেছেন। সাধারণভাবে গ্রন্থাগার বলতে বুঝি যে, গ্রন্থাগার পাঠক অথবা ব্যবহারকারীর জ্ঞান অর্জন, গবেষণা, সাংস্কৃতিক উন্নয়ন, স্ব-প্রণোদিত শিক্ষালাভ, গ্রন্থপাঠের দ্বারা অবসর বিনোদন, তথ্য সংগ্রহ এবং অনুরূপ মানসিক উৎকর্ষ সাধনের জন্য ব্যবহার যোগ্য সুনির্বাচিত এবং সুবিন্যস্ত গ্রন্থ এবং অন্যান্য গ্রন্থাগার উপাদানের সংগ্রহশালা। প্রমথ চৌধুরীর একটি উক্তি এ প্রসঙ্গে বিশেষভাবে স্মরণীয়। তিনি সাধারণ গ্রন্থাগার সম্পর্কে বলেছেন, "এদেশের লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয় এবং স্কুল ও কলেজের চাইতে কিছু বেশী আমার বিশ্বাস, শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। সুশিক্ষিত লোকমাত্রই স্বশিক্ষিত। শিক্ষক ছাত্রকে পথ দেখিয়ে দিতে পারেন, মনোরাজ্যেও ঐশ্বর্যেও সন্ধান দিতে পারেন, এর বেশী আর কিছু পারেন না। আমি লাইব্রেরিকে স্কুল , কলেজের উপরে স্থান দিই এই কারণে যে, এ স্থলে লোক স্বেচ্ছায়, স্বচ্ছন্দ চিত্তে স্বশিক্ষিত হওয়ার সুযোগ পায়: প্রতি লোকতার স্বীয় শক্তি ও রুচী অনুসারে নিজের মনকে, নিজের চেষ্টায় আত্মার রাজ্যে জ্ঞানের পথে এগিয়ে নিয়ে যেতে পারে।" সমাজের প্রতিটি ক্ষেত্রে প্রমথ চৌধুরীর উপরোক্ত উক্তিটি বিশেষভাবে উল্লেখযোগ্য।

নাম গ্রন্থাগার হলেও কেবল গ্রন্থ সংগ্রহ আধুনিককালে গ্রন্থাগারের একমাত্র উপাদান নয়, গ্রন্থাগারের লক্ষ্য এবং উদ্দেশ্য অর্জন করতে হলে অবশ্যই অ-গ্রন্থ উপাদান, যেমন পত্র-পত্রিকা, মানচিত্র, রেকর্ড, ফিল্ম, স্লাইড, পুঁথি, পুস্তিকা, সেমিনার ও কনফারেন্স রিপোর্ট  ইত্যাদি গ্রন্থাগার সংগ্রহের অন্তর্ভুক্ত করতে হয়।

গ্রন্থাগার পাঠক অথবা ব্যবহারকারীর জ্ঞান অর্জন, গবেষণা, সাংস্কৃতিক উন্নয়ন, স্ব-প্রণোদিত শিক্ষা লাভ, গ্রন্থপাঠের দ্বারা অবসর বিনোদন, তথ্য সংগ্রহ এবং অনুরূপ মানসিক উৎকর্ষ সাধনের জন্য ব্যবহারযোগ্য সুনির্বাচিত এবং সুবিন্যস্ত গ্রন্থ এবং অন্যান্য গ্রন্থাগার উপাদানের সংগ্রহশালা। গ্রন্থাগারের কিছুবিষয়-গ্রন্থাগারের নিজস্ব বিল্ডিং, আনুসাঙ্গিক প্রয়োজনীয় ফিটিংস, উপযুক্ত আসবাবপত্র, প্রয়োজনীয় যন্ত্রপাতি, পাঠক বা ব্যবহারকারীদের সার্ভিস দেওয়ার যথাযথ ব্যবস্থা, গ্রন্থাগার উপাদানগুলোর সংরক্ষণ ব্যবস্থা ও শ্রেণীকৃত বিন্যাস পদ্ধতি উপযুক্ত ক্যাটালগ, গ্রন্থাগারের মধ্যে এবং বাইরে গ্রন্থ পাঠের ব্যবস্থা। গ্রন্থাগারের পরিকল্পিত সংগঠন পদ্ধতি, প্রশাসনিক ব্যবস্থা, পরিকল্পনা ইত্যাদি।

**এস. আর. রঙ্গনাথনের গ্রন্থাগার বিজ্ঞানের পাঁচটি নীতি :**

গ্রন্থাগারের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে বিখ্যাত গ্রন্থাগার বিজ্ঞানী এস. আর. রঙ্গনাথন পাঁচটি

নীতির কথা উল্লেখ করেছেন-

(i) Books are for use (বইগুলো ব্যবহারের জন্য)

(ii) Every reader his book (প্রত্যেক পাঠকের জন্য গ্রন্থ)

(iii) Every book its reader (প্রতিটি গ্রন্থ পাঠকের জন্য)

(iv) Save the time of the reader (পাঠকের সময় বাঁচাতে হবে)

(v) Library is a growing organism (গ্রন্থাগার একটি বর্ধিষ্ণু প্রতিষ্ঠান)

**বইগুলো ব্যবহারের জন্য** (Books for use) :

একথা সর্বজনবিদিত এই যে, গ্রন্থাগারের বই ব্যবহারের জন্য। এর মধ্যে পুস্তকনির্বাচন, বিন্যাস ও ব্যবহারের সুদীর্ঘকালের ইতিহাস জড়িত। এর মূলকথা হল গ্রন্থাগারে এমন কোন বই রাখা যাবে না যেগুলো ব্যবহার হয়না।

**প্রত্যেক ব্যবহারকারীর জন্য বই** (Book for every Reader) :

প্রথম বক্তব্য গ্রন্থগুলো ব্যবহারের জন্য। এটার মধ্যে সাধারণীকরণ আছে। কোন পাঠক কোন বই ব্যবহার করবে অথবা করবেনা সেটা তার নিজস্ব ব্যক্তিগত ব্যাপার। এই নীতিতে বলা হয়েছে সকল পাঠকের জন্য বই থাকবে।

**প্রতিটি গ্রন্থই পাঠকের জন্য** (Every Book for its Reader) :

রঙ্গনাথনের তৃতীয় নীতির গুরুত্ব হচ্ছে প্রতিটি গ্রন্থেও যথাযথ এবং উপযুক্ত ব্যবহার।

**পাঠকের সময় বাঁচাতে হবে** (Save the time of Reader) :

গ্রন্থাগার সার্ভিসের একটি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে ব্যবহারকারীদের সময় বাঁচাতে হবে। এর কারণ দুইটি। প্রথমত, প্রতিটি পাঠক তার ব্যক্তিগত কাজে ব্যস্ত থাকেন এবং গ্রন্থাগার ব্যবহার করা তার কাজের একটি। দ্বিতীয়ত, যে পাঠকই গ্রন্থাগাওে আসেন তিনি-ই চাইবেন তার কাংখিত পুস্তকটি সন্ধান করতে। কাজেই সকল ক্ষেত্রেই সময় প্রয়োজন বিধায় এমন ব্যবস্থা করতে হবে যাতে সকল ক্ষেত্রেই সময় কম লাগে।

**গ্রন্থাগার একটি বর্ধিষ্ণু প্রতিষ্ঠান** (Library is a growing organism) :

পূর্বে আলোচিত ৪টি নীতির সঙ্গে এই নীতিটির মৌলিক পার্থক্য আছে। সেই চারটি নীতি গ্রন্থাগারের বর্তমান সময়ের সাংগঠনিক ও পরিচালনার দিকগুলোকে নির্দেশ করে। পঞ্চম নীতিটি গ্রন্থাগারের ভবিষ্যৎ রূপকে নির্দেশ করে। সকল গ্রন্থাগারেই সময়ে সময়ে গ্রন্থ সংগৃহীত হওয়ায় গ্রন্থাগার সদস্য, কর্মী ও সার্ভিস ইত্যাদি প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। তাই এ জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়- (i) Service Library (ii) Storage Library (iii) Library Building (iv) Book Acquisition (v) Reader and Users (vi) Library Staff (vii) Departmental Library (viii) Classification (ix) Catalogue etc.

**গ্রন্থাগারের প্রকারভেদ ঃ**

গ্রন্থাগার মুলত ঃ ৪ প্রকার- জাতীয় গ্রন্থাগার, বিশেষ গ্রন্থাগার, একাডেমিক গ্রন্থাগার এবং পাবলিক গ্রন্থাগার ।

সাধারণ ও সহজ কথায় বলা যায়, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারকে একাডেমিক গ্রন্থাগার বলা হয়। অন্যভাবে বলা যেতে পারে। যেমন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত যে সব গ্রন্থাগার অর্থাৎ শিক্ষা প্রতিষ্ঠানকে কেন্দ্র করে যে সব গ্রন্থাগার গড়ে উঠে তারই নাম শিক্ষা প্রতিষ্ঠান গ্রন্থাগার বা একাডেমিক গ্রন্থাগার। প্রাইম ইউনিভার্সিটি লাইব্রেরি একটি একাডেমিক গ্রন্থাগার ।

**প্রাইম ইউনিভার্সিটি লাইব্রেরি**

বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারগুলোতে ছাত্র শিক্ষকের পাশাপাশি বিভিন্ন বিষয়ের গবেষক সমাজ ও এর পাঠকের তালিকায় অর্ন্তভূক্ত। ছাত্র ও শিক্ষকদের শিক্ষা ও গবেষণাকর্মে সহায়তা ও তাদের সঠিক তথ্য সেবা প্রদানের জন্য প্রাইম ইউনিভার্সিটিতে ২৫,৮৬৩ বই, ৮৮০ জার্নাল এবং ৩০০ রিপোর্ট আছে। **Advance Study** এর জন্য UDL (UGC Digital Library) এর Subscription যেখানে E-Book, E-Journal, Report এ Access সুবিধা আছে। সপ্তাহের (৭) সাতদিন প্রাইম ইউনিভার্সিটি লাইব্রেরি খোলা থাকে (সরকারী ছুটি ব্যতীত)।

• Book Borrowing সুবিধা-ছাত্র-ছাত্রীরা একবারে সর্বোচ্চ ৩টি বই ১৫ দিনের জন্য এবং শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীগণ এক সেমিস্টারের জন্য বই ইস্যু করতে পারে।

• E-Resources-প্রাইম ইউনিভার্সিটি বর্তমানে UGC (University Grants Commission) এর সদস্য। ইউনিভার্সিটি ক্যাম্পাস থেকে ইন্টারনেটের মাধ্যমে যে কেউ IEEE, Emerald ১৯৪, Wile এবং JSTOR Giwebsite থেকে প্রয়োজনীয় E-Book, E-Journal, Seminar paper ডাউনলোড করতে পারবে।

• Dissertation Issue সুবিধা

• CD/DVD Issue সুবিধা

• Reading Room সুবিধা

• Reference Service

প্রাইম ইউনিভার্সিটির লাইব্রেরির উপরোক্ত সেবাসমূহ পেতে হলে ছাত্র-ছাত্রী/ শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীগণকে লাইব্রেরীর সদস্য হতে হবে। ২ কপি স্টাম্প সাইজ ছবি এবং ১ কপি পাসপোর্ট সাইজ ছবি দিয়ে মেম্বারশীপ ফর্ম পূরণ করে লাইব্রেরির সদস্য হওয়া যায়।

প্রাইম ইউনিভার্সিটির লাইব্রেরি ব্যবহারের নিয়মাবলীঃ প্রাইম ইউনিভার্সিটির লাইব্রেরি ব্যবহারের নিয়মাবলী নিম্নরুপ-

**Rules & Procedure for the Students:**

- The library users are to bear Library Card while using the Library.
- The library users are not allowed to carry their bags (all types) inside the Library.
- The library users are strictly forbidden to use the mobile phone in the Library.
- The library users are allowed to borrow 03(three) books (not the same book) and keep them in their possession for not more than 15(fifteen) days.
- If the users fail to return the books in time they have to pay a fine of Tk.05.00 (Five)for per book for per day from the 16th day.
- The library users have to maintain silence and serene atmosphere inside the library.
- No food including drinking water can be taken inside the library.
- The library will remain open from (Sunday-Wednesday) 9.00am-5.30 pm, (Thursday) 9.00 am-7.00 pm, (Friday) 8.00 am-7.00 pm, and (Saturday) 10.30 am-6.30 pm, except holidays declared by the university authority.
- In case of loss or damage of reading materials borrowed from the library, the borrower shall have to return thatsame reading materialsto the Library and also fine applicable.
- Borrowing and using of others card is strictly forbidden, it's a punishable offence.
- In case of lost/damaged library card, Tk.100.00 will be charged for the new card.
- Writing or marking in books is forbidden. Any sort of mutilation will cause of replacement.
- Library card must be submitted to the library during the library clearance.

**Rules & Procedure for the Faculty Member/Executive/Staff:**

- The library users are to bear Library Card while using the Library.
- The library users are not allowed to carry their bags (all types) inside the library.

• The library users have to maintain silence and serene atmosphere inside the library room.

• No food including drinking water is allowed to take inside the library.

• A faculty member/executive will be able to borrow one text book maximum per course for a semester. If the number of copies are sufficient then two textbooks can be borrowed and keep them in their possession for a semester.

• She/he must return/renew the books at the end of every semester.

• The library will remain open from (Sunday-Wednesday) 9.00 am-5.30 pm, (Thursday) 9.00 am-7.00 pm, (Friday) 8.00 am-7.00 pm, and (Saturday) 10.30 am-6.30 pm, except the holidays declared by the university authority.

• It is mandatory for every borrower to sign in the respective column of book card during borrowing a book.

• In case of loss or damage of reading materials borrowed from the library, the borrower shall have to return that same reading materials to the Library.

• Library card must be submitted to the library during the library clearance.

• Writing or marking in books is forbidden. Any sort of mutilation will cause of replacement.

**শেলফিং পদ্ধতি**

যে কোন লাইব্রেরিতে সাধারনত ২টি পদ্ধতিতে বই ও পাঠ্যসামগ্রী শেলফিং করা হয় Open shelf Ges close shelf পদ্ধতি । Open shelf পদ্ধতিতে ব্যবহারকারী তার প্রয়োজনীয় পাঠ্যসামগ্রী নিজেই খুঁজে নিতে পারে।

close shelf পদ্ধতিতে ব্যবহারকারীতার প্রয়োজনীয় পাঠ্যসামগ্রী খুঁজতে Library staff এর সহযোগিতা নিতে হয়। প্রাইম ইউনিভার্সিটি লাইব্রেরিতে Open shelf পদ্ধতি অনুসরণ কওে পুস্তকাদি সাজানোহয়েছে। Open shelf পদ্ধতিতে ব্যবহারকারীর পাঠ্যসম্পদে সম্পূর্ণ access নিশ্চিতহয়।

**পাঠ্যসামগ্রী খোঁজার উপায়**

১) ব্যবহারকারী প্রথমে Prime University Library Management Software এ প্রবেশকেও তার কাঙ্খিত পাঠ্য সামগ্রী লাইব্রেরিতে মজুদ আছে কিনা তা খুঁজে দেখতে পারে।

২) লাইব্রেরিতে shelf এর mapping অনুযায়ী circulation desk এ কর্মরত স্টাফ ব্যবহারকারীকে নির্দিষ্ট shelf এ রাখা তার প্রয়োজনীয় পাঠ্য সামগ্রীর দিকে যাওয়ারজন্য নির্দেশনা প্রদান করেন।

৩) ব্যবহারকারী তা আকাঙ্খিত পাঠ্যসামগ্রী সংগ্রহ করার পরে circulation desk এ কর্মরত স্টাফগণ উক্ত ব্যবহারকারীর নামে ইস্যু করে দেন।

**পরিকল্পনা**

প্রাইম ইউনিভার্সিটি নতুন ক্যাম্পাসে স্থানান্তরিত হওয়ার সাথে সাথে লাইব্রেরিও নতুনভাবে Develop হচ্ছে। ব্যবহারকারীকে আরও উন্নত ও যুগোপযোগী সেবা দেওয়ার জন্য লাইব্রেরি প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। এ প্রচেষ্টার অংশ হিসাবে লাইব্রেরিতে নির্মিত হতে চলেছে E-Resource Center। একটি উন্নত ও সর্বাধুনিক লাইব্রেরি গড়ে তোলার উদ্দেশ্যে Recent Trend and Technolog ব্যবহার করে Library Automation এর কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। শেষ কথাহলো, প্রাইম ইউনিভার্সিটির মূল কথাটাই শিক্ষার সাথে সম্পৃক্ত -" A home for rendering prime knowledge".

# Why War? Why Violance?



**Quazi Ruhani Khatun**
43rd batch, MA in English
ID: 163010102011

Wars, battles or conflicts are familiar terms in the history of the world from the ancient period. Along with violence, terrorism, extremism some more related terms has been added to the world history; such as genocide, massacre, nuclear attack, drone attack, chemical attack and so on. In different situations wars are declared, violence takes place, conflict occurs. During any of these sorts of devastating incidents more or less the general people become the main victims.

The life of general people is simple. They want to live a happy and peaceful life with their family or dearest and nearest ones. Some people want to explore the world, some dreams to step on the moon or reach the peak of the Mount Everest, some are busy with discovering something new about the universe. Yet some people are starving in different parts of the world. These ordinary people don't have any thirst for power or conquering other's territory or dominating any specific group of people. They just want peace, however they are the ones most commonly victimized by all the attacks and atrocities.

The forms, styles and weapons of the warfare and attacks are getting more sophisticated everyday with the rapid development of science and technology while the effects are getting more severe and deadlier than before. Nuclear and chemical attacks have horrific effects. The children or infants suffer measurably and intolerably as we see in different news media. The question is for what are we fighting? Whyare there wars? Why violence? Who is getting benefitted by all these deadly conflicts?

In true sense, none is being benefitted by these atrocity or terrorism. Violence can never bring any good to mankind. During a war not only mass people suffer or die; the army, journalists, UN peace keepers as well as the terrorists or extremists gets injured, killed and missing. These people also may have families, parents, children, siblings or beloved ones. What about the pain of these families who lost someone special in these wars?

Through history we come to know that human civilization has witnessed innumerable horrifying man made deaths through out different periods of time; such as killing of 6 million Jews in the Holocaust in Europe (1941-1945), killing by atomic bombings at Hiroshima and Nagasaki in Japan (1945), genocide of 25th March at Dhaka in Bangladesh (1971), killing in 9/11 attack at New York in USA, massive killing of Rohingya people in Myanmar, killing by chemical attack in Syria (2017) and too many more to mention. Any death by this sorts of incidences is not the death of human; rather it is the death of humanity.

One day we may discover other planets out of this world, where aliens live. Who knows the aliens might be more civilized, sophisticated and united than us (human beings).They might mock on us for the weird manner of killing each other and destroying our own planet. What a shame it will be for us!!!

So, let us just be human beings not any black, white or brown and Hindu, Muslim, Christian, Jews or Buddhist. The light of love may remove all the darkness of hatred. Let's leave hatred, distrust and enmity. Let's cherish love, respect, care and kindness for all the lives whether it is human beings, animals or plants. Let's love and let's live.

# পাতি শিয়াল



**আবুল কালাম আজাদ**
সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ

দুরন্ত দৌড়বাজ, চতুর, কৌশলী ও বুদ্ধিমান একটা নিশাচর প্রাণী গ্রাম বাংলায় আগে দেখা যেত। প্রাণীটির নাম পাতি শিয়াল বা খ্যাক শিয়াল। ইংরেজিতে Fox নামে পরিচিত। দৌড়ে পারদর্শী, কুকুরও তাদের সঙ্গে দৌড়ে হার মানত। আমরা ছোট বেলায় অর্থাৎ ১৯৬০ থেকে ১৯৭০ সাল পর্যন্ত এদের দেখা পেতাম। এখন খুব কম দেখা যায়, নেই বললেই চলে। তবে মজার ব্যাপার হল, ২০১১ সালে আমার ছেলে (হৃদয়) যখন ব্যারিস্টারি পড়ার জন্য ইংল্যান্ড গিয়েছিল, আমিও তার সঙ্গে ছিলাম। ছেলের জন্য একটি বাসা ভাড়া নিয়েছিলাম। বাসার পাশেই একটি ছোট-খাট জঙ্গল। তার মধ্যে থেকে একটি শিয়াল নির্ভয়ে মাথা উঁচিয়ে কান খাড়া করে আমাকে পরখ করছিল। অবাক হয়ে ভাবলাম আমাদের দেশের পাতি শিয়াল লন্ডনে এসে Fox নাম ধারণ করে দিব্বি লন্ডনে বসবাস করছে। এরা নিশ্চয়ই বাংলা ভাষা জানে না। তাই আমি Hellow বলার সাথে সাথে গর্তের মধ্যে আস্তে ঢুকে গেল।

এরা যে বুদ্ধিমান এবং চতুর তার বহু প্রমাণ আমরা ছোটবেলায় দেখেছি ও শুনেছি। এরা গৃহস্থের ঘরের মুরগী চুরি করার জন্য দুটি মিলে ফন্দি আটে। একটি বাড়ির পিছনে চুপটি করে বসে থাকে এবং অন্যটি মুরগীর ঘরের আসে-পাশে অতি সন্তর্পনে অপেক্ষা করে। পিছনের শিয়ালটি তখন খুক খুক করে কাশি দেয়, তখন বাড়ির বাঘা কুকুর ঐ শিয়ালের পিছু নেয়। এদিকে চুপটি মেরে বসে থাকা শিয়ালটি মুরগীর ঘরের দরজা ভেঙ্গে মুরগী নিয়ে পালায়। এরা মানুষ ও কুকুরকে বোকা বানানোর কৌশল জানে। এই জন্য শিয়ালকে গ্রাম বাংলার মানুষ “শিয়াল পন্ডিত” বলে সম্বোধন করে। এরা ছোট বড় যে কোন পাখি, সাপ, মাছ, ব্যাঙ, কাঁকড়া, ইঁদুর, হাঁস-মরগী খেয়ে থাকে। ফলের মধ্যে সমস্ত ফলই এরা খায় তবে গাব ও ছফেদা এদের প্রিয় খাবার। এরা আখ ক্ষেতে বসে আখ চিবুতে পছন্দ করে।

আমার চাচা ফুলু মুন্সী বলতেন, “শিয়ালদের একটা আধ্যাত্মিক ক্ষমতা আছে। রাতে ঝড়-বৃষ্টির সময় যদি শিয়াল দল বেধে ডাকে, তা হলে ঝড় থেমে যায়”। তাই তখনকার মানুষ ঝড় বৃষ্টি হলে শিয়ালের ডাকের জন্য অপেক্ষা করত। শিয়ালদের ডাকের একটা রিদম আছে। প্রথমে মাদবর শিয়াল হুক্কাহু বলে লম্বা ডাক দেয়, তারপর তার সহযোগীরা হুক্কাহু হুক্কাহু বলে কোরাস গাইতে শুরু করে। আমরা যারা বয়সে ছোট ছিলাম, শিয়ালের ভয়ে জড়সড় হয়ে মায়ের কোলে লুকাতাম। মনে হত, এই বুঝি শিয়ালের ঝাঁক বাড়িতে এসে পড়ল।

শিয়ালের লম্বা খাড়া কান, কাশ ফুলের মত লোমশ লেজ, শিকারের কৌশলও অভিনব।

এরা মানুষের সঙ্গে দুষ্টুমি করতে পছন্দ করে। কখনও কখনও একা পেলে ভয়ও দেখায়। রাতে কখনও শিয়ালের ফেউ ফেউ ডাক শুনলে আমাদের মুরব্বীরা বলতেন, "গ্রামে বাঘ এসেছে"। অর্থাৎ গ্রামে বাঘ আসলে শিয়াল তার সাথে দুরত্ব বজায় রেখে ফেউ ফেউ ডাকতে থাকে। এই ডাক বাঘ ঐ এলাকা না ছাড়া পর্যন্ত চলতে থাকে। আমাদের এলাকার একটি পরিত্যক্ত ভিটার নাম ছিল পেচোর ভিটা। ঐ ভিটা পুরোটা শিয়ালের দখলে ছিল। শিয়ালেরা সারারাত গ্রাম, বিল, মাঠ-ঘাট, নদী-নালায় খাবার সংগ্রহ করত এবং দিনে ঐ ভিটায় বিশ্রাম নিত। তাদের মধ্যে কোন ঝগড়া বিরোধ ছিল না। সবাই যার যার মত সুরঙ্গ খুঁড়ত আর সমস্ত সুরঙ্গের মুখ এক জায়গায় মিলত। এতে মাটির নীচের একটা বিরাট Rest Room কিংবা দুর্গের মত করত এবং সময় মত যে যার নিজের সুড়ঙ্গ দিয়ে বের হতো। কিন্তু যাদের বাচ্চা ছিল সেই সব শিয়াল বাচ্চাদের খাবারের জন্য দিনের বেলায়ও বের হতো। আমরা মাঝে মধ্যে পাঁচ সাত জন বন্ধু এক সঙ্গে পেচোর ভিটায় শিয়ালদের সঙ্গে দেখা করতে যেতাম। এদের গর্ভধারণকাল দেড় মাস, ২টা থেকে ৪টা বাচ্চা প্রসব করে, বাচ্চার মা বাবা সারাক্ষণ বাচ্চাদের দেখভাল করে। বাচ্চারা দেখতে খুবই সুন্দর, চকচক করে দুইটি চোখ, চাহনী দুষ্টমিতে ভরা, মুখ জুড়ে একটা কৌতুক কিংবা হাসি হাসি ভাব। আমাদেরকে পড়শি কিম্বা আত্মীয় মনে করত। মনে হত এই বুঝি বলে Uncle কেমন আছেন? কিন্তু মা শিয়াল কড়া নজরে রাখত, আমরাও লাঠী হাতে আত্মরক্ষার জন্য দুরত্ব বজায় রেখে দাঁড়াতাম।

এখন আর গ্রাম বাংলার আকাশে শিমুল তুলা উড়া উড়ি করে না। আমাবস্যায় শেওড়া গাছে পেতনী আর খিল খিল করে হাসে না। বৌ কথা কও পাখী আর তার বৌ এর অভিমান ভাঙ্গে না। পাতি শিয়াল গভীর রাতে গ্রাম বাংলায় আর দল বেঁধে ডাকে না। বাঘা কুকুর আর তার গৃহস্থের মুরগী পাহারা দেয় না। গৃহস্থের ঘরে এখন আর মুরগী থাকে না। বেলা শেষের গান বিষণ্ন পথিককে আর উদাস করে না। শুধু সময় বয়ে চলে নিরবধি---

# চিকিৎসা ব্যবস্থা



**হাসান আজিজুল হক**

আমাদের যবগ্রামে আশু ভট্টাচার্য নামে একজন হোমিওপ্যাথ ডাক্তার ছিলেন। আরেকজন অ্যালোপ্যাথ ডাক্তার হিসেবে পরিচিত ছিলেন। কিন্তু তিনি কোনো ডিগ্রিওয়ালা ডাক্তার নন। তাঁর নাম ছিলো হেলা ডাক্তার। সম্ভবত তিনি শহরের একজন ডাক্তারের কাছে গিয়ে কিছুদিন কম্পাউন্ডারি করেছিলেন। আমাদের গ্রামে কোনো ডাক্তার ছিলো না, কাজেই উনিই ডাক্তার হয়ে গেলেন। এ দু'জন ছাড়াও আরেকজন ছিলেন হাফ ডাক্তার। তিনি আদৌ কোনো চিকিৎসক ছিলেন না। টাকা-পয়সাও নিতেন না। শিক্ষিত মানুষ ছিলেন। বাড়িতে হোমিওপ্যাথির বাক্স নিয়ে বসতেন। কাছে গেলে শুনতেন কী হয়েছে। জিবে ঘা হয়েছে, নাকি পেটে জ্বালা হয়েছে কিংবা পাতলা পায়খানা হয়েছে ইত্যাদি। আধাআধি শুনেই বলতেন, 'ওষুধ নেবা শিশি এনেছিস?' শিশিটা দেখালে তিনি তাঁর বাড়ির সামনের দিঘি থেকে শিশিভর্তি জল তুলে আনতেন। তারপর তাঁর হোমিওপ্যাথির বাক্স থেকে একটা শিশি বের করে এক ফোঁটা ওষুধ ওই বোতলের জলের মধ্যে দিতেন। তারপর বলতেন, 'এটা তিনবার করে খাবি। আর খাবার আগে ভালো করে ঝাঁকিয়ে নিবি। সবাই জানত এই ওষুধে কোনো কাজ হবে না। এমন দিন ছিলো তখন, জেনেশুনেও তার কাছে অনেক রোগী যেত। রোগীদের ভালো-মন্দ কিছুই ঘটতো না। শুধু বোতলের পানিটুকু খাওয়াই সার।

আরেকজন যিনি হোমিওপ্যাথ ছিলেন আশু ভট্টাচার্য তিনিও তাই। ব্রাহ্মণ মানুষ। তাঁর কাছে সকাল থেকে রোগীরা যেত। আমাদের মুসলমান পাড়ার রোগী যেত অনেক বেশি। হিন্দুপাড়ারও রোগী সেখানে আসতো। কত রকমের রোগ নিয়ে যে মানুষ তাঁর কাছে যেত-পেট কনকন করছে, পাতলা পায়খানা, আমাশয়, বারবার ওষুধ আনার জন্য গিয়ে বসে থাকতাম। দেখতাম আগে থেকে অনেক লোক বৈঠকখানায় বসে আছে। তাঁর বাড়ী থেকে বৈঠকখানা অনেকটা দূরে। সবটাই মাটির দেয়াল দিয়ে ঘেরা। বৈঠকখানা থেকে বাড়ির কাছ পর্যন্ত যেতে ছোটখাটো একটা মাঠের মতোই পার হতে হয়। তবে দেয়াল দিয়ে ঘেরা। সেখানে একদিন একটা বড় দাঁড়াশ সাপ দেখা গেলো। আমরা বলতাম ঢেমনা সাপ। বিষাক্ত নয়, তবে বেশ লম্বা আর দেখতে হালকা গোলাপি মতো। দাঁড়াশ সাপটি যাচ্ছে ওই বাড়ির এদিকের দেয়াল থেকে ওদিকের দেয়ালের দিকে। একজন বলে উঠলো, 'ওই যে একটা দাঁড়াশ সাপ" যাচ্ছে। তখন আরেকজন বৈঠকখানা থেকে নিচে নেমে একটা ঢিল ছুড়তেই ওরে বাবা! সাপটি লেজের ওপরে ভর দিয়ে ভয়ঙ্কর একটা ফণা তুললো। তখন বোঝা গেলো ওটা একটা খাঁটি গোখরা। বিশাল ওই সাপটি দেখে লোকটি দৌড়ে বৈঠকখানা উঁচু মাটির বারান্দায় এসে বসলো। সাপটা কিছুক্ষণ ফণা দোলানোর পর, আস্তে করে ফণা নামিয়ে চলে গেলো। আশুবাবু বললেন, 'ও বাস্তু সাপ। কোনো ক্ষতি করবে না। তোরা অত লাফাস না।" এদিকে ওষুধ দেবার নাম নেই। সেই সকা-

লবেলা থেকে লোকগুলি বসে আছে। আমি গিয়ে দেখি তিনি তখনো বাড়িতে ফেরেননি।

গ্রামের কারও বাড়িতেই  তখন কাঁচা বা পাকা কোনোরকম পায়খানা ছিলো না। সবাই হাতে একটা পানিভর্তি বদনা নিয়ে মাঠের দিকে চলে যেত। সেখানে কোন ঝোপ-জঙ্গ-লের পাশে বসে কাজটা সারতো। উনিও তেমনটা করে এসেছেন। একদম অশুচি দেহে আছেন। এসেই যে ওষুধ দেওয়া শুরু করবেন তা না।

রোগীরা সবাই বসে আছে, আমিও তাই। তারপর উনি হাত-মুখ ধোয়া আরম্ভ করলেন। নাকের মধ্যে জল তুলে নেওয়া, মুখে জল দিয়ে অনেক্ষণ কুলকুচি করা, কনুই থেকে দুই হাত ধোয়া। নিমের ডালের দাঁতন নিয়ে বের হয়েছিলেন। এখন পর্যন্ত সেই দাঁতন মুখে রয়েছে। আরও কিছুক্ষণ দাঁত মেজে সেটা ফেলে শুরু করলেন মুখ ধোয়া। তারপর জিব ঘষা। মানুষ যে এ রকম করে মুখ  ধুতে পারে, সেটা বিশ্বাসই করা যায় না। তারপর পা দুটো ধোয়া তো আছেই। এক পায়ের ওপর ভর দিয়ে বসে আরেক পা সামনে নিয়ে হাঁটু পর্যন্ত আচ্ছা মতো ধোয়া হলো। ধোয়ার পরে কাঁধের গামছাটা দিয়ে পা-টা মুছলেন। তারপর চটিটা পরলেন। চটিও গাঁয়ের একজন মুচির তৈরি। তার নাম অবলা মুচি। সে মরা গরুর চামড়া ছাড়াতো। তারপর নেহায়েতই গ্রাম্য কায়দায় চামড়া শুকিয়ে চটি তৈরি করে ফেলতো। কিন্তু কিছুদিন বাদেই লোহার মতো শক্ত হয়ে  যেত চটি। কারও আর পায়ে দেবার ক্ষমতা থাকতো না। শুধু মাঠের ধান তোলার সময় ধানের নাড়া ঘষা লেগে পা ক্ষতিগ্রস্ত হবে, একমাত্র ওই সময় চটি জোড়া পায়ে দিয়ে কোনোরকম আঁটিগুলো গাদি করতো। আর সারা বছর চটির কোনো খবর থাকতো না। আমরা বলতাম, অবলা মুচির চটি সোজা জিনিস নয়। আমাদের ভট্টাচার্য মশাই পড়তেন ওই চটি। কিন্তু সব সময় পরতেন বলে তার চটি জোড়া অত অসুবিধাজনক ছিলো না। হাত-পা ধুতে ধুতেই নিজের মনে গান করতেন। মুসলমানদের জন্য বলতেন, 'ওরে পানি খাবার বেলা হলো।' 'পানি খাবার বেলা' আমাদের দেশে একটা প্রচলিত কথা ছিলো। সাধারণত সকালে উঠেই তো মানুষ কিছু খেত না। যদি রাতের ভাত থাকতো কিংবা মুড়ি থাকতো, তবে অল্প একটু খেত। তারপর বেলা ১১ টার দিকে যখন প্রচন্ড গরম, তখন হচ্ছে পানি খাবার বেলা। তখন এক/দেড় কেজি মুড়ি নিয়ে, গুড় নিয়ে পানিতে মুড়ি খেতো। কেউ শুকনো মুড়িই খেতো। গুড়ও দুষ্প্রাপ্য ছিলো। খেজুর গুড় তো পাওয়াই যেত না। আখের গুড় ছিলো, কেননা গ্রামের লোক আখ লাগাতো। আমাদের বাড়িতে গুড় সাধারণত ভালো হতো না। তবু সেই গুড়ই আমাদের খেতে হতো।

যাই হোক, ভট্টাচার্য গুনগুন করে গান গাইছেন, 'ওরে পানি খাবার বেলা হলো।' তারপর নানা রকম শব্দ করে, নাক-হাত-কান ঝেড়ে কত কী করে উনি ডাক্তারি করতে বসতেন। 'কী হয়েছে বল।' নানা রকমের অসুখের কথা বলতো লোকে। আর ভট্টাচার্যও জিজ্ঞেস করতেন, 'বারে বারে পেচ্ছাপ লাগে? কতক্ষণ পরপর যাস? ক'বার করে জল খাস? পেটে অসুখ? পায়খানা কেমন, নরম? একেবারেই জলের মতো নরম? কী যে খাস তোরাই জানিস।' শোনার পর ওষুধ দিতেন পুরিয়া। একজনের তো ছিলো পানি, আর ওঁর ছিলো পুরিয়া। বেশ খানিকটা আটার মতো পুরিয়া একটা কাগজে দিতেন। বলতেন, 'যা ভালো হয়ে যাবি।' 'কত এনেছিস, চারআনা? দে চারআনাই দে।'

এই হলো দু'জন হোমিওপ্যাথ। তৃতীয়জন ছিলেন অ্যালোপ্যাথ। একটু আগেই বললাম ডাক্তার ছিলেন না তিনি। কোনো ডাক্তারের কম্পাউন্ডার ছিলেন হয়তো। তাঁর একটা ঘরে মিক্সার তৈরি করার জন্য নানা কিছু থাকতো। তাঁর ওষুধ কখনো লালচে হতো, কখনো কালো হতো। মানে রোগ যত কঠিন তার থেকে চিকিৎসা অনেক বেশি কঠিন। তখন কয়েকটা রোগে গ্রামকে গ্রাম উজাড় হয়ে যেত। তার মধ্যে একটা গুটিবসন্ত। সেটা এখন আর নেই। কলেরা ছিলো। আর ম্যালেরিয়ার ধরণ ছিলো নানা রকম। পুরনো হলে পিলে বের হয়ে যেত। জ্বর কারও একদিন, কারও দুদিন পরপর আসছে। ঘরে ঘরে এই ম্যা-লরিয়ার রোগী। গরিব মানুষ, চিকিৎসার ব্যবস্থাই নেই। ম্যালেরিয়ার প্রচন্ড জ্বর সন্ধ্যাবে-লায় জ্বরটা একটা কমতো। আবার পরদিন বেলা দশটার দিকে আসতো। ওষুধ তখন কিছুই নেই। শুধুমাত্র কুইনাইন ট্যাবলেট এবং কুইনাইন ইঞ্জেকশন। ইঞ্জেকশনই তখন সর্বোচ্চ চিকিৎসা। কুইনাইনের বড়ি তখন সরকার থেকে দিতো। পোস্টমাষ্টারদের কাছে আসতো। ট্যাবলেটগুলো ভীষণ তেতো! এই ট্যাবলেট খাওয়ার ক'দিন পরে কান ভোঁ-ভোঁ করতো, কিছু শোনা যেত না। ইঞ্জেকশনটা দিলে বড়ি আর খেতে হতো না। তবে ইঞ্জেকশন দেওয়াটাও ছিলো বর্বর। তা যেদিন কুইনাইন ইঞ্জেকশন দেবে, সারা বাড়িতে আতংক ছড়িয়ে পড়তো।

আর টাইফয়েড মানে তো অবশ্যম্ভাবী মৃত্যু। টানা ২১ দিন কি ২৭ দিন জ্বর থাকতো, পেট খারাপ হয়ে যেত। তখন কোনো চিকিৎসা ছিলো না। এখন তো অনেক অ্যান্টিব-ায়োটিক। হেলা ডাক্তারের মিক্সার আর শেষ মোক্ষম অস্ত্র ছিলো এই কুইনাইন ইঞ্জেকশ-ন। আমার পাশের বাড়িতে ১৬-১৭ বছরের একটি মেয়ে ছিলো। তার নাম কালো। সে সত্যিই খুব কালো। তবে কালো হলেও দেখতে সুন্দর ছিলো। তার বাবা মারা গেছে। একটা ভাই আছে, সে রাখালের কাজ করে। মা ছাড়া দেখার মতো আর কেউ নেই মেয়েটার। মা-ও দেখতে দেখতে ক্লান্ত হয়ে গেছে। মেয়েটার দিকে আর তাকানোই যেত না। বাড়িতে একটা বিরাট তেঁতুলগাছ, তার নিচে খেজুর পাতার চাটাইয়ে মেয়েটা রাত-দিন পড়ে থাকতো। সন্ধ্যার পরে কোনো রকমে ধরে তুলে নিয়ে যেত তার মা। নীরব, ধীর অবশ্যম্ভাবী একটা মৃত্যু। কালোর চিকিৎসা যে একেবারে হয়নি তা না। হেলা ডাক্তার অনেককেই কুইনাইন ইঞ্জেকশন দিয়েছেন, কালোকেও দিয়েছিলেন কিন্তু কোমরের কোথায় যে ইঞ্জেকশন দিলেন-মেয়েটি একেবারে খোঁড়াই হয়ে গেলো। আর কোনোদিনই উঠতে পারলো না। ইঞ্জেকশনটা শিরার কোথায় গিয়ে কী হয়েছে-ছোট ছিলাম তাই অত কিছু জানি না। অবাঞ্ছিত বেঁচেছিলো যে কালো তার মা বলতো, 'কবে মরবি, কবে মরবি? আজই মরলে হাড় জুড়োয়।' কতদিন আর এভাবে বেঁচে থাকবে? শেষ দিকে কোমরে পিঁপড়ে লাগলেও ওর ক্ষমতা ছিলো না সেগুলো সরানোর। মা-ও সরাচ্ছে না। কালো কবে মরবে? শেষ পর্যন্ত কালো মরলো বৈকি।

এদেশের মানুষ অনেক নিষ্ঠুর সময়ের মধ্য দিয়ে গেছে। আমি তো রাঢ়ের কথা বলছি শুধু। রাঢ় ছাড়াও অনেক জায়গায় এমন হয়েছে। পূর্ববঙ্গে কী হয়েছে তা জানি না। অজপাড়াগাঁয়ের ছেলে আমি। তবে সমস্ত বাংলাদেশের চিত্র এ রকমই হবে হয়তো।

এর মধ্যে মাঝে মাঝে আবার দু'চারটে ঘটনাও ঘটত। আমাদের ওখানে করবীগাছ হয়। হালকা শ্বেতকরবী, রক্তকরবী, গোলাপী করবি। ওখানে আরেক রকম করবী গাছ হতো হলুদ রঙের। রঙটা ভারি সুন্দর ছিলো আর দেখতে অবিকল ছোট তামাক খাওয়ার কলকের মতো। সেজন্য আমরা বলতাম, কলকে ফুলের গাছ। এই গাছে বড় বড় বিচি হতো। ওই বিচি যদি কেউ বেটে খায়, তাহলে তীব্র বিষে আক্রান্ত হয়ে তার মৃত্যু পর্যন্ত ঘটতে পারে।

গাঁয়ের বাইরে একজন ডাক্তার ছিলেন। আমাদের গ্রাম থেকে ঠিক দু'মাইল দুরে। তখন বর্ধমান-কাটোয়া ন্যারো গেজের লাইনে ট্রেন চলতো। ওটাই ছিলো আমাদের একমাত্র অবলম্বন। ওটায় উঠেই আমরা মহকুমা শহর কাটোয়া যাচ্ছি, সদর বর্ধমান শহরে যাচ্ছি। আমরা অনেক সময় দুপুর বেলা নামতাম নিগণে। গাছপালা নেই। দূরে একটা মাত্র গাছ, ভূতের মতো দাঁড়িয়ে আছে। অনেক দূরে একটা পুকুর। সেখানে পানি নেই বললেই চলে। পুকুরপাড়ে একটি গাছ যেন কুঁজো হয়ে লাঠিতে ভর করে দাঁড়িয়ে আছে। আমরা বলতাম ঠাকুরপুকুর। এদিকে একটা শ্যাওড়া গাছ ছিলো। গ্রাম থেকে অনেক দূরে ছিলো গাছটি। কেউ যেত না ওখানে ভয়ে। কেউ বলতো ওখানে একটা অজগর সাপ গাছটাকে বেড় দিয়ে আছে। মানুষ বিশ্বাস করতো। ওখান থেকে খানিকটা দূরে আমাদের একটা ৭ বিঘা বাকুড়ি ছিলো। মানে একটি জমিই ৭ বিঘা আয়তনের। অন্য সব জমির ধান কাটার পর আমাদের ওই জমিটার ধান কাটা হতো। তখন মাঠ কিন্তু ফাঁকা।

ওই যে ট্রেনটা যেত ওটাই ছিলো বাইরের জগতের সাথে আমাদের যোগাযোগের একমাত্র মাধ্যম। স্টেশন ছিলো দু'মাইল দূরের নিগণ। অনেক সময় আমরা বাড়ি থেকে বের হতাম ট্রেন থেকে ধোঁয়া দেখা গেলে।  জানি দৌড় দিয়েই ট্রেন ধরা যাবে। ১৮৫৪ সালে চালু হয়েছিলো নাকি এই ট্রেন। এখন হয়তো বড় লাইন হয়েছে। আমি সম্প্রতি যাইনি। সেই ছোট লালরঙা ট্রেন দুলতে দুলতে যেত। স্টেশনগুলোতে যেসব আসবাবপত্র ছিলো সব পাকা কাঠের। এমন স্থায়ী যে, আমার ধারণা এখনো আছে। কবেকার পুরনো টেবিল এখনো তেমনই আছে। আরেকটা জিনিস ছিলো, কোনো কোনো স্টেশনে ডাক্তার থাকতেন। তাঁর অবস্থান হয়তো স্টেশনে কিন্তু একটা মাটির কোয়ার্টার তাঁকে করে দিতো। হয়তো একটা বাড়ি আরেকটা ডিসপেনসারি। এগুলো সরকার নিজেই করতো। ওখানে একজন ডাক্তার ছিলেন বিমল ডাক্তার নামে। কেমন ডাক্তার জানি না। মনে হয় তেমন কিছু জানতেন না। তাঁর কাছে কেউ যেতও না। নিগণ স্টেশন থেকে নেমে দু'পা গিয়ে ছোট্ট একটা মাঠ পার হলেই তাঁর মাটির ডিসপেনসারি। আর পাশেই তাঁর বাড়ি। উনি থাকতেন না বেশিরভাগ সময়। ট্রেনের কে আর তাঁর কাছে যাবে? কেউ অসুস্থ হলে ট্রেন থেকে নেমে বিমল ডাক্তারের কাছে যাবে, তাঁর কাছ থেকে চিকিৎসা নেবে-এ আর হতো না কখনো।

বিমল ডাক্তারকে নিয়ে একটা গল্প বলা যাক। আমাদের পাশের বাড়িতে চার ভাইয়ের এক সংসার ছিলো। চার ভাই একসঙ্গে থাকতো। সব একসঙ্গেই কৃষিকাজ করতো এবং মোট-ামুটি সচ্ছল ছিলো পরিবারটি। সেই চার ভাইয়ের মধ্যে দ্বিতীয় খানাই। বড় ভাইয়ের নাম মানাই, তৃতীয় খলিল। মানাই বড় ভাই, তার সুন্দর চেহারা, তিনি কারও বাড়িতে কাজ করতেন না। বাকি ভাইয়েরা করতো। আত্মীয় স্বজন ডাকলেও কিষান দেওয়ার রেওয়াজ

ছিলো। চারআনা করে রোজ দেওয়া হতো। কেউ কিছু মনে করতো না। খানাই ভাইকে সবাই পছন্দ করতো এজেন্য-আসার পর থেকে সন্ধ্যেবেলা যাওয়ার আগে পর্যন্ত একটি মুহূর্তও তিনি বিশ্রাম নিতেন না। এত পরিশ্রম করতেন। খানাই ভাইকে যে কোনো কিছু বললেই করে দিতেন। খানাই ভাই একদিন মাঠে কাজ করতে গিয়েছেন। বজু তার ছোট ভাই, তার সঙ্গে বেয়াদবি করেছে। তাকে তো গলা টিপে প্রায় মেরেই ফেলে। লোকজন ছিলো। তারা এসে ছাড়িয়ে দিলো। উনি বেরিয়ে এসে নিজেই এত দুঃখ পেলেন যে, কাছের কলকে গাছের ফল পেড়ে সেগুলো চিবিয়ে খেলেন। গাঁয়ে ছোট একটা ঘটনা ঘটলেও সার গাঁয়ে ছড়িয়ে পড়তো। আমি তখন ১৪-১৫ বছরের কিশোর। বাবা বলছেন, 'তুই বিষ খেলি কেন?' বাবা আমাকে বললেন, 'যা দৌড় দে। বিমল ডাক্তারকে ডেকে নিয়ে আয়। গাঁয়ের এসব ডাক্তার দিয়ে কিছু হবে না', আমি তখন গিয়ে বিমল ডাক্তারকে বললাম, 'আপনি আমাদের গাঁয়ে আসেন। একজন কলকে ফুলের বিষ খেয়েছে। ডাক্তারবাবু আপনি তাড়াতাড়ি চলুন।' উনি তো রোগী তেমন পান না। তাই তখন তার বিখ্যাত ডাক্তারি ব্যাগ, মাথায় টুপি দিয়ে খাঁটি ডাক্তার সেজে আমার সঙ্গে বেরুলেন। আমাদের গ্রামছিলো দু'মাইল দূরে। মাইলখানে আসার পর একজন দৌড়ে এসে বললো,'ডাক্তারবাবু আপনাকে আর যেতে হবে না। রোগী ভালো হয়ে গেছে।' রোগী ভালো হয়ে গেছে শুনে ডাক্তারের যে কখনো এত রাগ হয় আমি জীবনে কখনো দেখিনি। প্রচন্ড রেগে গিয়ে মুখ উঁচু করে বললেন,'আমায় ডেকেছিস যখন, ফি দিতে হবে।' তখন আশপাশে যারা ছিলো তারা বললো, ফি কোথা থেকে পাওয়া যাবে ডাক্তারবাবু? আমাদের কাছে ফিস-টিস কিছু নেই। তখন উনি মুখ উঁচিয়ে, 'আরেক দিন এসে ফি নিয়ে যাবো'-বলে চলে গেলেন।

# বাঁদর



সৈয়দ মনজুরুল ইসলাম

আমার বাবার জন্মই যেন হয়েছিল একটা কঠিন জীবনকে কাঁধে তুলে বয়ে বেড়াবার জন্য। কিন্তু কতদুর, কোনদিকে, কোন গন্তব্যে জীবনটাকে বয়ে নিয়ে যেতে হবে, সে বিষয়ে কোনো ধারণা তার ছিল না। অথচ, মোটামুটি জন্ম থেকে কাঁধে তুলে নেয়া ওই আমাকে। মা এই জীবনে কোনোদিন স্বস্তি পাননি। একদিন তিনি বাছেত মাঝির হাত ধরে সেই জীবন থেকে বেরিয়ে গেলেন। লতু, আমার বড় বোন, অনেকদিন বাবার জীবনজালে আটকে ছিল। একদিন তার বিয়ে হলো, সে মুক্তি পেল। আর নোমানের কী হলো: একদিন এক নারিকেল গাছে চড়তে গিয়ে তার হঠাৎ হাত-পা আলগা হয়ে গেল অথবা সে লাফ দিল। কোনটা, বলা কঠিন। কিন্তু সেই গাছে যে কোনো নারিকেল ছিল না, এটাও তো ভাবার মতো একটা বিষয়।

বাবার সামান্য কিছু জমি ছিল, কিন্তু যমুনা সেতু হবে, বাবার জমি চাই। একদিন দু'তিন কোট-টাই পরা লোক এসে বাবার হাতে দশ হাজার টাকা ধরিয়ে দিল। তারপর কাগজে তাকে নাম লিখতে বলল। বাবা সে কথা শুনে হাসলেন। বললেন, নাম লিখতে পারলে তিনিও কোট-টাই পরে গরিব মানুষকে ভুলিয়ে জমি দখলের খেলায় নামতেন। বাবা জানতেন, পঞ্চাশ হাজারের জায়গায় তাকে দশ হাজার টাকা দিচ্ছিল লোকগুলি। তিনি টাকাটা একটা লোকের হাতে তুলে দিয়ে বললেন-লোকটা লাল রঙের টাই পরেছিল, আমার মনে আছে-এটা রাখেন। আপনার মেয়ের শক্ত অসুখ হবে। তার চিকিৎসায় কাজে লাগবে। আমার ধারণা হয়েছিল, বাবা জমি হারিয়ে, টাকা ফিরিয়ে দিয়ে শূন্য হাতে আবার জীবন শুরু করতে পেরে, অর্থাৎ জীবন নামের বোঝাটায় আরো কয়েক সের ওজন লাগিয়ে দিয়ে বয়ে বেড়ানো শুরু করতে পেয়ে খুশি হয়েছিলেন। তখনও অবশ্য নোমান ছিল, কিন্তু জমি কী জিনিস, জমির দাম এবং দাম দিতে কারচুপি করা কী জিনিস, এবং রেগে চিৎকার করতে থাকা লাল টাই পরা লোকটার সামনে বাবার কুচি কুচি করে ছিঁড়ে ফেলা কাগজটা কী জিনিস, তা বোঝার বয়স তখন তার ছিল না। আমি নিজেও এসব বুঝতাম না, তবে লাল টাইটা আমার ছুঁয়ে দেখতে ইচ্ছে করেছিল বলে লোকটার চোখ দুটি এখনও আমার মনে গেঁথে আছে। ওই রেগে যাওয়ার আগে লোকটার দুই চোখে একটা বিশাল ভয় আমি দেখেছিলাম। ভয়টা বিশাল ছিল বলে রাগটাও বড় ছিল।

বাবা এই মুহূর্তে বাঁদরের খেলা দেখাচ্ছেন। বাঁদরটা বাবা সিরাজগঞ্জের এক চাল ব্যবসা-য়ীর কাছ থেকে পেয়েছেন। চাল ব্যবসায়ী আবার এটা পেয়েছিলেন থানার ওসি থেকে। বাঁদরটা থানাতেই থাকত। এবং ওসির সঙ্গে বাধ্য কয়েদির মতো ব্যবহার করত। তিনি সিরাজগঞ্জে বদলি হলে বাঁদরটাকে সঙ্গে করে নিয়ে এসেছিলেন। ওসি বলেছিলেন চাল ব্যবসায়ীকে, 'এক রাতে হঠাৎ বাঁদরটা এসে থানায় আমার কামরায় ঢুকল, একেবারে

হন্তদন্ত হয়ে। যেন সে একটা ক্রাইম করেছে এবং আমার কাছে সারেন্ডার করতে এসেছে।' কিন্তু ওসির মেয়ে সুমনা বাঁদরটাকে পছন্দ করত না। ওসি রোজ সুমনাকে বাঁদরটাকে কলা খাওয়াতে বলতেন। এবং এক হালি কলার পয়সা তিনি সুমনাকে দিতেন। অথচ সুমনা কলা না কিনে পয়সাটা মেরে দিত, অথবা কিনলেও বাঁদরটাকে দেখিয়ে দেখিয়ে সেগুলি খেয়ে ফেলত। একদিন, সিরাজগঞ্জে আসার পর , সুমনা বাঁদর-টার চোখের সামনে একটা মুরগির রান খাচ্ছিল। কিন্তু তার গলায় হঠাৎ খাবার আটকে গেল। মেয়েটা মরতে বসেছিল-মারাই যেত, যদি না বাঁদরটা এসে তাকে জড়িয়ে ধরে বুকের ওপর দিয়ে এমন জোরে টান মারত, যে গলায় আটকানো খাবার একদিকে আর সুমনা অন্যদিকে পড়ে যেত। উঠে দাঁড়িয়ে নিঃশ্বাসটা জড়ো করে সুমনা একটা লাঠি নিয়ে এরপর বাঁদরটাকে পেটালো। বাঁদরটা কিছুক্ষণ অবিশ্বাসের চোখে তাকাল, তারপর চোখে-মুখে হতাশা ঢেলে একটা গাছে গিয়ে বসে রইল। চাল ব্যবসায়ীর বাঁদরের শখ ছিল। তিনি ওসি থেকে গল্পটা শুনে বললেন, 'মেয়ের ক্ষতি হবে। আমাকে দিয়ে দিন।'

কিন্তু ক্ষতিটা হলো চাল ব্যবসায়ীর। বাঁদরটা তার আড়তে যেদিন পা দিল, যমুনায় তার চালভর্তি নৌকা উল্টে তিনি প্রায় পথে বসলেন। অবাক, নৌকা ওল্টাতেই পারে-যমুনা যেরকম মেজাজি নদী, একটা নৌকার কান ধরে যে কোন সময় উল্টে দিতেই পারে। দুটাও হয়তো ওল্টাতে পারে। কিন্তু চারটা? মাঝিরা কেউ অবশ্য ডুবে মরল না। ডুবে মরল শুধু চালের বস্তাগুলি। তারা এসে বলল, হঠাৎ ঝড় উঠেছিল মাঝ নদীতে।

বাঁদরটা আড়তের চালায় বসে চেঁচামেচি করছিল। তার খিধে লেগেছে, খাবার চাই। কিন্তু চার নৌকাভর্তি চাল হারানোর মতো প্রাণঘাতী খবর শুনে চাল ব্যবসায়ী কি আর বাঁদরের খাবারের কথা নিয়ে ভাববেন, না তার চেঁচামেচি সহ্য করবেন? তিনি একটা লাঠি হাতে নিয়ে বেরিয়ে জোরে একটা ঘা লাগালেন বাঁদরটাকে। আঘাত খেয়ে কিছুক্ষণ চুপ মেরে বসে রইল জিনিসটা, তারপর ওঠে চলে গেল। দু'দিন পর ফিরে এসে ব্যবস-ায়ীর পায়ের কাছে একমুঠি চাল ফেলে দিল।

ব্যবসায়ীর মাথায় রক্ত চড়ল। তিনি ভাবলেন, যে দু'এক বস্তা চাল দোকানে তখনও ছিল, তার একটা হাত ঢুকিয়েছে বাঁদরটা। কিন্তু এবার তিনি আর এটিকে মারলেন না। তার সামনে বসা আমার বাবাকে বললেন, এই বাঁদরটাকে নিয়ে যাও। তুমি তো পথের মানুষ। যাও, এটিকে নিয়ে পথ দেখো। ভালোই হবে, তোমার বাঁদর মেয়েটা এখন এই বাঁদরটাকে নিয়ে সংসার করবে।

বাঁদর মেয়েটা আমি। আমার বিয়ে হয়েছিল চাল ব্যবসায়ীর ভাতিজার সঙ্গে। কিন্তু বিয়ের পর দুই সপ্তা দিনে-রাতে সে আমাকে নিয়ে শুয়ে থাকার পর বলেছে, ভাগ। আমি তারপরও থেকে গেলে সে তার দুই বন্ধুকে ডেকে বলেছে, নে, এইটা এখন তোদের।

এরপর অবশ্য আমি দৌড় দিয়েছিলাম। আমার দুই সপ্তার কষ্ট-সুখের জীবন, আমার নিজের একটা জীবন, স্বপ্ন দেখতে দেখতে ভেঙে যাওয়া একটা জীবন পেছনে ফেলে।

বাবা রাগী মানুষ। আমার হাত ধরে বিচার চাইতে এসেছিলেন চাল ব্যবসায়ীর কাছে। চাল ব্যবসায়ী চোখ লাল করে বলেছিলেন, চার নৌকা চাল ডুবেছে মরার যমুনায়। এই জন্য মনটায় বিষ। হাত পা নিশ্চল, তা নইলে পিটাইয়া তোমার এবং তোমার বদ মেয়ের

যমুনা পার করে দিতাম।

আমি বাবাকে একশ'বার বলেছিলাম, গরিবের বিচার নাই। তিনি শোনেন নাই। চাল ব্যবসায়ীর কতা শুনে তার মাথা গরম হচ্ছিল, কিন্তু আমি তার হাত ধরে টেনে বলেছিলাম, গরিবের বিচার চাইতে নেই। বাঁদরটা একথা শুনে ঘন ঘন মাথা ঝাঁকাচ্ছিল। সেও গরিব, সেও জীবনে কোনো বিচার পায়নি। আমি অবশ্য বুঝতে পেরেছিলাম ব্যবসায়ীর চাল যারা লুটে নিয়েছে মাঝিদের এবং ব্যবসায়ীর নিজের দুই লোক বদি আর আজমকে মোটা টাকা দিয়ে; এবং নৌকাডুবির নাটক করেছে, তাদের খোঁজ পেয়েছে বাঁদরটা, এমনকি বস্তাগুলি যেখানে নিয়ে তুলেছে, সে জায়গাটাও, কিন্তু বাঁদরের হয়ে এ কথাগুলি তাকে বলার আমার কোনো কারণ ছিল না। এবং সত্য বলতে কি, মিনিট দশেক তার আড়তে বসে একবারও আমার মনে এরকম কোনো চিন্তা আসেনি যে, আমার ওই পনেরো দিনের জীবনের ভাঙ্গা স্বপ্নটা এ লোক কোনোভাবে জোড়া লাগাতে পারবে। তার ভাতিজা মোতালেব, আমার পনেরো দিনের স্বামী হয়তো ততদিনে আরেকটি মেয়ের পনেরো দিনের স্বপ্ন পানি করে দিচ্ছে। শুনেছিলাম, আমাকে তাড়িয়ে দিয়ে সে আরেকটি মেয়েকে ঘরে এনে তুলেছিল।

ও, মোতালেবের দুই বন্ধুর কথা বলা হয়নি। একটার নাম ছিল সুরুজ। অন্যটার নাম জানি না। তারা আমার আর বাবার পেছন লেগেছিল। আমরা যে পথ দিয়ে ফিরেছিলাম, তা ছিল গৃহস্থপাড়ার। বাড়িগুলিতে তাল, নারিকেল আর আম-জামের গাছ ছিল। সেরকম এক নারিকেল গাছের নিচে সুরুজ এসে পৌঁছালে তার মাথায় একটা বড়সড় ডাব পড়েছিল। সুরুজ মাগো বলে চিৎকার দিয়ে মাটিতে পড়ে গিয়েছিল। তার বন্ধু ব্যস্ত হয়ে পড়েছিল সুরুজকে নিয়ে। মানুষ জমার আগেই অবশ্য আমি বাবাকে বলেছি, পা চালাও বাবা, পা চালাও।

কিছুক্ষণ পর একটা গাছ থেকে ঝুপ করে লাফিয়ে নেমেছিল বাবলু। বাবলু হচ্ছে সেই সেই সেই বাঁদরটা। চাল ব্যবসায়ীর আড়তে বসেই তাকে এই নামটা আমি দিয়েছিলাম। নোমানকেও আমি বাবলু বলে ডাকতাম। আবার মোতালেবের সঙ্গে ওই পনেরো দিনের কষ্ট স্বপ্নের সময়টাতে আমি ভেবেছিলাম, আমার ছেলে হলে তার নাম রাখব বাবলু।

চাল ব্যবসায়ীর ব্যবহারে বাবা খুব কষ্ট পেয়েছিলেন। এই কষ্ট যোগ হলো আমার পনেরো দিনের স্বপ্ন ভেঙ্গে যাওয়ায় তার প্রবল মনঃকষ্টের সঙ্গে। আমার মনে হলো বাবার জীবনের বোঝাটা যেন হঠাৎই খুব ভারী হয়ে গেল। কিন্তু বাবা তার ক্রমেই ভারী হতে থাকা জীবনে কি সুন্দর বাবলুকেও ঢুকিয়ে দিলেন।

রাগে-দুঃখে বাবা যমুনা পার হয়ে আমার হাত ধরে টাঙ্গাইল এসে উপস্থিত হলেন। হাতে তার টাকা-পয়সা নেই। তার ওপর আবার আছি আমি, আমি যাকে সুন্দরী বলি, হয়তো তাই নই; তবে বয়সটা ভরা যৌবনের। আর যৌবনে কুকুরিটাকেও দেখতে বেশ লাগে। তাছাড়া, আমার শরীরে মধুটুধু নিশ্চয় কিছু ছিল। এজন্য বাবার বোঝাটা আরো ভারী হয়েছিল। কিন্তু মোতালেবের কাছে আমার স্বপ্নের চাবিটা ফেলে এসে আমার ভেতর কেন জানি একটা বেপরোয়া ভাব এসেছিল। যা হবে, তা হবে। একদিন বাবলুকে কথাটা আমি বলেছিলাম। বাবলু খুব মন দিয়ে আমার কথা শুনত। একদিন বাবলুকে বলেছিলাম, বিয়ের আগে একটা মেয়ের ইজ্জতের দাম লাখ টাকা। কিন্তু বিয়ের পর স্বামী তাকে খেদিয়ে দিলে

তা ইজ্জতের দাম এক টাকাও না। ফলে ইজ্জত নিয়ে আমার ভাবনা নেই। বাবলু আমার কথায় কঠিন প্রতিক্রিয়া দেখিয়েছে। জোরে জোরে মাথা নেড়েছে।

ও, বাবলুর কথায় একটা মজার কথা মনে পড়ল। একদিন আমাদের খুপরি ঘরের কোণে বসে আমার উরুতে মোতেলেবের কামড়ের শুকিয়ে যাওয়া দাগটা দেখতে দেখতে আমি কাঁদছিলাম। আমার কান্না শুনে বাবলু ঘরে ঢুকিছিল। পেছন থেকে এসে মাথায় একটা টোকা মেরে লাভ দিয়ে সামনে পড়েছিল। কিন্তু হঠাৎ দু'হাতে চোখ ঢেকে উঁ উঁ করতে থাকল। আমার হঠাৎ খেয়াল হলো, উরুর কাপড় অনেকটাই সরে গেছে ওপরের দিকে। আমি কাপড় টেনে পা ঢেকেঢুকে বাবলুকে বললাম, এখন চোখ খুলতে পারিস।

বাবলু চোখে রাজ্যের দুঃখ ঢেলে চুপচাপ বসে উঁ উঁ করতে থাকল। বাঁদরের যে লজ্জা আছে, এ বিষয়টা কোনোদিন জানতাম না। জানব কি, বাবলুই তো আমার দেখা প্রথম বাঁদর।

বাবা এক সময় জমি চাষ করতেন, তারপর কিছুদিন তেজারতি করেছেন। কিছুদিন নৌকা চালিয়েছেন। গতরে খাটতে পারতেন। কিন্তু মা বাসেত মাঝির সঙ্গে চলে যাওয়ার পর গতরটা যেন কিছুটা পানি হয়ে গেল। এখন আর তেমন তনাই নেই। টাঙ্গাইলে তার এক দূর সম্পর্কেও ভাই ছিল। একটা খাবার হোটেল চালাতেন। বেশ বড় হোটেল। আর আকুরটাকুর পাড়ায় একটা ভাড়া বাসায় থাকতেন। ভাইটাকে বাবা অনেক সাহায্য করে-ছিলেন এক সময় এবং ভাইটার চক্ষুলজ্জাও ছিল। কিন্তু এক দজ্জাল বউও ছিল। সেই দজ্জাল বউ, আমার চাচি, একবার বাবা, একবার আমি এবং একবার বাবলুর দিকে তাকিয়ে বললেন তার লাশ হওয়ার আগে কেউ তার বাড়িতে ঢুকতে পারবে না, থাকা তো অন্য কথা। বাবার ভাই শেষমেষ তার চা দোকানের পেছনের খুপড়ি ঘরটা আমাদের জন্য ছেড়ে দিলেন। মাথা গোঁজার ঠাঁই হলে বাবা জীবিকার চিন্তায় পড়লেন। আমি বললাম, বাবলু আমাদের বাঁচার একটা উপায় করে দেবে। আমার কথা শুনে বাবলু হেসেছিল। সত্যি বলছি আপনাকে, বাবলু আমাদের মতোই হাসতে পারে। তারপর হাত-পা নেড়ে সে চিৎকার শুরু করে দিল। আমার হঠাৎ মনে হলো, বাবলু জীবন শুরু হয়েছিল কোনো বাঁদর নাচিয়ের হাতে। এবং বাঁদর নাচিয়ে নিশ্চয় তাকে খুব আদর-যত্নে রাখেনি। নিশ্চয় কষ্ট দিয়েছে; খাবারটাবারও নিশ্চয় তেমন দিত না। ওই লোকের হাত থেকে বাঁচার জন্য নিশ্চয় থানায় গিয়ে সোজা ওসির কামরায় ঢুকেছিল। বাবলু জানে, কখন কোথায় গেলে বাঁচা যায়। ওসি তাকে যত্নে রেখেছিলেন, ওসির বদ মেয়েটা যদিও তাকে কষ্ট দিত।

হ্যাঁ, ওসির মেয়েটাকে বাবলু এরপরও বাঁচিয়ে দিয়েছিল। কিন্তু বদ মেয়ে বলে কথা। তবে স্যার, আপনি নিশ্চয় বলবেন, ওসির ওই বদ মেয়েটাও জীবন নিয়ে তার স্বপ্নটা পনেরো দিন থেকে অনেক বেশি লম্বা করতে পারে। খোদার দুনিয়ায় গরিব লোকের ভালো মেয়ে থেকে পয়সাওয়ালার বদ মেয়েরা অনেক ভালো থাকে।

আমি যখন বাবাকে বললাম, বাবলু আমাদের বাঁচার একটা পথ করে দেবে, এবং বাবলু তাতে নাচানাচি শুরু করল, বাবা খুব অবাক হলেন। তিনি একটা দড়ি জোগাড় করে আমাকে বললেন, বাঁধো। এবং চলো।

কিন্তু বাবলু দড়িটা নিয়ে চালে রেখে এলো। সে কিছুতেই দড়ি সহ্য করতে পারে না। এমনকি খুপরি ঘরের পেছনে এক চিলতে জায়গায় যে একটা দড়ি ঝুলিয়ে আমার কাপড় শুকাবো, সেজন্য বাবলুকে হাতে-পায়ে ধরে অনুমতি আদায় করতে হয়েছে। যাই হোক, বাবাকে যখন আমি কথাটা বলেছিলাম, তখন সকাল নয়টা বাজে। বাবার মধ্যে কিছুটা ক্লান্তি এবং হতাশা দেখেছিলাম। কিছুটা রাগও। স্বাভাবিক, সাত দিন হয়ে গেলেও একটা কাজ খুঁজে পাননি। তার ভাইটা দজ্জাল বউকে সন্তুষ্ট করতে গিয়ে বাবাকে তার হোটেলে কোনো কাজ তো দিলেনই না, বরং বললেন, একটা মাস তার খুপরি ঘরে থাকা যাবে। তারপর অন্য কোথাও উঠতে হবে। অবশ্য, আগেই বলেছি, ভাইটার চক্ষুলজ্জা ছিল। সেজন্য এও বলেছেন, একটা ঘর তিনিই খুঁজে দেবেন। খুঁজে তো দেবেন, কিন্তু ভাড়া দেবে কে?

সকাল নয়টায় বাবাকে ক্লান্ত দেখাচ্ছিল। এবং রাগী। কিন্তু বাবলু হঠাৎ বাবার হাত ধরে একটা টান দিলে তার রাগ চলে গিয়ে মুখে একটা হাসি এলো। বাবার নিশ্চয় হঠাৎ মনে হয়েছিল, নোমান কি ফিরে এলো? নোমানের মাথাটা খুব আউলা ছিল। কোনো কিছুই তার পরিষ্কার ছিল না, ফলে, নারিকেল গাছ থেকে তার হাত ফসকে গিয়েছিল, নাকি সে ইচ্ছা করেই একটা লাফ দিয়েছিল, বলা মুশকিল। আচ্ছা স্যার, মরা মানুষ কথা বলতে পারে না কেন? যদি পারত, নিশ্চয় নোমান থেকে ব্যাপারটা আমি জেনে নিতাম এবং আপনাকে জানাতাম। আপনি ভালো মানুষ। আমার সঙ্গে তিন দিন কথা বলেছেন, আর খাতায় কী সব লিখেছেন। আর আমাকে টাকাও দিয়েছেন। আপনি- হা হা। আপনি খুব সুন্দর করে কথা বলেন। কিন্তু এই যে, কী জানি বললেন, কেইচ ইস্টাডি, এটা করে কী হবে? ও, গবেষণা জিনিসটা বুঝলাম না। হা হা। পাবলিকেশন। এটা কী স্যার। আপনি কি আমার ছবি তুলবেন? কিন্তা সাবধান স্যার। এক লোক তার মোবাইলে আমার ছবি তুলতে চেষ্টা করেছিল। বাবলু তার মোবাইলটা কেড়ে নিয়ে পুকুরে ফেলে দিয়েছিল। সে এক কাণ্ড স্যার। মেরেই ফেলত লোকটা বাবলুকে আর আমাকে, মাঝখানে দুই মুরব্বি না এসে পড়লে।

না, এ বিষয়টাও আমি বুঝি না। নোমানের চোখ শেষবারের মতো বুঁজে যাওয়ার আগে সে বলেছিল, বুবু বুবু, মারে খবর দাও। কেন, মাকে কেন? মা তো সেই কবেই তাকে রেখে বাছেত মাঝির কোলে চড়ে চলে গিয়েছিলেন। নাকি মাকে যাতে আমি ডেকে আনি, সে জন্যই নোমান লাফ দিয়েছিল?

বাবলু খুব ভালো খেলা দেখায়। বাবার কিছুই করতে হয় না। বাবা শুধু যে একটা ডুগডুগি কিনেছেন, সেটা বাজান। বাবলু নাচে, কত রকম যে নাচে। একটা নাচ আছে, বেরেক ডানচ। ওইটা ভালো পারে। কলেজের পোলাপান নাচটা খুব পছন্দ করে। আবার বুড়া-লাক দেখলে বাবলু সালাম দেয়। দোয়া করে। কত্ত কিছু যে করে। বাবার ভাই খুশি। আমাদের এই ঘরটার ভাড়া চৌদ্দশ টাকা। কিন্তু দিনে আমাদের উপার্জন দুইশ' টাকা। এই জন্য বাবলুর খাওয়াটাও ভালো হয়। আমাদেরও। আপনি তো বাবলুকে দেখেছেন-মনে হয়, ওই বাঁদরটা দুইজন মানুষকে পালতে পারে? মুখে খাবার জুটিয়ে দিতে পারে? নোমানটা থাকলে কি পারত?

না, মোতালেবের সঙ্গে আমার জীবনটা আবার জোড়া লাগার কোনো সম্ভাবনা নেই। আমার কোনো বাবলু হওয়ার কোনো সম্ভাবনা নেই। আমার কোনো বাবলু হওয়ারও দিন শেষ। এখন আমি বাবার থেকে তার জীবনের ভারটা আমার কাঁধে নেব। বাবা তো আর পারছেন না, তাই আমাকেই পারতে হবে। মাঝে মাঝে কী মনে হয় জানেন স্যার, বাবা যে রকম মাকে হারিয়ে তার জীবনটাই যেন হারিয়ে ফেলেছিলেন, এবং তারপর যখন নোমান চলে গেল, তখন নিজেকেও হারিয়ে ফেলেছিলেন, আমিও যেন মোতালেবের হাতে আমার স্বপ্নে চাবিটা রেখে এসে আমার জীবনটা হারিয়ে ফেলেছিলাম বলছি।

মোতালেবের কথাটা শেষ করে দেই; মোতালেব আমার খোঁজ পেয়ে টাঙ্গাইল এসেছিল। কেন তার আমাকে মনে পড়েছিল, কোন প্রয়োজনে, বলতে পারব না। হয়তো ওই পনেরো দিনে সে যে একের পর এক আমার ওপর চড়ত, সে কথা মনে পড়ে সে উত্তেজিত হয়েছিল। হয়তো সুরুজের মাথা ফেটে মগজ বেরিয়ে একটা সবজি হয়ে যাওয়ায় সে রেগে প্রতিশোধ নিতে চেয়েছিল-যদিও সুরুজকে আমি ছুঁয়ে দেখিনি, এবং বাবলু কেন ডাবটা তার মাথায় ফেলেছিল, তা বাবলুই ভালো বলতে পারে। যাহোক মোতালেব এসে অনেক্ষণ এদিক-সেদিক ঘোরাফেরা করেছে। তারপর বাবা থলে হাতে বাজারে গেলে এসে আমার সামনাসামনি হয়েছে। মিথ্যা বলব না স্যার, তাকে দেখে আমার ভেতরটা হঠাৎ মোচড় দিয়েছে। এক পলক আমার মনে হয়েছে, পনেরো দিনের স্বপ্নটা কি জোড়া লাগল? কিন্তু ওই এক পলকই স্যার। কারণ তার চোখ দেখে আমার সব আশা মিলিয়ে গেল। নেশাখোরের চোখ।

নিশ্চয় সারারাত কোথাও পড়েছিল, নেশা করেছে, আর সকালে উঠেই আমার তালাশে এসেছে। আমাকে বলেছে, পয়সা দে। আমি তাকে বলেছি, বসেন, একটু নাস্তা খান। তারপর পয়সা দিব। সে খুশি হয়েছে। কিন্তু বাবলুর সঙ্গে আমার চোখাচোখি হয়েছে।

না স্যার, ও আমাকে বিছানায় শোয়ায়নি। হয়তো শোয়াতো, যদি ঘটনাটা না ঘটত। না, কাপড়ে হাত দেয়নি। উরুর যেখানে কামড় দিয়েছিল, সেখানে দাঁত কেন, হাতও পড়েনি। না স্যার, না। আমার বুকে, তলপেটে, তলপেটের নিচে গোপন পৃথিবীটাতে কোনো স্পর্শ করেনি। আপনি কেন জিজ্ঞেস করছেন স্যার? ও, কেইচ ইস্টাডি। হ্যা হ্যা স্যার। ভদ্র মানুষ আপনারা, অথচ কত এই রকম খারাপ কথা শুনতে হয়। তবে এসব যে আমার এবং আমার মতো কষ্টে থাকা মেয়েদের ভালোর জন্য, তাও তো ঠিক। হ্যাঁ স্যার। আপনি বললে বিশ্বাস তো করতেই হবে।

কী বললেন স্যার? যেখানে কামড় দিয়েছিল মোতালেব, উরুর সেই জায়গায়, যা অনেক-দিন আমাকে একটা জ্বলন্ত অঙ্গারের মতো পুড়িয়েছিল, সেই জায়গাটা একবার দেখলে আপনার কেইচ ইস্টাডিটা পোক্ত হবে? এটা কি কোনো কথা হলো স্যার? আপনি শিক্ষিত মানুষ। মাঝবয়সী, ঢাকায় বড় চাকরি করেন, বড় গাড়িতে চড়ে টাঙ্গাইল এসেছেন, আপনার কাজে এই একটুখানি সাহায্য করতে আমার কোনো আপত্তি কেন থাকবে। অবাক, এজন্য আবারও টাকা দিচ্ছেন। এতগুলি টাকা। কত স্যার? দশ হাজার। সর্বন-াশ। ঠিক আছে স্যার দেখাব। কিন্তু তার আগে মোতালেবের গল্পটা সেরে নেই স্যার। মোতালেব নেশার মধ্যেই ছিল, কিন্তু নেশা করলে খাওয়ার দিকে নজর থাকে না।

ফলে তার খুব ক্ষিধা ছিল। আমি তাকে ভাত দিয়েছি ঘন ডাল আর ডিম ভাজা দিয়ে। বিশ্বাস করবেন না, একেবার হাভাতের মতো খেলো স্যার। তারপর পানি খেল তিন গ্লাস। তারপর একটা ঢেকুর তুলে বলল, তুই ভালো মেয়ে। মোতালেবের মুখে এই কথা শুনে আমার প্রাণটা একটা কই মাছের মতো লাফ দিল স্যার। কিন্তু কই মাছটার উড়াল মাঝপথে বন্ধ হয়ে গেল। মাছটা সপাং করে পুকুরে পড়ল। মোতালেব বলল, বিছানায় তুই ভালো। এখন বিছানায় যা। গিয়ে কাপড়-চোপড় খুলে শুড়ে পড়। আমি একটু জলবিয়োগ করে আসি।

মোতালেবের হাতে সব সময় মহা জোর। আমাকে দুই হাত দেখিয়ে বলল, অবাধ্য হলে ওই দুই হাতে আমার মরণ।

লোকটা নেশায় ছিল স্যার, আর নেশায় থাকলে মানুষের হুঁশ থাকে না। আমি একটু যে ভয় পেলাম, তা না। কিন্তু ঘরে, মানে চালে তো বাবলু ছিল। বাবলুর সঙ্গেআগই আমার চোখাচোখি হয়েছিল। ওকে বললাম, একটু দেখ না, বাবলু। আমার এই কথাটার জন্যই হয়তো কান পেতে ছিল বাবলু। সে একটা লাফ দিল। মোতালেব বসেছিল ওই পেছনের আমড়া গাছটার নিচে ড্রেইনের ওপর...


একি স্যার, আমার হাত ধরছেন কেন? ওমা, শাড়িতে টান দেন কেন স্যার? ও। ঠিক আছে স্যার। আমি রাজি। আপনি শুধু জোর খাটাবেন না। একদম না। মোতালেব খুব জোর খাটাতো আমার ওপর। জোর খাটানোর চেষ্টা করেছে চাচার হোটেলের বদি। আমি আমার বাবার মতোই ক্লান্ত স্যার। আপনি প্রথম দিন বললেই পারতেন, প্রথম যেদিন প্রথম কথা বলতে শুরু করলেন, যে আপনার এই কেইচ ইস্টাডি ফ্যাডি কিছু না, তাহলে আমার এই জীবনের কথা, আমার পনেরো দিনের স্বপ্নের কথা, মোতালেবের কথা, মোতালেবের শেষের কথা, এসব কিছুই বলতে হতো না। ঠিক আছে, আপনে কাপড় খোলেন। আমি হাত লাগাবো না। আর আমার হাতটা অনেক শক্ত। আপনার পছন্দ হবে না। ঠিক আছে।

বাবলু। একটু এদিকে আয় তো বাবলু, লক্ষীটি?

২. আহা বেচারা। কোন দিক থেকে বাবলু এসে পড়ল, ভদ্রলোক বুঝলেনও না। মোতালেবও বোঝেনি। টেরই পায়নি। এখন বাবলুর কামড় খাওয়া দুই জনের পৌরুষ দিয়ে কী আর শিকার করবে তারা?

বাবলুটাকে এখন একটু দয়া মায়া শেখাতে হবে।

# ক্লসট্রোফোবিয়া



আনিসুল হক

হাতিরপুল সেন্ট্রাল রোডের ভেতরে বাসাটা। রিকশা যানজটে পড়েছিল, রোদ এসে আমার মুখে পড়ছিল, বিরক্তিকর অবস্থা, একটু পর জ্যাম কেটে গেছে, একটা মুদির দোকানে ঠিকানা জিজ্ঞেস করে ঠিকঠাক বাড়িটার সামনে আসতে পারি, বড় করে লেখা আছে বাড়ি নম্বর ৩৩। একটা অ্যাপার্টমেন্ট বিল্ডিং, ভালোই বাড়িটার বাইরের দিকটা, এই গলির ভেতরে এই রকম একটা সুন্দর বিল্ডিং বানিয়ে রেখেছে!

বাসার নামটা বাহারি। বাগানবিলাস। গলির মধ্যে এরা বাগান পেল কোথায়? বাউন্ডারি ওয়াল ঘেঁষে কয়েকটা দেবদারু আর পাতাবাহার গাছ লাগানো হয়েছে বটে।

আমার কাঙ্ক্ষিত ফ্ল্যাট নম্বর ৩বি।

আপনার নাম কী?

আনিস, বললো, দৈনিক আলোর খবর পত্রিকা থেকে এসেছি। ওনার সঙ্গে কথা বলা আছে।

নিচ থেকে দারোয়ান ইন্টারকমে ফোন করলেন।

স্যার, আপনার কাছে একজন আইছে, নাম কয় আনিশ। আমার নাম আনিস। আনিশ নয়। এই দারোয়ানের বাড়ি কোথায়? রাজশাহী নাকি? কিন্তু তার কথার টান তো রাজশাহীর মতো নয়।

একটু পরে দারোয়ান বললেন, যান, ভেতরে যান, লিফটে তিন।

লিফট?

আমি লিফট ভয় পাই। এই গলির ভেতরের অ্যাপার্টমেন্ট। এটার লিফটে ওঠার পরে দেখা গেল বিদ্যুৎ চলে গেল। তারপর আর জেনারেটর কাজ করছে না। তখন লিফটে আটকে থাকতে হবে। জুন মাস। ভ্যাপসা গরম। এই গরমে লিফটের অন্ধকারে দশ মিনিট থাকলেও আমি মারা যাব। আমার ক্লসট্রোফোবিয়া রোগ আছে। আমি বন্ধ জায়গা ভয় পাই। লিফটে উঠলে মনে হয়, এই লিফট আটকে যাবে। এর দরজা আর কোনোদিনও খুলবে না। আন্ডারপাসে নামতেও ভয় পাই আমি। একবার শিলংয়ে একটা গুহায় ঢুকতে গিয়ে অর্ধেক পথ থেকে আমি উল্টা দিকে হাঁটা শুরু করেছিলাম। হামাগুড়ি দিয়ে যেতে হবে। প্রশ্ন আসে না।

আরেকবার একটা রেডিও অফিসের স্টুডিওতে ঢুকে আমি ভয়ে তাড়াতাড়ি বের হয়ে এসে-ছিলাম। রেকর্ড করিনি। দরজার পর দরজা পেরুলে একটা ভারী দরজা। তারপর স্টুডিও। কোনো জানালা নেই। এই ঘরে আমি থাকতে পারব না। আমার দম বন্ধ হয়ে আসবে। পারত পক্ষে আমি লিফট ব্যবহার করি না। কিন্তু যেসব ক্যাপসুল লিফটের দরজা কাঁচের, দেয়াল কাঁচের, সেসবে আমি ভয় পাই না।

আমি সিঁড়ি বেয়ে উঠলাম। চারতলা। ডান দিকের ফ্ল্যাট ডোরবেল টিপলাম।

একজন মুরব্বি দরজা খুললেন। বয়স ষাটের মতো হবে। তার মুখে ছোট ছোট দাড়ি, কাঁচাপাকা। তাকে দেখতে লাগছে ইদানিংকালের এটিএম শামসুজ্জামানের মতো। ওই যে যিনি সিনেমায় অভিনয় করেন। এই ভদ্রলোকের পরনে পায়জামা-পাঞ্জাবি।

বৈঠকখানায় গিয়ে বসলাম। দেয়ালে কাবা শরিফের ছবি। আরেক দিকের দেয়ালে একটা পোস্টার। বাংলাদেশের গ্রামের আঁকা ছবি দিয়ে বাঁধানো।

তিনি ফ্যান ছেড়ে দিলেন। ফ্যানের বাতাসে টেবিলে রাখা দৈনিক আলোর খবরের পাতা উড়ছে।

এই কাগজেই এই বাড়ির একজন ছেলের খবর ছাপা হয়েছে। যা গতকালের কাগজ।

আমি বললাম, ডাক্তার নাদিম আছেন।

'আছে, ঘুমুচ্ছে। বোঝেনই তো, কতদিন নিজের বিছানায় ঘুমায় না।' ভদ্রলোক বলেন।

আমি বলি, 'আমি বসে থাকি, উনি ঘুম থেকে উঠুন। কথা বলতে হবে।'

'কী আর কথা বলবেন! আমার সাথে বলেন।' ভদ্রলোক গালে হাত বুলাতে বুলাতে বলেন।

'আপনি তো তার বাবা?'

'জি।'

'আপনার কয় ছেলেমেয়ে।'

'আমার দুই মেয়ে। এক ছেলে। বড় মেয়ের বিয়ে হয়ে গেছে। কাতারে থাকে স্বামীসহ। সেও ডাক্তার। তারপর নাদিম। ডাক্তার। সলিমুল্লাহ মেডিকেল কলেজ থেকে পড়েছে। এখন উপশম ক্লিনিকের মেডিকেল অ্যাসিস্ট্যান্ট। বিয়ে হয়েছে। বউমা এখনও ছাত্রী। ইডেনে পড়ে। একটা বাচ্চা আছে। এখন নয় মাস বয়স। আর আমার ছোট মেয়ে ভিকারুননিসায় সেকেন্ড ইয়ারে পড়ে।

'আপনার ছেলে এই বাসাতেই থাকে, বউ নিয়ে?'

'জি। নাতিটা হলো, আমি তো রিটায়ার করেছি, সরকারি কলেজের শিক্ষক ছিলাম। কেমিস্ট্রি পড়াতাম। এলপিআরে আছি। '

'তো ঘটনা কী হলো?'

'একদিন রাতে ৯টায় ওর ফেরা কথা। ৯ টা বাজে। ১০টা বাজে। ১১ টা বাজে, ফেরে না। বউমা উদ্বিগ্ন হয়ে আমার কাছে এলো। বাবা, আপনার ছেলে তো ফেরে না। আমি বললাম, ফোন করো। বউমা বলল, ফোন তো যাচ্ছে না।'

'কতক্ষণ আগে কথা হয়েছে তোমার সাথে?'

'ও তো রাত পৌনে ৯টার দিকে বলল, এই যে বের হচ্ছি, আধাঘন্টা লাগবে আর। তুমি খাবার গরম করো।'

তো নাদিমের স্ত্রী কাকলি খাবার গরম করে বসে রইলেন। তাদের তিন মাসের বাচ্চা আরমান একবার কাঁদে। একবার হাসে। একবার দুধ খেয়ে ঘুম দেয়। সোয়া ৯টা, সাড়ে ৯টা, ১০টা, ১১টা, নাদিম আসে না।

আচ্ছা, কোনো কাজে আটকা পড়তে পারে, কাকলির শ্বশুর বউমাকে সান্ত্বনা দেন।

ফোন বন্ধ কেন? কাকলি শুধান।

চার্জ চলে যেতে পারে। কেমিস্ট্রির অধ্যাপক বলেন।

তা পারে। কাকলি সান্ত্বনা মানেন।

আমি কেমিস্ট্রর এলপিআরে যাওয়া অধ্যাপকের কাছ থেকে তার ছেলের হারিয়ে যাওয়ার রাতের বিবরণ শুনি।

ভদ্রলোকের কাছ থেকে অনুমতি নিয়ে আমি হাতের মোবাইল ফোনের রেকর্ডার অন করি। সমস্ত কথাই রেকর্ড হচ্ছে।

একটু পরে কাকলি এলেন আমার সামনে। নীল রঙের কামিজ, সাদা সালোয়ার। কোলে তাদের ছেলে আরমান। ছেলেটা বা-বা-বা করে চলেছে। নয় মাসের ছেলের মুখে কথা ফুটেছে।

আমি বললাম, আমরা সেই রাতের গল্প শুনছিলাম। আপনার শ্বশুর বলছিলেন।

কাকলি বললেন, কী যে গেছে সেই রাতটা। ১২টার সময় ফোন দিলাম ক্লিনিকে। ওরা বলল, সেই তো ৯টার সময়ই ডা. নাদিম বের হয়ে গেছেন।

তারপর তো আমি  আর বাবা গেলাম ক্লিনিকে। না। কোনো ট্রেস নাই। ওরা শুধু বলতে পারে, ৯টায় বের হয়ে গেছে। ওর বন্ধুদের যতজনের নম্বর ছিল, সবাইকে ফোন দিলাম। ডাক্তারদের ফোন দিলাম। কেউ কিছু বলতে পারে না।

তখন গেলাম ধামন্ডি থানায়। রাত তখন বাজে ২টা। রিকশা করে আমি আর বাবা যাচ্ছি। শীতের রাত। বাচ্চার বয়স তখন তিন মাস বোঝেন অবস্থা।সেই বাচ্চাকে আমার শাশুড়ির কাছে রেখে আমরা থানা যাচ্ছি। বিপদ একা আসে না। থানাতেই মোবাইলে ফোন এলো, কাজের মেয়ে করেছে, আমার শাশুড়ি অজ্ঞান হয়ে গেছেন।

কাজের মেয়ে ট্রেতে করে চা আনল, সঙ্গে বিস্কুট আর মিষ্টি। চা এনেছে। দুধ চা। আমি

দুধ চা খাই না।

থানায় কী বলল? একটা বিস্কুটে কামড় দিয়ে তিনি বললেন।

কাকলি বললেন, কী বলবে? বলল, তারা কিছু জানে না। বলল, দেখেন, আজকালকার ছেলে, কোথাও বসে ইয়াবা খাচ্ছে।

অধ্যাপক সাহেব বললেন, কী বলেন এইসব! আমার লক্ষী ছেলে, ধামন্ডি বয়েস স্কুলে ফার্স্টবয় ছিল, ও কোনোদিন সিগারেটও খেয়ে দেখেনি।

যাই হোক কোথাও কোনো হদিস পাওয়া গেল না।

তখন আমরা গেলাম উপশম ক্লিনিকে। ক্লিনিকের মালিক খুব পাওয়ারফুল। ওরা যদি কোন ক্লু বের করতে পারে।

তখন ক্লিনিকের পরিচালক বললেন, আচ্ছা আমাদের সিসিটিভির ফুটেজ দেখি তো।

সিসিটিভির ফুটেজ দেখা হলো। রাত ৯টা। শীতের রাত। নাদিম বের হলো। এবার ক্লিনিকের রাস্তার ফুটেজ। বের হওয়ার সাথে সাথে একটা মাইক্রো থামল। নাদিমকে চার পাঁচজন সাদা পোশাকধারী লোক ঘিরে ধরল। কী কথা হচ্ছে আমরা জানি না। নাদিমকে তারা গাড়িতে তুলল। গাড়িটা চলে গেল। এর পেছনে পেছনে গেল একটা গাড়ি। তাতে লেখা 'পুলিশ।'

অধ্যাপক সাহেব বিবরণ দিচ্ছেন, তখন আমরা সংবাদ সম্মেলন করলাম। বউমা গেল, বাচ্চা কোলে নিয়ে, ওর মা গেল, আমি গেলাম। আমরা বললাম, আমাদের ছেলে কারও সাতে নাই, পাঁচে নাই। যদি তার বিরুদ্ধে কোনো অভিযোগ থাকে, আপনারা তাকে 'শ্যোন অ্যারেস্ট' দেখান। বলেন, তাকে ধরেছেন। তারপর রিমান্ডে নিন। আমরা জামিনের চেষ্টা করব। জামিন পেলে পাবে, না পেলে আমরা জানব কোথায় আছে। কিন্তু কেউ কিছু বলে না। পুলিশে আমাদের যত পরিচিতজন আছেন, আত্মীয় আছেন, সবার কাছে ধর্না দেওয়া শুরু করলাম। তারা বলে, না পুলিশ ধরেনি। তাহলে পুলিশের গাড়ি পেছনে পেছনে এসকর্ট করে গেল কেন ?

বউ মা কাঁদে। ওর মা কাঁদে। কাঁদতে কাঁদতে ভদ্রমহিলা অসুস্থ হয়ে গেল।

এক রাতে ওর মায়ের বুকের ব্যথা উঠল। আমরা ধরাধরি করে ওই ক্লিনিকেই নিলাম। ডাক্তার বলল, রোগী আগেই এক্সপায়ার করেছে।

আমরা আবারও সংবাদ সম্মেলন করলাম, ছেলেটার মা মারা গেছে। ছেলেটার অধিকার আছে মায়ের জানাজায় অংশ নেওয়ার। আল্লাহর ওয়াস্তে ওকে ছেড়ে দিন। প্যারোলে মুক্তি দিন।

কে শোনে কার কথা?

আমরা ওর মাকে আজিমপুরে রেখে এলাম।

আছেন শুয়ে ভদ্রমহিলা। আজিমপুর গোরস্তানে। সব ঝুটঝামেলার উর্ধ্বে চলে গেছেন।

তারপরেও আমার কোনো অভিযোগ নাই।

পরশু রাতে দরজায় বেল। আমরা তো আতঙ্কে থাকি। কাজের মেয়েটাই দরজা খুলেছে। বলে, ও খালু, ভাইজান আইছে।

আমি তখন জায়নামাজে। এশার নামাজ পড়ি।

দৌড়ে এলাম। বউমা এলো। ৫ মাস ২৩ দিন পর ছেলে আমার ঘরে এসেছে। গালভর্তি দাড়ি। শুকায়ে কাঠ হয়ে গেছে। তবু চোখ দুটি জ্বলজ্বল করছে।

এসে ছেলে বলে, কই কাকলি, আমার আরমান কই?

কাকলি কাঁদতে কাঁদতে ঘুমন্ত আরমানকে নিয়ে এলো। আরমান ওর বাবার কোলে আবার ঘুমিয়ে পড়ল।

এরপর নাদিম বলল, কাকলি, মা কই? আমি বলি, বাবা, আসছ। বসো। গোসল করবা? ভাত খাবা ?

আব্বা আপনি কেমন আছেন। জি আব্বা, ভাত খাব। মায়ের হাতের রান্না খেতে ইচ্ছা করে। ডাল, আলু ভর্তা, করলা ভাজি, মুরগির মাংস, সাদা ভাত।

আমরা সবাই কাঁদি। ওর মা তো আজিমপুরে। কী বলব ছেলেকে। বলি, বাবা, তুমি ফিরে আসছ। এইটাই আল্লাহর কাছে হাজার শুকর।

কী গল্প। আমি আনিস, সেন্ট্রাল রোডের বাগানবিলাসের চারতলায় অবসরপ্রাপ্ত অধ্যাপকের বাসায় বসে মানুষর জীবনের গল্প শুনি। আমার বুকের ভেতরটা কেমন জানি করে।

আমি জানালা দিয়ে বাইরে তাকাই। আরে, এই জানালা দিয়ে পাশের স্কুল দেখা যায়। একটা খোলা মাঠও আছে দেখছি।

জানালা দিয়ে স্কুল মাঠে অনেক কৃষ্ণচূড়া দেখা যায়।

একটু পরে ডোরবেল বাজল। আমাদের পত্রিকায় ফটোগ্রাফার ইকবাল। আসো ইকবাল। তার পিঠে ক্যামরার ব্যাগ।

আধঘন্টা পরে ডা. নাদিম এলেন। বড় বড় দাড়ি এখনো আছে। বড় বড় চুল। ডাক্তার সাহেব কি সেলুনে যাবেন না?

আলোকচিত্র সাংবাদিক ইকবাল ওর দামি ক্যামেরার লেন্স লাগাচ্ছে।

আমি ডা. নাদিমকে বললাম, শরীরটা ভালো আছে।

আছে।

কোথায় রেখিছিল এ ক'দিন?

নাদিম বললেন, আমার তো চোখ বেঁধে নিয়ে গিয়েছিল। অনেক্ষণ ঘুরিয়েছে। একবার বলে, ক্রস ফায়ারে দিয়ে দিই। আরেকবার বলে, না থাক। দেখা যাক। তারপর কোথায় কোথায় ঘুরলাম। একটা ঘরের মধ্যে আমি। জানালা দিয়ে আরেকটা বিল্ডিং দেখা যায়। কিন্তু সেটাতে জানালা নাই। আর দরজা দিয়ে তো আমাকে বের হতে দেয়নি। অ্যাটাচড বাথরুম ছিল।

বিছানায় ঘুমাতেন? নাকি মেঝেতে?

না, খাট ছিল।

খাবার দিয়ে যেত কে?

একটা লোক দিয়ে যেত। তার নাম কাশেম। বয়স ৩৫ হবে। দাঁত বড়। চুল ছোট।

কাশেমকে জিগ্যেস করেছিলেন, এটা কোন জায়গা?

করেছি।

কী বলে?

আমাকে কোনো প্রশ্ন জিগায়েন না। ওই যে ক্যামেরা।

সব দেখতাছে।

কী বলতো আপনাকে?

নাদিম চুপ।

কেন ধরেছিল আপনাকে?

জানি না।

কেন ছাড়ল?

জানি না।

ছাড়ার আগে কী বলল?

বলল, এই নিয়ে একটা কথাও কোথাও বলবে না। গিয়ে সন্তানকে মানুষ করো। বউটা বিধবা হয়নি, ছেলেটা এতিম হয়নি, আল্লাহর কাছে শুকুর করো।

তো আপনার কী মনে হয়, কারা নিয়েছিল আপনাকে?

জানি না।

জানেন না ? না বলবেন না?

নাদিম চুপ করে রইলেন।

ওর বাবা বললেন, ছেলেটার আতঙ্ক এখনো যায়নি। বোঝেনই তো, কী ট্রমার ভেতর দিয়ে সে গেছে!

আমি বললাম, এই ছয় মাস আপনাদের কেমন লেগেছে।

নাদিমের বাবা বললেন, প্রতিটা মুহূর্তে মনে হতো, এই বুঝি নাদিম এলো। কলবেলের শব্দে চমকে উঠতাম। ফোন এলে মনে হতো ছেলে কল করবে। আশা নিয়ে ছিলাম। আশা ছাড়িনি।

নাদিম বললেন, আর কিছু জিগ্যাসা করবেন না। আর কিছু না।

আমরা নেমে আসছি। ইকবাল আর আমি। ইকবার লিফটে যাবে। আমি নামব সিঁড়ি বেয়ে। আমি লিফটে ভয় পাই। আমার ক্লসট্রোফোবিয়া আছে। ড্রয়িং রুমেও আমার দমবন্ধ লাগত, যদি না স্কুলের মাঠটা দেখতাম।

সিঁড়ি বেয়ে নেমে দেখি, ইকবাল এখানো নামেনি। আমি এগিয়ে গেটের বাইরে এলাম।

রাস্তায় নামলাম। এক যুবক এগিয়ে এলো। দুপুরবেলা। আকাশে মেঘ। বোধ হয় বৃষ্টি হবে। এই গলিতে রিকশার গায়ে রিকশা। দাঁড়ানোর উপায় নেই। আমার একেবারে গা ঘেঁষে একজন যুবক আমার কানের কাছে মুখ লাগিয়ে বলল, আপনি লিফটে ভয় পান?

হ্যাঁ।

কেন?

ক্লসট্রোফোবিয়া। বন্ধ জায়গা ভয় পাই।

লিফটে নামতে তো দুই মিনিট।

তবুও ভয় পাই।

তাহলে ধরেন এই নাদিম ডাক্তার ছয় মাস একটা বন্ধ ঘরে ছিল। আপনি পারবেন?

তাহলে এটা নিয়ে তদন্ত করতে আপনি আইছেন কেন?

আপনি কে? যুবক আমাকে বলল।

আমি খুব স্পষ্ট করে বললাম, আমি একজন জার্নালিস্ট। এই বাড়িতে সিসিটিভি আছে। আর আমার সঙ্গে ফটোগ্রাফার আছে। ইকবাল, আমি চিৎকার করে উঠি। ইকবাল লিফটে নেমে এসেছে।

সে বলল আনিস ভাই। এই লোকটার ফটো তুলে রাখো তো।

লোকটা হাসে। তার দাঁত হলুদ। বলে, আমাকে ভয় দেখাইলে আমি ভয় পাব। আমি ওই দোকানের কম্পাউন্ডার। ওষুধ বেচি। যারা ভয় পায় না, তাগো ভয় দেখান। যান।

লোকটা ভিড়ের মধ্যে হারিয়ে যায়।

আমি অফিসে আসি। কিছু লিখতে পারছি না। কিছু না। আমার দম বন্ধ লাগে। আমাদের-অফিসে রুমটা শীতাতপ নিয়ন্ত্রিত। জানালা বন্ধ। আমার কপালে ঘাম। আমি বলি, জানালা খুলে দাও। সবাই দৌড়ে আসে। কী হয়েছে, কী হয়েছে?

# বিষ দহন



মোহিত কামাল

চারপাশে আঁধার, সোঁ সোঁ বাতাস বইছে। জানালা-দরজা খোলা রাখা যাচ্ছে না। খোলা জানালার পর্দাটা পত পত করে উড়ছে; ঝাপ্টা দিচ্ছে ঘরের ভেতরের দিকে। শুকনো পাতা গাছের বৃন্ত থেকে উড়ে উড়ে যাচ্ছে; ঘরেও ঢুকছে এলোমেলো উড়াল পাতার ঝাঁক। তুফান আসবে কি?

আসুক। বুকের তুফানের সামনে বাইরের তুফানের তুলনা চলে না। তবুও তুলনা করল ইথা। ভেতরের তুফানটাকেই তা বড় মনে হতে লাগল। ভেতরের তুফান ভেতরে দমিয়ে রেখে বাইরে যাওয়ার জন্য তৈরি হয়ে দরজার দিকে পা বাড়াল সে।

'এমন সন্ধ্যায় কোথায় যাচ্ছ, ইথা?'

চাচাজানের প্রশ্ন শুনে দুম করে দাঁড়িয়ে গেল সে। প্রশ্নের জবাব দেওয়া উচিত। জানে, বোঝে। তবুও উত্তর বেরোল না মুখ ফুটে। এগোতে লাগলে সামনে।

'কোথায় যাচ্ছ?'

'বাইরে যাব।'

'আবহাওয়া ভালো না। দেখছ না? তবুও যাবে?'

'যাব। যেতে হবে।'

বেপরোয়া ইথাকে থামানো যাবে না। বুঝতে পারলেন চাচা। দীর্ঘশ্বাস ছাড়লেন। হতাশা বেরিয়ে গেল নিঃশ্বাসের সঙ্গে। সেই সঙ্গে আতঙ্কও। দরজার কাছে এসে বাইরে তাকিয়ে বুঝলেন, সন্ধ্যা হতে এখনও অনেক বাকি। তবুও সাঁঝের আঁধারই গুমোট মেঘের মতো নেমে এসেছে চরাচরে।

'ড্রাইভার তো নেই। শুক্রবার ছুটিতে থাকে, জানো তুমি?'

'জানি। ড্রাইভার লাগবে না। গাড়ি লাগবে না। আমার জন্য গাড়ি আসবে। এখুনি গেটের বাইরে এতক্ষণে নিশ্চয় দাঁড়িয়ে আছে।'

কোথায় যাবে? কার গাড়ি? জিজ্ঞেস করার ইচ্ছ হচ্ছিল। এসব ব্যাপারে জিজ্ঞেস করা পছন্দ করে না ইথা। জানেন তিনি। নিজেকে সংযত করে ফিরে যাচ্ছিলেন ঘরের ভেতর। চাচার মনের অবস্থা বুঝে ইথা বলল, 'চিন্তা কোরো না। ভুল কোথাও যাচ্ছি না। একটা বিষয় জানা জরুরি। নিজের চোখে যাচাই করতে চাই সত্য-মিথ্যা। তাই এখনই যেতে

হবে। না গেলে মিস করব সত্যটা। সত্য জানা জরুরি..।'

ইথার ব্যাখ্যা শুনে খুশি হওয়ার কথা না, স্বস্তিও পেলেন না। বরং ভয় জাগল চাচার মনে। কী আবার তদন্ত করতে যাচ্ছে সে! কী বিপদ-আপদে আবার জড়ায়! কথা শেষ না করেই থেমে গেল কেন সে! আতঙ্ক নিয়ে চুপ হয়ে গেলেন তিনি।

ইথা আবার বলল, 'অনলাইনে কল করলে উবার ট্যাক্সি সার্ভিসের গাড়ি এসে ঠিকানায় পৌঁছে যায়। কল করেছিলাম গাড়ি এসে গেছে। ভয় পেয়ো না, চাচ্চু। ঠিক সময়ে ফিরে আসব।'

যাক। চাচাকে আশ্বস্ত করছে কন্যার চেয়েও বড় কন্যা ইথা; আপন ভাইয়ের মেয়ে। ওর দু'বছর বয়সে দুর্ঘটনায় মারা গেছে ওর বাবা; চার বছর বয়সে অল্পবয়সী মা বিয়ে করে পরবাসী। আর ওকে লালন-পালন করেছে ফুপি। ফুপিকে সে জেনেছে মা বলে। ফুপির বিয়ে হয়ে যাওয়ার পর ইথার দেখভালের দায়িত্ব পড়ে চাচার কাঁধে। নিজের স্ত্রী সহজভাবে নিতে পারিনি ইথাকে। প্রায়ই দু'জনের সংঘাত বাধে। আবার ঠিকও হয়ে যায়। এভাবে চলছে জীবন। মায়ার জগতে মায়াটা টের পাওয়া যায় না। সব সময় সমস্যা আর ভয়ের মধ্যে থাকতে হয়। এখনও ভয় এসে তাড়া করছে নিজেকে। এ মুহূর্তে তার মনে হলো, চাচার উদ্বেগ কমাতে চেষ্টা করছে ইথা। এই কেয়ারিং ভাবটা ভালোই লাগল চাচার। তবুও মনে প্রশ্ন জেগে গেল, এমন বাজে আবহাওয়াতেও বের হতে হচ্ছে কেন ইথাকে? কোনো ফাঁদে আটকা পড়েনি তো সে? বিষয়টা কি ওর মা, মানে, মায়ের মতো ওর ফুপিকে জানা উচিত? ছোটবেলা থেকে ফুপিকেই মা বলে জেনেছে সে।

উচিত। উত্তর খুঁজে নিলেন নিজে।

সঙ্গে সঙ্গে আবার উড়ে এসে 'কিন্তু' ঢুকে গেল মনে। নিজের বোনকে ভালোই চেনেন তিনি। খবর পেলে চিৎকার চেঁচা-মেচি শুরু করবে সে। ঘটনা তো সামাল দিতে পারবেই না; পরিস্থিতি জটিল করে তুলতে পারে ভেবে নিজের বোনকে কল না করে একবার পেছনে তাকিয়ে ঢুকে গেলেন ঘরের ভেতর।

ইথা আর পেছনে তাকাচ্ছেন না; এগিয়ে যাচ্ছে। বেরিয়ে যাচ্ছে। জানালা দিয়ে একবার উঁকি দিয়ে দেখলেন চাচা। বুঝলেন ইথার দেহের ভাষা। ওই ভাষা থেকে বেরোচ্ছে ঝড়। এ ঝড় রুখবে কে?

এবার গাড়িতে উঠে বসেছে ইথা। গাড়ি চলতে শুরু করেছে।

দুই.

গাড়ির হর্নে বাড়ির গেট খোলার সঙ্গে সঙ্গে ইথা ড্রাইভারের উদ্দেশ্যে বলল, 'ভেতর ঢুকুন।'

গার্ড হাতের ইশারায় গাড়ি থামাতে বললেও ড্রাইভার থামাল না গাড়ি। টেনে চলে গেল ভেতরের লবিতে। ছুটে এসে গার্ড আবার দাঁড়াল গাড়ির পাশে। গাড়ি থেকে নেমে মাথা উঁচিয়ে ইথা প্রশ্ন করল, 'গাড়ি থামাচ্ছেন কেন?'

'পুরাতন আপনি?'

‘হ্যা।’

‘ও! তাহলে ভেতরে যান।’

গাড়ি থেকে নেমে ভাড়া মিটিয়ে দিয়ে কিছুটা সামনে এগিয়ে গার্ডকে ইথা প্রশ্ন করল, ‘কোনদিকে যাব?’

পাল্টা প্রশ্ন শুনে কিছুটা চমকে উঠে গার্ড আবার প্রশ্ন করল, ‘আগে আসেননি?’

‘এসেছি তো! অনেক দিন আসিনি। ভুলে গেছি।’ মিথ্যা বলল ইথা।

‘ডাল না বাবা?’

‘বাবা।’

‘তাহলে সিঁড়ি দিয়ে দোতলায় চলে যান।’

সিঁড়ির মধ্যেই ধোঁয়ার কুন্ডুলী ঘুরছে। গন্ধে মাথা ঝিম ঝিম করে উঠল। চোখ জ্বলতে শুরু করেছে। সব ঠেলে ইথা উঠে গেল ওপরে। দরজাটা খোলাই। দেখল কার্পেটে গোল হয়ে বসে একদল ছেলে আর মেয়ে ধোঁয়া টেনে নিচ্ছে নাক দিয়ে। সবাই বুঁদ হয়ে আছে। একটা তরুণী তন্ময়ের একদম কোল ঘেঁষে বসে আছে। এক হাতে সে তবলার মতো বাড়ি মারছে তন্ময়ের উরুতে।

‘নতুন এসেছ?’ ঘোর হারায়নি এমন একটা ছেলে প্রশ্ন করল ইথাকে।

‘হ্যা।’

‘টানবে?’

‘দাও। সবাই টানতে পারলে আমি পারব না কেন?’

‘তাহলে বোসো। পোড়ানো হচ্ছে এমন কয়েনের ওপর থেকে বেরোনো ধোঁয়াটা টেনে নাও শ্বাসের সঙ্গে।’

চোখ জ্বলতে শুরু করেছে। মাথা চক্কর দিচ্ছে। বমি-বমি লাগছে। তবুও সব উপসর্গ চাপা পড়ে গেল বিস্ময়ের কোপ খেয়ে। তন্ময়ের দেহের ওপর মেয়েটি লুটিয়ে পড়ছে! এ আচরণ ইচ্ছাকৃতই মনে হলো। ঘোর হারায়নি মেয়েটি বুঝতে পেরে আরও জ্বলে উঠল ইথা। তন্ময়ের ঢেলে দেওয়া বিষ-আগুনের মাঝ থেকে লকলক শিখা জ্বলতে লাগল ইথার চোখের বেতর-বাইরে। আগুনের ছাঁটে চোখ পুড়িয়ে মন আঁধারে ঢেকে নিয়ে কিছুটা জোরেই ইথা বলল, ‘দাও। আমিও টানব।’ ঘোরগ্রস্ত তন্ময়ের কানে গেল বাক্যটি। ইথার গলার স্বর শুনতে পেয়ে চট করে চোখ খুলে গেল তার। পাশের ছেলেটির গা ঘেঁষে বসতে দেখল নিজের ফিঁয়ানসিকে। চট করে লাফ দিয়ে উঠে দাঁড়াল সে।

‘তুমি! ইথা! তুমি এখানে?’

‘ও! জেগেই আছ? সজ্ঞানেই আছ?’

‘তুমি কী করছ! কী করছ এখানে, ইথা’!

'চিৎকার কোরো না। তুমি যা করতে এসেছ, আমিও তা করব। দোষ আছে?'

তন্ময়ের কথার আওয়াজে বুঁদ হয়ে থাকা অনেকেরই চোখ খুলে গেল। কোনো বিপদ হলো কি-না পরখ করে দেখতে লাগল সবাই।

কেউ কেউ উঠে দাঁড়িয়ে গেছে। তাদের দেহ-মনে বেজে গেছে সতর্ক সংকেত। বিপদের আলামত টের পাচ্ছে তারা। বিপদের গন্ধ পেয়ে গেছে।

'একা এসেছ? কীভাবে এলে? কে চিনিয়ে দিয়েছে এ আস্তানা?'

তন্ময়ের প্রশ্নের জবাব দিল না ইথা। কেবল অন্য রকম চোখে, একদম অন্য চাউনি ছুড়ে দিল তন্ময়ের দিকে।

একজন প্রশ্ন করল, 'ও কি টিকটিকি, পুলিশের চর? র‍্যাবের এজেন্ট?'

সঠিক উত্তর দেওয়ার কেউ নেই। তারা নিজেরাই নিজেদের মতো উত্তর খুঁজে নিল। রেড সিগন্যাল জ্বালিয়ে দিল একজন। অ্যাসাইলামের পাগলা ঘন্টা নয়, পাগলা বাতি জ্বলতে লাগল ঘরের ভেতর। সঙ্গে সঙ্গে সবাই ছুটতে লাগল এদিক-ওদিক।

ইথার সামনে বসা ছেলেটিও উধাও হয়ে গেল মুহূর্তে। তন্ময় একবার ইথার মুখোমুখি হয়ে বিস্ময় নিয়ে প্রশ্ন করল, 'তুমি টিকটিকি? র‍্যাবের এজেন্ট?'

উত্তর বেরোল না ইথার মুখ থেকে। স্মৃতির ভেতর হাতড়াতে লাগল সে। এই ছেলেই তন্ময়! এর রকম ধুরন্ধর! যাকে দেখার জন্য আকুল হতো মন, যার ঢেলে দেওয়া নানা বিষোদগার হজম করে প্রতিনিয়ত যাকে আঁকড়ে থাকতে চেয়েছে, সে এই ছেলে!

'জবাব দিচ্ছে  না কেন? তুমি টিকটিকি? পুলিশের এজেন্ট? মাদক নিয়ন্ত্রণের কেউটে!'

জবাব দেওয়ার প্রশ্ন আসে না, অচেনা চোখে অচেনা তরুণটির দিকে একবার তাকাল ইথা। এ চোখে কোনো ভাষা নেই। নির্বিকার চোখে ক্রোধ নেই, ঘৃণা নেই। বিস্ময় নেই এখন। অনুভূতিশূন্য চোখ জোড়ায় চেপে বসেছে বিহ্বলতা। ইথা এখন বিমূঢ় আর নিস্তব্ধ।

'তুমি টিকটিকি?' আবারও চিৎকার দিল তন্ময়।

একটি মেয়ে, যে তন্ময়ের উরুতে হাত দিয়ে তবলা বাজাচ্ছিল, অন্যদের সঙ্গে ভেগে গিয়েছিল। আবার ফিরে এসে খামছে ধরে বলতে লাগল, 'ভাগো। বাড়ির সামনে পুলিশের গাড়ি ঘোরাঘুরি করছে। সবাই চোরাপথ দিয়ে ভেগে গেছে। এসো। ভাগো।'

তন্ময় একদলা থুথু ছিটিয়ে দিল ইথার মুখে। তারপরই ছুট দিল মেয়েটির সঙ্গে।

ইথা কাঁদল না, চিৎকার করল না। গালি ছুড়ে দিল না তন্ময়ের উদ্দেশ্যে। বরং নির্ভার হয়ে গেল। নিজের মাথায় চেপে বসা দশাসই ওজনের বিশ্বাসঘাতকতার বস্তাটি আচম্বিত উড়ে গেছে মাথা থেকে। চাপহীন শূন্য মাথার ভেতরটা শূন্য হয়ে গেছে। শূন্য ঘরে ঘুরে ঘুরে চারপাশ সে দেখতে লাগল। পোড়া কয়েন, সিগারেটেও ফয়েল, নোংরা দুর্গন্ধময় ঘরের পরিচর্যা হয় না; বুঝতে পারল ইথা।

কে চালায় এমন ব্যবসা? এ তো কোনো বস্তি নয়। খোদ ঢাকা শহরের জনবহুল অভিজাত এ এলাকায় কীভাবে চলে এমন ভয়াবহ অপরাধ! পুলিশের চোখে কি ধরা পড়ে না এসব! কোনো সোর্স কি খবর দেয় না? নাকি সোর্সারাও ভাগ পায় ব্যবসার? প্রশ্নটি চট করে ঢুকে গেল মাথায় আর সঙ্গে সঙ্গে দিশেহারা লাগতে থাকে। প্যাঁচানো সিঁড়ি বেয়ে নিচে নামতে গিয়েও থামল না ইথা। ওপরের দিকে তাকাল সে। কী আছে ওপরতলা? দেখার কৌতূহল সামলাতে পারল না। ওপরের দিকে উঠে গেল। এক রুমের ভেতর ঢুকে চমকে উঠল। গোছানো বেড। পরিচ্ছন্ন রুম। একটা মাত্র বেড, একটা আলমারি। আর বেডসাইট টেবিলে ইন্টারকম। আছে লেমিনেটেড করা এ-ফোর সাইজ কাগজে লেখা প্রতি রাতের ভাড়া পাঁচ হাজার, দিনের ভাড়া চার হাজার, নিরাপত্তা চার্জ দুই হাজার। সার্ভিস চার্জ এক হাজার। খাবার বিল আলাদা, আইটেম অনুযায়ী। অর্থাৎ এক রাত একদিনের দৃশ্যমান খরচই খাবার বাদে বারো হাজার। কারা থাকে, কী করে এখানে-প্রশ্ন জাগে মাথায়। উত্তর খুঁজে না পেয়ে নেমে আসে নিচে। নামার সময় নিজের ভেতর থেকে নামতে লাগল নিচে। আপন সত্তার আরও গহিন তলে দেখতে পেল তন্ময়ের জন্য তার নিজের ভেতর ছিল কড়া রোদ, আলো, আলোময়, স্বর্ণসিঁড়ি। ছিঃ অসহায় লাগছে বিপন্ন লাগছে, বিধ্বস্ত লাগছে নিজেকে। তন্ময়ের মতো এমন একটি বাজে ছেলেকে ওঠানামার সুযোগ দিয়েছিল এ আলোকিত জগতে।

ভাবতে পেরে ঘৃণা জাগছে। ঘৃণার উল্টো পিঠে লেপ আছে সম্পর্ক প্রত্যাখ্যানের ছাপ। সে ছাপ স্পষ্ট হচ্ছে! সত্য বেরিয়ে এসেছে। সে-সত্যেও আখ্যানে নিজেকে খুঁজে পেয়েছে ইথা। আনন্দিত হওয়ার কথা। কী আশ্চর্য, সত্য খুঁজে পেয়েও মন খুশি হচ্ছে না। আরও বিষাদে ডুবে যাচ্ছে। আর সঙ্গে সঙ্গে মনের চোখে উড়ে এলো চাচ্চু আর ফুপির মুখ। চাচ্চুই বাবার মতো আগলে রেখেছেন। ফুপিই মা। এ মায়ের বিয়ে মানতে পারছিল না ইথা। বিয়ের পর কেমন যেন বেপরোয়া হয়ে উঠেছিল সে। কিছুতেই নিজের ভেতরের ক্রোধ সামাল দিতে পারছিল না। লাগামছাড়া ক্রোধে ডুবে থাকার কারণেই কি চিনতে পারেনি তন্ময়কে? নিজেকে খুঁড়তে গিয়ে দেখল তন্ময়ের কঠিন রাগী মুখটি। বেপরোয়াভাবে চাইত তাকে। অনেকে বলেছে, ছেলেটা ভালো না। মিশিস না ওর সঙ্গে। কারও কথায় পাত্তা দেয়নি। বিত্তশালীর পরিবারের সন্তান কীভাবে যেন তাকে আঁকড়ে ধরেছিল জোঁকের মতো। কিছুতেই এ জোঁক ছাড়ানো সম্ভব হয়নি।

নিচে নেমে এসে দেখল বাড়ির বাইরের গেট খোলা। খোলা গেট দিয়ে ঢুকছে একটা জিপ। পুলিশের গাড়ি। জিপের পেছন থেকে কয়েকজন কনস্টেবল নেমে এসেছে। সঙ্গে মহিলা পুলিশও। একজন এসে কিছু বোঝার আগে খপ করে ধরল ইথার হাত। ঝাঁকি দিয়ে ইথা বলল, 'ছাড়েন। আমাকে ধরেছেন কেন?'

জিপ থেকে নেমে এসে একজন এসই শান্ত কণ্ঠে বললেন, 'জিপে উঠুন; ঠান্ডা মাথায় উঠুন।'

পুলিশের নরম স্বর শুনে ইথা এক ধাপ এগিয়ে বলর, 'এসেছিলাম আমার বিএফের খোঁজে। এ বাড়িতে আছে-খবর পেয়ে ধরতে এসেছিলাম তাকে। পালিয়েছে সবাই।'

'ঠিক আছে। আপনার কথা আমরা অফিসে শুনব। আপনার সাক্ষ্য নেব। উঠুন।

তিন.

'ইথা নামে কাউকে চেনেন?'

'অবশ্যই! সে আমার মেয়ে!'

থানা থেকে কল আর প্রশ্ন শুনে উত্তর দিতে দেরি করলেন না ইথার ফুপি। ভেতরের সত্তা থেকেই বেরিয়ে এসেছে উত্তরটি। কোনো ভনিতা নেই উত্তরে। শুদ্ধ অনুভূতির ভূমি থেকে বেড়ে ওঠা চারায় যে ফুল ফুটে আছে, সে যে ইথাই। 'সেকি! সে তো বলল, তার মা নেই।'

'দু'বছর বয়স থেকে তাকে যে-নারী কোলে-পিঠে মানুষ করেছে, সে আমি; ইথার ফুপি। মা-ই। মা নেই বললেই হলো?'

পাল্টা প্রশ্নের জোর দেখে তদন্ত কর্মকর্তা কিছুটা চমকালেন। তবে আসামির অপরাধের দুর্গন্ধ থেকে তিনি মুক্ত হতে পারলেন না। নিজের বোধে শক্ত থেকে জবাব দিলেন, 'তাকে মাদকচক্রের আস্তানা থেকে উদ্ধার করা হয়েছে। পুলিশ ধরেছে হাতে নাতে। সেখানে কেবল মাদক ব্যবসা আর নেশাই চলে না; দেহব্যবসাও চলে। অবৈধ কাজে জড়িত থাকার কারণে তাকে অ্যারেস্ট করা হয়েছে। থানা হাজতে আছে সে। কাল কোর্টে চালান করে দেওয়া হবে।'

চট করে শব্দ-বুলেট আঘাত হানল ইথার ফুপির মাথায়। কিন্তু আঘাতে কাবু হলেন না, ভেঙে পড়লেন না। তিনি কঠোর কণ্ঠে বললেন, 'ভুল মানুষকে ধরেছেন। নিরীহ মেয়েটিকে ধরে ভুল করেছেন। অবশ্যই নেশাখোর না, অবশ্যই সে দেহ ব্যবসা করে না। অবশ্যই অসাধারণ গুনবতী মেয়ে ইথা, আমার মা-মণি। তাকে ছেড়ে দিন, প্লিজ।

'দেখুন, তাকে দেখে আমাদেরও নেশাখোর মনে হয়নি। মনে হয়নি দেহব্যবসা করে। তবুও এভিডেন্স প্রমান করে, সে আস্তানার ভেতর ছিল। পুলিশের রেডের খবর পেয়ে অন্যরা পালালেও সে একাই বেরিয়ে এসেছে আস্তানা থেকে।'

লাইন কেটে গেছে। ঝিমঝিম করছে ইথার ফুপির মাথা। কী ঘটছে বুঝতে পারছেন না। পুলিশের কথাটা এক পার্সেন্টও বিশ্বাস করেননি তিনি। আকস্মিক খবরের বিষবাষ্পে ধোঁয়াটে হয়ে গেছে মনগৃহ। বুকের দরজা-জানালা খুলে দিতে ইচ্ছা করছে। শ্বাস নিতে কষ্ট হচ্ছে। নিশ্চয়ই কোনো ভুল করেছে পুলিশ। নিশ্চয়ই মেয়েটি ইথা নয়; অন্য কোনো ইথা হবে হয়তো।

'তোমাকে এমন লাগছে কেন? কে কল করেছিল? কী মেসেজ শুনে এমন হয়ে গেলে? কোনো দুঃসংবাদ?' ল্যাপটপে নিজের ঘরে ব্যস্ত থাকা স্বামীর প্রশ্ন শুনে চমকে উঠলেন ইথার ফুপি, জিনাত আরা।

ধোঁয়াটে ঘরে আশার আলো জ্বলে উঠল। স্বামীর হেল্প পাওয়ার আশায় আলো জ্বলে উঠল ঘোর লাগা চোখে থানা থেকে পাওয়া মেসেজের কথা খুলে বললেন তিনি স্বামী।

'এমন হতেই পারে। আজকাল তরুণ-তরুণীরা দল বেঁধে মাদক খায়; দল বেঁধে সেক্স করে। পর্নোসাইটের কারণে এখন এসব তাদের বিনোদনের প্রধান মাধ্যম হয়ে উঠেছে!'

'কী বলছ এসব?' স্বামীর কথা শুনে বেপরোয়া কণ্ঠে প্রশ্ন করলেন জিনাত আরা।

'এভিডেন্স ছাড়া কেন নিরীহ একটা মেয়েকে ধরে নেবে পুলিশ? নিশ্চয় ইথা দোষী।'

'না! না! কোনোদিনও না! ইথা দোষী হতে পারে না!'

'এমনভাবে বলছ, যেন ইথাকে পেটে ধরেছ?'

'ইথা আমার সন্তান। ওকে হাড়ে হাড়ে চিনি আমি। কিছুতেই সে এমন কাজ করতে পারে না। ইথাকে উদ্ধারের চিন্তায় আপন ঘোরের ভেতর থেকেই বলে উঠলেন জিনাত আরা।

'বিয়ের আগেই আমার সন্দেহ হয়েছিল। তখনও একবার মনে হয়েছিল, আমার সঙ্গে বিয়ের আগে অবৈধ সন্তান পেটে নিয়েছিলে তুমি; ইথা তোমার নিজেরই সন্তান। গল্প ফেঁদেছিলে ওকে নিয়ে। বাবা মারা যাওয়ার গল্প, ওর মা আবার বিয়ে করে পরবাসী হওয়ার গল্প; তাই না?

# RETURNING HOME TO SEE THE SPINSTER AND THE SINISTER



**Md. Abdul Awal**
Assistant Professor
Department of English

Rakib is the youngest son of the late journalist Mr. Talukdar. He went abroad five years ago for his higher education before about a year and a half of his father's death. He is returning home from oversees at half past ten on the following Friday of April 1991 after having the completion of his foreign degree successfully. During his stay abroad, he meets one of his collegiate friends, Lithu. Lithu was a very bright student who also got scholarship and went to the same country. Rakib was more meritorious than Lithu because Rakib always got the highest position whereas Lithu rank would second in different competitive examinations in their university, college and school life only for the variation of one or two marks. They were very much happy to get themselves together again in that foreign land. Anyway, now they fortunately joined the same university as faculty members. They are very much lucky for getting such opportunity to share a room that they did not imagine. They started teaching being determined that who would be the best in the service the same they had before. During their stay in that foreign state, they recollected their sweet retrospection about their nice small villages where they were brought up. Very often in their leisure they discussed their childhood, boyhood, adolescent and youth they passed in the village of Konabari College Para in the district of Sirajgong. The village is well decorated with natural landscape and panorama. Different classes' of people live in that village. The village looks in festive mood in all the occasions despite a lot of pains and sufferings.Rakib narrates, "We had been involved in different festivals in the village and enjoyed too much better than that of our urban life". In my boyhood Lithu adds, "I along with my friends used to make the Banana trees' raft and roaming here and there and sometimes we participated in Banana raft race during the whole floods in the Rainy season. That was a continuous process as the flood visited every year in the village. We also enjoyed catching fishes by nets and hooks. Little children were used to play with their handmade earthen dolls. They cooked rice by soil, dall was made with muddy water and curries by bushes. Sometimes they picked up quarreled and got separated from each other promising that they would never play together.

But the very next day they would come to meet again and start playing with their toys and other playthings. Rakib continues, "Sometimes they made dolls wife and husband and exiled them in their paper made boats and pretended for a while with crying and weeping. That day they did not make any quarrel for the lamentation of the immersed dolls and returned their respective homes with agony and sadness. Lithu remembers," I did recollect my pleasant memories of the youth through the traditional and cultural games and sports those were often taken places in my village. He illustrates, we played Gollahchute, Kanamachy, Dangly, Botchy, Hide and Seek, Dariabandh, Guilty, Kuthduth, Cabady, Tops, Marvel and Ha-do-do. What a funny we got playing those. We enjoyed different kinds of traditional songs those often took place in my village. Likely; Folk Songs, Palagaan, Jarigaan, Sarigaan, Vawolgaan, Marphotigaan, Mourshedygaan, Vhulargaan, Bicchadargaan, Nochimongaan and so on. Those songs were very much related to the reality of life and nature. Yes, indeed Rakib adds, sometimes some bad people would make noisy and outlined their plans and engaged in functionning ill activities in our village but the arbiters of the village would settle them thorough justice. Do you remember? Asks Lithu, once in moonlit night we went away taking a big boat with the musical instruments and enjoyed to the late night singing, clapping, dancing and piping having with a mike. That was the most tragic event in my life, replies Rakib in that very bright moonlit night we, friends arranged a picnic during one of the occasions of the flood. We took a boat and went to the harvest ground. It seemed to me that we would never die because of our having enormous merriments from that event. The cold, comfortable wind of October from the South East in 1980 was blowing. The water was laughing , glittering and shining. After having taken our meals we started our recreation. Among us there were skilled piper, a pianoman, a harmonium operator and dammars and we all were singers and dancers. Everyone had to perform level best. The moon was laughing and water was busy making weaves to see our extraordinary performances. Everybody was tired. It was declared that after having ten minutes rest everyone must deliver at least a joke or story. If anyone denied, he would have thrown into the deep water on that mid-night from the boat. By those ten minutes every body finished their personal work. The soft winds continued blowing. The weaves were playing. The moon was laughing to see our noisy activaties. The sounds of farting and urination were hearkened. The nature started to decorate itself anew. It was about two and half AM. everyone told their levels best jokes and stories. I also performed and got big handed I remembered, Lithu laughed. It was an old man

who held position first whom we did not want to take with us. He was a man of peculiar character. Most of the times that old man liked to spend his time with the spinsters. He was a very popular man in our village. All most in all the festivities his presence was a must because I saw him attending every romantic functions. I saw him enjoying the theatre in the pinching cold of the winter. "There was a family along with other families and passengers in the ship moving towards Europe for their respective purposes.The ship moved towards the destination of passengers through the silent North Pacific Oscan. The passengers of the ship were jolly and were making merriments. The ship was moving quickly on the water of the sea. It was in the middle of the ocean when the storms started blowing, narrates the man with strange voice. The storm was so furious that all the passengers of the ship were frightened with fear. The ship was swelling like a baby in the swell. There were heavy outpouring, thundering and lightning going on outside of the ship in the ocean. The sky craft weaves hit the ship and started cracking drown. The passengers of the ship were shouting, crying and praying for the mercy of God, but no result. No one could prevent the power of the nature. Could anybody prevent that? Cries the old man. "In the mean time the ship turned into pieces. Fortunately a mother along with a child survived holding one of the timbers that got separated from the ship. There was another young man alive holding another part of that timber. The furious oceanic storm was becoming calm and the young man requested the woman to have a seat on the timber. The spinster did not notice him earlier. The ocean was quite clean then but there was only water everywhere around them. They could not see anything without water. However, the lady got a little bit satisfied to see the young man. They got introduced with each other while they were floating in the deepest sea on the timber. The old man told us that he was not able tell the last part of his story. We saw him weeping. His eyes were full of tears rolling round his cheeks. We requested him to finish the story because we were very curious that what happened next. At last the old man was convinced to tell the remaining portion of the story. Then the most barbarous, brutal and obnoxious deeds were committed by the young man", started the old man again. "The young man wanted to have sex with the lady who had a baby on her lap still sitting on the timber. The young man was insisting on having mitigated his lust. The lady prayed to the young man for the sake of the baby not to be spoiled. The young man did not pay any attention to the lady's howls. He was persuading to fulfill his lust. In the part of their bargaining the young man seized the baby and threw it into the deep water of the ocean. He started to move onward to attack

her. She again fervently prayed to him. "Show your mercy. Don't spoil me, don't spoil my chastity. You threw the only baby of my brother into the deepest ocean. I lost my all family members. I lost everything in the ocean. Please save me",she was crying. That time the young man was going to tear the wearing garment of the lady. The lady kept praying again and again. For God's sake don't be more furious." The young man was laughing. The spinister realized that she would not be able to save her chastity from this sinister and slaughter. So, she prayed two minutes from him to pray to God. At that time the young man was getting ready for mitigating his lust. In the meantime after having prayed she jumped into the ocean to secure her chastity. The storm of the ocean began to gush again violently and ruined the devil within a very short time. The old man finished the story. That day we returned home in a very sad mood with a vast experience that was never forgettable. Lithu saw his friend shedding tears rolling round his cheeks at the remembrance of the sinister.

# THE DIVINE CAT



**Md. Alaul Alam**
Lecturer in English
Prime University Language School

Many years before a poor farmer and his wife lived at a small village named Gouridaspur. They had many offsprings and so it would be very difficult for the farmer to maintain the family. When the elder son was fourteen, he started helping his father in farming. Similarly, the younger daughters started helping their mother in cooking and household chores. Due to fragile physical condition, the youngest son of the farmer-couple could not do any hard work.But he had much intelligence. He was the cleverest of all of his siblings. So his parents thought toengage him in the work of a temple. Oneday they came to the village temple with their youngest son and requested the priest of the temple to take their son as his disciple and to give an opportunity of learning in the toll. The priest asked the boy some difficult questions to judge his talent. The boy answered all the questions, showing his intelligence.So, the priestadmitted the boy into the toll of the temple where religious education used to be taught. The priest taught could easily be learnt by the boy. He was very obedient and intelligent. But he had an offence,whenever he kept alone, he would draw the picture of 'cat' in the margin of religious books preserved in the temple, curtain, walls and pillars of the temple.That time drawing 'cat' was forbidden. The priest prohibited him several times to draw that picture. But the boy could not help drawing. He would feel inconstant if he did not get any chance to draw. The boy always dreamt of being a great painter. Oneday he was caught by his Guru, while sketching 'cat' in the sari of Debi Durga. The priest became so angry that he ordered the boy to leave the place right away, saying" "Never be a priest, but if tried, have a possibility to be a painter." The last advice of the priest was like "At night avoid big place; sleep in the small place."

The boy could not understand the meaning of Guru's words; he only took his small crate and came out of the temple. Despite having much intention to ask Guru about the meaning, he could not, but only said 'Bye'.With an upset mind, he left the temple.It was undecided where to go.There was no doubt if he went back home,complained for not hearing the priest, he would be bitten severely. So, he decided not to go back home. Suddenly he remembered that there had been a big temple

in another village, only four miles away from there. He decided to go to that village by hook or by crook,with lots of expectation that he would be able to manage the head priest to take him into consideration. But things remained unknown to him that many years passed since the temple had been closed. It was a rumor that the temple was under the control of a devil.A few brave men of the village went to kill the devil but they were killed in the temple at night and their dead bodies were found next day beside the temple. Till then the temple had turned into a 'Haunted House'. But the boy was fully ignorant of such stories. So, he started walking towards the temple, hoping to get admission there.

The temple was at the corner of the village, situated on a small hill. The boy noticed that it seemed lighting in the whole temple. But the real thing was different. People say,the devil used to light up the temple every evening to attract the passers-by who lost their ways. Due to lighting in the temple, sometimes the strangers from far villages were caught and killed by the Devil. Standing before the wooden gate, he tried to knock at the door but nobody responded. The boy surprisingly talked to himself why people concerned in the temple felt asleep so early. He knocked again and again and it opened, having a grisly sound. Entering the temple, he saw, a floor lamp was flickering, but nobody was found there. The boy thought, somebody must have come. So, he sat on the floor and instantly saw that the whole temple was covered with dusts and dirt. He delighted thinking that the parson would give him the work of cleaning.The boy became pleased to see the big and tall curtains of the windows, thinking that there would be a great opportunity for him to draw. Not being hesitated,the boy started drawing the picture of 'Cat'.He filled up every curtain with big sized cat. As walking several miles, he became tired; uncovering his crate he put the bed sheet on the floor. This time he remembered the words of the religious Guru: "At night avoid big place; sleep in the small place!"

The temple was colossal and he was alone. So, he was afraid remembering Guru, though the meaning was unknown to him. Then he started finding a small room and finally got it.Then closing the door with a hook, he laid on the floor and within a while he slept.

The boy woke up at mid night, hearing a dreadful sound and it seemed, some were fighting in a frightening fight. Hearing animal yell associated with grisly, unearthly sound Fatch- Fatch the boy got so terrified that he could not dare to look at the inside of the temple. He merely

thought if he looked at, it would kill him, so, he lay on the floor cowering in fear, almost forgot even to take breath.Suddenly, the light of the temple was put off and the whole temple was covered with deep darkness, but had the fearful sound like Fatch-fatch, breathing sound with blood iced voice, animal howling relentlessly. It seemed two unearthly parties were fighting dreadfully outside the door.After a time,all the sounds disappeared. But he did not move an inch. At last the night was over and the golden rays of the sun came into the small room through the small portion of the door. The boy came out carefully of the hidden place and looked around. He saw blood and blood everywhere on the floor!A gigantic 'Rat' the devil of the temple was found dead in the middle of the pond of blood! But who had killed it? No man and animal was found there. Suddenly he noticed that the pictures of cats which he drew last night on the curtains are covered with bloods! Instantly he understood that his drawing cats killed the Devil Rat and also understood the meaning of the words of Guru.

"At night avoid big place; sleep in the small place!"

That boy became a great painter in course of time. His painted pictures of cats are still in that temple. If you do not believe me, go and see the original scenario. It is only four miles away from Guoridaspur.

Based on the Tale of J.B. Stemper

# পাছে লোকে কিছু বলে



কামিনী রায়

করিতে পারি না কাজ, সদা ভয়, সদা লাজ,
শংশয়ে সংকল্প সদা টলে,
পাছে লোকে কিছু বলে!
আড়ালে আড়ালে থাকি, নীরবে আপনা ঢাকি
সম্মুখে চরণ নাহি চলে,
পাছে লোকে কিছু বলে!
হৃদয়ে বুদ্‌বুদ্‌ মতো উঠে শুভ্র চিন্তা কত,
মিশে যায় হৃদয়ের তলে,
পাছে লোকে কিছু বলে!
কাঁদে প্রাণ যবে, আঁখি সযতনে শুষ্ক রাখি
নিরমল নয়নের জলে,
পাছে লোকে কিছু বলে!
একটি স্নেহের কথা প্রশমিতে পারে ব্যথা-
চলে যাই উপেক্ষার ছলে,
পাছে লোকে কিছু বলে!
মহৎ উদ্দেশ্যে যবে এক সাথে মিলে সবে,
পারি না মিলিতে সেই দলে,
পাছে লোকে কিছু বলে!
বিধাতা দেছেন প্রাণ, থাকি সদা ম্রিয়মান,
শক্তি মরে ভীতির কবলে,
পাছে লোকে কিছু বলে!

# বঙ্গভাষা



মাইকেল মধুসূদন দত্ত

হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন;-
তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি,
পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।
কাটাইনু বহু দিন সুখ পরিহরি!
অনিদ্রায়, নিরাহারে সঁপি কায়, মনঃ :
মজিনু বিফল তপে অবরণ্যে বরি :-
কেলিনু শৈবালেঃ ভুলি কমল-কানন!
স্বপ্নে তব কুললক্ষ্মী কয়ে দিলা পরে :-
"ওরে বাছা মাতৃ-কোষে রতনের রাজি,
এ ভিখারী-দশা তবে কেন তোর আজি?
যা ফিরি, অজ্ঞান তুই, যা রে ফিরি ঘরে!"
পালিলাম, আজ্ঞা সুখে : পাইলাম কালে
মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে।

# একুশে ফেব্রুয়ারি



আবদুল গাফ্ফার চৌধুরী

আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশ ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি
ছেলেহারা শত মায়ের অশ্রু-গড়া এ ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

জাগো নাগিনীরা জাগো নাগিনীরা জাগো কালবোশেখীরা
শিশু হত্যার বিক্ষোভে আজ কাঁপুক বসুন্ধরা,

দেশের সোনার ছেলে খুন করে রোখে মানুষের দাবি
দিন বদলের ক্রান্তি-লগনে তবু তোরা পার পাবি?
না, না, না, না খুন রাঙা ইতিহাসে শেষ রায় দেওয়া তারই
একুশে ফেব্রুয়ারি একুশে ফেব্রুয়ারি।

সেদিনো এমনি নীল গগণের বসনে শীতের শেষ
রাত জাগা চাঁদ চুমো খেয়েছিল হেসে;
পথে পথে ফোটে রজনীগন্ধা অলকনন্দা যেন,
এমন সময় ঝড় এলো এক, ঝড় এলো ক্ষ্যাপা বুনো।
সেই আঁধারের পশুদের মুখ চেনা,
তাহাদের তরে মায়ের, বোনের, ভায়ের চরম ঘৃণা
ওরা গুলি ছোড়ে এদেশের প্রাণে দেশের দাবিকে রোখে
ওদের ঘৃণ্য পদাঘাত এই বাংলার বুকে
ওরা এদেশের নয়,
দেশের ভাগ্য ওরা করে বিক্রয়
ওরা মানুষের অন্ন, বস্ত্র, শান্তি নিয়েছে কাড়ি
একুশে ফেব্রুয়ারি একুশে ফেব্রুয়ারি।

তুমি আজ জাগো তুমি আজ জাগো একুশে ফেব্রুয়ারি
আজো জালিমের কারাগারে মরে বীর ছেলে বীর নারী
আমার শহীদ ভাইয়ের আত্মা ডাকে
জাগে মানুষের সুপ্ত শক্তি হাটে মাঠে ঘাটে বাঁকে
দারুন ক্রোধের আগুনে আবার জ্বালাব ফেব্রুয়ারি
একুশে ফেব্রুয়ারি একুশে ফেব্রুয়ারি।
(সংক্ষিপ্ত)


# তখন সত্যি মানুষ ছিলাম



আসাদ চৌধুরী

নদীর জলে আগুন ছিল
আগুন ছিল বৃষ্টিতে
আগুন ছিল বীরাঙ্গনার
উদাস-করা দৃষ্টিতে।
আগুন ছিল গানের সুরে
আগুন ছিল কাব্যে,
মরার চোখে আগুন ছিল
এ কথা কে ভাববে?
কুকুর-বেড়াল থাবা হাঁকায়
ফোঁসে সাপের ফণা
শিং কৈ মাছ রুখে দাঁড়ায়
জ্বলে বালির কণা।
আগুন ছিল মুক্তিসেনার
স্বপ্ন-ঢলের বন্যায়-
প্রতিবাদের প্রবল ঝড়ে
কাঁপছিল সব অন্যায়।
এখন এসব স্বপ্নকথা
দূরের শোনা গল্প,
তখন সত্যি মানুষ ছিলাম।
এখন আছি অল্প।

# তোমার চোখ এত লাল কেন



নির্মলেন্দু গুণ

আমি বলছি না ভালোবাসতেই হবে, আমি চাই
কেউ একজন আমার জন্য অপেক্ষা করুক,
শুধু ঘরের ভিতর থেকে দরজা খুলে দেবার জন্য।
বাইরে থেকে দরজা খুলতে খুলতে আমি এখন ক্লান্ত।

আমি বলছি না ভালোবাসতেই হবে, আমি চাই
কেউ আমাকে খেতে দিক। আমি হাতপাখা নিয়ে
কাউকে আমার পাশে বসে থাকতে বলছি না,
আমি জানি, এই ইলেক্ট্রিকের যুগ
নারীকে মুক্তি দিয়েছে স্বামী-সেবার দায় থেকে!
আমি চাই কেউ একজন জিজ্ঞেস করুক:
আমার জল লাগবে কি না, নুন লাগবে কি না,
পাটশাক ভাজার সঙ্গে আরো একটা
তেলে-ভাজা শুকনো মরিচ লাগবে কি না।

এঁটো বাসন, গেঞ্জি-রুমাল আমি নিজেই ধুতে পারি।
আমি বলছি না ভালোবাসতেই হবে, আমি চাই
কেউ একজন ভিতর থেকে আমার ঘরের দরজা
খুলে দিক। কেউ আমাকে কিছু খেতে বলুক।
কাম-বাসনার সঙ্গী না হোক, কেউ অন্তত আমাকে
জিজ্ঞেস করুক: 'তোমার চোখ এত লাল কেন?'

# চিঠি দিও




মহাদেব সাহা

করুণা করেও হলে চিঠি দিও, খামে ভরে তুলে দিও
আঙ্গুলের মিহিন সেলাই
ভুল বানানেও লিখো প্রিয়, বেশী হলে কেটে ফেলো তাও,
এটুকু সামান্য দাবি চিঠি দিও, তোমার শাড়ির মতো
অক্ষরের পাড় বোনা একখানি চিঠি।
চুলের মতোন কোন চিহ্ন দিও বিস্ময় বোঝাতে যদি চাও
সমুদ্র বোঝাতে চাও, মেঘ চাও, ফুল পাখি, সবুজ পাহাড়
বর্ণনা আলস্য লাগে তোমার চোখের মতো চিহ্ন কিছু দিও!
আজো তো অমল আমি চিঠি চাই, পথ চেয়ে আছি,
আসবেন অচেনা রাজার লোক
তার হাতে চিঠি দিও, বাড়ি পৌঁছে দেবে।
এক কোণে শীতের শিশির দিও এক ফোঁটা, সেন্টের শিশির চেয়ে
তৃণমুল থেকে তোলা ঘ্রাণ
এমন ব্যস্ততা যদি শুদ্ধ করে একটি শব্দই শুধু লিখো, তোমার কুশল!
ওই তো রাজার লোক যায় ক্যাম্বিসের জুতো পায়ে, কাঁধে ব্যাগ,
হাতে কাগজের একগুচ্ছ সিজন ফ্লাওয়ার
কারো কৃষ্ণচূড়া, কারো উদাসীন উইলোর ঝোঁপ, কারো নিবিড় বকুল
এর কিছুই আমার নয় আমি অকারণ
হাওয়ায় চিৎকার তুলে বলি, আমার কি কোনো কিছু নাই?
করুণা করেও হলে চিঠি দিও, ভুলে গিয়ে ভুল করে একখানি চিঠি দিও
খামে
কিছুই লেখার নেই তবু লিখো একটি পাখির শিস
একটি ফুলের ছোটো নাম,

টুকিটাকি হয়তো হারিয়ে গেছে কিছু হয়তো পাওনি খুঁজে
সেইসব চুপচাপ কোনো দুপুরবেলার গল্প
খুব মেঘ করে এলে কখনো কখনো বড়ো একা লাগে, তাই লিখো
করুণা করেও হলে চিঠি দিও, মিথ্যা করেও হলে বলো, ভালোবাসি।

# আমরা তামাটে জাতি



মুহম্মদ নূরুল হুদা

রোদ্দুরে নেয়েছি আর বৃষ্টিতে বেড়েছি
সহস্র শতাব্দী দিয়ে নিজেকে গড়েছি
আমরা তামাটে জাতি, আমরা এসেছি।

আগমনী স্মৃতি হয়ে লেগে আছে আঠালো জীবন
আমাদের জন্মলগ্ন জাতিস্মর পায়
যৌবন-ঘুঙুর হয়ে যায় বেজে যায়
ব্রহ্মাণ্ডের মতো এক স্বয়ম্ভু স্বপন
সব স্মৃতি সব ধ্বনি একাঙ্গে পুষেছি
আমরা তামাটে জাতি, আমরা এসেছি।
কেউ কেউ তূণধারী কেউ কেউ বেহালাবাদক
কারো হাতে একতারা কারো হাতে ধারালো ফলক
অনন্ত সময় জুড়ে জমিজমা জুড়ে
আমরা তো উৎসবে মেতেছি
আমরা তামাটে জাতি, আমরা এসেছি।

সমুদ্রের তলরূপী, গুহারূপী, মাতৃগর্ভরূপী
হৃদয়ের স্বপ্নশয্যা ছেড়ে
সঙ্গিন-সদৃশ সব লাঙল উঁচিয়ে
মার্চ পাস্ট করতে করতে আমরা এসেছি
আমরা তামাটে জাতি, আমরা এসেছি।

এই আসা এই গতিভাষা
এ পথে রচিত হলো আমাদের সব ভালোবাসা।
ভালোবাসা জোছনারাতে অশ্রান্ত বর্ষণ
ভালোবাসা তীব্রতাপে ভুবন-কর্ষণ
ভালোবেসে জীবনকে আনগ্ন চেয়েছি
আমরা তামাটে জাতি, আমরা এসেছি।

রাজধর্ম পিছে ফেলে, পিছে ফেলে গোত্রের আরতি
লোকধর্মে লোকসঙ্গে সুদীক্ষা নিয়েছি
আমরা তামাটে জাতি, আমরা এসেছি।

# এক সেকেন্ডে মাত্র চারফুট



রবিউল হুসাইন

মানুষেরা নাকি এক সেকেণ্ডে চার ফুট হাঁটতে পারে সাধারণত
বারো কোটি মানুষ আমরা
আমরা সবাই একসঙ্গে হাঁটলে মোট আটচল্লিশ কোটি ফুট
অর্থাৎ ষোল কোটি গজ, তার মানে
এক সেকেণ্ডে প্রায় নব্বই হাজার নয় শ দশ মাইল
এগিয়ে যেতে পারি

স্বাধীনতা পাওয়ার পর বিশ বছর পার হয়ে গেছে
অথচ আমরা একই জায়গায় একই বিন্দুতে
দাঁড়িয়ে দাঁড়িয়ে দৌড়িয়ে মরছি সব সময়
এক ইঞ্চিও অগ্রসর হতে পারছি না।

ইতোমধ্যে বঙ্গবন্ধুকে ভুলতে বসেছি
জয় বাংলা নামক দীপ্র বজ্রনির্ঘোষ ভুলতে বসেছি
সাতই মার্চের অতন্দ্র স্বাধীনতার ডাক ভুলতে বসেছি
ভাসানীর আসসালামুআলাইকুম ভুলতে বসেছি
পাকসেনা, রাজাকার, আল-বদর, আল-শামসদের
অমানুষিক অত্যাচারের কথা ভুলতে বসেছি
আমাদের মা-বোনদের
ধর্ষিত হবার কথা ভুলতে বসেছি

'প্রতিটি বাঙালি মেয়েকে গর্ভবতী করে
খাঁটি পাকিস্তানি সন্তানের জন্ম দেব'-শুয়োরের বাচ্চাদের
সেই রক্তে-আগুন-জ্বালানো সব কথা ভুলতে বসেছি
আমরা মুক্তিযুদ্ধ, মুক্তিযোদ্ধাদের কথা ভুলে গেছি
আমরা স্বাধীনতা যুদ্ধের কথা ভুলে গেছি

আসলে এত ভুলোমন নিয়ে
স্বাধীনতা রক্ষা করা যায় না
তা হলে স্বাধীনতাকে কীভাবে রক্ষা করা যায়?
সেকেণ্ডে মাত্র চার ফুট খানিক এগিয়ে গেলেই
একে রক্ষা করা যায়

আসুন স্বাধীনতা যুদ্ধকে বুকের মাঝখানে রেখে তাই একসঙ্গে
আমরা সবাই এক সেকেণ্ডে চার ফুট পথ এগিয়ে যাই
বন্ধুগণ এক সেকেণ্ডে মাত্র চার ফুট খুব বেশি কিছু নয়।

# দহন



কাজী রোজি

ভাত দিবার পারস না ভাতার হবার চাস
কেমন মরদ তুই হারামজাদা
নিত্যি রাইতে ক্যান গতরে গতর চাস
পরাণ না রয় যদি পরাণে বাঁধা

যে জন বাঁচতে চায় তারেই লড়তে হয়
তামাম দুইন্যা জুড়ে বুঝছে এখন
নিঠুর জঠর জ্বালা সইতে পারে না বলে
সবাই সহ্য করে সব জ্বালাতন

কৃষক লড়াই করে জমিনে ফসল ভরে
সাত পুরুষের ভিটে আগলে রাখে
কানাকড়ি মূল্যের সে ভিটের দাম দিতে
কোটি টাকার মহাজন আড়ালে ডাকে
ছাওয়াল কানলি পরে পোড়া এ গতরডারে
মাঝির বৈঠা ভেবে দাঁড়ে দেই টান
হায়রে সোয়ামী তোরে ছুঁইয়া কইতে পারি
খরায় জমিনে পোড়ে পোড়ে না পরাণ

একটু ভাতের লাগি একটু ত্যানার লাগি
গল্পের মতো এই গতর দিলাম
ভাত দিতি পারলিনে তবুও ভাতার হলি
হায়রে সোয়ামী তুই-ই ডাকলি নিলাম।

# সেই মুখখানি কবিতার বড়ো ছিলো



কামাল চৌধুরী

সেই মুখখানি স্বাধীনতা প্রিয় ছিল
সেই মুখখানি মিছিলে মানব হতো
উত্থিত হাতে শ্লোগানে চলায় মিলে
সেই মুখখানি অগ্নির সাথী ছিল।
আমার কান্না বিষাদের কালো দিনে
সেই মুখখানি একা মহীরূহ ছিল
মারী ও মড়কে মানুষের তাণ্ডবে
সেই মুখখানি পৃথিবীর প্রেম ছিল।
তাঁর চলা ছিল পদ্মার জলস্রোত
হু হু বেগে এসে ধুয়ে নিত সব গ্লানি
তাঁর বলা ছিল মেঘে বিদ্যুতে ডাক
শ্লোগানে মিছিলে শব্দিত হয়ে থাকা
সেই মুখখানি আমাদের পিতা ছিল।
আমার স্বদেশে রক্তের ঘোলা জলে
তাঁর হাত দুটো উদ্যত রাইফেল
যুদ্ধে বারুদে শহীদের লাশ ছুঁয়ে
শিবিরে শিবিরে সকল রণাঙ্গণে
সেই মুখখানি স্বদেশের ছায়া ছিল।
মৃত্যুর রাতে তরতাজা সেই মুখ
রক্তে বুলেটে একাকার শুয়ে ছিল
ধূপধুনাহীন বারুদের প্রিয় ঘ্রাণে
সেই মৃতদেহ যুদ্ধ প্রেরণা ছিল।
শিশিরের কাছে পদচিহ্নের মতো
সেই মুখখানি বার বার ফিরে আসে
রক্ত বারুদ যুদ্ধের স্মৃতি শুঁকে
সেই মুখখানি আঁকতে চেয়েছি কতো
আঁকতে পারি না আঁকতে পারি না হায়
এখানে আমার শব্দেরা সব কাঁদে
ব্যর্থতা নিয়ে জেগে থাকে সারা রাত।
যুদ্ধে মিছিলে মৃত্যু বারুদে মাখা
সেই মুখখানি কবিতার বড়ো ছিলো।

# বিজয়ের বোন কড়া নেড়ে যায়





নাসির আহমেদ

বিজয়ের বোন দরজায় কড়া নাড়ে
রুদ্ধ দরজা, টু-শব্দ নেই! বিজয় কোথায়? কে তবে ভেতরে?
খুলছে না দ্বার! প্রিয় বোন তার কড়া নেড়ে যায়...
নির্জন বাড়ি রোরুদ্যমান! বিজয় কোথায়? কোথায় বিজয়!
ন'মাসেই এই সজীব বাড়িটা যেন অনঙ্গ কালো প্রজাপতি!
খুঁটে খায় তাকে পিঁপড়ের ঝাঁক! বোনের কাতর কণ্ঠধ্বনি
প্রতিধ্বনি তোলে ধু-ধু নিরালায়-বিজয় কোথায়?
হায়! সেই ডাক গ্রাসে তুলে নেয় আগাছার দাড়ি বুনো ঝোপঝাড়!

বাবা-মা শহীদ পঁচিশের রাতে বিজয় গিয়েছে বিজয়ের পথে
গহিন গেরিলা শত্রু হননে শশস্ত্র সংগ্রামে।
ধর্ষিতা বোন ফিরেছে যখন তখনো রুদ্ধ ঘরের দুয়ার!
গলায় রক্ত তুলে ডেকে যায়-বিজয় কোথায়! বিজয়! বিজয়!

চারদিকে ওড়ে বিজয় পতাকা ঘরে ঘরে উৎসব।
অদৃশ্য কত চামচিকা আর বাদুড়ের ঝাঁক উড়ছে উঠোনে!
প্রিয় বোন তবু কড়া নেড়ে যায়, বন্ধ দুয়ারে-বিজয় কোথায়?
সাতাশ বছর সবাই নীরব! প্রিয় বোন তবু বাষ্পরুদ্ধ
কণ্ঠে কেবল প্রশ্ন শুধায়-বিজয় কোথায়! বিজয়! বিজয়..

# তুমি সুন্দর তাই



সমুদ্র গুপ্ত

না
তোমাকে সুন্দর বলবো না আমি
তোমাকে সুন্দর বললে তোমার দু'টি ঠোঁট রেগে যাবে।
তোমাকে সুন্দর বললে তোমার দু'টি চোখ রেগে যাবে।
তোমাকে সুন্দর বললে তোমার কালো তিল রেগে যাবে।

না
তোমাকে সুন্দর বলবো না আমি
তোমাকে সুন্দর বললে তোমার ভুরু রেগে যাবে।
তোমাকে সুন্দর বললে তোমার মরাল গ্রীবা রেগে যাবে।
তোমাকে সুন্দর বললে তোমার পদযুগল রেগে যাবে।
তোমাকে সুন্দর বললে তোমার যুগল শীর্ষ রেগে যাবে।
তোমাকে সুন্দর বললে তোমার ক্ষীণ কটি রেগে যাবে।

না
তোমাকে সুন্দর বলবো না আমি
এত বেশি সুন্দরের ভিড়ে কাউকে একাকী সুন্দর বলার
ঝুঁকি আমি কীভাবে নেবো বলো
তোমার চাইতে আর কে অধিক জানে
সুন্দরেরা বড়ো বেশি ঈর্ষাপ্রিয় হয়?

# বালিকা আশ্রম



আবু হাসান শাহরিয়ার

আবারও কে কড়া নাড়ে? কে দাঁড়ায় স্বার্থপর পায়ে?
বিল-হাতে হকার ছেলেটা? তার মানে
মাস ঘুরে গেছে। ছেলেটাকে
ক্যালেন্ডারও বলা যেতে পারে।
এভাবে জ্যোৎস্নাও যদি বিল হাতে
দরজায় দাঁড়ায়? রৌদ্রবিল আসে যদি
বিদ্যুতের বিলের বদলে?
গাছ যদি ছায়াবিল, নদী যদি ঢেউবিল,
পাখি যদি সুরের মজুরি চেয়ে বসে?
অনেক বকেয়া বিল পড়ে আছে মতিহার সবুজের মাঠে
শ্রমের মজুরি ছাড়া খোলাচুলে বয়ে গেছে অনেক বাতাস
এখনও পদ্মার বাঁধে নাজাতের খালিবাড়ি ছুঁয়ে
অনেক দুপুর একা লালনের মঠে চলে যায়।
অনেক রিকশার চেন পড়ে যায় মন্নুজান হল যদি ডাকে
তখন চিঠির ভাঁজে অনেক নদীর ঢেউ গুঁজে
বিজন স্টেশনে একা থেমে থাকে বেনীবাঁধা বালিকা এক্সপ্রেস।

কড়া যে থামে না, স্বার্থ ম্যারাথন ছুটেই চলেছে।
নাকি সেই বীমার দালাল?
-ধৈর্যের প্রশংসা করি তার। নিরন্তর
পিছে লেগে আছে। এরকম
লেগে থাকলে আগাছারা গাছ হয়ে যেত। তা না-থেকে
রিম-রিম শাদাপাতা নষ্ট করে তারা। কবি সেজে ঘোরে।
এত কবি, তবু কেন পৃথিবীতে প্রেমের আকাল?

আজ নাকি আগাছা-উৎসব? তার মানে
এখনি সময়। বালিকা আশ্রমে গেলে
কবিতাকে একা পাওয়া যাবে।

# এখনো তিনি আমাদের



আসলাম সানী

এখনো তিনি আমাদের অনন্ত
পবিত্র মাটি-উদার আকাশ-বিশাল সাগর
প্রাণন্ত ঝরণা, সুউচ্চ পাহাড়
সবুজ-সরল-সাহসী ফসলি মাঠ
বাঙালি জাতির আত্ম পরিচয়-গৌরব-অহংকার,

আজো এই তেরোশত নদী-মেঠোপথ
ময়মনসিংহ গীতিকা-চন্দ্রাবতী-বেহুলা-মহুয়া-মলুয়া
লালন-হাসন-মাইকেল-রবীন্দ্রনাথ-অবন ঠাকুর-যামিনী রায়
এস,এম সুলতান জয়নুল-আব্বাস-আলীম,

এখনো তিনি আমাদের রাজা রামমোহন
বিদ্যাসাগর নেতাজী সুভাষ-সিরাজুদ্দৌলা-তীতুমীর-শরীয়ত
শহীদ সালাম বরকত-নূরলদীন-ঈশা খা-মজনুশাহ
সুর্যসেন-নাচলের রাণী-রাশমনি বেগম রোকেয়া-ক্ষুদিরাম-প্রীতি-
লতা

এই তো সাড়ে তিন হাজার বছরের বাঙালি
লাল সবুজের বাংলাদেশ-বাহান্ন- একাত্তর
ইতিহাস নন্দিত শিশু-কিশোর-তরুণ-যুবা-বৃদ্ধ-নর-নারী
বাংলা ভাষার পাঠ বিশ্ব কাঁপানো-মহাকাল জাগানো
অমর-অবিনশ্বর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান,

এখনো তিনি আমাদের-অনন্তকালে তিনি আমাদের
হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খৃষ্টান-ঐক্য-শান্তি সম্প্রীতির-এখনো তিনি।

# ছবিটা



আমীরুল ইসলাম

এই ছবিটা কার?
এই ছবিটা চির সবুজ রূপসী বাংলার।
এই ছবিটা দূরের পাহাড়
লাজুক ঘাসের বন
এই ছবিতে ঘুমিয়ে থাকি
আমরা সারাক্ষণ।
এই ছবিটা কার?
সব মিলিয়ে তার
বাঙালিদের মহান পুরুষ
শেখ মুজিবের ছবি
এই ছবিতে মুগ্ধ হলেন
শিল্পী এবং কবি।

# রক্তাক্ত মেঘের ছায়ায়



আজিজুর রহমান আজিজ

মেঘেরা আজকাল আর কালো হয়না
কোনো কোনো মেঘ নিকষ অন্ধকার
তা অবশ্য দৃশ্যমান কোথাও কোথাও
মেঘেরা আজকাল হয়ে উঠছে রক্ত লাল
মুর্চ্ছা যাবার মত ভয়ঙ্কর লাল
সেই মেঘ থেকে যে বৃষ্টি ঝরে
তাও যেনো মেঘের চোখের নোনা জল
বিস্বাদ মহাবিষাদ সিন্ধুর কোলাহল
রক্ত মেশানো সাজানো কালো উৎপল
কিছু লাল রং মেশানো কষ্টের ফুল
মাঝে মাঝে এখানে সেখানে ইত:স্তত বিক্ষিপ্ত
কিছু সাদা মেঘ অবশ্য দেখা যায়
তাও হাতে গোনা মনে হয় মূমুর্ষ প্রায়
তবু পৃথিবী বাঁচার আশায় জেগে থাকে
এক খন্ড সাদা মেঘের পাশে
আশায় স্বপ্নে ছবি আঁকে
মানবতার অমোঘ শক্তির বলে
মানবতা তবু বেঁচে রয় সাদা সফেদ আঁচলের
মায়ার তলে
যদিও অন্য সবাই অন্ধকারে ঘুমায়
রক্তাক্ত মেঘের ছায়ায়।

# গুরু উপায় বলো না



মোহাম্মদ সাদিক

নেমেছে গভীর অন্ধকার
ভবতরী নিয়ে আমি শেরে বাংলা নগরে
আটকে আছি গুরু তুমি উপায় বলো না!
মানুষেরা সত্য শব্দ ভুলে গেছে এবং এখন মিথ্যাই প্রধান
এমন সময় আজ, কেউ কারও কথাই শুনছে না!
আমি ফুলকে ফুটতে বলেছিলাম, সে বলেছে ফুটবে না
পাখিকে উড়তে বলেছিলাম, সে বলেছে তার মন ভালো নেই
আমি বাতাসকে প্রবাহিত হতে বলেছিলাম
সে বলেছে সে এখন শোকার্ত !

আমি সমুদ্রের পাড়ে পৃথিবীর সবচাইতে
বড়ো সৈকতে দাঁড়িয়ে দেখলাম, সমুদ্র গর্জায়
যেন বাংলা নামের মেয়ে তার সীতাহরণের মতো কিছু হবে
এই ক্ষোভে বঙ্গোপসাগর বাঘের মত গর্জন করছে
আমি তাকে শান্ত হতে বললাম, সে থামল না
তার মনে ক্ষোভ ক্রোধ সে সারারাত ঘুমুতে পারে না
সে পর্বতের পাদদেশে মাথা কুটে চিৎকার করে...
এর আগে অনেকেই এরকম করেছে।
গুরু উপায় বলো না
আমি কী করে নদীকে বলব, নদী তুমি মরুভূমি পুনরায় জলবতী হবে
সেখানে একটি বোয়াল মাছের লেজে রূপালি ঝিলিক হবে
তোমার বুকেও পূর্ণিমার আলো হবে

আমি কী করে একটি নদীকে বলব তুমি আয়ুস্মতী হও
ধবল দুধের বাটি নিয়ে তুমি পুনরায়
সুজাতার মতো
পায়সান্ন হও
আমাদের সন্তানরা জেনে নিক

মিলনের মধ্যে সুখ থাকলেও ভালোবাসা বিরহই প্রধান
তার অশ্রুহীরার অধিক মূল্যবান !

সবকিছু ফালি ফালি হয়ে যায় তরমুজ ও মানুষ
মানচিত্র, মার মুখ, কমলালেবুর ঘ্রাণ
মসজিদ মন্দির গির্জা সাধুর আসর, টাঙ্গুয়ার হাওড়, রক্তিনদী

গুরু উপায় বলো না
পার করো পার করো বলে দিনতো গোয়াইলাম
রাত কাটাইলাম, দিন খাইলাম

চাঁদের গায়ে চাঁদ লেগেছে চাঁদ খাইলাম
এখন এক নিঃশ্বাসে অথবা এক দমে আমি
কীভাবে এমন অন্ধকার, গাঢ় রাত, এই ভবতরী
পার করতাম !

আমার মাথায় বারি গুরু আমি দম হারাইলাম !

# পথ ও পথিক



সম্পদ বড়ুয়া

পথের ঠিকানা পেতে পথে নামে নিসঙ্গ পথিক
পথ চলে যায় দূরে বহু দূরে, দিকচিহ্নহীন
পথ কি কখনো রাখে পথিকের গন্তব্য-ঠিকানা।

পথের কোথায় শেষ? কতদূর? জানে না পথিক,
জানার ইচ্ছেও নেই; চলে শুধু পথ কেটে কেটে।
পথকে পেছনে ফেলে হয়তোবা এগোয় পথিক
এমনও হতে পারে দুজনের এক সাথে চলা।

পথে পথে বেলা বাড়ে, জমে শুধু শূন্যতার ঋণ,
পথিক পায় না খুঁজে পান্থশালা, পথের আবাস।
শুধু পড়ে থাকে ধূলো, পোড়ামাটি, পাথর কাঁকর।
হাওয়ার সাথে তার সারাক্ষণ উচ্ছেদ উচ্ছেদ খেলা।

আলস্যে জাবর কাটে পান্থশালা। সরাইখানায়
সাকিব পেয়ালা শূন্য, মুসাফির একাকী ঝিমোয়,
পথিকের পায়ে ধরে পড়ে থাকে অভিমানী পথ।

# উত্তর কিংবা দক্ষিণে যাবো



শ্যামসুন্দর সিকদার

অনন্তকালের কাছে যাবো,
সেই থেকেই চলেছি অন্তরকালের দিকে।
যেন পৃথিবীর উত্তর কিংবা দক্ষিণ মেরুর কাছে
দেখা হবে তার সাথে!

মহাকালের নতুন সূর্য্য হেসে হেসে বলবে তখন
সমুদ্রের ঢেউ দেখে দেখে কী ভেবেছো?
নীল জলে অন্তর ছুঁয়ে সময় বুঝি তার অনুযোগ
প্রত্যাহার করে রাখবে বুকের বাম পাশে যত্ন করে?

মাঝে মাঝে জল আর মৃত্যু উৎসবে থাকে একসাথে,
এই মাখামাখি অতিক্রম করে
মহাকালের কাছে যাবো কোনো একদিন,
হবে দ্বিপক্ষীয় বৈঠক, স্বর্গ আর নরকের স্বার্থ রক্ষার।

ইসারায় সময় বলে দেয় চলনের পথ যায় কোনপথে,
পথের বাঁক দেখে চিনে নিতে হয় আপন পথ!
সোজা দরজার নির্গমন রেখে কেউ কেউ ভুল করে যায়
ভিন্ন জানালার সংকীর্ণ পথে।

অনন্তকালের কাছে যাবো বলে সময় চলেছে পিছে পিছে
একদিন গন্তব্যে যাবো মহাজনের কাছে।
এবং যেতেই হবে,
তোমাকে, আমাকে, আরো যত আছে শক্তির নিরঙ্কুশ উৎস সবাইকে।

# যখন মন থেকে রক্ত ঝরে ডেটলে কাজ হয় না



সরকার আমিন

যে আমার সন্তান হতে পারতো
সে এখন ঈশ্বরের বুকে বাস করে দীর্ঘশ্বাস হয়ে
আমি তাই ঈশ্বরের দীর্ঘায়ু কামনা করি।

যখন মন থেকে রক্ত ঝরে ডেটলে কোনো কাজ হয় না
যখন হৃদয় ঘুমিয়ে পড়ে ঘুমের বড়ি মুচকি হাসে

আমার সন্তান খুব সাহসী হতে পারতো
বিনা প্রশ্নে দিতে পারতো হাত সাপের গর্তে
হাসতে পারতো বিনা শর্তে
লড়তে পারতো শয়তানের সাথে
দিনে বা রাতে সারাটি বছর।

আমি যেসব শিশুর পিতা হতে পারিনি
তারা ছিলো খুবই মহৎ
আমি পিতা হতে পারিনি,
ঈশ্বর ভালোই
ঈশ্বর হতে পেরেছেন।

# চলে যাই



মাহবুব উল আলম

তোমার যে হাত অপ্রমেয় এক দিন ভালোবেসেছিল
কুয়াশায় ঢেকে তা আজও ভালোবাসে কিনা
জানি না তা
পুকুরে নেমে যে ক্লেদাক্ত সাঁতার
তাকে ভালোবেসে তুমি নেমে যেতে কচুরিপানায়
শিশির ঝরিয়ে তুমি থামতে যখন
ক্লান্ত কাশবন দুলতো তখন
এখন আমি আদি নিরেট ভাওয়াল বনে
তোমাকে ভেবে ভেবে বৃক্ষ অতিক্রম করি
আর তোমার রিরংসা স্মৃতি
উষ্ণ উত্তেজিত করে
অমিয় শান্তির মত পথ পরিক্রমায়
অতল নীলিমা থেকে নেমে এসে
ধাতুর পৃথিবীতে অথৈ সাগরে
নিজের মধ্যে নিজেই রয়ে গেছি নিরন্তর
স্বতই যে গান ভালোবেসে সহগামী হয়ে
পৃথিবীর আলো পিছে ফেলে অগাধ আঁধারে।
চলে গেছি তুমি আমি দেশলাই জ্বেলে
আজ আমি ভাওয়ালের বনে
পেছনের স্মৃতি পিছে ফেলে
বৃক্ষের ছায়া পটভূমি করে
দুপুরের সূর্য পিছে ফেলে চলে যাই অন্য অন্বেষণে
প্রতিশ্রুতি যত পিছে ফেলে পাখির পালক হয়ে
যাই অন্যখানে অজ্ঞেয় পায়ের চিহ্ন অনুসরণ করে
শীতের মধ্যাহ্ন প্রহরে পার হয়ে সময়ের সাঁকো
সবচেয়ে প্রিয় নাম ভালোবেসে চলে যাই দূরে

# যুব শক্তি



মোঃ ওয়াহিদুর রহমান

শিশু যখন কিশোর ছেড়ে
যৌবনে দেয় পা
শক্তিতে সে কুন্দে বেড়ায়
কাঁপায় সারা গাঁ।
ছিঁড়তে পারে লোহার শিকল
বাঁধতে পারে নদী
ভাঙতে পারে পাহাড় পর্বত
সামনে পড়ে যদি।
লড়তে পারে বাঘের সাথে
ধরতে পাড়ে চাঁদ
গড়তে পারে অনেক কিছু
তুচ্ছ ভাবে ফাঁদ।
ভয় পায়না দৈত্য দানব
দূর আকাশের বাজ
এই বয়সের যুবকেরাই
করছে সকল কাজ।
এদের আলোয় আনতে হবে
জ্বালতে হলে বাতি
এরাই পারে নতুন করে
গড়তে দেশ ও জাতি।
চোখে এদের আগুন জ্বলে
হস্তে অসীম বল
এদের নিয়ে যাত্রা করো
পাবেই ভালো ফল।

# শান্তিবিহীন বিশ্ব



**প্রফেসর ড.আবদুর রহমান**
বিভাগীয় প্রধান
ব্যবসায় প্রশাসন বিভাগ ও প্রক্টর

শান্তি নেই, স্বস্তি নেই, নেই সুখের ছোঁয়া -
ধরিত্রী ব্যাপী দেখতে পাই বারুদের ধোঁয়া।
লাশ আর রক্তের দাগে বিশ্ব ভরপুর,
বিশ্বকে মনে হচ্ছে খাখা চৈত্র দুপুর।
বিশ্বব্যাপী শোনা যায় মা-বোনদের চিৎকার,
মানুষ হিসেবে হৃদয়, মনে জমছে ধিক্কার।
মানবতা, মনুষত্ব হয়ে যাচ্ছে বিলীন,
পশুত্বেও আস্ফালন বাড়ছে দিন দিন!
সভ্যতা থমকে দাঁড়ায় পশুদের তাণ্ডবে -
সভ্য মানুষ নিজেকে গুটায় ধীরে ধীরে।
মানুষ যদি হয়ে যায় পশু -
মানবতা কি কখনও বাঁচবে কভু?
বিশ্বব্যাপী গাইতে হবে মানবতার জয়গান -
পাশবিকতা ভেঙে হয়ে যাবে খান খান।

# WHEN I SHALL DIE



**Jasim Khan**
Lecturer in English
Prime University Language School

When I shall die
You are requested not to cry
Only for that reason
You should not be shocked
Because for going to the under world
Just a ticket has been booked
When my dead body will be washed
That scenery you will not see
As you may not bear
And your eyes may fill with tear
When my dead body will be carried for burial
You will recite this poem
Which will be special
When all will leave my grave
You will go there slowly
To give some tube roses sullenly.

# আত্মবিলাপ



মোঃ সাজেদুল ইসলাম
পি, এ টু ট্রেজারার

না হয় জাদুঘরেই রাখতে কপাটহীন ঘরের জীর্ণ শিকায়
না হয় সবার মত ঝুলেই থাকতাম কুঠি ঘরে
খাতায় তবু নামটা থাকতো, একটু স্মৃতি থাকতো।
একটু রেখে দিলেই পারতে ঠোঁটের কাটা দাগ
মধ্যবিত্ত চুমু না হয় অঙ্গারই হতো
আমি মুছে গেলেও দাগ থাকতো তোমার চোখে
শুধু তুমিই দেখতে, বড় নয়, গভীর নয়
এক চিলতে স্মৃতি তোমার ঠোঁটে তোমার মুখে
জঞ্জাল কিছু রেখে দিলেও পারতে
পায়ের কাটা হয়ে যেতাম তোমার বুকে
ম্যালেরিয়া হতাম, কঠিন অসুখ হতাম তোমার ভিতরে
এমনি নয় তোমার শরীর তখন জ্বরে পুড়তো
বারোয়ারি আদরের প্রতিষেধক হতাম
সমিতিতে গড়া তোমার শরীরে।
নিষ্প্রাণ মমি করেই রাখতে আমাকে
প্রতিবাদহীন সয়ে নিতাম সবকিছু, সবার অবাধ বিচরণ
তবুও তো ঘুচিয়ে যেত প্রাণবন্ত মমিত্ব
অতিগোপন বৃষ্টি হতো না, ভিজতো সবাই।
একটু না হয় জাদুঘরেই রাখতে
ছেঁড়া শিকাটা সারতে জানি খুব কষ্ট হতো
তবুও তো বিশ গেরোটা শিখতে
আমি মুছে গেলেও স্মৃতি থেকে যেত
তুমি ধোপা না হলেও পারতে।

# তেইশ বসন্ত



আল আমিন শেখ
৩৪ তম ব্যাচ, আইন বিভাগ
আইডি: ১৩৩০৫০১০১০০৭

তেইশটা বসন্ত কেটে গেছে
জীবনের পথে আজও আমি একা হাঁটছি।
আমার হৃদয় যেন সাহারা মরুভূমি,
বসন্ত এখানে নির্জীব, নিষ্প্রাণ
এখানে কোকিল ডাকে না,
ফোটেনা শিমুল,পলাশ, কৃষ্ণচূড়া
নামের কোন ফুল।
মাঝে মাঝে বিদ্রোহ করে এ হৃদয়
সেও ভালোবাসতে চাই।
কোন পড়ন্ত বিকালে কারো হাত ধরে
দূরের কোন মেঠো পথে হেঁটে যেতে চাই
কারো চোখে পথ হারাতে চাই
কারো কাছে হৃদয় জমা রাখতে চাই।
আপসোস! হৃদয়হীনাদের প্রতি
তেঁইশটা বসন্তেও কারো হৃদয় গলেনি
আপসোস সেই ষোড়শীর প্রতি
যার চোখে হারিয়েছিলাম নিজেকে,
যাকে দেখে দ্রুত স্পন্দিত হয়েছিল হৃদয়
কিন্তু সেও বোঝেনি।
আমার হৃদয় তাই আজও
সাহারার প্রান্তর।
কিন্তু আমিও ভালবাসতে চাই,
চাই আমার হৃদয়েও বসন্ত আসুক।
চাই কেউ আমার জন্য কাজল পরুক
কপালের মাঝখানে টিপ পরুক
খোপা করে তাতে ফুল দিক
অধর রাঙাক লিপিস্টিকের পরশে।
কিছু না হোক একটু লজ্জা পাক
আমার চোরা চাহনিতে।
জোছনা রাতে আমাকে কেউ ভাবুক,
ডায়রীর এক পেজে আমার নাম লিখুক
আমাকে দেখেও কারো হৃদয়স্পন্দন দ্রুত হোক
আমাকে কেন্দ্র করে কেউ তার স্বপ্ন সাজাক।
জানি সবকিছু চাইলেই হয় না
কিউপিডের তীর আমাকে বিদ্ধ করবে না।
তবুও চাই বসন্ত আসুক
সবার হৃদয়ে,
ভালবাসার কোকিল মিষ্টি সুরে ডাকুক।

# আজও মন কাঁদে তোমারই জন্য




মোঃ শহীদুল্লাহ
৩৮তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৫১০২০১০১০২০


প্রায় একুশ বছর বন্দী ছিলাম---
আমি কারাগারে,
মুক্তির পানে চাহিয়া আমি
কেঁদেছি কত বারে বারে।
কারাকর্তৃপক্ষ তবুও মুক্তি দেয়নি মোরে;

সারাক্ষণ কারাগারে আমার হৃদয় জুড়ে ছিলো
তোমারই আনাগোনা,
আমার এই অতৃপ্ত হৃদয়ের কথা---
হয়তো বা তুমি বুঝিবে না।

অজানা নেশায় আর কতনা স্বপ্নে বিভোর ছিলো মন,
যদিও বন্দী জীবন।
তবুও তোমারই তরে ছুটে ছিলো মন;

যদিও পেলাম মুক্তি আমি একুশ বছর পরে,
ততক্ষণে তোমাকে হারিয়ে ফেলেছি---
অনেক অনেক দূরে।

তবুও তোমারই জন্য আজও কাঁদে মন,
তুমিতো গভীর নিদ্রায় আচ্ছন্ন---
এখনও রয়েছো অচেতন।
তুমি ছাড়া শূন্য আমি, আমার এ জীবন,আমার এ ভুবন;

অন্তহীন আশায় আমি বাঁধিয়াছি বুক---
হয়তো বা কোন একদিন আসবে তুমি ফিরে,
প্রতীক্ষা আমার তোমারই জন্য যুগ যুগান্তরে।

# আমাদের সবুজ গ্রাম



মোঃ হাসিকুল আলম আশিক
এম.এল.এস.এস

শহর ছেড়ে গায়ের পথে
উদাস হাওয়ায় হেঁটে যেতে
দৃষ্টি হারায় নীল সবুজে
মন কেড়ে নেয় ধানের ক্ষেতে।
হাতছানি দেয়  বাংলা মা-য়ে
এসো খোকা মুক্ত বায়ে
শিশির কণা লাগবে পায়ে
ঘুরবে তুমি ঘাটের নায়ে।
ক্লান্ত খোকা বসো পিড়ায়,
কাঁচা আমের ভর্তা খাবে।
ঘুড়ি নিয়ে মাঠে যাবে।
গাঁঙ সাঁতারে করবে গোছল
মাথা মোছায় মায়ের আচঁল।
আহা, সে, কি সোনার স্মৃতি
যায় কি ভোলা এমন প্রীতি।

# অন্ধ অনুভব



মোঃ জসীম উদ্দিন
এম,এল,এস,এস

এক টুকরো কাপড় দিয়ে বেঁধে দেখো ওই চোখ দুটি।
সোনালী  রোদ্দুর, রুপালী নদী, সবুজ শ্যামল মাঠ ও ভূমি,
দেখবে না তুমি কিছুই।
নীলিমার নীল পাবেনা খুঁজে, আকাশ নদী আর ভূমি,
সবই হারাবে তুমি, মনে হবে সবই শর্বরী।
এক টুকরো কাপড় দিয়ে বেঁধে দেখো ওই চোখ দুটি।
থাকবে না হৃদয়ের মাঝে হিংসা নামের ওই আগাছাগুলো।
হবে না হানাহানি, থাকবে না আঁকুপাঁকু করা ওই অহিনকুল সর্ম্পক।
এক টুকরো কাপড় দিয়ে বেঁধে দেখো ওই চোখ দুটি।
পাবে না খুঁজে, ওই শরতের শিশির হবে বিরাগী।
মনে হবে এ ধরা ধাম শুধুই বালির বাঁধ।
সুখের পায়রাগুলো ধীরে ধীরে যাবে চলে।
পই পই করে বলি, হাতের লক্ষ্মী পায়ে ঠেলি কুল কাঠের অনলে পুরি।
এক টুকরো কাপড় দিয়ে বেঁধে দেখো ওই চোখ দুটি।

# শিক্ষার আলো



সিনথিয়া নিপা বারিকদার
৪২তম ব্যাচ, শিক্ষা বিভাগ
আইডি:১৬২০১০৩০২০০৪

শিক্ষা আমায় দেখায় পথ
শিক্ষা আমায় শেখায় জগত
শিক্ষা নিয়ে গড়ব আমি
পৃথিবীর এই আলোর পথ।

যদি চাও জীবনে আলো
শিক্ষার আলো সকলে জ্বালো।

শিক্ষা হীন জীবন
সে তো কোন জীবন নয়
জীবন গড়তে চাও যদি
শিক্ষার আলোবর্তী হও।

সুশিক্ষিত হবে তুমি
পাবে যখন শিক্ষা
সে শিক্ষা দেবে তোমায়
মানুষ হবার দীক্ষা।

# মায়ের কষ্ট



কাজী মাহামুদুল হাসান
৪৪তম ব্যাচ, বিবিএ
আইডি: ১৭১০২০১০১১০১৭

দশ মাস ধরে গর্ভে লালন করেছে যে মা
দ্বীন দুনিয়ার আবেগে পড়ে
তারে মনে রাখি না।

প্রসব করতে হাড় ভাঙা ব্যাথা পেয়েছে আমার মা
যত্ন করে বড় করেছে, আমরা জানিনা।
বুকের রক্ত পানি করে বড় করেছে যারে
কি করে দেখ,
একটু কথায় তারে মারতে পারে,
অশ্রু জলে ভরে যায় বুক,
করে না বদ দোয়া
আল্লাহ তুমি আরো বড় করো,
এই যে মায়ের দোয়া।
স্বপ্ন দেখতে শিখেছি আমরা
যার হাতটি ধরে,
স্বপ্ন থেকে বাতিল করেছি,
মনটা পাষাণ করে।
স্বপ্ন দেখি বড় হবো,
করবো গাড়ি বাড়ি
ছেলে মেয়েকে করবো হিরো
বউকে দিবো শাড়ি।
মা দেখবে অশ্রু চোখে,
পরবে ছেঁড়া শাড়ি,
কেমন করে এতো নিষ্ঠুর,
আমরা হতে পারি।
অন্তর জ্বালায় জ্বলিছে দেখ,
কষ্টে কাঁদিছে মা,
আমরা কেমনে করবো দূর,
মায়ের যন্ত্রণা।
তাই বলে কি আমরা সবাই
এমন পাষাণ লোক,
মায়ের কষ্টে আজ ভিজেছে আমাদেরই চোখ।
সময় শেষে মায়ের ব্যাথা পাচ্ছি দেখ আজ,
তাই বলেকি নেই আমাদের
একটুখানি লাজ ?

# বহুরূপী বাংলা



মোঃ তানজীমুল কবীর
৩৯ তম ব্যাচ, বি এস সি, ইইই
আইডি :০১৯১২৫১৯৫৮০

আমি বাংলার এই
বহুরূপী রূপে মুগ্ধ,
এখানে ঘাসফড়িং এর নীড়
প্রজাপতি শুঁয়োপোকা ঢের।

এখানে গাছ থেকে
বটের অজস্র ফল ঝরে পড়ে,
পাড়াগাঁয়ের কিশোর কিশোরীরা
তা দিয়ে মালা গেঁথে,
বর বউ খেলে।

এখানে বেতঝাড়,বাঁশঝাড়
লুটিয়ে পড়ে পথের প্রান্তে
বেতের ফল ঝরে পড়ে বাতাসে,
হঠাৎ ডেকে ওঠে কোকিল
ঘুরে বেড়ায় এ গাছ থেকে ও গাছে।

সকালে ডুমুর পাতার নিচে
দোয়েল ছানা ডাকে।
কচুপাতায় টলমল করে পানি
গড়িয়ে পড়ে বাতাসে।

এ গাছ থেকে ও গাছে
লাফিয়ে বেড়ায় টুনটুনি
সাদা বকেরা ডানা মেলে ওড়ে আকাশে,
কাক আর ফিঙ্গে বাচ্চা ভাগাভাগি নিয়ে
মারামারি করে।

হঠাৎ আকাশ ভেঙ্গে নেমে পড়ে বৃষ্টি
যত দূর চোখ যায় দেখি
কি অপরূপ আমার এ বাংলা
কি অপরূপ এই সৃষ্টি!

## মাতার মাতা



**খালেক বিন জয়েন উদ্দীন**

নোলক পরা মায়ের মতো আমার দেশ
শাড়ির আঁচল বাতাস করে শ্যামল বেশ।
হিমালয়ের গঙ্গাজলে নদীর ধারা
মায়ের বুকে দুধের নহর পাগল পারা।
মেঘের দেশে তোমার ছবি তোমার কায়া
পুণ্যময়ী কনক কনে প্রভাত মায়া
সুডোল বাহু আগলে রাখে কাজল চোখ
ধন্য তুমি জন্ম দিয়ে মর্ত্যলোক।

নোলক পরা মায়ের মতো পুণ্যভূমি
প্রীতির ডোরে আদর-স্নেহে চরণ চুমি।
আকাশ পাখি তোমার সাথী নিত্যদিন
বটের ছায়ায় তোমার আঁখি সব রঙিন।

ষড়ঋতুর মুক্ত আকাশ ফসলী মাঠ
গোলা ভরায় খিদে মেটায় দেখায় ঠাট।
দুঃখ শোকে ঝড়-বাদলে শক্তিদাতা
স্বদেশ আমার আলোর ভেলা মাতার মাতা।

# বানের ছোবল



সুজন বড়ুয়া

ওপর থেকে স্রোতের বেগে
গড়িয়ে নামে জল
সবাই বলে এ জল নাকি
পাহাড় ভাঙা ঢল।

ঢল নামছে ঢল নামছে
নামছে অবিরাম
মাঠ ডুবল ঘাট ডুবল
ডুবল আমার গ্রাম।

ঘর ডুবল দোর ডুবল
খাটের ওপর জল
পাহাড় ভাঙা ঢল নয় এ
ঠিক সাপের ছোবল।

যেদিক তাকাই জল থইথই
অথই জলের রাশি
সবার মুখই মেঘ থমথম
আমরা যে বানভাসি।

দাঁড়িয়ে আছি জলের ওপর
ভাসছি জলের রাজ্যে
নেই তবু নেই সুপেয় জল
নেই খাওয়া নেই আজ যে!

বান এসেছে সঙ্গে আরো
আনল আকাল ডেকে
কে বাঁচাবে আজ আমাদের
বানের ছোবল থেকে !

# মায়ের ভাষা আমার ভাষা



অদ্বৈত মারুত

বাংলা আমার প্রাণের ভাষা এই ভাষাটা মায়ের
এই ভাষাটা প্রতিবেশির এই ভাষাটা ভায়ের
এই ভাষাটা বোনের এবং গাঁয়ের সকল লোকের
বাংলা আমার সুখের ভাষা এবং দুখের, শোকের।

এই ভাষাতেই বলছি কথা হাজার বছর ধরে
ইতিহাসের পাতায় লেখা আছে তা অক্ষরে–
কবিতা, গান এবং নানান রীতি-নীতির বাণী
ঐতিহ্য ও ইতিহাসের সেসব কথা জানি।

বদ্বীপের এই দেশে–
একেক সময় একেক রাজা দখল নিতে এসে
নিপীড়ন আর বঞ্চনাতে করত জীবন নাশ
তাদের আগল ভাঙতে সবার কাটত বারোমাস!
ব্রিটিশেরই শিকল ভেঙে পাক শাসকের গ্রাসে
বাঙালি এই জাতির মনে দুঃখ নেমে আসে।
মানুষ নামক ছিল দানব শোষণ ও শাসনে–
পাকি ছিল এই দেশেরও ক্ষমতার আসনে।

মায়ের মুখের ভাষা ওরা কেড়ে নিতে চেয়ে
রক্তে ভাসায় রাজপথ আর হিংস্র হয়ে শাসায়–
'উর্দু হবে রাষ্ট্রভাষা'– শান্ত মানুষ পেয়ে;
আমরা কী আর বসে থাকি আপোসেরই আশায়?

দাঁতভাঙা তার জবাব পেয়ে পিছিয়ে গেল ওরা
বাংলা আমার প্রাণের ভাষা ভালোবাসি মোরা।
বাংলা মায়ের ভাষা ভাইয়ের রক্তভেজা বোতাম
বিশ্ববাসী তোমায় জানে মাকে জানায় সালাম।

# Our New Campus



**Prof. Dr. Abu Saleh Abdur Noor**
Dean, Faculty of Engineering & IT
Head, Dept. of CSE & ETE and Director IQAC

I am delighted and feel proud of being settled in our beautiful permanentcampus at Mazar Road, Mirpur-1. Aftertaking retirement from Rajshahi University and then from East West University, I Joined at Prime University in January, 2014. I had tremendous attraction on Prime University since a long time, as some of the members of Trusty Board of this University are friends of mine from my student life at Rajshahi University. Prime University is a home for rendering prime knowledge I enjoy every moment working here. Our honorable Vice Chancellor Professor Dr. M Abdus Sobhan is a world class scientist. All the faculty members are very much dedicated, efficient and caring in teaching and guiding the students and the research work of them.The Trusty Board is very cordial in giving all kinds of support to the teachers and staffs for the development of the University. The Library and Lab facilities in this University are of high standard and different club activities of the students are remarkable. By the grace of The Almighty and by the tireless effort of Trusty Board, executives, teachers, staffs and the students we have overcome many odd situations and now we are progressing very rapidly. As a result, we have achieved this new campus. Certainly, every member, specially the students of this university will love this campus. We will not have the space constraints any more in the new campus and will be able to open several new departments soon and expand the dimension of different activities and arrangements.

I hope that our journey in this campus will bring a glorious success and believe that we will be among the top five private universities of the country soon.

# NEW FACILITY, DREAM AND HOPE FOR A GLORIOUS FUTURE



**Md. Abu Zaman**
Head & Assistant Professor
Department of Electrical and Electronic Engineering (EEE)

I believe Prime University is the world renowned university which is rendering prime knowledge. Our university is contributing to produce knowledge based society as well as valuable human resources for the development of our country alongwith the modern world. I am very much happy being a faculty member of this university . Our university is one of the leading private universities in our country which has earned a good image as the world renowned university by providing prime knowlede.

I joined this university in 2007. Since that time beside teaching and research I am enjoying some other activities of our university like Cricket, Football, Pitha-utshab, Fruits fair, BasantaUtsab, Debate competition, Project fair, Picnic, Study tour.

It's a joyous occasion for transferring our university to its permanent campus. It's a nice multistoried building. Interior and exterior decorations are very standard. More new departments and students altogether-present a gorgeous standing of our university.

I am getting all facilities as a faculty member from our university. The friendly environment is convenient for teaching and learning in the university. All the successful events and tasks have been possible only because of the generous effort of the university management. It is heartening to say that our university authority is very much helpful to develop qualities of the employees as well as the students.

I am thankful to our university authority especially honorable Chairman of Board of Trustees Mir Shahabuddin Sir, our university is always moving one step ahead for his crystal clear guidance and praiseworthy advice.

At last, I pray to the Almighty Allah that He may give long and healthy life to the person involved with authority for establishing such a nice digital university.

# PRIME UNIVERSITY: A HIVE OF DREAMS



**Md. Jahidul Azad**
Chancellor's Gold Medalist
Department of English
Faculty of Arts and Social Science
Second Convocation-2016

It gives me an immense pleasure to know that Prime University is going to be shifted to its permanent campus. Prime University is one of the leading private universities of the country. A group of educationists has established this institute with an aim to create knowledge based society in 2002. Since its inception, the principal aim of Prime University is to provide high quality education relevant to the needs of a dynamic society. The courses and curriculum are so designed as to enable a student to enter into the world of work and pursue higher academic and professional goals with a sound academic foundation. Keeping these things in view, I took admission at Prime University in 2006. As a student, I was very much passionate,determined and dedicated regarding my destination as I always dreamt of ending up as a Gold Medalist. I worked tremedously hard andultimately I could achieve the Chancellor's Gold Medal securing highest CGPA from the Faculty of Arts and Social Science in the Second Convocation of Prime University held on 24 April, 2016. It's always great to accomplish any goal that is devotedly desired of, that is wholeheartedly dreamt ofand sometimes words seem lesser to express the feeling. In my student life apart from studies, I was strongly evolved in extra-curricular activities. I would like to take the privilege to mention here that I was the first official debater. of Prime University and in my very first endeavor as a debater I won the second position in the 'Inter-University Barwani Debate Competition-2007' organized by Dhaka University Debating Societ (DUDS), Dhaka University, which brought a great glory for Prime University. Since then I participated in many different National Debate Competitions especially in the prestigious National Debate Competition-2011 organized by ATN Bangla. Prime University was the Semi-Finalist team in the competition which is one of the glorious achievements of my life. My ultimate dream came true when I joined as a full time Faculty Member in the Department of English in 2012. As a Faculty member of theDepartment of English and a successful organizer of many dignified events of the university at present, I cherish for my achievements and guide my students exactly the same way I was guided in past. I am really grateful to Prime University because it

owned me and tenderly nurtured me. I truly consider it as my hive of dreams. I must pay my deep regards and express my gratitude to my respected teachers and of course to my belovedparents for their heartiest assistance and guidance without which I could not come to the present state of excellence. Finally, in the auspicious occasion of shifting to the permanent campus, I extend my heartfelt thanks to the authority of Prime University from the deep core of my heart for their noble and timely initiative.

# THE MOMENT THAT I CAN NEVER FORGET



**Foisal Ahmed**
Assistant Professor, Department of EEE

It is my great pleasure to present myself as a gold medal winner student of the Prime University. The 1st convocation of Prime University was held on 19 th of October 2008. It was a great day in my life due to many reasons. Certainly, the day of graduation is a special day for any graduate. But it was a bit more special for me as I had the honor to be awarded with a gold medal. Actually, it is so tough to describe the feelings of that moment when I received the gold medal from the Honorable President of the People's Republic of Bangladesh. I was awarded the Chancellor's gold medal which is for the best performance (highest CGPA) in the department of Electronics and Telecommunication Engineering. It is one of the greatest achievements in my life and I'm really proud to bear it. The award was also an important impetus for me to pursue postgraduate degree during my PGD in ICT at the BUET and M.Sc at the IUT. I feel extremely honored and enthusiastic for receiving this significant award which not only enhances my confidence but also inspires to realize my dreams in developing the innovative and creative faculties. Thanks to Prime University and thanks to all my respected teachers without whose guidance I could never possibly achieve this award.

# I MADE MY HISTORY WITH MY OWN HANDS



**Rakib Uddin**
Assistant Professor
Department of English

The time I still remember and which can never be forgotten and it was in 2006. I just got my HSC result and intended to get admitted into an admission coaching and I did so. It killed my three months' costly time and it was a dark part of my life. In the mean time, I met Hazrat Ali, a senior brother from the department of English, Prime University who actually played a vital role in turning my career into the right track. He suggested me and without any doubt or any more explanation, I got myself admitted into the department of English, Prime University. Since my institutional and family background were not at all English friendly, I fell into fear and then frustration, even once I thought of leaving the department, as well as the university. My mother, a very strict and courageous lady did not let me quit and I also took it seriously. I started working hard and giving more efforts on my destination. I have been inspired, helped and also rebuked several times by my honorable teachers, Mr. Mir Shahabuddin, Mohammad Arshad Ali, Md. Sazzad Hossain Zahid and Mst. Shahanaz Khanam, my friend, Md. Abdul Awal and a senior brother, Md. Rashedul Islam Sojol. I studied, I enjoyed and I never felt maltreated a single moment. A long journey of five years had come to an end and by the grace of Allah I made my own history. "A boy having poor knowledge in English and from a rural village where even electricity is still not available had made the highest result ever in the history of the department of English, Prime University and finally won the gold medal." I feel extremely honored and appreciated for receiving this precious gold medal which actually boosts my confidence and inspiration up to realize my dreams in developing innovative and creative society where every individual will stand for making the world a much better place. "A journey of a thousand miles begins with a single step" has always been my life time philosophy in pursuing my dreams to make myself better in order to contribute to society and feel good about myself. For achieving such a great honor I am grateful to Almighty Allah, my parents, my teachers, my friends and other related personnel who supported me to make it possible. I enormously appreciate the efforts of the authority of Prime University. I also exceedingly appreciate the effort of the teachers, as

well as their teaching method and I appreciate the effort of the officers, the staffs and their activities of Prime University. Finally, I would like to mention one secret of mine for everyone, which actually I follow without any perplexity that is "I never neglect an opportunity for my improvement." Getting admission at Prime University was an opportunity for me and I did not neglect it and by the grace of Allah I made my history with my own hands.

# সংগ্রামী জীবনের উপাখ্যান



**আনোয়ার হোসেন**
সহকারি রেজিস্ট্রার

আমি তখন আমাদের পাবনা জেলার সাঁথিয়া উপজেলার নন্দনপুর কে,টি,এস আয়েশা খাতুন উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্র। আমার অষ্টম শ্রেণীর ক্লাস সবে মাত্র শুরু হয়েছে এবং পারিবারিকভাবে সিদ্ধান্ত হল আমাকে ঢাকায় যেয়ে পড়ালেখা করতে হবে। আমার মেজ মামা ঢাকায় থাকতেন এবং তার সাথে আলোচনার পর আমি ঢাকায় চলে আসি। আমার মামা ঢাকার সাভারে একটি স্কুলে অষ্টম শ্রেণীতে আমাকে ভর্তি করে দেন। আমি যখন ঢাকায় চলে আসি তখন আমাদের পরিবারের, গ্রামের সেই স্মৃতিময় মুহুর্ত ও স্কুলের বন্ধুদের খুব মিস করতাম। যাই হোক, আমার ক্লাস শুরু হল এবং আমি পড়ালেখা শুরু করলাম কিন্তু যাই পড়ালেখা করি অংক পরীক্ষা আসলে আমার সব আশা, নিরাশা হয়ে যায়। কারণ আমি অংকে খুবই দুর্বল ছিলাম যার কারণে আমাকে অনেক বকা শুনতে হত। আমি যখন নবম শ্রেণীতে উঠলাম তখন একটু নিজেকে নিয়ে ভাবতে শুরু করলাম যে আমাকে ভাল কিছু করতে হবে। তখন থেকে আরো ভালভাবে পড়লেখা শুরু করলাম এবং আমার শিক্ষকদের সাথে খুবই সু-সম্পর্ক গড়ে উঠল। এই সু-সম্পর্কের কারণেতারা আমাকে খুবই স্নেহ করতে লাগল ও আমার পড়ালেখার প্রতি একটু বেশি নজর দিতে লাগল। আমিও এ কারণে পড়ালেখার প্রতি আরো মনোযোগী হলাম। তাদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠল। উপলব্ধি করলাম পড়ালেখার মধ্যে আনন্দ আছে। ছাত্র-শিক্ষক সম্পর্কের মধ্যে অনেক উদ্দীপনা ও স্বপ্ন পূরণের উপাদান আছে। আলহামদু-লিল্লাহ, আমি ভালভাবে এসএসসি পাশ করলাম।

আমি যখন এসএসসি পাশ করলাম তখন আবার ট্রান্সফারগত কারণে আমাকে আবার পাবনায় যেতে হল। তখন আবার সাভারের সেই স্মৃতিময় দিনগুলোর জন্য খুব খারাপ লাগত। যাই হোক বাস্তবতা তো মানতে হবে। আমি আমাদের পাবনা জেলার সাঁথিয়া উপজেলার নিজ গ্রামের "জোড়গাছা কলেজে" তৃতীয় ব্যাচের ছাত্র হিসেবে এইচ এস সি তে ভর্তি হলাম। সেখানেও শিক্ষকদের সাথে সু-সম্পর্ক গড়ে উঠল বিশেষ করে সম্মানীত বাবু স্যার, জালাল স্যার, উল্লাস স্যার, মিজান স্যার, আনিছ স্যার সহ অন্যান্য স্যারদের সুপরামর্শে আমি ভালভাবে পড়ালেখা শুরু করলাম। ব্যাপারটি হল, আমার বাবা তখন একজন ব্যবসায়ী কিন্তু ব্যবসায়িক দুর্ঘটনার কারণে আমাদের পরিবারে নেমে আসে অনেক দুঃখ কষ্টের ছায়া। বাবার সেই দুধের মাছির মত সকল বন্ধু মহল কোথায় যেন উড়ে গেল! কিভাবে যে জীবন যাপন শুরু করলাম যা বর্ণনাতীত। যাই হোক এক বেলা খাই বা না খাই শত কষ্টের মধ্যে দিয়ে হলেও পড়ালেখাটা চালিয়ে গেলাম। অনেক সময় দেখা যেত পুকুর পাড়ের সুপারি গাছ থেকে এক বাধা সুপারি নিয়ে পানের দোকানে বিক্রি করে খাতা কলমের টাকাটা যোগাড় করতে হতো। আমার আম্মা একজন সামান্য ব্র্যাক স্কুলে শিক্ষকতা করেন। বিশেষ করে তিনি আমার ও আমার বোনের পড়ালেখার প্রতি খুবই

নজর দিতেন। অবশেষে আল্লাহর অশেষ মেহেরবানীতে এইচ এস সি পরীক্ষায় উত্তীর্ণ হলাম।

এখন অনার্সে ভর্তি হতে হবে। আমার এক কাকা পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে চাকুরী করেন। ঐ সময় আমাদের পারিবারিক অবস্থা বিবেচনা করে তারা আমাকে পাবনা সরকারি এডওয়ার্ড কলেজে হিসাব বিজ্ঞান বিভাগে ভর্তি করে দেন। মাত্র দুই-তিন মাস ক্লাস করার পর আমার সেখানে আর ভাল লাগল না। পরিবারের সবার সাথে আলোচনা করে আবার আমি ঢাকায় চলে আসি। আমার মেজ মামা এর মধ্যে আমার প্রাণ প্রিয় "প্রাইম ইউনিভার্সিটিতে"দুই বৎসর মেয়াদী এলএলবি পাস কোর্সে পড়ালেখা করেন, যা আমি জানতাম না। কোন বিশ্ববিদ্যালয়ে আমি ভর্তি হব? এই ব্যাপারে যখন আমি তার সাথে আলোচনা করলাম তখন তিনি পরামর্শ দিলেন আমি যেহেতু "প্রাইম ইউনিভার্সিটিতে" ভর্তি হয়েছি সেহেতু তুমিও এখানে ভর্তি হও। তিনিআমাকে 'প্রাইম ইউনিভার্সিটিতেই' বিবিএ প্রোগ্রামে ১৭ তম ব্যাচে ভর্তি করে দিলেন।

শুরু হল আমার বিশ্ববিদ্যালয়ের সেই কাঙ্খিত জীবন। যদিও প্রথম সেমিস্টারে সবাই অপরিচিত ছিল তবুও সবার সাথে সুন্দরভাবে মিলেমিশে ভালভাবে পড়ালেখা শুরু করলাম এবং প্রথম সেমিস্টারে মোটামুটি ভাল রেজাল্ট করলাম। দ্বিতীয় সেমিস্টার থেকে আমার প্রাণ প্রিয় "প্রাইম ইউনিভার্সিটির" শ্রদ্ধেয় শিক্ষকগণসহ বন্ধুদের সাথে সু-সম্পর্ক গড়ে উঠে ফেলে এ সেমিস্টারেআরো ভাল রেজাল্ট করলাম। আমার শ্রদ্ধেয় শিক্ষকগণ তখন হতেই আমার প্রতি ভালভাবে খেয়াল রাখতে শুরু করেন।

আমি যখন ছাত্র ছিলাম তখন ক্লাসের ফাঁকে সুযোগ পেলেই লাইব্রেরি থেকে বই নিয়ে রিডিং রুমে পড়ালেখার জন্য বসে পড়তাম।আমার বন্ধুরা বিশেষ করে মিলন, সোনিয়া, হাসান, দিদার, বেলাল, খালেদ, রফিক সহ অন্যান্যদের দারুণ সঙ্গ পেতাম। অন্যদিকে সাভারে বাসায় এসে আবার স্টাডি করতাম আমার প্রিয় বন্ধু মাহফুজের সাথে। এখানে একটি মজার বিষয় হচ্ছে আমি যখন লাইব্রেরিতে নিয়মিত পড়ালেখা করতাম তখন কিছু সিনিয়র ভাইদের মুখ চোখে পড়তো, যারা রিডিং রুমে নিয়মিত পড়ালেখা করত বিশেষ করে জাহিদ, রাকিব, আওয়াল ভাই সহ অনেকে। তারা সহ আমি নিজেও আজ আমাদের এই প্রিয় "প্রাইম ইউনিভার্সিটিতে" কর্মরত আছি যা আমাদের জীবনে একটি অনেক বড় পাওয়া।

যেহেতু আমি ব্যবসায় প্রশাসনের একজন ছাত্র সেহেতু ব্যবসায়িক কর্মকান্ড ছাত্র জীবন থেকেই একটু বেশী বুঝতাম। পড়ালেখা অবস্থায় দিন দিন ব্যবসায়ের প্রতি আকৃষ্ঠ হতে থাকি এবং নিজেই একটা ডেইরি ফার্ম স্থাপনের পরিকল্পনা করি, যা আজ আমার নিজ জেলা পাবনাতে চলমান আছে। এরই মধ্যে আমার বিবিএ প্রোগ্রাম শেষ হয়ে গেলে আমি আবার ২৯ তম ব্যাচে এমবিএ শুরু করি এবং সফলতার সাথে এমবিএ শেষ করি।

এমবিএ শেষ করার পর মহান আল্লাহর অশেষ মেহেরবাণীতে আমার প্রাণ প্রিয় "প্রাইম ইউনিভার্সিটিতেই" যোগদান করি। এখানে একটি বিষয় খুবই লক্ষণীয় যে আমরা যারা প্রাইম ইউনিভার্সিটি থেকে গ্রাজুয়েশন সম্পন্ন করেছি তাদের মধ্যে অনেকেই আজ আমরা এই ইউনিভার্সিটিতে কর্মরত আছি যা আমাদের জীবনে অনেক বড় বিষয় এবং অনেকেই দেশে বিদেশে গুরুত্বপূর্ণ পদে দায়িত্বরত আছেন। প্রাইম ইউনিভার্সিটির একজন প্রাক্তন ছাত্র হিসেবে এটা আমার গর্ব যে আমাদের প্রাইম ইউনিভার্সিটির গ্রাজুয়েটদের এই সফলতার পিছনে এই ইউনিভার্সিটির কোয়ালিটি এডুকেশনের পাশাপাশি যার অবদান

সবচেয়ে বেশি তিনি হচ্ছেন বর্তমান প্রাইম ইউনিভার্সিটির সম্মানীত চেয়ারম্যান- মীর শাহাবুদ্দিন স্যার। আমি ছাত্র জীবন থেকেই দেখেছি স্যার আমাদের প্রায় সকল প্রোগ্রামগুলোতে উপস্থিত থাকতেন, ছাত্র-ছাত্রীদের সাথে সরাসরি কথা বলতেন, উৎসাহ, অনুপ্রেরণা ও দিক নির্দেশনামুলক পরামর্শ দিতেন যা আমরা শুনতাম ও পালন করার চেষ্টা করতাম। যার ফলাফল আজ আমাদের নিজ চোখে প্রতীয়মান। এখন প্রাইম পরিবারের একজন সদস্য হওয়ার পর আজও স্যার আমাদের নিজ হাতে অনেক কাজ শেখান যা আমাদের জীবনে অনেক বড় পাওয়া। আমি স্যারকে অশেষ ধন্যবাদ জানাই তার বলিষ্ঠ নেতৃত্ত্বের জন্য। এছাড়াও আমার শিক্ষা জীবনের স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের প্রতি আমি কৃতজ্ঞ যাঁদের অনুপ্রেরণা, ভালোবাসা, দিক নির্দেশনায় আজ আমি আমার পড়ালেখা শেষ করে আমার নিজ ইউনিভার্সিটিতেই কর্মরত আছি। এছাড়াও বিশেষ করে ধন্যবাদ জানাই আমার ব্যবসায় প্রশাসনের শ্রদ্ধেয় শিক্ষকদের।

পরিশেষে বলতে চাই, মূল শিকড়কে কখনো ভোলা যায় না ও সত্যকে কখনো অস্বীকার করা যায় না। এটা আমার কাছে অত্যন্ত গর্বের বিষয় যে, আমি একজন কৃষকের সন্তান। সম্প্রতি চাকুরীর পাশাপাশি আমিও লেখাপড়া, ব্যবসা ও কৃষি কাজ করছি। আমার মূলধন বলতে আমার জ্ঞান, বুদ্ধি, বিবেক, শিক্ষা, ব্যবহার ও শ্রম। আর এই প্রাইম ইউনিভার্সিটির ছাত্র হিসেবে আমাকে একটা সম্মানজনক ও সন্তোষজনক অবস্থানে দেখতে পরে আমি আরো নতুন দিগন্তের স্বপ্ন নির্মাণ করি। এগুলো ছাড়া আমার আর তেমন কিছু নেই। এগুলো নিয়েই আমি সবার সাথে মিলে মিশে বেঁচে থাকতে চাই।



**Enoch Tettey**
42nd Batch, B.Ed
ID: 162010301008

I am Enoch Tettey from Ghana with a Bachelors degree in science and law (Bsc,LLB),living in Dhaka and studying at the Prime University with my wife Elizabeth and cousin Gabriel. I am reading the B.Ed program with Gabriel and Elizabeth is in the M.Ed program currently at this university.

Thousands of feet above the ground, just before landing at the Bangladesh airport, we looked at each other and wondered what our experience will be living and studying on foreign soil here in Dhaka. We didn't know what to expect. We could only imagine!

Arriving in Dhaka, Prime University became our first "home" away from home! Elizabeth, Gabriel and I were warmly welcomed with loving arms. It's been a year already and we don't regret our decision to come to Bangladesh and to study B.Ed and M.Ed in Prime University. It's been an amazing fun filled learning experience!!!

Living abroad is an enriching experience because it forces you to adapt to things that are unfamiliar and unusual to you. You become independent and open to new, exciting, or terrifying challenges that you would never have encountered in your home country. And that is the most rewarding of all: the opportunity to learn and develop as a person. Through interacting within a foreign society, your eyes will be open to all sorts of aspects of life that would be difficult to learn in your native country. This has been our experience as Ghanaians living in Bangladesh.

Living and studying here has exposed us to more than the Ghana educational System we are acquainted with.

The Educational System of Ghana was mainly informal until the arrival of European settlers who established a formal educational system which strives for excellence. Education in Ghana is divided into 3 phases Basic education (KG, primary and lower secondary school) Secondary education (upper secondary school, vocational and technical education) and Tertiary education (universities, polytechnics and colleges). KG to undergraduate degree takes 20years. The State of

Ghana through the Ministry of education,the minister of education and its agencies is the administrative body of the educational system. Schools range from public schools that use the national curriculum to international schools that use American, British or the IB like the Lincoln international school in Accra Ghana.

It's been great here at Prime University. The Vice Chancellor of Prime University Professor Sobhan has become a father to us. His constant support and encouragement contributes largely to our smooth experience at this University so far. He will look me in the eye and say "Enoch you have to study hard and achieve excellence. This is why you are here" Our "fantaaaaastic" lecturers Mr. Ashrafuzzaman and Miss Shreyashi Halder have led us to explore many aspects of education. They have equipped us with great skills and knowledge that have tremendously impacted our performance at the Canadian Trillinium School where we did our practical learning and volunteering.

We love Prime University!!!!

## প্রকাশকের 'না'



ওয়াসি আহমেদ

প্রকাশকের 'না'র কোপে কে পড়তে চায়। কিন্তু পড়তে যে হয়-একবার নয়, একাধিকবার, কারও কারও ক্ষেত্রে বারবার-এমন নজির বিশ্বসাহিত্যে প্রচুর। এই 'না'-এর একটা নির্মম পোশাকি নাম রয়েছে-প্রত্যাখ্যানলিপি বা 'রিজেকশন লেটার'। বিশ্ববরণ্যে কবি-লেখকদের যাঁরা এই প্রত্যাখ্যানলিপির কবলে পড়েছিলেন, সে তালিকা যেমন লম্বা, তেমনি ভারী। কয়েকটা যুগান্তরকারী বইয়ের নামোল্লেখ করলে ব্যাপারটা আজকের দিনে কৌতুককর মনে হওয়া বিচিত্র নয়। যেমন জর্জ ওরওয়েলের অ্যানিমেল ফার্ম, ভ্লাদিমির নাবোকভের লোলিটা, আর্নেস্ট হেমিংওয়ের সান অলসো রাইজেস, উইলিয়াম ফকনারের স্যাংচুয়ারি, হেরম্যান মেলভিলের মবিডিক, উইলিয়াম গোল্ডিংয়ের লর্ড অব দ্য ফ্লাইজ, মার্সেল প্রুস্তের রিমেমব্রেন্স অব থিংস পাস্ট, সি এস লুইসের ক্রনোকিলস্ অব নারনিয়া।

লম্বা তালিকা থেকে মাত্র কয়েকটা অতিবিখ্যাত নাম-বইয়ের ও লেখকের। বলা নিষ্প্রোয়জন, উল্লিখিত সব কটা বই-ই বিশ্বসাহিত্যে অমতরতা পেয়েছে, বিক্রিও হয়ে দেদার। তবে তা এক বা একাধিকবার, কোনোটা বহুবার প্রত্যাখ্যাত হওয়ার পর।

ওরওয়েলের অ্যানিমেল ফার্ম-এর কথা ধরা যাক। ১৯৪৫ সালে প্রকাশিত হওয়ার পর এক হিসাব অনুযায়ী বইটা আজ অব্দি বিক্রি হয়েছে দুই কোটি কপির ওপর। কিন্তু এর এক বছর আগে, ১৯৪৪-এর জুলাইতে প্রকাশনা সংস্থা ফেবার অ্যান্ড ফেবার পাণ্ডুলিপি প্রত্যাখ্যানের খবর জানিয়ে লেখককে যে চিঠিটা পাঠিয়েছিল, তার লেখক ছিলেন সংস্থাটির তখনকার এডিটর টি এস এলিয়ট। এলিয়ট অবশ্য চিঠিতে বইটির গুণগান করতে কার্পণ্য করেননি, বিশেষত ফ্যাবল হিসেবে এর শৈল্পিক নৈপুনের প্রশংসা করে গালিভার্স ট্রাভেলস্-এর পরই একে স্থান দিয়েছিলেন। তবে সেই সঙ্গে এ-ও জানিয়েছিলেন, ফেবর অ্যান্ড ফেবারের পরিচালনা পর্ষদের মতামতঃ বইটি প্রকাশের অনুকূলে নয়। পরিচালনা পর্ষদের মনোভাব উল্লেখ করলেও এলিয়টের নিজের চূড়ান্ত মতামতও যে বইটির বিপক্ষে, তা প্রকাশ করতে দ্বিধা করেননি তিনি। চিঠিতে তাঁ নিজের মতামত খোলাখুলি জানিয়েছিলেন এই বলে যে, অ্যানিমেল ফার্ম সর্বতোভাবে একটা নেতিবাচক বই। তৎকালীন সমাজতন্ত্রী রাশিয়ায় স্তালিনিস্ট শাসনের বিধ্বংসী সমালোচনার ধরণ তাঁর কাছে একপেশে ও সহমর্মিতাহীন মনে হয়েছিল। ওরওয়েল বইটা লিখেছিলেন তাঁর বদ্ধমূল বিশ্বাস থেকে যে সমাজতন্ত্রের সমালোচনামুখর পুঁজিবাদী বিশ্ব একে লুফে নেবে। বাস্তবে তা-ই হয়েছিল, যখন পরে এটি বই হয়ে বেরিয়েছিল।

নাবোকভের লোলিটা বই হওয়ার পর যত জনপ্রিয়তাই পাক, প্রকাশের আগে একে বাজারজাত করা দুঃসাহসিকই নয়, অসম্ভব বিবেচনা করেছিল কয়েকটি প্রকাশনী। লোলিটার খ্যাতি-কুখ্যাতি-দুই-ই যৌনতার নিঃসংকোচ উপস্থাপনায়, যা গত শতকের পঞ্চাশের

দশকে ঘোরতর অনৈতিক বিবেচিত হয়েছিল। খ্যাতনামা ও ব্যতিক্রমী বইয়ের প্রকাশক রুফ নাবোকভের এজেন্টের কাছে চিঠিতে প্রত্যাখ্যান-সংক্রান্ত মতামত জানিয়েই ক্ষান্ত হয়নি, এ-ও জানিয়েছিল, তাদের মনে হয় না কেউ এ বই করতে রাজি হবে। অথচ নাবোকভ তাঁর বইয়ের ভবিষ্যৎ নিয়ে এতই নিঃসংশয় ছিলেন যে প্রথমে ইংরেজিতে লিখলেও কয়েক বছর পরে রুশ ভাষায়ও তিনি উপন্যাসটি লেখেন। দুই ভাষায় কত কপি বিক্রি হয়েছিল বা আজও হচ্ছে, সে হিসাব নিশ্চয়ই ভয়াবহ।

কুর্ট ভোনেগেট ১৯৪৯ সালে আটলান্টিক ম্যাগাজিনে তাঁর তিনটি রচনার অংশবিশেষ পাঠিয়েছিলেন, যদি সম্পাদকের সুনজরে পড়ে-এ আশায়। তিনটিই প্রত্যাখ্যাত হয়েছিল। আটলান্টিক ম্যাগাজিনের সে সময়কার ডাক সাইটে সম্পাদক এডওয়ার্ড উইকস ছোট চিঠিতে লেখাগুলোকে মনোনয়নের অযোগ্য জানিয়ে লিখেছিলেন: কোনটাই চূড়ান্ত মনে-নয়নের জন্য যথেষ্ট গুরুত্ব দাবি করে না। মজার ঘটনা হলো, চিঠিটা ইন্ডিয়ানাপোলিসে ভোনেগেট স্মৃতি গ্রন্থাগারে ফ্রেমে বাঁধানো অবস্থায় দর্শক পড়ুয়াদের আমোদের খোরাক জোগায়।

আর্নেষ্ট হেমিংওয়ে তাঁর বিখ্যাত উপন্যাস দ্য সান অলসো রাইজেস-এর প্রথম প্রত্যাখ্যানলিপিটি পেয়েছিলেন পিকক অ্যান্ড পিকক প্রকাশনী থেকে ১৯২৫-এর জুন মাসে। পেয়ে তাঁর মানসিক অবস্থা কেমন হয়েছিল, তা জানা না গেলেও আন্দাজ করতে মোটেও অসুবিধা হয় না, যদি পত্রপ্রেরক ভদ্রমহিলাকে সামনে পেতেন, বক্সিং গ্লাভস পরে কিছু একটা করার কথা হয়তো ভাবতেন। চিঠিটা অমার্জিত। বইটা যে কিছুই হয়নি আর কেন হয়নি, সেসবের ফিরিস্তি দিতে গিয়ে রীতিমতো মাস্টারি ফলানো হয়েছে। সংক্ষেপে তরজমা করলে মোটামুটি যা দাঁড়ায়: 'আপনার এ বই প্রকাশের প্রস্তাবে আমরা সাড়া দিতে পারছি না। সত্যি কথা বলতে, এ বইতে আপনার গদ্য বিরক্তিকর ও ক্লিশে। আমি মোটেও অবাক হব না যদি শুনি পুরো গল্পটি আপনি একটা শুঁড়িখানায় বসে লিখেছেন, এক হাতে কলম আর অন্য হাতে ব্রান্ডি নিয়ে। ....আমরা একটা পান্ডুলিপিতে যা চাই, তা চরিত্রদের মনোজাগতিক উম্মোচন আর এ কাজে লেখকের কল্পনাশক্তির অভিনবত্ব, যার খোঁজ আপনার বইতে মেলে না। ...একটা ভালো গল্প গড়ে ওঠে এর চরিত্রচিত্রণে। বুঝতে অসুবিধা হয় না, জেক বার্নস আপনার নায়ক; কিন্তু জনাব, উপন্যাসের নায়ককে হতে হয় এমনই একজন, যাকে পাঠকেরা তাদের হৃদয়ে ধারণ করবে। আপনার জেক বার্নস জগৎ-বিচ্ছিন্ন ও হীনবল, মনে হয় না ও নিজেই জানে ওর কী অবস্থা।...আপনার চরিত্রের ঢিলেঢালা ও স্থবির, একজন অন্যজনের চেয়ে ফাঁপা। ..বুলফাইট, বেকার ও আধবেকারদের মদ গেলার আখ্যানে আমরা আগ্রহী নই।' প্রত্যাখ্যানের নামে এমন পত্রাঘাত খুব কম লেখকের কপালে জুটেছে।

উইলিয়াম ফকনারের স্যাংচুয়ারির মতো উপন্যাস যে কেন একাধিক প্রকাশকের অনুমোদন পায়নি, তা রহস্যময়। এটিকে এক প্রকাশনীর পক্ষ থেকে সাফসাফ 'আন-পাবিলিকেশবল' বলা হয়েছিল। ফকনারের আরেকটি, তুলনায় প্রায় অখ্যাত বই দ্য ফ্লাগস ইন দ্য ডাষ্ট-এর ক্ষেত্রে যে পত্রাঘাতটি তিনি পেয়েছিলেন, তাতে কারণ হিসেবে বলা হয়েছিল, 'আপনার সম্ভবত বলার মতো গল্প ছিল না, উপন্যাসের কাজ হলো গল্প বলা আর সেটা ভালোভাবে বলা।'

মেলভিলের মোবিডিক নিয়ে সাহিত্যের ছাত্র-শিক্ষকেরা দীর্ঘ দিন ধরে যত মাতামাতিই

করুন, বিলেতের বেন্টলে অ্যান্ড সন পাবলিশিং হাউস বইটির পান্ডলিপি ফেরত পাঠানোর সময় কিছু প্রশংসাবাক্য উচ্চারণ করলেও বেশ কয়েকটা বিষয়ে আপত্তি তুলেছিল, যার মধ্যে একটি ছিল এর আকৃতি। অন্যান্য আপত্তির মধ্যে প্রধান ছিল উপন্যাস জুড়ে তিমি মাছ কেন? উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র ক্যাপ্টেন আহাবের ব্যক্তিগত বিশ্বাস ও জীবন চরণ নিয়েও আপত্তি তোলা হয়েছিল। প্রত্যাখ্যানের চিঠি পড়ে মনে হয়, মেলভিল ভুল জায়গায় কড়া নেড়েছিলেন। বেন্টলে অ্যান্ড সন এ-জাতীয় ধ্রুপদি বইয়ের সমঝদার ছিল না।

উইলিয়াম গোল্ডিংয়ের লর্ড অব দ্য ফ্লাইজ কতবার প্রত্যাখ্যাত হয়েছিল, আর কী কী কারণ দেখিয়েছিলেন প্রকাশকের, তা গবেষণার বিষয় হতে পারে। সব মিলিয়ে ২১টি প্রকাশনী একে নাকচ করেছিল। বলার অপেক্ষা রাখে না, গোল্ডিং গোঁ ধরেই ছিলেন।

মার্সেল প্রস্ত শোনা যায় একাধিকবার প্রত্যাখ্যাত হয়ে প্রকাশকের দরজায় আর কড়া নাড়েননি। গোল্ডিংয়ের ধৈর্য্যশক্তি তাঁর ছিল না। রিমেমব্রেন্স অব থিংস পাষ্ট তিনি নিজের টাকায় ছেপেছিলেন।

তবে প্রত্যাখ্যানের রেকর্ডধারী যদি কেউ থেকে থাকেন, তিনি সি এস লুস। তাঁর ক্রনে-াকিলস অব নারনিয়া কতবার নাকচ হয়েছিল, সে হিসাব নিয়ে গরমিল থাকলেও সংখ্যাটা যে সাত শতাধিক, এ নিয়ে মতভেদ নেই।

মার্সেল প্রস্তের ইন সার্চ অব লষ্ট টাইম (মুল ফরাসি শিরোনামের উচ্চারণ-জটিলতার কারণে ইংরেজি অনুবাদই সই) নামের বিশালায়তন উপন্যাসের বেলায় যা ঘটেছিল, তা-ও মর্মান্তিক। শুধু যে প্রকাশকের তাঁর পাভুলিপি ফেরত পাঠিয়েছিলন তা নয়, সে সময় খ্যাতির তুঙ্গে আরেক ফরাসি আঁদ্রে জিদও এটিকে প্রকাশের উপযুক্ত মনে করেননি। পাভুলিপি নিয়ে কে কী মতামত দিয়েছিলেন, তার সবটুকু জানা না গেলেও ওলেনডরফ নামের প্রকাশনীকে তাদের অনামা এডিটর যে চিঠি পাঠিয়েছিলেন, তাতে এটা বাক্য ছিল এরকম: 'হতে পারে আমি খুবই নির্বোধ, কিন্তু একটা বিষয় কিছুতেই বুঝতে পারছি না, এই লোক (প্রস্ত) কোন বুদ্ধিতে ৩০ পৃষ্ঠা ধরে ঘুমানোর আগে কেবল্ বিছানায় এপাশ-ওপাশ করার বর্ণনা দিয়ে গেল!' প্রুস্ত উপন্যাসটি ছেপেছিলেন গাঁটের পয়সায়।

এ তো গেল কয়েকটা বিশ্বখ্যাত বইয়ের কথা। কিন্তু আশ্চর্য যা, 'বেস্টসেলার ' বলে যে পাভুলিপিগুলোকে প্রকাশকদের লুফে নেওয়ার কথা, এমন অনেক কটাই এক বা একাধিকবার প্রত্যাখ্যাত হয়েছে। স্পাই থ্রিলার লেখক হিসেবে অগ্রগণ্য জন ল্যাকারের দ্য স্পাই হু কেম ইন ফ্রম দ্য কোল্ড একাধিকবার নাকচই হয়নি, এর কোন ভবিষ্যৎ নেই, এমন কথাও বলা হয়েছিল। অথচ পরে যখন বইটি আলোর মুখ দেখেছিল, বিপুল পাঠকপ্রিয়তাই শুধু নয়, এর রচনাশৈলী উঁচু মানের সাহিত্যকৃতি হিসেবে বিবেচিত হয়েছিল। মার্গারেট মিচেলের গন উইথ দ্য উইন্ড-এর তো আলোর মুখ দেখার কথা ছিল না: ঢাউস পাভুলিপিটা ফেরত এসেছিল মোট ৩৮ বার। আর যে 'হ্যারি পর্টার' সিরিজ প্রায় গোটা একটা যুগ খুদে পাঠকদের তো বটেই, বড়দেরও মাতিয়ে রাখল বিশ্বব্যাপী, তার কপালেও গোড়াতে প্রত্যাখ্যানের কন্টকতিলক কম জোটেনি।

উল্লেখিত বইগুলো প্রকাশকের 'না' সত্ত্বেও খ্যাতি-সাফল্য পেয়েছে বলে এ নিয়ে খোশগল্প ফাঁদতে মন্দ লাগছে না। তবে কত পান্ডলিপি পৃথিবীর আনাচকানাচে গুমরে গুমরে হারিয়ে গিয়েছে, সে সবের বিষাদগাথা অকথিতই থেকে যাবে।

# Eat মানে খাওয়া



**সাবিন ইয়াসিন**
৪১ তম ব্যাচ, আইন বিভাগ
আই.ডি.: ১৬১০৫০১০১০১৮

মানুষের মৌলিক চাহিদার সর্বপ্রথম এবং প্রধান আইটেমটি হলো খাদ্য বা অন্ন। বাঁচতে হলে খেতে হবে এই মতবাদের শিকার হয়ে মানুষ যেন এক প্রকার বাধ্য হয়েই খেতে বসে। বন্ধু মদন আলী ভুইয়া মাঝে মাঝেই খুব উচ্চসার্গীয় দার্শনিক তত্ত্ব আবিষ্কার করে বন্ধু মহলে সাড়া ফেলে দেয়। তার মতে, মানুষকে খাবার খেতে বাধ্য করাটাই হলো বিধাতার সবচেয়ে বড় বোকামি, খাবার রান্না, খাওয়া এবং খাওয়ার পর টয়লেটে প্রকৃতির সঙ্গে সাক্ষাৎ এবং তারপরে অবশ্যই সাবান দিয়ে হাত ধোয়া প্রভৃতি অগুরুত্বপূর্ণ কাজে মানুষ যে সময় ব্যয় করে তা তার দৃষ্টিতে অপচয়। সে মনে করে এ কাজগুলোতে মানুষ যে সময়ব্যয় করে অপচয় করে তা যদি কোনো সৃজনশীল কাজে ব্যয় করা হত তাহলে মানবজাতি এবং পৃথিবীটা আরো বেশী এগিয়ে যেতে পারত। হয়তো তার কথাটাই ঠিক। কিন্তু বাঁচার জন্য খাওয়া আর খাওয়ার জন্য বাঁচা-এ কথাটটি চিরসত্য। খাবার আছে বলেই কেউ কেউ বলতে পারেন "ছাগলে কিনা খায়, পাগলে কিনা বলে," কেউ আবার দিন রাত খেতে খেতে নিজের স্বাস্থ্য মোটাজাতকরণ প্রকল্প হাতে নেয় আর বিজ্ঞাপনের ভাষায় বলে উঠে, "খাইতে খাইতে যায় বেলা"। কেউ কেউ খাবারের মাঝে এমনভাবে ডুবে থাকেন যে মাঝে মাঝে অনেক কিছুই ভুলে যান। যেমনটি দেখা যায় এক ডাক্তারের মাঝে-এক সুন্দরী ডাক্তারের কাছে গিয়ে বিগলিত হয়ে বলল-"ডাক্তার সাহেব আমাকে এমন একটা ঔষধ দিন যেন আমি মুহুর্তে ভাল হয়ে যাই। সারাদিন হাসিখুশি থাকি। সুখ, সুখভাব আসে।"

ঃ ঠিক আছে তবে সেক্ষেত্রে আমার ফিসটা আগে দিয়ে দিন।

ঃ কেন?

ঃ গতকাল আপনার মতো এক সুন্দরীও ঠিক একই কথা বলেছিল তারপর ওর কথা রাখতে গিয়ে আমি এমন কাজের মধ্যে ডুবে গিয়েছিলাম যে, ওর ফিসটা নিতে মনে ছিলো না।

বাংলা সিনেমার পরিচালকেরাও খাবার নিয়ে সিনেমা না করে পারেননি। "ভাত দে" কিংবা "এক মুঠো ভাত"জনপ্রিয় দুটো সিনেমা। বাংলা সিনেমায় ডায়লগও আছে-"খাইয়া ফালামু; ধরমু আর খামু," প্রভৃতি। সৈয়দ মুজতবা আলী তার "রসগোল্লা" গল্পে বিদেশী-দের তো নাকানি চুবানি দিয়ে রসগোল্লা খাইয়ে ছেড়েছেন। অন্যদিকে শরৎচন্দ্র অন্ন পাপে পাপিষ্ঠ করে ছেড়েছেন "বিলাসী" গল্পের মৃত্যুঞ্জয়কে। মানুষের নামের ক্ষেত্রেও এসেছে ভোজন বিলাসের সংযোজন। তাইতো এখন মানুষের নাম হয়, "আলু,""পটল", "আপে-ল", "কমলা", "পেয়ারা","লেমন", "ডালিম"প্রভৃতি। আসলে পৃথিবীর সব কর্মযজ্ঞই যেন খাদ্যকে কেন্দ্র করে। কেউবা খাদ্যভাবে রোগে শোকে বিছানাতে কাতরায়, কেউবা খেয়ে দেয়ে বিনোদনে সুইমিং পুলে সাঁতরায়। বর্তমান বিশ্বে এটাই যেন এখন স্বাভাবিক।

# PHOTO GALLERY



A three member delegation of Prime University on a courtesy call with the Honorable President Md. Abdul Hamid on 22.09.2015



Visiting the UGC Chairman on 28.08.2016




A scenario of doa mahfil on occasion of the inauguration of the permanent campus of Prime University on 01.01.2017




Freshers reception of the 45th Batch on 14.07.2017

# PHOTO GALLERY



A view of the 1st Convocation held on 14.10.2008




A view of the 2nd Convocation held on 24.04.2016




A bunch of gold medalists with the Honorable Education Minister, BOT Members, Vice Chancellor and guests on the 2nd Convocation




A moment of the observance of the 1st founding day of the University in 2003




Guests sitting on dais on the 14th founding day of the University on 16.09.2015



Cake is being cut to celebrate the 14th founding day of the University on 16.09.2015



A view of the 60th meeting of The Board of Trustees




Observing the Language Martyrs Day 2017




A view of placing floral wreath at the National Mausoleum on Independance Day-2017




Observing the National Mourning Day 2017




Paying tribute to the Martyrs on the Victory Day 2016




The University arranged a discussion program on Mujibnagar Dibash on 17.04.2017




Students and Faculty Members participating an anti-militancy program



The Chairman, BOT along with Faculty Members visiting the project fair arranged by the Faculty of Engineering




The Honorable Minister Mr. Hasanul Haq Inu delivering speech in a seminar arranged in Prime University campus



A view of the Prime University Library



The Vice Chancellor of the University delivering speech on a workshop arranged by Institutional Quality Assurance Cell, Prime University



An image of the discussion program on 'Pathchokro'



Hasan Ahmed Kiron speaker of the workshop ÔImportance of Developing Debating Skills receiving crest from the Vice Chancellor of the University on 09.04.2017



A conference was jointly organized by Prime University and Police Staff College on 10.01.2013



The 1st day of the training of the Course Secretaries A view during inauguration of the training on 05.07.2017



A memorable view of stage drama performance by Prime University students



Relief is being distributed among the flood victims on 28.08.2017




Students participating in ramp show on 46th freshers reception program



Different kinds of pithas prepared and displayed in a stall by the students on Pitha Utsab 2015




A doa mahfil and discussion program was held on 23.07.2017 to observe the death anniversary of two Honorable trustees of Prime University



A view of the Programming Contest arranged by the Department of Computer Science and Engineering



Winning team of the quarter Final Round of ATN Bangla Debate with the Chief Guest, Mashiur Rahaman Ranga, MP, State Mininster, Ministry of local Government Rural Development and Co-operatives and Chairperson of the session, Hassan Ahamed Chowdhury Kiron, Chairman, Debate for Democracy.



A cheerful moment during raffle draw at the Annual Picnic-2017



Teachers are seen listening attentively in a workshop organized by Institutional Quality Assurance Cell (IQAC), Prime University




Guests sitting on the dias on ‘Rabindra Nazrul Jonmo Jayanti’ held on 26.05.2017



Devotees offering prayers on Saraswati Puja organized in Prime University premises




*... a home for rendering prime knowledge*

প্রাইম ইউনিভার্সিটি

**PRIME UNIVERSITY**

114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216, Bangladesh

Phone: 9004993, PABX: 9004957, 8031810. Mobile: 01712-675595. Fax: 9025649

E-Mail: info@primeuiniversity.edu.bd, Website: www.primeuniversity.edu.bd